

সাপ্তাহিক জন্মভূমি

প্রবাসে বাংলাদেশের মুখ

Vol 26 No.33 Thursday 22 October 2026 Weekly Janmobhumi New York Free in USA
২৬তম বর্ষ, ৩৩তম সংখ্যা, বৃহস্পতিবার ২২ অক্টোবর ২০২৬ / ০৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ মূল্য ছাড়া (ফ্রি)



প্রতিবাদে অগ্নিগর্ভ ফ্রান্স, উত্তপ্ত ইটালিও

ইউরোপ থেকে নুকুল ইসলাম বকুলঃ ফ্রান্সে বিক্ষোভ ও হিংসার ঘটনায় বৃত্ত ২৪০০, পরিস্থিতি নিয়ন্ত্রণে প্যারিস-সহ কয়েকটি শহরে কার্ফু জারি প্রশাসনের ফ্রান্সে দেশ জুড়ে চলা বিক্ষোভ সত্ত্বেও হিংসাত্মক আকার ধারণ করেছে। পুলিশ-বিক্ষোভকারী খণ্ডযুদ্ধ, ঐতিহাসিক সরকারি ভবনে অগ্নিসংযোগ এবং প্রায় তিন হাজার প্রতিষ্ঠানে লুটপাট হয়েছে বলে খবর।

জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি এবং স্কুল-সহ জনপরিষেবার বেহাল দশার প্রতিবাদে ফ্রান্সে দেশ জুড়ে চলা বিক্ষোভ সত্ত্বেও ব্যাপক হিংসার রূপ নিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে একাধিক শহরে আংশিক কার্ফু ও জমায়েতে নিষেধাজ্ঞা জারি করেছে ফরাসি প্রশাসন। -বাকী অংশ ১৪ পাতায়

ঢাকাকে না জানিয়ে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর করল সৌদি আরব?

আবুল কালাম, ঢাকা থেকেঃ মসজিদে 'অনৈতিক' কাজ করার অপরাধে দুই বাংলাদেশি নাগরিকের শিরশ্ছেদ করল সৌদি আরব। ঢাকাকে সম্পূর্ণ অন্ধকারে রেখে এই মৃত্যুদণ্ড কার্যকর করা হয় বলে উঠছে অভিযোগ।

কখনও ছুটি হামলার কড়া নিন্দা। কখনও আবার মক্কা সামরিক চুক্তিতে যোগ দিতে চেয়ে 'লাফালাফি'। তারেক রহমান প্রধানমন্ত্রী হওয়া ইস্তক সৌদি আরবকে প্রবল ভাবে গুরুত্ব দিয়ে আসছে ঢাকা। এ-হেন পরিস্থিতিতে আচমকাই ছন্দপতন। সবাইকে চমকে দিয়ে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর করল রিয়াদ। শুধু তা-ই নয়, তাদের 'সম্পূর্ণ অন্ধকারে' রেখে এই পদক্ষেপ করায় বেজায় অস্বস্তিতে ভারতের পূর্বের প্রতিবেশী। স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ১৪ অক্টোবর দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর করে সৌদি প্রশাসন। সূত্রের খবর, ফাঁসি নয়, ধড়-মুণ্ড আলাদা করে চরম -বাকী অংশ ১৫ পাতায়



রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

- ▶ প্রাইভেট অকশনের বাড়ি
- ▶ পাবলিক অকশনের বাড়ি
- ▶ ব্যাংক মালিকানা বাড়ি
- ▶ শর্ট-সেল ও REO প্রপার্টি

৫১৬ ৪৫১ ৩৭৪৮

Eastern Investment
159 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK

সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828

সুপার সেল \$৫৪৯+ AA, Qatar, Delta

MOHAMMAD B HOSSAIN (BELAL)
President & CEO

BISMILLAH
HALAL LIVE POULTRY
MEAT & FISH MARKET

এক যুগ ধরে বাংলাদেশী কমিউনিটির সেবায়
phone: 718-205-7200
ফ্রি ডেলিভারী EBT Accepted
37-15 -55 Street Woodside
New York-11377



দুর্গাপূজো পরিদর্শনে প্রধানমন্ত্রী তারেক রহমান

ঢাকা ডেস্কঃ বাংলাদেশে দুর্গাপূজো পরিদর্শনে বেরোলেন সে দেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বাংলাদেশের রংপুর, রাজশাহী এবং চট্টগ্রাম- এই তিন জায়গার মণ্ডপগুলি ঘুরে দেখছেন তিনি। তারেকের সফরসঙ্গী হিসেবে রয়েছেন বাংলাদেশের শাসকদল বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বরচন্দ্র রায়, মহিলা ও শিশুবিষয়কমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন, -বাকী অংশ ১৬ পাতায়

ডেমোক্র্যাটরা জিতলে ফ্রান্সের মতো জ্বলবে যুক্তরাষ্ট্র: ট্রাম্প মধ্যবর্তী নির্বাচনের আগে ট্রাম্পে সমর্থন ৩১ শতাংশে

ওয়াশিংটন ডেস্কঃ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জনপ্রিয়তায় বড় ধরনের ধস নেমেছে। জুলাণির উচ্চমূল্য ও অর্থনীতি নিয়ে উদ্বেগের মধ্যে তার প্রতি জনসমর্থন কমে ৩১ শতাংশে দাঁড়িয়েছে, যা তার দুই মেয়াদের মধ্যে সর্বনিম্ন। আগামী ৩ নভেম্বরের মধ্যবর্তী কংগ্রেস নির্বাচনে এর প্রভাব পড়তে পারে ট্রাম্পের দল রিপাবলিকান পার্টির ওপর। -বাকী অংশ ১৬ পাতায়

‘মতপার্থক্যই গণতন্ত্র’, ভারতে বিক্ষোভ দমনে রাষ্ট্রসংঘের সমালোচনা নস্যাত্ন করে মন্তব্য রুবিওর

দিল্লি ডেস্কঃ এসআইআর প্রসঙ্গে ও মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে শান্তিপূর্ণ বিক্ষোভ রূপে দমন-পীড়ন চালিয়েছে কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকার! এই বিষয়ে নিরপেক্ষ তদন্তের দাবি তুলেছেন রাষ্ট্রসংঘের মানবাধিকার বিশেষজ্ঞরা। যদিও এমন অভিযোগ নস্যাত্ন করলেন আমেরিকার বিদেশ সচিব মার্কে রুবিও। ভারতের -বাকী অংশ ১৪ পাতায়

শীঘ্রই শেষ হবে ইউক্রেন যুদ্ধ? ট্রাম্প ও পুতিনের দাবি

নিউইয়র্ক ডেস্কঃ সেন্ট পিটার্সবার্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফের সঙ্গে বৈঠকে বসেছিলেন পুতিন। সেই বৈঠকের পর পুতিনের বিদেশ উপদেষ্টা ইউরি উশাকভ জানান, ১০ নভেম্বরের পর পুনরায় আলোচনা শুরু হবে -বাকী অংশ ১৫ পাতায়

‘জানি মেরে ফেলতে পারে, তবু...’ বাংলাদেশে কেন ফিরতে চান, হাসিনা

ওয়াশিংটন ডেস্কঃ হাসিনাপুত্র সজীব ওয়াজেদ জয় জানিয়েছেন, ডিসেম্বরের কত তারিখে তাঁর মা দেশে ফিরবেন তা এখনও স্থির করা হয়নি।

ডিসেম্বরে দেশে ফিরবেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ফের নতুন করে এই বিষয়ে মুখ খুলেছেন। তাঁর বাংলাদেশে ফিরে যাওয়ার অর্থই যে প্রাণদণ্ড বা হাজতবাস, অকথ্য অত্যাচার এমন আশঙ্কা শুরু থেকেই করা হচ্ছে। হাসিনা জানিয়েছেন পরিস্থিতি যেমনই হোক, তিনি দেশে ফিরবেনই। মওয়াশ্শিৎতনের এক সাংবাদিক সম্মেলনে অনলাইনে যোগ দিয়েছিলেন হাসিনা। সেখানেই এই বিষয়ে মুখ খোলেন বর্ষীয়ান রাজনীতিক। -বাকী অংশ ১৭ পাতায়

বিভিন্ন দেশে ইন্টারনেট ব্যাহত হওয়ার শঙ্কা, সতর্ক করল কাতার

লন্ডন ডেস্কঃ যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনার মধ্যে হরমুজ প্রণালি দিয়ে যাওয়া সমুদ্রের তলদেশের যোগাযোগ ক্যাবলে হামলার হুমকি দিয়েছে ইরানের ইসলামিক রেলিগ্যুশনারি গার্ড কোর (আইআর-জিসি)। তবে কাতার বলছে, এসব ক্যাবলে বিঘ্ন ঘটলে যুক্তরাষ্ট্র বা -বাকী অংশ ১৭ পাতায়

RT Ratan Talukder LIVE
LIVE STREAMING
YouTube
SUBSCRIBE
Ratan Talukder LIVE
646-327-7964

Main Children's Dental
CHIRANJIB DUTTA, D.D.S.
Main Children's Dental
Pediatric Dentistry (By Appointment Only)
137-01 Northern Blvd, Flushing, NY 11354
Tel: 718-539-8762
Conveniently located near bus and subway

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



প্রশিক্ষণ ছাড়াই আপনার আত্মীয়স্বজন/প্রতিবেশীদের
স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন



আমাদের এজেন্সিতে কি কি করতে পারবেন?

- ♥ আমাদের হোম কেয়ার এজেন্সী কোন HHA সার্টিফিকেট ছাড়াই আপনার আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধব অথবা প্রতিবেশীকে স্বাস্থ্য সেবা দেয়ার সুযোগ করে দিতে পারে।
- ♥ HHA সার্টিফিকেট থাকলে আপনি যে কোন রোগীকে স্বাস্থ্য সেবা দিতে পারবেন।
- ♥ আপনার মেডিকেইড নেই? আমাদের বিশেষজ্ঞ কর্মীরা এব্যাপারে আপনাকে সহায়তা করবে।
- ♥ আপনি ঘরে বসে, আপনার বাবা-মা/শ্বশুর-শাশুড়ীকে সেবা প্রদান করে অর্থ উপার্জন করতে পারবেন।
- ♥ আমাদের রয়েছে হোম কেয়ারের দীর্ঘ অভিজ্ঞতা।
- ♥ মনে রাখবেন, আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।
- ♥ আমরা **CDPAP** এর আওতায় কোন প্রকার সার্টিফিকেট ছাড়াই অর্থ উপার্জনের সুযোগ করে দিয়ে থাকি।

Office Hour
Mon-Sunday
9am-6pm

আয় করুন, আপনি প্রতি
সপ্তাহে বেতন পেতে পারেন।

অফিস সময়সূচী :
সোমবার থেকে শনিবার
সকাল ৯টা - বিকাল ৫টা

For details information please contact at **718-647-5555, 646-591-6782**

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

REGO PARK :
97-17 64th Road
Rego Park, NY 11374

JAMAICA :
148-37 Hillside Avenue
Jamaica, NY 11435

JACKSON HEIGHTS :
37-26 74th St 2nd Floor,
Jackson Heights, NY 11372

BRONX :
1514 Castle Hill Ave.
Bronx, NY 10462

BROOKLYN :
219 Church Ave.
Brooklyn, NY 11218

BUFFALO :
737 Delaware Ave., Suite 215
Buffalo, NY 14209

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



১০ বছর পর মক্কা প্রতিরক্ষা চুক্তি থেকে
বের হতে পারবে সদস্য দেশগুলো

ঢাকা, মক্কা প্রতিরক্ষা চুক্তি থেকে বের হতে পারবে পাকিস্তান, সৌদি আরব ও তুরস্ক। তবে চুক্তি কার্যকর হওয়ার পর অন্তত ১০ বছর পার হতে হবে।

এরপর কোনো দেশ চুক্তি থেকে বের হতে চাইলে অন্তত তিন মাস আগে লিখিত নোটিশ দিতে হবে।

ভুরস্কের পার্লামেন্টে অনুমোদনের জন্য চুক্তি পাঠানোর আগে এর ১৬টি ধারার পূর্ণাঙ্গ লেখা প্রকাশ করেছে দেশটির সবাদমাধ্যম তুর্কিয়ে টুডে। এতে চুক্তি থেকে বের হওয়ার নিয়মের পাশাপাশি কোনো সদস্য দেশ আক্রান্ত হলে অন্য দেশগুলো কিভাবে সহায়তা করবে, তা-ও বিস্তারিত বলা হয়েছে। ইজিপ্ত টুডে জানায়, চুক্তির মূল শর্ত অনুযায়ী, সদস্য দেশগুলোর যেকোনো একটির ওপর সশস্ত্র হামলা হলে তা সব সদস্যদের ওপর হামলা হিসেবে বিবেচিত হবে।

তুর্কিয়ে টুডের প্রতিবেদন অনুযায়ী, চুক্তির ১৬ নম্বর ধারায় বলা হয়েছে, কার্যকর হওয়ার ১০ বছর পর যেকোনো সদস্য দেশ চুক্তি থেকে সরে যেতে পারবে। এ জন্য কূটনৈতিক মাধ্যমে লিখিত নোটিশ দিতে হবে। নোটিশ দেওয়ার অন্তত তিন মাস পর দেশটি চুক্তি থেকে বের হতে পারবে। চুক্তিতে এর মেয়াদ শেষ হওয়ার কোনো নির্দিষ্ট তারিখ রাখা হয়নি।

জোড়ের সচিবালয়ে চুক্তি অনুমোদনের শেষ দলিল জমা দেওয়ার পর এটি কার্যকর হবে। অর্থাৎ চুক্তিতে সই করার দিন থেকে নয়, এটি কার্যকর হওয়ার দিন থেকে ১০ বছরের হিসাব শুরু হবে। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, মঙ্গলবার তুরস্ক সরকার চুক্তি অনুমোদনের জন্য পার্লামেন্টে পাঠিয়েছে।

গত ৭ আগস্ট মক্কায় এই চুক্তিতে সই করেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যিপ এরদোয়ান, সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। চুক্তিতে যৌথ সামরিক মহড়া, গোয়েন্দা তথ্য বিনিময় এবং প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে সহযোগিতার কথাও বলা হয়েছে।

চুড়ির পূর্ণাঙ্গ লেখায় বলা হয়েছে, কোনো সদস্য দেশ অন্য দেশ বা কয়েকটি দেশের জোটের শুল্ক হামলা কিংবা সামরিক আত্মসনের শিকার হলে অন্য সদস্যদের দ্রুত তাকে সহায়তা করতে হবে।

তবে কী ধরনের সহায়তা দেওয়া হবে, তা পরিস্থিতি বিবেচনা করে ঠিক করা হবে। আক্রান্ত দেশটির প্রয়োজন, অন্য সদস্যদের সহায়তা দেওয়ার সামর্থ্য এবং তাদের সামরিক সক্ষমতা বিবেচনায় নেওয়া হবে। চুক্তিতে নির্দিষ্ট করে বলা হয়নি, আক্রান্ত দেশকে সহায়তা করতে কতজন সেনা পাঠাতে হবে বা কী ধরনের সামরিক পদক্ষেপ নিতে হবে। ফলে সহায়তা করা বাধ্যতামূলক হলেও কিভাবে সহায়তা দেওয়া হবে, সে বিষয়ে সদস্য দেশগুলোর সিদ্ধান্ত নেওয়ার সুযোগ থাকবে।

ইয়েমেনের ইরান-সমর্থিত হুতিদের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার মুখে রয়েছে সৌদি আরব।

ইলহান ওমরের পাশে ওবামা

ঢাকা, মার্কিন আইনসভা কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের সদস্য ইলহান ওমরের বিরুদ্ধে বিচার বিভাগের তদন্তকে ভয়ংকর বলে আখ্যা দিয়েছেন দেশটির সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। স্থানীয় সময় ১৮ অক্টোবর সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্টে তিনি এ মন্তব্য করেন। সূত্র : সিএনএন। বারাক ওবামা বলেছেন, সরকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অন্যতম কঠোর সমালোচককে ভয় দেখানোর এবং দেশ থেকে বের করে দেওয়ার চেষ্টা করছে। আইন ওমনে চলা একজন নির্বাচিত জনপ্রতিনিধির ওপর ফেডারেল সরকারের পুরো শক্তি প্রয়োগ করা হচ্ছে। কারণ তিনি প্রেসিডেন্টের সমালোচনা করার সাহস দেখিয়েছেন। অন্যদিকে গত সপ্তাহে ট্রাম্প সাংবাদিকদের বলেছিলেন, এই তদন্তটির সঙ্গে 'আমার কোনো সম্পর্ক নেই।

**“রাষ্ট্রাচার ভেঙে” প্রধানমন্ত্রীর কাছে
যাওয়ার চেষ্টা, রাজশাহীর বিভাগীয়
কমিশনারকে প্রত্যাহার**

ঢাকা, রাজশাহী বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) ইউসুফ আলীকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে। মঙ্গলবার তাঁকে তাত্ক্ষণিকভাবে সেখান থেকে অবমুক্ত (স্ট্যান্ড রিলিজ) করা হয়। আদেশ জারির পর তিনি রাজশাহী ছাড়েন। ইউসুফ আলী অতিরিক্ত সচিব পদমর্যাদায় রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তার পরিবর্তে ভাঙ্গপ্রাণ্ড বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে রেজাউল আলম সরকারকে। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টায় রাজশাহী সফর শেষে শাহ মখদুম বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী তারেক রহমান। সামরিক বিমানে চট্টগ্রামের উদ্দেশ্যে রওনা হওয়ার আগে তিনি রাজনৈতিক নেতাকর্মী ও প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে হাত মেলায়। এ সময় বিভাগীয় কমিশনার ইউসুফ আলী প্রধানমন্ত্রীর সঙ্গে হাত মেলানোর পর প্রটোকল ভেঙে বৃক্কে তাঁর দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করেন। এর পরপরই ইউসুফ আলীকে বন্দি করা হয়।



ইশরাক হোসেনের পদত্যাগ ভবিষ্যতের জন্য সতর্কবার্তা

ঢাকা ডেস্ক ঃ মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দায়িত্ব থেকে ইশরাক হোসেনের পদত্যাগের ঘটনাটি আমাদের রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে গভীর ভাবনার খোরাক জোগায়। মাদকবিরোধী অভিযানে নিজের লাইসেন্স করা আগ্নেয়াস্ত্র প্রকাশ্যে উঠিয়ে বিতর্কে জড়ানোর পর সোমবার তিনি সংবাদ সম্মেলন ডেকে পদত্যাগের কথা জানান। ইশরাক দাবি করেছেন, তার কারণে বৈএনপি বা সরকার যাতে বিবৃত না হয় এবং প্রধানমন্ত্রীর কাজ আড়ালে পড়ে না যায়, সেজন্যই তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন। নিজ এলাকায় মাদকের ভয়াবহ বিস্তার রোধে একজন জনপ্রতিনিধির উদ্বেগ ও তাড়না অত্যন্ত স্বাভাবিক ও প্রশংসনীয়। তবে সেই তাগিদ থেকেই তিনি নিজের হাতে তুলে নেওয়া কিংবা প্রকাশ্য স্থানে অস্ত্র প্রদর্শন করার মাধ্যমে যে বিতর্কে আইন জেগে উঠেছে, তা রাষ্ট্রীয় প্রশাসনিক শৃঙ্খলা ও সংবেদনশীলতার দিক থেকে কোনোভাবেই কাম্য নয়। প্রতিমন্ত্রীর দায়িত্ব থেকে ইশরাক হোসেনের পদত্যাগের এ সিদ্ধান্ত প্রমাণ করে, সামাজিক কল্যাণ অর্জনের লক্ষ্য যতই মহৎ হোক না কেন, তা অর্জনের পথ ও প্রক্রিয়াও হতে হবে সম্পূর্ণ আইনানুগ, মার্জিত ও সুশৃঙ্খল।

মানদকের ভয়াবহ খাবা আমাদের তরুণ সমাজ ও অনেক পরিবারকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে, যা যে কোনো সচেতন নাগরিকের মতোই একজন জনপ্রতিনিধিকেও উদ্বেলিত করতে পারে। কিন্তু সেই সংকট মোকাবিলায় আবেগ বা ব্যক্তিগত উদ্যোগের চেয়ে প্রাতিষ্ঠানিক উপায়ের ওপর ভরসা রাখাই যে শ্রেয়, তা বলাই বাহুল্য। রাষ্ট্রীয় দায়িত্বে থাকা একজন ব্যক্তির আচরণ সাধারণ মানুষের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত তৈরি করে। সেদিক থেকে লাইসেন্সকৃত অস্ত্র নিয়ে অভিযানে নেমে পড়া কিংবা আইনজঙ্ঘলা বাহিনীর উপস্থিতিতে ছাপিয়ে নিজে আইন প্রয়োগকারীর ভূমিকায় অবতীর্ণ হওয়া সমাজের মধ্যে এক ধরনের অসন্তোষ ও ভীতির সৃষ্টি করে। এতে আইন প্রয়োগকারী সংস্থার কাজের স্বাভাবিক পরিবেশ ব্যাহত হয়।

অভিযান পরিচালনার প্রেক্ষাপট ও নিজের অবস্থান ব্যাখ্যা করে ইশরাক হোসেন যে পদত্যাগের ঘোষণা দিয়েছেন, তা রাজনৈতিক দায়িত্বশীলতা ও অনুশোচনার একটি রূপ প্রকাশ করে। তবে সমাজকে মাদকমুক্ত করতে হলে কেবল খুচরা বিক্রেতা বা স্থানীয় মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনায় সীমাবদ্ধ থাকলে চলবে না; মূল সমস্যাটি যেখানে লুকিয়ে আছে-অর্থাৎ মাদকের নেপথ্যে থাকা প্রভাবশালী ব্যক্তি ও সরবরাহকারীদের শিকড় উপড়ে ফেলতে হবে রাষ্ট্রীয় আইনের পূর্ণ প্রয়োগ ঘটিয়ে। মনে রাখতে হবে, জনপ্রতিনিধিদের কাজ হলো নীতিনির্ধারণে সহ-ায়তা করা, আইন প্রয়োগকারী সংস্থাকে উপযুক্ত সংস্থান জোগানো এবং জনগণের মধ্যে সামাজিক সচেতনতা গড়ে তোলো-সরাসরি বিচারকের ভূমিকা নেওয়া নয়। আমরা মনে করি, এ ঘটনাটি আমাদের সব স্তরের জনপ্রতিনিধি ও দায়িত্বশীল ব্যক্তিদের জন্য একটি গুরুত্বপূর্ণ বার্তা বহন করবে। সেটি হচ্ছে, ক্ষমতা বা পদের মর্যাদা কখনো আইনের চেয়ে বড় হতে পারে না।

SECI

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জ আসুন

জ্যামাইকা, জ্যাকসন হাইটস ও ব্রক্স শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক

SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE
212-808-0790

ATLANTA
770-936-9906

BROOKLYN
718-853-9558

JACKSON HTS
718-507-6002

BRONX
718-822-1081

JAMAICA
347-644-5150

MICHIGAN
313-368-3845

OZONE PARK
347-829-3875

PATERSON
973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

রক্তভরা বঙ্গদেশ

নীলকন্ঠ বিপন্ন, এক দশকে কমেছে ৫০ শতাংশ!

নীলকন্ঠ বিপন্ন, এক দশকে কমেছে ৫০ শতাংশ! উমার কৈলাসে যাওয়ার বার্তা দেবে কে? নীলকন্ঠ পাখিকে মহাদেবের দূত বলা হয়। লোকবিশ্বাস, এই পাখি কৈলাসে গিয়ে পার্বতীর মর্ত্য থেকে রওনা হওয়ার খবর মহাদেবকে দিয়ে থাকে।

নীলকন্ঠ পাখিকে মহাদেবের দূত বলা হয়। লোকবিশ্বাস, এই পাখি কৈলাসে গিয়ে পার্বতীর মর্ত্য থেকে রওনা হওয়ার খবর মহাদেবকে দিয়ে থাকে। ইতিমধ্যেই রওনা দিয়েছেন মা! কিন্তু সেই খবর কৈলাসে মহাদেবের কাছে পৌঁছবে কে? বঙ্গ যে উল্লেখযোগ্য ভাবে কমেছে নীলকন্ঠ পাখি!



যে পশ্চিমাঞ্চলে এ পাখির ছড়াছড়ি ছিল। শরৎ এলেই আরও বেশি ভাবে দেখা মিলতো। এখন সেই ছবিও উধাও। তাই রাজবাড়ি-সহ বনেদি বাড়ি গুলিতে দশমীতে নীলকন্ঠ পাখি ওড়ানোর রীতিতে কাটছাঁট হয়ে গিয়েছে। যদিও বন্যপ্রাণ সংরক্ষণ আইনে বনদপ্তরের পদক্ষেপে ওই রীতি থেকে পিছু হঠতে বাধ্য হয়েছে ওই পরিবারগুলি। পাখি নিয়ে গবেষণা করা মানুষজন বলছেন, এক দশকের বেশি সময় ধরে এই পাখি কমতে শুরু করেছে। কমার সংখ্যাটা কম বেশি ৫০ শতাংশ। তবে শুধু নীলকন্ঠ নয়। চড়ুই, ধলেশ, মদনটাকের মতো অনেক পাখিই কমেছে এই বাংলায়।

কেন বিপন্ন নীলকন্ঠ? পাখির ছবি তোলা বা নানান পক্ষী নিয়ে কাজ করা মানুষজনের কথায়, নীলকন্ঠ কমে যাওয়ার প্রাথমিক কয়েকটি কারণ সামনে এলেও এখনও সুনির্দিষ্ট তথ্য মেলেনি। 'স্টেট অব ইন্ডিয়াস বার্ড-২০২৩'-র কাছে বিভিন্ন পাখি নিয়ে নানান রিপোর্ট জমা পড়লেও নীলকন্ঠ-র বিপন্নতা নিয়ে সেভাবে অনুসন্ধান রিপোর্ট জমা পড়েনি। তবে পক্ষী গবেষকদের কথায়, ধানের জমি, বৈদ্যুতিক তারের উপর বসে থাকা এই পাখি পড়েছে খাদ্য সঙ্কটে। চাষের জমিতে অতিমাত্রায় কীটনাশক ব্যবহারের ফলে পোকা মাকড়, কীটপতঙ্গ কমেছে। ফলে এই পাখি খাবারের অভাবে পড়েছে। কারণ, নীলকন্ঠ সাধারণভাবে এই পোকামাকড় খায়। নগরায়ণে কেটে ফেলা হচ্ছে বড় বড় গাছ। ফলে তাদের আবাস নিয়েও বিপন্ন তারা। এছাড়া মোবাইল টাওয়ার অন্যতম কারণ। মোবাইল টাওয়ার থেকে নির্গত বিকিরণের ফলে রীতিমতো প্রজনন ক্ষমতা হারাচ্ছে এই পাখি। এমনকি তড়িৎ চুম্বকীয় ক্ষেত্রের মধ্যে পড়ে পাখির ডিম ফুটতেও সমস্যা হচ্ছে বলে প্রাথমিকভাবে মনে করছেন পাখি নিয়ে কাজ করা গবেষকরা।

তবে শুধু নীলকন্ঠ পাখি নয়। দেশের বিভিন্ন শহর, গ্রাম, বনাঞ্চলে পক্ষীকুলের উপরে তড়িৎ চুম্বকীয় বিকিরণের প্রভাব যাচাই করতে ঘরের আনাচে কানাচে ঘুরে বেড়ানো চড়ুই-র উপর সমীক্ষা চালিয়েছিলেন গবেষকরা। সেই গবেষণায় দেখা গিয়েছে মোবাইল টাওয়ার যত বেড়েছে ততই কমেছে বিভিন্ন পাখির সংখ্যা। যার মধ্যে উল্লেখযোগ্য ভাবে রয়েছে নীলকন্ঠ। তবে শুধু এ দেশে নয় পশ্চিমের দেশগুলোতেও পাখি কমে যাওয়ার অন্যতম কারণ ওই টাওয়ার। আন্তর্জাতিক সমীক্ষাতেও এই চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে। পুরুলিয়া বনবিভাগের ডিএফও অঞ্জন গুহ বলেন, “নানান কারণে বিভিন্ন পাখির সংখ্যা কমেছে। তার মধ্যে নীলকন্ঠ পাখি রয়েছে। বিভিন্ন পর্যবেক্ষণ ও রিপোর্ট থেকে আমরা পদক্ষেপ নিচ্ছি।” পাখি নিয়ে কাজ করা শহর পুরুলিয়ার বাসিন্দা আলোক-চন্দ্রী বরুণ রাজগড়িয়া বলেন, “২০১২-১৩ সাল পর্যন্তও পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে নীলকন্ঠ পাখি ব্যাপকভাবেই দেখা যেত। কিন্তু তারপর থেকে কমতে শুরু করেছে।”

নীলকন্ঠ পাখিকে মহাদেবের দূত বলা হয়। লোকবিশ্বাস এই পাখি কৈলাসে গিয়ে পার্বতীর মর্ত্য থেকে রওনা হওয়ার খবর মহাদেবকে দিয়ে থাকে। আবার রামায়ণ অনুযায়ী রাবণ বধের আগে নীলকন্ঠ পাখির দর্শন পেয়েছিলেন রামচন্দ্র।

হারের পর টাইগারদের যা বলেছিলেন বিসিবি সভাপতি

ঢাকা, জিম্বাবুয়ের বিপক্ষে প্রথম ম্যাচে ৯৯ রানের বড় ব্যবধানে হারের পর বাংলাদেশ দলের ক্রিকেটারদের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি তামিম ইকবাল। আবুধাবিতে অনুষ্ঠিত ম্যাচটি গ্যালারিতে বসে দেখার পর ক্রিকেটারদের সঙ্গে প্রায় আড়াই ঘণ্টা আলোচনা করেন তিনি। সেই বৈঠকে দলের সদস্যদের কী বার্তা দিয়েছিলেন বিসিবি সভাপতি, তা জানিয়েছেন গুপেনার তানজিদ হাসান তামিম।

তানজিদ হাসানের মতে, বিসিবি সভাপতি তাদের সঙ্গে ইতিবাচক আলোচনা করেছেন। দলের ভালো ও খারাপ-সব সময়ই বোর্ড ক্রিকেটারদের পাশে রয়েছে বলে উল্লেখ করেন তিনি। একই সঙ্গে দলের বর্তমান সমস্যা, সেগুলো মোকাবিলার উপায় এবং জিম্বাবুয়ের বিপক্ষে ওয়ানডে সিরিজে হারের বিষয়গুলো নিয়েও আলোচনা হয়েছে। এই বৈঠকের মাধ্যমে ক্রিকেটারদের মনোবল ও আত্মবিশ্বাস বাড়ানোর চেষ্টা করেছেন তামিম ইকবাল।

তানজিদ আরও জানান, ক্রিকেটারদের একতাবদ্ধ থেকে দল হিসেবে পারফর্ম করার পরামর্শ দিয়েছেন বিসিবি সভাপতি। প্রতিটি ম্যাচে যেন সবাই সম্মিলিতভাবে নিজেদের সেরাটা দিতে পারেন, সে বিষয়েও গুরুত্ব দিয়েছেন তিনি।

তানজিদের ভাষা অনুযায়ী, প্রতিপক্ষ জিম্বাবুয়ে হোক কিংবা অস্ট্রেলিয়া, প্রতিটি আন্তর্জাতিক ম্যাচকেই সমান গুরুত্ব দিয়ে দেখতে হবে। একই রকম মনোযোগ ও প্রত্নতি নিয়ে মাঠে নামার পাশাপাশি দলের সব বিভাগে ভালো পারফরম্যান্স নিশ্চিত করার ওপর জোর দিয়েছেন তামিম ইকবাল। তার এই ইতিবাচক বার্তা ক্রিকেটারদের ঘুরে দাঁড়াতে অনুপ্রেরণা জুগিয়েছে।

নামাজের সময়সূচী								
	অক্টোবর	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
	ফজর	০৩:৪৭	০৩:৫	০৩:৫৬	০৩:৫৭	০৩:৫৮	০৩:৫৯	০৪:০০
	যোহর	০১:০১	১১:৪১	০১:০১	০১:০২	০১:০২	০১:০২	০১:০৩
	আসর	০৪:৫৯	০৪:৫৯	০৫:০০	০৫:০১	০৫:০১	০৫:০২	০৫:০২
	মাগরিব	০৮:৩১	০৮:৩১	০৮:৩২	০৮:৩২	০৮:৩৩	০৮:৩৩	০৮:৩৪
	এশা	১০:১১	১০:১১	১০:১১	১০:১১	১০:১১	১০:১১	১০:১১

যুক্তরাষ্ট্রে মসজিদের পাশে গোলাগুলি, নিহত ১

ঢাকা, যুক্তরাষ্ট্রের ওহাইও অঙ্গরাজ্যের রাজধানী কলম্বাসে একটি মসজিদের পাশের আবাসিক এলাকায় গুলির ঘটনা ঘটেছে। এতে অন্তত একজন নিহত হয়েছেন। তবে গোলাগুলির সঙ্গে মসজিদ বা সেখানে অবস্থানরত মুসল্লিদের কোনো সম্পৃক্ততা ছিল না বলে জানিয়েছে পুলিশ।

স্থানীয় সময় সোমবার (১৯ অক্টোবর) গুলির ঘটনার পরপরই কেন্দ্রীয় ও স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হন। যুক্তরাষ্ট্রের অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরকবিষয়ক ব্যুরো (এটিএফ)

তবে পরে পুলিশ জানায়, মসজিদে নয়, বরং এর পাশের একটি অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সে পার্কিং এলাকায় গুলির ঘটনা ঘটে। পুলিশ কর্মকর্তা সার্জেট জেমস ফুকুয়া বলেন, ‘দুর্ভাগ্যজনকভাবে, মসজিদে তখন একটি অনুষ্ঠান চলছিল, যার বাইরের ঘটনার সঙ্গে কোনো সম্পর্ক ছিল না।’

তিনি আরও বলেন, ‘বিষয়টি স্পষ্ট করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, এই গোলাগুলি মসজিদে হামলার কোনো ঘটনা ছিল না।’

এ ঘটনায় বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করা হলেও এটিএফ তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য করেনি। গোলাগুলির কারণ কিংবা এ ঘটনায় কেউ আটক হয়েছেন কি না, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

সাঁতার কাটতে নেমে হাঙরের আক্রমণে নারীর মৃত্যু

ঢাকা, দক্ষিণ আফ্রিকার দক্ষিণ-পূর্ব উপকূলে সকালে সহযাত্রী সাঁতারকদের সাথে সাগরে নামার সময় হাঙরের আক্রমণে ৬৫ বছর বয়সী জেনিন লকরেনবার্গ নামের এক নারী নিহত হয়েছেন। এই মর্মান্তিক ঘটনার পর কর্তৃপক্ষ তদন্ত শুরু করেছে এবং সতর্কতা হিসেবে নিকটবর্তী দুটি সৈকত সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে।

পিপল ডট কম জানিয়েছে, মঙ্গলবার (২০ অক্টোবর) স্থানীয় সময় সকাল ৭টার দিকে কুগোস্পোর ওরিয়েন্ট সৈকতে সাঁতার কাটার সময় এই হামলার ঘটনা ঘটে। জেনিনের চিৎকার শুনে তার সঙ্গে থাকা সাঁতারু দল দ্রুত এগিয়ে এসে তাকে গুরুতর আহত অবস্থায় তীরে তুলে আনে। ঘটনাস্থলেই একজন চিকিৎসক তাকে বাঁচানোর চেষ্টা করলেও শেষ পর্যন্ত তা ব্যর্থ হয় এবং তাকে মৃত ঘোষণা করা হয়।

হাঙরের এই হামলার পর বাফেলো সিটি মেট্রোপলিটন পৌরসভা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ওরিয়েন্ট বিচ এবং এর পাশের ইস্টার্ন বিচ বন্ধ ঘোষণা করেছে।

পাশাপাশি উপকূলের অন্যান্য স্থানেও পর্যটক ও সাধারণ মানুষকে অতিরিক্ত সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে। পৌরসভার রেকর্ড অনুযায়ী, এর আগে ১৯৯৭ সালের দিকে এই শহরে হাঙরের আক্রমণে মৃত্যুর ঘটনা ঘটেছিল।

ঋণের ভারে পুড়ছে ফ্রান্স, এরপর কি যুক্তরাষ্ট্র?

ঢাকা, রাজস্ব সংকটের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে ফ্রান্স পুড়ছে। দেশটি সামর্থ্যের চেয়ে এত বেশি খরচ বা ঋণ নিয়েছে যে, সেটি ফেরত দেওয়া এখন কঠিন হয়ে দাঁড়িয়েছে।

ঋণ পরিশোধের সময়ও ঘনিয়ে আসছে। এর মধ্যেই বেড়েছে জ্বালানির দাম ও বন্ডের সুদের হার। এ অবস্থায় কর বাড়ানো ও ব্যয় কমানোর পথটি সম্ভাব্য সমাধান। কিন্তু সমস্যা হলো, এ দুটি পদক্ষেপই রাজনৈতিকভাবে বেশ অজনপ্রিয়। এতে জনগণের মধ্যে ক্ষোভ বৃদ্ধির ঝুঁকি থাকে।

পূজার সময়সূচী	কুইন্সের সকল হিন্দু মন্দিরের সময়সূচী
	সকাল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। সকাল ৭ টায় আরতী ও ভোরের পূজা। সন্ধ্যা ৭ টায় আরতী ও সন্ধ্যা পূজা। (এছাড়াও পূণ্যার্থীদের অনুরোধে প্রার্থিত গণ নিয়মিত সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পূজা অর্চনা করে থাকেন)



ওয়েস্ট ইন্ডিজ সিরিজে ফেরার আশা লিটনের

ঢাকা, বাংলাদেশের ওয়ানডে অধিনায়ক লিটন দাসের চোটের স্ক্যান রিপোর্টে গুরুতর কোনো সমস্যা পাওয়া যায়নি। হিপ জয়েন্টের পরীক্ষায় বড় ধরনের জটিলতা ধরা না পড়ায় স্বস্তি ফিরেছে বাংলাদেশ ক্রিকেটে।

তবে পেশিতে সামান্য সমস্যা থাকায় পুরোপুরি সুস্থ হতে আরও কয়েক দিন সময় লাগতে পারে এই উইকেটকিপার ব্যাটারের। পরিস্থিতির উন্নতি হলে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে আসন্ন টেস্ট সিরিজে তাকে পাওয়ার ব্যাপারে আশাবাদী বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) চিকিৎসকেরা। মঙ্গলবার (২০ অক্টোবর) বিসিবির মেডিকেল বিভাগের এক কর্মকর্তা জানান, লিটনের স্ক্যান রিপোর্টে উদ্বেগজনক কিছু পাওয়া যায়নি। তবে চোটের প্রকৃত অবস্থা ও মাঠে ফেরার সম্ভাব্য সময় নির্ধারণ করতে তাকে আরও এক থেকে দুই দিন পর্যবেক্ষণে রাখা হবে। এ সময় তাকে হালকা ফিজিওথেরাপিও দেওয়া হচ্ছে।

হিপ জয়েন্টে অস্বস্তির কারণে চলমান আফগানিস্তান, বাংলাদেশ ও জিম্বাবুয়ের ত্রিদেশীয় ওয়ানডে সিরিজ থেকে ছিটকে গেছেন লিটন। সিরিজ শুরুর আগে তার ফিটনেস নিয়ে অনিশ্চয়তা তৈরি হলে চিকিৎসকদের পরামর্শে তাকে দল থেকে সরিয়ে নেওয়া হয়। তার অনুপস্থিতিতে বাংলাদেশের নেতৃত্ব দিচ্ছেন তাওহীদ হুদয়।

সোমবার শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বিসিবির চিকিৎসকদের সঙ্গে দেখা করেন লিটন। এ সময় তার স্ক্যান রিপোর্ট পর্যালোচনার পাশাপাশি প্রাথমিকভাবে ফিজিওথেরাপি দেওয়া হয়। মেডিকেল কমিটির এক সদস্য জানিয়েছেন, পরীক্ষায় বড় কোনো সমস্যা ধরা না পড়লেও পেশিতে সামান্য জটিলতা রয়েছে। মঙ্গলবারও তার চিকিৎসা কার্যক্রম অব্যাহত ছিল।

চিকিৎসকদের মতে, আগামী দুদিন লিটনের শারীরিক অবস্থার অগ্রগতি পর্যবেক্ষণ করা হবে। এরপর তার সুস্থতার গতি এবং মাঠে ফেরার সময় সম্পর্কে আরও পরিষ্কার ধারণা পাওয়া যাবে। তাই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজে তার অংশগ্রহণের বিষয়ে এখনই চূড়ান্ত সিদ্ধান্ত নিতে চাইছে না বিসিবি। তবে হিপ জয়েন্টে গুরুতর সমস্যা না থাকায় আশার জায়গা দেখছেন তারা। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ হিসেবে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলবে বাংলাদেশ। সূচি অনুযায়ী, প্রথম টেস্ট শুরু হবে ২৮ অক্টোবর ঢাকায়। দ্বিতীয় ম্যাচটি মাঠে গড়ানোর কথা ৫ নভেম্বর সিলেটে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় অবস্থান আরও মজবুত করাই বাংলাদেশের লক্ষ্য। এখন পর্যন্ত ছয় টেস্টে তিন জয়, দুই হার ও একটি ড্রয়ে ৪০ পয়েন্ট পেয়েছে দলটি। ৫৫.৫৬ শতাংশ পয়েন্ট নিয়ে তালিকার চতুর্থ স্থানে রয়েছে বাংলাদেশ। এই অবস্থান ধরে রাখা কিংবা আরও ওপরে ওঠার লড়াইয়ে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজটি গুরুত্বপূর্ণ। তাই অভিজ্ঞ ব্যাটার লিটন দাসকে সময়মতো সুস্থ অবস্থায় দলে ফিরে পাওয়া বাংলাদেশের জন্য বড় স্বস্তির খবর হতে পারে। ব্যালন ডি'অরের সর্বকালের সেরার দৌড়ে এগিয়ে

রোনালদো, ভোট দেবেন যেভাবে

ঢাকা, ২১ অক্টোবর : ফুটবল ইতিহাসের সর্বকালের সেরা ও প্রভাবশালী খেলোয়াড় কে?—এই চিরন্তন বিতর্ক নতুন করে উসকে দিল ফুটবলের অন্যতম মর্যাদাপূর্ণ পুরস্কার আয়োজকদের এক অভিনব উদ্যোগ। লন্ডনের দ্য লন্ডন প্যালাডিয়ামে জমকালো পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাত্র কয়েক দিন আগে শুরু হওয়া একটি পাবলিক পোল বা ভক্তদের ভোটভুটি ফুটবল বিশ্বকে যেন নতুন এক লড়াইয়ের মধ্যে দাঁড় করিয়ে দিয়েছে।

ফুটবল ইতিহাসের সাত দশক উদযাপনে আয়োজকরা চালু করেছেন সর্বকালের সেরা ব্যালন ডি'অর জয়ী বা ‘বি.ও.এ.টি’ নামের এই ডিজিটাল ভোটগ্রহণ। যেখানে কেবল ক্যারিয়ারে অন্তত দুইবার বা তার বেশি এই ট্রফি জেতা ১০ জন নির্বাচিত কিংবদন্তির নির্দিষ্ট মৌসুমগুলোকে তালিকায় রাখা হয়েছে।

সাধারণত সাংবাদিকদের ভোটে ব্যালন ডি'অর বিজয়ী নির্ধারণ হলেও, প্রতীকী এই নির্বাচনে সরাসরি অংশ নিচ্ছেন সাধারণ দর্শকরা। তবে প্রতিটি ভোটের জন্য খরচ করতে হচ্ছে ১ ইউরো। ব্যালন ডি'অরের অফিসিয়াল ওয়েবসাইটে চলছে এই ভোটগ্রহণ। আগামী ২৬ অক্টোবর মধ্যরাত পর্যন্ত খোলা থাকবে এই ভোটের দরজা।

লাইভ ভোটভুটির প্রাথমিক ফলাফলে পভুগিজ যুবরাজ ক্রিস্টিয়ানো রোনালদোর বিশাল আধিপত্য দেখা গেছে। মোট ভোটের ৬২ শতাংশ পেয়ে শীর্ষে রয়েছে ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে খেলা তার ২০০৮ সালের সংস্করণটি।

এ সপ্তাহের জন্মভূমির কার্টুন



বৌদ্ধদের পূজার সময়সূচী	চার্টে প্রার্থনার সময়সূচী
	
মন্দির খোলা থাকে সকাল ৬ টা থেকে রাত ৮ টা পর্যন্ত। ভোরের পূজা ৬ টায় দুপুরের পূজা ১২ টায় সন্ধ্যার পূজা ৬ টায় (এছাড়াও পূণ্যার্থীদের অনুরোধে নিয়মিত সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পূজা করা হয়)	নিউইয়র্ক এলাকার সকল গার্জা খোলা থাকে সকাল ৮ টা থেকে রাত ৮টা পর্যন্ত। প্রতি রবিবার সকাল ১১ টায় প্রার্থনা ও মধ্যরাতে বিশেষ প্রার্থনা করা হয়। (এছাড়াও প্রতিদিনই পূণ্যার্থীদের সমাগম ঘটে ও প্রার্থনা করা হয়)

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



ফের চালু হচ্ছে ডিভি লটারি, বাংলাদেশিরা কি আবেদন করতে পারবেন?

নিউইয়র্কঃ দীর্ঘ বিরতির পর আবারও চালু হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের বহুল আলোচিত ডাইভারসিটি ইমিগ্র্যান্ট ভিসা (ডিভি) লটারি। ট্রান্স প্রশাসনের ডিভি লটারি বন্ধের সিদ্ধান্তের বিরুদ্ধে করা মামলায় গত সোমবার (১৯ অক্টোবর) দেশটির একটি ফেডারেল আদালত এ কর্মসূচি পুনরায় চালুর পক্ষে রায় দিয়েছেন বলে জানিয়েছে মার্কিন সাময়িকী ফোর্বস। প্রতিবেদন অনুযায়ী, আগামী ২৯ অক্টোবরের মধ্যে ডিভি লটারির বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ দেওয়া হয়েছে। আবেদন গ্রহণের জন্য নির্ধারিত পোর্টাল চালুর তারিখ ১ নভেম্বর নির্ধারণ করা হয়েছে। নিবন্ধন কার্যক্রম অন্তত ৩০ দিন চালু রাখার কথা রয়েছে। এ ছাড়া ৩ ডিসেম্বরের মধ্যে নির্বাচিত আবেদনকারীদের বিষয়ে নোটিশ দেওয়ার সময়সীমা নির্ধারণ করা হয়েছে।

বাংলাদেশিরা কি আবেদন করতে পারবেন? এবারের ডিভি লটারিতে বাংলাদেশ অংশ নিতে পারবে কিনা, সে বিষয়ে এখনো বিস্তারিত জানায়নি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়। আগামী ২৯ অক্টোবর আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশের পর এ বিষয়ে স্পষ্ট ধারণা পাওয়া যেতে পারে।

উল্লেখ্য, ২০১২ সাল থেকে বাংলাদেশিরা যুক্তরাষ্ট্রের ডিভি লটারিতে অংশ নেওয়ার সুযোগ পাচ্ছেন না। ২০০৭ থেকে ২০১২ সালের মধ্যে যুক্তরাষ্ট্রে ৫০ হাজারের বেশি বাংলাদেশি অভিবাসী যাওয়ায় দেশটি ডিভি কর্মসূচির জন্য অযোগ্য হয়ে পড়ে। মূলত যেসব দেশ থেকে যুক্তরাষ্ট্রে তুলনামূলক কমসংখ্যক অভিবাসী যান, সেসব দেশের নাগরিকদের অভিবাসনের সুযোগ বাড়তেই এ কর্মসূচি চালু করা হয়েছে।

আবেদনের আগে যেসব বিষয়ে সতর্ক থাকতে হবে আদালতের রায়ে আবেদনকারীদের যোগ্যতার শর্ত, সঠিক ওয়েবসাইটের ঠিকানা এবং আবেদনপদ্ধতি সম্পর্কে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের আনুষ্ঠানিক ঘোষণার জন্য অপেক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে।

পাশাপাশি, ডিভি লটারিতে নির্বাচিত করে দেওয়ার নিশ্চয়তা কিংবা অর্থের বিনিময়ে গ্রিন কার্ড পাইয়ে দেওয়ার প্রলোভন দেখানো প্রতারণাদের বিষয়ে সতর্ক থাকতে বলা হয়েছে। ডিভি লটারির আবেদন সম্পূর্ণ বিনামূল্যে যুক্তরাষ্ট্র সরকারের নির্ধারিত অফিসিয়াল পোর্টালের মাধ্যমে করতে হয়। তাই আবেদন করার আগে সরকারি নির্দেশনা যাচাই করা জরুরি।

স্ত্রীর খোঁজে ১৫ বছর ধরে সাগরে ডুব দিচ্ছেন স্বামী

ঢাকা, ২০১১ সালের ভয়াবহ সুনামিতে নিখোঁজ হন স্ত্রী ইউকো। এরপর কেটে গেছে ১৫ বছর। কিন্তু স্ত্রীকে ফিরে পাওয়ার আশা পুরোপুরি ছাড়তে পারেননি জাপানের ইয়াসুও তাকামাতসু। প্রতি মাসে দুবার সাগরে ডুব দেন তিনি। তার বিশ্বাস, সমুদ্রের গভীরে কোথাও হয়তো অপেক্ষা করছেন তার স্ত্রী।

জাপানের উত্তর-পূর্বাঞ্চলীয় মিয়াগি প্রিফেকচারের ওনাগাওয়া বন্দর থেকে ছোট মাছ ধরার নৌকায় চড়ে সাগরের দিকে যাত্রা করেন ইয়াসুও। উপকূল থেকে কয়েক কিলোমিটার দূরে গিয়ে মাছ, অজিজন ট্যাংক ও ওজনযুক্ত বেস্ট পরে নেমে পড়েন ঠান্ডা পানিতে। এভাবেই ১৩ বছরেরও বেশি সময় ধরে চালিয়ে যাচ্ছেন স্ত্রীর খোঁজ।

২০১১ সালের ১১ মার্চ জাপানের উত্তর-পূর্ব উপকূলে আঘাত হানে শক্তিশালী ভূমিকম্পের পর সৃষ্ট সুনামি। বিশাল ঢেউ উপকূলের প্রায় ১০ কিলোমিটার ভেতরে ঢুকে পড়ে। ধ্বংসাত্মক পরিণত হয় বিস্তীর্ণ এলাকা। সেই সুনামিতেই নিখোঁজ হন ইউকো। দুর্ঘটনার দিন সকালে স্ত্রীকে তার কর্মস্থলে নামিয়ে দিয়েছিলেন ইয়াসুও। গাড়িতে যাওয়ার সময় দুজন কথা বলেছিলেন রাতের খাবারে কী খাওয়া হবে, তা নিয়ে। কে জানত, সেটিই হবে তাদের শেষ কথোপকথন।

সুনামির সতর্কসংকেত বেজে উঠলে ইউকো ও তার ১২ সহকর্মী ভবনের ছাদে আশ্রয় নেন। সেখান থেকে স্বামীকে একটি বার্তা পাঠান তিনি, ‘ভূমি কি নিরাপদে আছে? আমি বাড়ি যেতে চাই।’ বার্তাটি পেয়ে ইয়াসুও ভেবেছিলেন, স্ত্রী নিরাপদেই আছেন। কিন্তু পরদিন বেঁচে যাওয়া ব্যক্তিদের আশ্রয় নেওয়া পৌর হাসপাতালে গিয়ে ইউকোকে খুঁজে পাননি তিনি। পরে জানতে পারেন, সুনামির পানিতে ভেসে গেছেন তার স্ত্রী।

ইয়াসুও বলেন, ‘আমাকে বলা হয়েছিল, সুনামি তাকে ভাসিয়ে নিয়ে গেছে। এরপর আমি আর উঠে দাঁড়াতে পারছিলাম না। মনে হয়েছিল, আমার সমস্ত শক্তি যেন ভেসে গেছে।’

দুর্ঘটনার পর দিনের পর দিন উদ্ধারকর্মীরা উপকূল থেকে মৃতদেহ উদ্ধার করেন। তবে ইউকোর মতো অনেক নিখোঁজ ব্যক্তির আর কোনো সন্ধান মেলেনি। প্রায় দুই বছর ধরে জাপানের উপকূলরক্ষী বাহিনীর ডুবুরিদের তল্লাশি করতে দেখেছেন ইয়াসুও। এরপর নিজেই ডুব দেওয়া শেখার সিদ্ধান্ত নেন।

তার ভাষায়, ‘আমি ডুব দিতে শিখলাম। আমার মনে হতো, যত দিন ডুব দেওয়া চালিয়ে যাব, একদিন তার সঙ্গে আমার দেখা হবে।’

এরপর থেকে ৭৬০টিরও বেশি ডুব দিয়েছেন তিনি। সর্বশেষ ডুবটি ছিল তার ৭৬৩তম। সমুদ্রের গভীরে স্ত্রীকে খোঁজেন

ইউকোর দেহাবশেষ কখনো উদ্ধার করা সম্ভব হয়নি। ফলে প্রচলিত রীতিতে স্ত্রীর কবরের পাশে গিয়ে শ্রদ্ধা জানানোর সুযোগও নেই ইয়াসুওর। তার কাছে সমুদ্রে ডুব দেওয়া এখন শুধু অনুসন্ধান নয়, স্ত্রীকে স্মরণ করার একান্ত নিজস্ব উপায়।

ইয়াসুও বলেন, ‘বারবার ডুব দেওয়ার পর আমার মনে হতে লাগল, সে হয়তো আশপাশেই আছে। এটা কবরে গিয়ে স্মরণ করার চেয়ে আলাদা। কারণ, সে তো কবরে নেই। বরং মনে হয়, আমি তার সঙ্গে দেখা করতে যাচ্ছি।’ সমুদ্রের গভীরে এখনো সুনামির রেখে যাওয়া ধ্বংসাবশেষ দেখতে পান তিনি। সেগুলো দেখলে মনে পড়ে, কী ভয়াবহ পরিস্থিতির মধ্যে পড়েছিলেন তার স্ত্রী।

‘ধ্বংসাত্মকের দিকে তাকালে মনে হয়, এসবের মধ্য দিয়ে তার পক্ষে উপরে উঠে আসা সম্ভব ছিল না। এমনটা ভাবলেই আমার কান্না পায়,’ বলেন ইয়াসুও।

তবে স্ত্রীর মৃত্যুর জন্য সমুদ্রকে ঘৃণা করেন না তিনি। ছোটবেলা থেকেই এই সমুদ্রের পাশে বড় হয়েছেন, এখানেই সঁাতার কাটা ও মাছ ধরা শিখেছেন। সমুদ্রকে তিনি প্রকৃতির পরিবর্তনশীল রূপ হিসেবেই দেখেন। পানির প্রায় ৫০ মিটার গভীরে ডুব দিয়ে তিনি ধ্বংসাত্মকের ওপর দিয়ে সঁাতার কাটেন। সেখানে আধভাঙা গাড়িসহ বিভিন্ন বস্তু এখন জলজ প্রাণীর আবাসস্থল হয়ে উঠেছে। কোথাও কোথাও মাছ ডিম পাড়ে। ইয়াসুওর কাছে এই দৃশ্য প্রকৃতির পুনর্জীবনের প্রতীক। ধ্বংসের মধ্যেও সমুদ্র নতুন জীবন তৈরি করে চলেছে।

স্ত্রীর কথা বলতে গিয়ে এখনো রসিকতা করেন ইয়াসুও। তাদের আবার দেখা হলে ইউকো কী বলতেন, এমন প্রশ্নে তার উত্তর, ‘আমার মনে হয়, সে-ই হয়তো প্রথমে বলত, “তোমার তো বয়স হয়ে গেছে।”’

বিমানের কার্পেটের নিচে জীবন্ত সাপ, আতঙ্কে বাতিল ফ্লাইট

ঢাকা, জাপানের ফুকুওকা বিমানবন্দরে একটি বিমানের কার্পেটের নিচে থেকে জীবন্ত সাপ উদ্ধারের ঘটনায় বাতিল করা হয়েছে একটি ফ্লাইট।

সোমবার (১৯ অক্টোবর) বিমানটি উড্ডয়নের প্রস্তুতি নেওয়ার সময় সাপটি দেখতে পান সংশ্লিষ্টরা। পরে সেটিকে বিষহীন জাপানি ডোরাকাটা সাপ হিসেবে শনাক্ত করেন বিশেষজ্ঞরা। খবর দ্যা জাপান ডেইলির।

জাপান এয়ারলাইনসের সহযোগী প্রতিষ্ঠান জাপান এয়ার কমিউটার কোম্পানি (জেএসি) মঙ্গলবার জানায়, প্রায় ৪০ সেন্টিমিটার লম্বা সাপটি বিমানটির কার্পেটের নিচে ছিল। সোমবার দুপুর ১টার দিকে ফুকুওকা বিমানবন্দরে বিমানটির এক মেকানিক সাপটি দেখতে পান।

বিশেষজ্ঞরা সাপটিকে জাপানি ডোরাকাটা সাপের বাচ্চা হিসেবে শনাক্ত করেন। পরে সেটিকে উদ্ধার করা হয়। তবে কীভাবে সাপটি বিমানের ভেতরে প্রবেশ করেছে, তা এখনো জানা যায়নি বলে জানিয়েছে জেএসি। প্রতিষ্ঠানটি আরও জানায়, এ ধরনের ঘটনা তাদের ক্ষেত্রে আগে কখনো ঘটেনি।

বিমানটি সোমবার শিমায়ে প্রিফেকচারের ইজুমো বিমানবন্দর থেকে ফুকুওকায় আসে। একই দিন দুপুর ১২টা ৫০ মিনিটে বিমানটির কাগোশিমা প্রিফেকচারের উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার কথা ছিল। তবে উড্ডয়নের প্রস্তুতি-তাকালে সাপটি দেখতে পাওয়ায় ফ্লাইটটি বাতিল করা হয়।

‘ভারতকে যারা ভাগ করতে চায় তাদের বিরুদ্ধে লড়াই...’, প্রধানমন্ত্রীর দশেরা বার্তা

দিল্লির রামলীলা ময়দানে বিজয়া দশমীর অনুষ্ঠানে যোগ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন ভাষণ দেওয়ার সময় তাঁর



বার্তায় উঠে এল ভারতকে বিভক্ত করার প্রচেষ্টার বিরুদ্ধে লড়াইয়ের কথা। দেশের শত্রুদের পরাজিত করার আহ্বান জানানেন। নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে সিজেপির বিক্ষোভের মাঝেই তাঁর এহেন বার্তাকে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এদিন প্রধানমন্ত্রী সকলের সামনে তুলে ধরেন বিজয়া দশমীর মাহাত্ম্যের কথাও। বলেন, “কেবলই দেশজুড়ে পালিত হওয়া অনুষ্ঠানমাত্র নয়, দেশের জীবনীশক্তি হল দেশেরা। অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির জয়ের উদযাপন।” সেই সঙ্গেই তাঁকে বলতে শোনা যায়, “বিজয়া দশমীর এই শুভলগ্নে আমি প্রভু শ্রীরাম, মা জানকী এবং বজরংবলীর চরণে প্রণাম জানাই। এই পবিত্র পরিবেশে আমি দেশের সমস্ত মানুষকে বিজয়া দশমীর আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।”

নবমীর সন্ধ্যায় মল্লিকবাড়ির দুর্গাপূজায় মুখ্যমন্ত্রী, ‘বাংলায় এমন পূজোগুলো থেকে যাক’, বললেন শুভেন্দু বিচারপতির নেতৃত্বে কমিশন গঠনের আর্জি রাজ্যের, কী জানাল হাই কোর্ট? এদিন মোদি আরও বলেন, “আমাদের দেশের শত্রুদের বিরুদ্ধে একযোগে লড়াই করতে হবে। যে শক্তিগুলি দেশের সম্মান ক্ষুণ্ণ করে, যারা সমাজে বিভেদ সৃষ্টি করে এবং আমাদের সংস্কৃতিকে ঘৃণা করে, তারাই দেশের শত্রু। আজ বিজয়া দশমীর এই শুভলগ্নে আমাদের সেই সংকল্প পুনরায় গ্রহণ করতে হবে। মা ভারতীর শত্রুদের আমাদের চিনতে হবে এবং তাদের পরাজিত করতে হবে”

প্রধানমন্ত্রী ভারতকে পুরোপুরি স্বনির্ভর করে তোলার উপরে বরাবরের মতো এদিনও জোর দেন। তিনি বলেন, “একটা দেশ তখনই এগিয়ে যেতে পারে, যখন সে নিজের সম্পদের মাধ্যমে নিজেদের প্রয়োজন মেটানোর সক্ষমতা অর্জন করে।” ভগবান রামের শিক্ষার প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী মোদী বলেন, এই শিক্ষা মানুষকে শিখিয়েছে কীভাবে নিজেদের সম্পদ ব্যবহার করে বিভিন্ন সমস্যার সমাধান খুঁজে বের করতে হয়।

৭২ দেশে কারাবন্দি ২১ হাজারের বেশি পাকিস্তানি

ঢাকা, বিশ্বের অন্তত ৭২ দেশের কারাগারে ২১ হাজার ৬৪৭ জন পাকিস্তানি নাগরিক বন্দি রয়েছে। পাকিস্তানের জাতীয় পরিষদে প্রশ্নোত্তর পর্বে এ তথ্য জানানো হয়েছে। পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দারের দেওয়া লিখিত জবাবে বলা হয়, বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশের কারাগারে ২১ হাজার ৬৪৭ জন পাকিস্তানি নাগরিক বন্দি রয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, বিদেশের কারাগারে বন্দি পাকিস্তানিদের মধ্যে সবচেয়ে বেশি রয়েছেন সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। দেশটির কারাগারে বন্দি আছেন ৫ হাজার ২৯৭ জন পাকিস্তানি নাগরিক। এরপরই রয়েছে সৌদি আরব। দেশটির কারাগারে বন্দি রয়েছেন ৪ হাজার ৭৭৫ জন পাকিস্তানি। অন্যদিকে, ভারতে বন্দি পাকিস্তানি নাগরিকের সংখ্যা ৭৩৮। যেসব অভিযোগে বন্দি পাকিস্তানিরা পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, বিদেশে বন্দি নাগরিকদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অপরাধের অভিযোগ রয়েছে।

AJ ACCOUNTING SERVICES

Accounting, Taxes & Business Consultants



Anjan K. Bhattacharjee, MS, CPA, FCA

Certified Public Accountant

Chartered Accountant



We Provide Broad Services Including

- Computerized Book-Keeping & Accounting Services.
- New Business Set up-Corporation, LLC, P.C. Not for profit & Tax Exempt Status.
- Business Taxes Including Corporation & Partnership.
- Individual Taxes.
- Payroll, Sales & Local Taxes.
- Not for Profit Including Tax Exempt Organization.
- Audit & Certified Financial Statement.

IRS APPROVED

APPROVED

E-FILE PROVIDER

NOTARY PUBLIC

167-09  **Hillside Ave, 1st Fl**
Jamaica, NY 11432
Tel: 718-658-8767
Cell: 917-371-3633
Fax: 718-658-8765
abhattacharjee921@gmail.com
www.ajtaxaccounting.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



প্রবাসে বাংলাদেশের মুখ

২২ অক্টোবর ২০২৬, বাংলা ০৬ কার্তিক ১৪৩৩

সম্পাদক	রতন তালুকদার
সহযোগী সম্পাদক	শিকদার হুমায়ন কবীর
ঢাকা প্রতিনিধি	আবুল কালাম
উত্তরবঙ্গ প্রতিনিধি	সাইফুদ্দিন আহমেদ
কলকাতা প্রতিনিধি	সোমনাথ গাঙ্গুলী
ইউরোপ প্রতিনিধি	নুরুল ইসলাম বকুল
ওয়াশিংটন প্রতিনিধি	মাইকেল বিকাশ গোমেজ
ক্যালিফোর্নিয়া প্রতিনিধি	ড. মিতুল বড়ুয়া

সম্পাদকীয়

অনলাইনে জন্মভূমি পড়ুন www.jonmobhumi.com

হোক সম্প্রীতির বাংলাদেশ শুভ বিজয়া

বিজয়া দশমীর পর প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয়া দুর্গোৎসব শেষ হল।

মহালয়ার মধ্য দিয়ে যে দেবীপক্ষের সূচনা হয়েছিল, বিসর্জনের মধ্য দিয়ে ঘটেছে তার সমাপ্তি। মর্ত্যলোক ছেড়ে দেবী দুর্গা ফিরে যাচ্ছেন তাঁর কৈলাসবাসে। বিজয়া দশমী শুধু দেবী দুর্গার বিদায়ের মুহূর্ত নয়, বরং এটি অন্যায়, পাপ ও অশুভ শক্তির ওপর ন্যায়, পুণ্য ও শুভশক্তির বিজয়ের এক শাস্ত্য প্রতীক।

পুরাণমতে, মহিষাসুর নামক দানবকে বধ করে দেবী দুর্গা মর্ত্যে শান্তি ও ন্যায় প্রতিষ্ঠা করেছিলেন। আধুনিক সামাজিক প্রেক্ষাপটেও বিজয়া দশমীর গুরুত্ব অপরিণীম। সমাজে বিদ্যমান অন্ধকার, অন্যায়, অনিয়ম, দুর্নীতি, সাম্প্রদায়িক বিষবাস্প এবং অনৈক্যের দানবকে বিনাশ করার জন্য বিজয়া দশমী আমাদের প্রতিবছর এক নতুন প্রেরণা জোগায়। দেবী দুর্গার দশটি হাত যেমন শক্তির বহুমাত্রিকতার প্রতীক, তেমনি আমাদেরও অন্যায়ের বিরুদ্ধে একযোগে রুখে দাঁড়াতে বহুমাত্রিক ঐক্যের শক্তির প্রকাশ।

বাঙালির রয়েছে হাজার বছরের সংস্কৃতির ঐতিহ্য, যেখানে দুর্গাপূজা শুধু ধর্মীয় আচার হিসেবেই সীমাবদ্ধ থাকেনি, বরং তা সামাজিক মেলবন্ধনের উৎসবে পরিণত হয়।

একে অন্যের প্রতি সম্মান, কোলাকুলি, মিষ্টিমুখ- গুরুজনদের প্রতি শ্রদ্ধা জানানোর মাধ্যমে পারস্পরিক সৌহার্দ্য তৈরি হয়। ধর্ম-বর্ণ-নির্বিশেষে বিজয়ার এই সম্প্রীতি বাঙালি জাতির দীর্ঘদিনের অসাম্প্রদায়িক চেতনার মূল ভিত্তি। তাই রাজনৈতিক ও সামাজিকভাবে বিভক্ত সমাজে আজ বিজয়ার বার্তা বেশ জরুরি।

এবার দেশের হিন্দু সম্প্রদায় পরিপূর্ণ উৎসাহ-উদ্দীপনা ও যথাযোগ্য মর্যাদার সঙ্গে দুর্গোৎসবের আয়োজন করে। রাজধানী ছাড়াও প্রত্যন্ত গ্রামের মন্দিরগুলো ছিল উৎসবমুখর।

পত্রপত্রিকায় প্রকাশিত খবরে জানা গেছে, এবার সারা দেশে ৩৩ হাজার ৮৫১টি মন্দিরে দুর্গাপূজা উদযাপিত হয়েছে। গত বছর ৩২ হাজার ৩৫১টি মন্দিরে দুর্গাপূজার আয়োজন করা হয়েছিল। বিভিন্ন সময় দুর্গাপূজায় নানা অপ্রীতিকর ঘটনা ঘটলেও এবার অত্যন্ত নির্বিঘ্ন ও ভীতিহীন পরিবেশে উৎসবের আমেজ বিরাজ করেছে। সরকারের তরফ থেকেও ব্যাপক নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান গত রবিবার রাতে রাজধানীর পূজামন্দির পরিদর্শন করেন। এ সময় সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে তিনি বলেন, ‘দেশ গড়ার সংগ্রামে ধর্ম নয়, নাগরিক পরিচয়ই হবে মুখ্য।’ তাঁর কথায় ‘দেশ গড়ার সংগ্রামে সবাইকে একাবদ্ধ হতে হবে। দেশকে স্বাধীন করার জন্য, গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য আমরা যেমন ধর্ম দেখিনি, জাত দেখিনি; ঠিক একইভাবে আগামী দিনে দেশ গড়ার সংগ্রামেও আমরা ধর্ম দেখব না। আমরা দেখব কে এই দেশের নাগরিক।’ তাঁর এই বার্তা বেশ তাৎপর্যপূর্ণ।

একটি বিষয় মনে রাখা জরুরি, সম্প্রীতির বিষয়টি শুধু বিশেষ উপলক্ষ বা পর্বে সীমাবদ্ধ থাকা বাঞ্ছনীয় নয়। সব সময়ে সংখ্যালঘুসহ সব ধর্মাবলম্বীর নিরাপত্তা ও নির্বিঘ্নে ধর্ম পালন যেমন জরুরি, তেমনি জরুরি বিভিন্ন সম্প্রদায়ের মানুষের মধ্যে সম্ভাব ও সম্প্রীতি বৃদ্ধি। দেশের সামগ্রিক অগ্রগতির জন্যও সাম্প্রদায়িক সম্প্রীতি অতি জরুরি। সবাই মিলেমিশে কাজ করলে তবেই দেশ এগিয়ে যাবে।

মা দুর্গা এসেছিলেন অসুরকে বধ করতে; কিন্তু আমাদের প্রয়োজন আসুরিক চিন্তাকে বধ করা। তাই এমন দেশ গড়তে হবে যেন শুধু ধর্মীয় বিশ্বাসের কারণে কেউ অনিরাপদ বোধ না করে। সবার জীবন সুন্দর ও কল্যাণময় হোক। সবাইকে বিজয়া দশমীর শুভেচ্ছা। শুভ বিজয়া।

জন্মভূমি গ্রুপ ইনক কর্তৃক নিউইয়র্ক থেকে মুদ্রিত ও প্রকাশিত

Weekly Jonmobhumi

Editor & President: Ratan Talukder

Published By Jonmabhum Group Inc.

37-39-74 Street, Jackson Height-NY-11372

Tell: 718-380-6712, Cell: 646-327-7964

Email: jonmabhum@gmail.com

Website: www.jonmobhumi.com

Printed in USA

উপসম্পাদকীয়

সাম্প্রদায়িক সম্প্রীতি সমুন্নত থাকুক

মাহবুব আজীজ

ঈদ বা পূজা কিংবা অন্য যে কোনো ধর্মীয় উৎসবে আনন্দের ছটা সবার মধ্যেই ছড়িয়ে পড়ে। ধর্মনির্বিশেষে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণই এ দেশের আবহমান সংস্কৃতির অংশ। যেমন সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা চলছে এখন। এ সময়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরপর দুদিন গুরুভোজের আয়োজন কয়েকটি প্রশ্ন সামনে নিয়ে এসেছে। শুক্রবার ‘জবিয়ানদের গুরুভোজ’ কর্মসূচির আয়োজক ছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ-জকসু। জকসুর নির্বাচিত কমিটির মূল নেতৃত্বসহ অধিকাংশ সদস্য ছাত্রশিবিরের নেতা। শনিবার গুরুভোজ ও কাওয়ালি সন্ধ্যার আয়োজক ছিল খেলাফত ছাত্র মজলিসের বিশ্ববিদ্যালয় শাখা।

ব্যক্তিস্বাধীনতা বা অধিকারের কথা বলে শিক্ষার্থীদের একটি অংশ দুর্গাপূজার সময় গুরুভোজের যে আয়োজন করেছে, তাতে মূল্যবোধগত সংকট স্পষ্ট। যে আয়োজন অন্য সম্প্রদায়ের মানুষের মধ্যে ভীতি বা বেদনা জাগায়, সেটি অবশ্যই অনুচিত কাজ। বিষয়টি এমনও নয় যে, অন্য যে কোনো সময় গুরুভোজের আয়োজন করা যাবে না। সেখানে পূজার সময় সাড়ম্বরে গুরুভোজের ঘোষণার মধ্যে সাম্প্রদায়িক রাজনীতিই প্রকট।

ব্যক্তিস্বাধীনতা বা অধিকার বিষয়ে সরব শিক্ষার্থীরা ভুলে যায়, অধিকার বা ব্যক্তিস্বাধীনতা কেবল সংখ্যাগরিষ্ঠের জন্য নয়। প্রত্যেক ব্যক্তির জন্যই তা প্রযোজ্য। বিশ্ববিদ্যালয় মূল্যবোধ ও ব্যক্তিস্বাধীনতা চর্চার পীঠস্থান। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরপর দুদিনের গুরুভোজে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিষিক্রয়তা অবশ্যই প্রশংসনীয়। কেবল সংখ্যাগরিষ্ঠের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগলেই প্রশাসন তৎপর হবে; সংখ্যালঘুদের বিষয়ে তারা উদাসীন থাকবে? শিক্ষার্থীদের আচরণবিধি তাদের এই কার্যক্রম প্রসঙ্গে কী বলে? নাকি আদৌ আচরণবিধিই নেই বিশ্ববিদ্যালয়ে?

২. ধর্ম অবমাননার অভিযোগ অবশ্য এ দেশে বিভিন্ন সময় বড় অঘটনের কারণ হয়েছে। সম্প্রতি সাতক্ষীরার দেবহাটায় ধর্ম অবমাননার অভিযোগ তুলে ওয়াহিদুজ্জামান শামীম নামে এক যুবককে পিটিয়ে হত্যার ঘটনা ঘটেছে। প্রথম দফায় পিটুনির পর আহত শামীমকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানে গিয়ে আবার তাকে পিটিয়ে হত্যা করা হয়। যদিও পরিবারের দাবি, শামীম মানসিকভাবে অসুস্থ ছিলেন। শামীমের বিরুদ্ধে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার অভিযোগ তুলে দেবহাটার ফজলুল হক আমিনী নামে এক ব্যক্তি দুই দফা ‘ফেসবুক লাইভ’ করে কয়েকশ মানুষ জড়ো করে শামীমকে গণপিটুনিতে উদ্ধার দেন। ধর্ম অবমাননার নামে এ দেশে হত্যা-নিপীড়ন নতুন নয়। ২০২৫ সালের ১৮ ডিসেম্বর ময়মনসিংহের ভালুকাই ইসলাম সম্পর্কে অবমাননার অভিযোগে দীপু চন্দ্র দাস নামে এক হিন্দু যুবককে পিটিয়ে হত্যা করে মরদেহ পুড়িয়ে দেওয়া হয়। ২০২৫ সালের ৬ সেপ্টেম্বর রাজবাড়ীর গোয়ালন্দে ‘তৌহিদী জনতা’ পরিচয়ে দুর্গুন্ডা নুরুল হক ওরফে নুরুল পাগলার মরদেহ কবর থেকে তুলে পোড়ায়। চলতি বছরের ১১ এপ্রিল কুষ্টিয়ার পীর আবদুর রহমানের দরবারে হামলা চালিয়ে তাকে কুপিয়ে হত্যা করা হয়। তালিকা আরও দীর্ঘ করা সম্ভব; তবে সারকথা এই-প্রতিটি ক্ষেত্রে ধর্ম অবমাননার অভিযোগ তুলে সুনির্দিষ্ট গোষ্ঠী বা ব্যক্তির বিরুদ্ধে উন্মুক্ত জনতাকে উদ্বেগ দেওয়া হয়। ধর্ম অবমাননার অভিযোগ তুলে হামলা ও হত্যার এই ‘প্রক্রিয়া’ চলে প্রকাশ্যেই। এমনও ঘটেছে, সংখ্যালঘু ব্যক্তির নাম ব্যবহার করে ‘অনুভূতিকে আঘাত’ করে বক্তব্য পোস্ট করে হামলার প্রেক্ষাপট সৃষ্টি হয়েছে। প্রায় সব ক্ষেত্রে ঘটনাবলি দীর্ঘক্ষণ ধরে চললেও আইনশৃঙ্খলা বাহিনী তা নিয়ন্ত্রণে নিতে পারেনি।

সাতক্ষীরার শামীমকে একইভাবে প্রাণে বাঁচাতে ব্যর্থ হয়েছে সেখানকার পুলিশ ও প্রশাসন। ফজলুল হক আমিনী অন্তত দুইবার ফেসবুকে লাইভ করে প্রকাশ্য হামলার ঘোষণা ও উদ্ধার দেওয়ার সময় পুলিশ প্রশাসন কি মূক ও বধির ছিল? কেন তারা সক্রিয় হলো না? দায়িত্বে অবহেলার জন্য কারও প্রতি কোনো পদক্ষেপের কথা আমরা জানতে পারিনি।

৩. শামীম হত্যাকাণ্ডে মব সন্ত্রাস অথবা দুর্গাপূজার সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিবির-খেলাফতকর্মীদের অসংবেদনশীলতা বর্তমান সমাজের অসহিষ্ণু মনোভাবের প্রকাশ। সমাজে উগ্রবাদ নানাভাবে মাথাচাড়া দিতে দিতে দিন দিন প্রবল হয়ে উঠছে। শিল্পকলার সামনের -বাকী অংশ ২৯ পাতায়



পবিত্র মক্কার মর্যাদা রক্ষা ও বাংলাদেশ-সৌদি সম্পর্ক

আহসান হাবিব বরুন

পবিত্র মক্কা নগরী বিশ্বের মুসলমানদের কাছে গভীর শ্রদ্ধা ও আবেগের কেন্দ্র। এই নগরীর একটি মসজিদে দুই বাংলাদেশি নাগরিকের বিরুদ্ধে গুরুতর অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগে সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনা বাংলাদেশে ব্যাপক আলোচনা সৃষ্টি করেছে।

ঘটনাটি একদিকে যেমন পবিত্র স্থানগুলোর মর্যাদা ও স্থানীয় আইন মেনে চলার গুরুত্ব সামনে এনেছে, অন্যদিকে তেমনি বাংলাদেশের কূটনৈতিক দায়িত্ব, প্রবাসীদের নিরাপত্তা এবং দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের বিষয়টিও আলোচনায় এসেছে। এ ধরনের সংবেদনশীল ঘটনায় আবেগের পাশাপাশি নির্ভরযোগ্য তথ্য, আইনি বাস্তবতা ও জাতীয় স্বার্থকে গুরুত্ব দেওয়া জরুরি।

প্রতিটি স্বাধীন রাষ্ট্রের নিজস্ব আইন ও বিচারব্যবস্থা রয়েছে। কোনো বিদেশি নাগরিক অন্য দেশে অবস্থানকালে অপরাধে অভিযুক্ত হলে সংশ্লিষ্ট দেশের আইন ও বিচারিক প্রক্রিয়ার মুখোমুখি হন।

বাংলাদেশের নাগরিক হিসেবে আমাদের যেমন দেশের সার্বভৌমত্ব ও বিচারব্যবস্থার প্রতি সম্মান প্রত্যাশা করার অধিকার রয়েছে, তেমনি অন্য দেশের আইনগত প্রক্রিয়াকেও যথাযথভাবে বিবেচনা করতে হবে। তবে এর অর্থ এই নয় যে বিদেশে কোনো বাংলাদেশির বিচার বা দণ্ড কার্যকরের ঘটনায় বাংলাদেশ সরকারের কোনো দায়িত্ব নেই। বরং নাগরিকের অধিকার, বিচারপ্রক্রিয়া, কনসুলার সহায়তা এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহের বিষয়গুলোর ব্যাপারে কূটনৈতিকভাবে অনুসরণ করা জরুরি। সাম্প্রতিক ঘটনায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সৌদি কর্তৃপক্ষের কাছে বিস্তারিত তথ্য ও আদালতের রায়ের অনুলিপি চেয়েছে।

সরকার জানিয়েছে, দুই নাগরিকের পরিচয়, অভিযোগ, বিচারিক প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগে অবহিত করা হয়েছিল কি না-এসব বিষয় যাচাই করা হচ্ছে। তাই পূর্ণাঙ্গ তথ্য হাতে পাওয়ার আগে কোনো পক্ষকে চূড়ান্তভাবে দায়ী করা কিংবা ঘটনাটিকে কেন্দ্র করে দুই দেশের সম্পর্ক নিয়ে নেতিবাচক সিদ্ধান্তে পৌঁছা উচিত নয়। একই সঙ্গে দূতাবাসকে অবহিত করার বিষয়ে আন্তর্জাতিক কনসুলার বিধানের সুনির্দিষ্ট প্রয়োগও যাচাই করা প্রয়োজন। দায়িত্বশীল কূটনীতির লক্ষ্য হওয়া উচিত তথ্যের স্বচ্ছতা নিশ্চিত করা, নাগরিকের স্বার্থ রক্ষা করা এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা।

প্রবাসজীবনে আইন মেনে চলা শুধু ব্যক্তিগত নিরাপত্তার বিষয় নয়; এটি দেশের ভাবমূর্তি ও অন্য প্রবাসীদের স্বার্থের সঙ্গেও জড়িত।

যে দেশে বসবাস করা হয়, সে দেশের আইন, সংস্কৃতি, সামাজিক রীতিনীতি এবং জনপরিসরের আচরণবিধির প্রতি শ্রদ্ধাশীল থাকা প্রত্যেক নাগরিকের দায়িত্ব। বিশেষ করে ধর্মীয়, ঐতিহাসিক ও নিরাপত্তাগতভাবে গুরুত্বপূর্ণ স্থানে আচরণ ও শালীনতা বজায় রাখা অত্যন্ত প্রয়োজনীয়। কোনো ব্যক্তি আইন লঙ্ঘন করলে তার জাতীয় পরিচয়ের ভিত্তিতে তাকে আইনের উর্ধ্বে স্থান দেওয়া যেমন যুক্তিসংগত নয়, তেমনি অভিযোগের সত্যতা ও বিচারপ্রক্রিয়া যাচাই না করে কাউকে অপরাধী হিসেবে চূড়ান্তভাবে চিহ্নিত করাও সমীচীন নয়।

প্রবাসীদের মনে রাখতে হবে, তাদের ব্যক্তিগত আচরণ অনেক সময় বিদেশে বাংলাদেশের সামগ্রিক ভাবমূর্তির ওপর প্রভাব ফেলে। কর্মশৃঙ্খল, আবাসিক এলাকা, ধর্মীয় স্থান কিংবা জনসমাগমস্থল-সব ক্ষেত্রেই স্থানীয় বিধি-বিধান মেনে চলা জরুরি। পাশাপাশি কোনো আইনি জটিলতায় পড়লে সামাজিক যোগাযোগ মাধ্যমে উত্তেজনামূলক বক্তব্য না দিয়ে বাংলাদেশ দূতাবাস বা কনসুলেটের সহায়তা নেওয়া উচিত। প্রবাসীদের জন্য নিয়মিত আইনবিষয়ক সচেতনতামূলক কার্যক্রম, জরুরি যোগাযোগের তথ্য এবং প্রয়োজনীয় কনসুলার সহায়তা নিশ্চিত করা হলে ভবিষ্যতে এ ধরনের ঝুঁকি মোকাবেলা করা সহজ হবে।

সৌদি আরব বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ শ্রমবাজার এবং রেমিট্যান্সের প্রধান উৎসগুলোর একটি। বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত তথ্য অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরের জুলাই-আগস্ট সময়ে সৌদি আরব থেকে বাংলাদেশে প্রায় ১.১৫ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। এই অর্থ দেশের বৈদেশিক মুদ্রার প্রবাহ, পারিবারিক আয়, গ্রামীণ অর্থনীতি এবং জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখে। সৌদি আরবে কর্মরত বাংলাদেশিদের উপার্জনের ওপর নির্ভরশীল অসংখ্য পরিবার রয়েছে। ফলে দুই দেশের সম্পর্কের যেকোনো অবনতি নিয়ে দায়িত্বহীন বক্তব্য দেওয়ার আগে এর সম্ভাব্য অর্থনৈতিক ও সামাজিক প্রভাব বিবেচনা করা প্রয়োজন।

তবে জাতীয় স্বার্থ রক্ষার অর্থ কোনো অনিয়ম বা প্রশ্নের বিষয়ে নীরব থাকা নয়। বরং প্রয়োজনীয় ব্যাখ্যা চাওয়া, নাগরিকের অধিকার সুরক্ষায় কূটনৈতিক উদ্যোগ নেওয়া এবং শ্রমবাজারের স্থিতিশীলতা বজায় রাখা-এই তিনটি বিষয় একসঙ্গে এগিয়ে নিতে হবে।-বাকী অংশ ২৯ পাতায়



অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২

মুক্ত ভাবনা

চীন কেন বিপুল পরিমাণে সোনা কিনছে? কাহিনী কী?

সানা হাশমি

নিজেদের বৈদেশিক মুদ্রার রিজার্ভে বৈচিত্র্য আনতে এবং মার্কিন ডলারের ওপর নির্ভরতা কমাতে টানা ২৩ মাস ধরে সোনা কিনছে চীন।

গত সেপ্টেম্বর মাসে চীনের কেন্দ্রীয় ব্যাংক পিপলস ব্যাংক অব চায়না (পিবিওসি) তাদের সোনার মজুত বাড়িয়েছে ৭ লাখ ৪০ হাজার আউন্স। আগস্টে এই পরিমাণ ছিল ৬ লাখ ৫০ হাজার আউন্স। এতে চীনের মোট সোনার মজুত বেড়ে দাঁড়িয়েছে ৭ কোটি ৭৪ লাখ ৭০ হাজার আউন্সে।

অর্থাৎ প্রায় ২ হাজার ৪০৯ দশমিক ৫৯ টন।

তবে শুধু কেন্দ্রীয় ব্যাংকই নয়, চীনের বাজারেও সোনার চাহিদা বাড়ছে। ২০২৬ সালের প্রথম আট মাসে দেশটি ১ হাজার টনের বেশি সোনা আমদানি করেছে। এর মূল্য ১৫ হাজার ৮৮০ কোটি ডলার। অথচ ২০২৫ সালের পুরো বছরে চীন ৮৮৬ টন সোনা আমদানি করেছিল, যার মূল্য ছিল ৯ হাজার ৬৫০ কোটি ডলার।

চীন কেন সোনা কিনছে?

‘সোনা যার হাতে, নিয়মও তার হাতে’-চীনের সামাজিক যোগাযোগমাধ্যম বিহুতে প্রকাশিত একটি পোস্টে এমন মন্তব্য করা হয়েছে। কথ্যটি বাস্তবতার তুলনায় কিছুটা অতিরঞ্জিত হলেও চীনের কয়েকজন বিশ্লেষকের কাছে সোনার কৌশলগত গুরুত্ব কতটা বেড়েছে, তা বোঝা যায়। বর্তমানে



চীনের বৈদেশিক মুদ্রার রিজার্ভের প্রায় ৯ শতাংশ সোনা।

জিনরুই ফিউচার্সের বিশ্লেষক উ জিজিয়ে বলেন, চীনের মুদ্রা ইউয়ানের শক্তিশালী অবস্থানের কারণে আমদানি খরচ কমেছে। একই সঙ্গে নিয়ন্ত্রক সংস্থাগুলো সোনা আমদানির কোটা শিথিল করার সুযোগ পেয়েছে।

পিকটে ওয়েলথ ম্যানেজমেন্টের এশিয়া অঞ্চলের প্রধান বিনিয়োগ কর্মকর্তা ঝেং ওয়াংছিংয়ের মতে, চীনের রপ্তানি আয় বৃদ্ধি এবং চলতি হিসাবে উদ্বৃত্ত থাকার কারণে বিদেশে সম্পদ কেনার সক্ষমতা বেড়েছে। বেইজিং যখন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বন্ডে বিনিয়োগ কমাচ্ছে, তখন বিকল্প সম্পদ হিসেবে সোনাকে গুরুত্ব দেওয়া হচ্ছে।

ঝেং আরও বলেন, মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের অবকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ার পর সেখানকার কিছু স্বেচ্ছাসেবক ওয়েলথ ফান্ড সোনা বিক্রি করেছে। চীনের বাড়তি চাহিদা সেই সোনার বাজারকে স্থিতিশীল রাখতে সহায়তা করছে।

চীনের সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে জাতীয়তাবাদী বক্তব্যও দেখা যাচ্ছে। ওয়েইবোতে প্রকাশিত একটি পোস্টে দাবি করা হয়েছে, চীনের সবচেয়ে ধনী ১০ কোটি মানুষ প্রত্যেকে ৮০ হাজার ইউয়ান করে দিলে যুক্তরাষ্ট্র সরকারের হাতে থাকা সব সোনা কিনে নেওয়া সম্ভব। ইউয়ানকে কি বৈশ্বিক মুদ্রা করতে চায় চীন?

চীনের সোনা কেনার পেছনে আরও একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য দেখছেন দেশটির কয়েকজন বিশ্লেষক। তাঁদের মতে, আন্তর্জাতিক বাণিজ্য ও লেনদেনে ইউয়ানের ব্যবহার বাড়ানোর লক্ষ্য রয়েছে বেইজিংয়ের।

এ পরিকল্পনা শুধু কেন্দ্রীয় ব্যাংকের সোনার মজুত বাড়ানোর মধ্যে সীমাবদ্ধ নয়। এর সঙ্গে যুক্ত রয়েছে হংকংয়ের সোনা সংরক্ষণ ও বাণিজ্যব্যবস্থা এবং বিদেশের খনিতে চীনা কোম্পানিগুলোর বিনিয়োগ।

লাতিন আমেরিকা, আফ্রিকা ও এশিয়ার বিভিন্ন দেশে সোনার খনি কিনে চীনা কোম্পানিগুলো সরাসরি উৎপাদনস্থল থেকে সোনা সংগ্রহের সুযোগ পাচ্ছে। অন্যদিকে, হংকংয়ের বিকাশমান সোনার বাজারের মাধ্যমে সেই সোনা সংরক্ষণ, কেনাবেচা ও লেনদেন নিষ্পত্তির ব্যবস্থা গড়ে তোলা সম্ভব। এর ফলে সোনার বৈশ্বিক বাণিজ্যে চীনের প্রভাব আরও বাড়তে পারে।

গুওতাই জুনান ইন্টারন্যাশনালের প্রধান অর্থনীতিবিদ ঝৌ হাও বলেন, টানা ২৩ মাস সোনা কেনার ফলে আন্তর্জাতিক অঙ্গনে ইউয়ানের ব্যবহার বাড়ানোর উদ্যোগের প্রতি আস্থা শক্তিশালী হয়েছে। একই সঙ্গে ডলারে রাখা রিজার্ভের ওপর নির্ভরতা কমানোর সুযোগ তৈরি হয়েছে।

নানহুয়া ফিউচার্সের মূল্যবান ধাতু ও নতুন জ্বালানি গবেষণা দলের প্রধান সিয়া ইংইং বিষয়টিকে আরও বিস্তৃতভাবে দেখছেন। তাঁর মতে, বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক সোনার মজুত বাড়ালে রিজার্ভ মুদ্রা হিসেবে ডলারের একচ্ছত্র সুবিধা দুর্বল হতে পারে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের আর্থিক নীতি, ঋণ এবং নিষেধাজ্ঞা ব্যবহারের ঝুঁকি নিয়ে উদ্বেগ বাড়তে পারে।

ইউয়ানে সোনার বাণিজ্য বাড়ানোর এই উদ্যোগে হংকং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এসঅ্যান্ডপি গ্লোবাল রেটিংসের একটি প্রতিবেদনে চীনের অভ্যন্তরীণ সোনার বাজারের সঙ্গে বিদেশের বাজারগুলোকে যুক্ত করার পরিকল্পনার কথা বলা হয়েছে। -বাকী অংশ ২৯ পাতায়

পত্র লেখকদের লেখা সময়োপযোগী ও বাস্তবধর্মী হতে হবে। পত্র লেখককে অবশ্যই তার নাম ঠিকানা এবং মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে। নাম প্রকাশে অনিচ্ছুক থাকলেও সম্পাদক বরাবরে পরিচিতি প্রদান করতে হবে। অমনোনীত লেখা প্রকাশিত হবে না।

সাপ্তাহিক জন্মভূমি কারো আত্মপ্রচারের বাহক বা চরিত্র হননের হাতিয়ার নয়!

সম্প্রীতির দুর্গোৎসব

অধ্যাপক ডা. অরুণরতন চৌধুরী

দুর্গাপূজা বাঙালির অন্যতম প্রধান ধর্মীয় ও সাংস্কৃতিক উৎসব। শরতের নির্মল আকাশ, সাদা কাশফুল, শিউলির সুবাস এবং ঢাকের বাদ্য-সব মিলিয়ে দুর্গাপূজা বাঙালির জীবনে এক অনন্য আনন্দের আবহ সৃষ্টি করে। এটি শুধু একটি ধর্মীয় অনুষ্ঠান নয়; বরং বাঙালির ঐতিহ্য, শিল্প, সাহিত্য, সংগীত, সামাজিক বন্ধন ও সাম্প্রদায়িক সম্প্রীতির সঙ্গে গভীরভাবে যুক্ত একটি সর্বজনীন সাংস্কৃতিক উৎসব।

হিন্দুধর্মীয় বিশ্বাস অনুযায়ী, দেবী দুর্গা অশুভশক্তির প্রতীক মহিষাসুরকে পরাজিত করে শুভ ও ন্যায়ের প্রতিষ্ঠা করেন। তাই দুর্গাপূজা মূলত অশুভের ওপর শুভের, অন্যায়ের ওপর ন্যায়ের এবং অসত্যের ওপর সত্যের বিজয়ের প্রতীক। দেবী দুর্গার সঙ্গে লক্ষ্মী, সরস্বতী, কার্তিক ও গণেশের পূজাও অনুষ্ঠিত হয়। এ পূজার মধ্য দিয়ে শক্তি, জ্ঞান, সমৃদ্ধি, সাহস ও মঙ্গল কামনা করা হয়।

বাংলার দুর্গাপূজার ইতিহাস বহু পুরোনো। প্রাচীন ও মধ্যযুগে বিভিন্ন জমিদার ও অভিজাত পরিবারে দুর্গাপূজার প্রচলন ছিল। পরবর্তীকালে বারোয়ারি ও সার্বজনীন পূজার প্রসার ঘটে। এর ফলে দুর্গাপূজা ব্যক্তিগত বা পারিবারিক উৎসবের সীমা ছাড়িয়ে সাধারণ মানুষের উৎসবে পরিণত হয়। বর্তমানে বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গসহ বিশ্বের বিভিন্ন দেশে বাঙালি হিন্দু সম্প্রদায়ের মানুষ নানা আয়োজনের মধ্য দিয়ে দুর্গাপূজা পালন করে।

শরতের নীল আকাশে সাদা মেঘের ভেলা, মাঠের ধারে দুলতে থাকা কাশফুল, ভোরের বাতাসে শিউলির মিষ্টি গন্ধ প্রকৃতি যখন এমন অপরূপ সাজে সেজে ওঠে, তখনই বাঙালির হৃদয়ে বেজে ওঠে ঢাকের কাঠি। চারদিকে ছড়িয়ে পড়ে উৎসবের আমেজ, মসৃণে মসৃণে জ্বলে ওঠে আলোর মালা। মা দুর্গার আগমনের সঙ্গে যেন প্রকৃতি ও মানুষের জীবনে নতুন আনন্দের সঞ্চার হয়। দুর্গাপূজা তাই কেবল একটি ধর্মীয় আচার নয়; এটি বাঙালির চিরচেনা আবেগ, ঐতিহ্য, শিল্প-সংস্কৃতি ও মিলনমেলার এক অপূর্ব প্রকাশ। দেবীর আগমন যেন অন্ধকারের মধ্যে আলোর বার্তা, অশুভের বিরুদ্ধে শুভশক্তির জয় এবং মানুষের মনে নতুন আশার সঞ্চার।

সম্প্রীতির দুর্গোৎসবদুর্গাপূজা কেবল ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ নয়; এটি বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক জীবনের এক গুরুত্বপূর্ণ মিলনোৎসব। এ উৎসব মানুষের মধ্যে ভালোবাসা, পারস্পরিক শ্রদ্ধা, সহমর্মিতা ও সৌহার্দ বাড়িয়ে তোলে। ধর্ম-বর্ণনির্বিশেষে মানুষ একে অপরের আনন্দে অংশ নেন, শুভেচ্ছা বিনিময় করেন এবং উৎসবের আনন্দ ভাগ করে নেন। বাংলাদেশের বহুত্ববাদী সমাজে এ পারস্পরিক শ্রদ্ধা ও সামাজিক সম্প্রীতির চর্চা বিশেষ তাৎপর্যপূর্ণ। দুর্গাপূজার কয়েক দিন বাঙালির জীবনে বিশেষ তাৎপর্য বহন করে। মহালয়ার মাধ্যমে দেবীপক্ষের সূচনা হয়। এরপর ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী ও বিজয়া দশমীর বিভিন্ন আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে পূজা সম্পন্ন হয়। অষ্টমীর অঞ্জলি, সন্ধিপূজা, নবমীর পূজা এবং দশমীর বিসর্জন দুর্গোৎসবের গুরুত্বপূর্ণ অংশ। দশমীর দিন প্রতিমা বিসর্জনের আনন্দের পাশাপাশি একধরনের আবেগও সৃষ্টি হয়। দেবীকে বিদায় জানিয়ে মানুষ আবার তাঁর আগমনের অপেক্ষা করে। দুর্গাপূজার অন্যতম আকর্ষণ হলো প্রতিমা ও পূজামসৃপ। শিল্পীরা মাটি, খড় ও বিভিন্ন উপকরণ ব্যবহার করে অত্যন্ত যত্নের সঙ্গে প্রতিমা নির্মাণ করেন। মসৃণসজ্জায় স্থাপত্য, চিত্রকলা, আলোকসজ্জা ও লোকশিল্পের নানা উপাদান ব্যবহৃত হয়। অনেক পূজামসৃপ স্থানীয় ইতিহাস, ঐতিহ্য বা সমকালীন বিভিন্ন বিষয়কে শিল্পের মাধ্যমে তুলে ধরে। ফলে দুর্গাপূজা একদিকে ধর্মীয় উৎসব, অন্যদিকে শিল্প ও সৃজনশীলতারও এক বড় ক্ষেত্র। দুর্গাপূজাকে ঘিরে সামাজিক মিলনও বাঙালি সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ দিক। আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধবের সঙ্গে দেখা করা, নতুন পোশাক পরা, মসৃণে ঘুরতে যাওয়া, সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করা-সবকিছু মিলিয়ে উৎসবের আনন্দ ছড়িয়ে পড়ে। বিভিন্ন সম্প্রদায়ের মানুষও অনেক সময় পরস্পরের উৎসবে অংশ নেয় ও শুভেচ্ছা বিনিময় করে। বাংলাদেশের মতো বহুত্ববাদী সমাজে এ পারস্পরিক শ্রদ্ধা ও সম্প্রীতি বিশেষ গুরুত্বপূর্ণ। দুর্গাপূজার একটি বিশেষ ও তাৎপর্যপূর্ণ আচার হলো কুমারী পূজা। হিন্দুধর্মীয় বিশ্বাসে, কুমারী কন্যার মধ্যে দেবী দুর্গার মাতৃশক্তি ও পবিত্রতার প্রতীকী প্রকাশ দেখা যায়। সাধারণত অল্প বয়সি একটি কন্যাশিশুকে স্নান করিয়ে, নতুন পোশাক ও অলংকারে সাজিয়ে দেবীরূপে সম্মান ও পূজা করা হয়। তাকে ফুল, চন্দন, নৈবেদ্য ও প্রণাম নিবেদন করা হয় এবং আশীর্বাদ কামনা করা হয়।

কুমারীপূজার মূল তাৎপর্য হলো নারীর প্রতি শ্রদ্ধা ও মাতৃশক্তির মর্যাদা প্রতিষ্ঠা। একটি শিশুকন্যার মধ্যে দেবীর প্রতীক-বাকী অংশ ২৯ পাতায়



VIRASAT CAFE

Taste of Home

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

READY TO GO

FRESH DESHI SNACKS
COOKIES, TEA & COFFEE
CAKES & DELICIOUS SWEETS
AND MORE



Real Deshi Taste of Yogurt
In Natural Clay Pot





WE TAKE ORDER FOR ALL OCCASIONS

37-39 74TH STREET, JACKSON HEIGHTS, NY 11372
718-791-8203 | WWW.VIRASATCAFE.COM

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



মক্কা চুক্তির মূল দলিল প্রকাশ্যে, কী আছে এতে?

ঢাকা, তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে স্বাক্ষরিত মক্কা প্রতিরক্ষা চুক্তির পূর্ণাঙ্গ পাঠ মঙ্গলবার দেশটির সংসদে জমা দিয়েছে তুরস্ক সরকার। চুক্তি অনুযায়ী, তিন দেশের যেকোনো একটির ওপর সশস্ত্র হামলা হলে তা সবার ওপর হামলা হিসেবে বিবেচিত হবে। এ পরিস্থিতিতে আক্রান্ত দেশকে অন্য দেশগুলো সামরিক সক্ষমতাসহ পারস্পরিক সহায়তার সব উপায় কাজে লাগিয়ে সহযোগিতা করবে।

গত আগস্টে স্বাক্ষরিত এ চুক্তির মাধ্যমে একটি নতুন আন্তর্জাতিক প্রতিরক্ষা জোট গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। ন্যাটো জোটের চুক্তির ৫ নম্বর অনুচ্ছেদের মতোই এতে সদস্য দেশগুলোর পারস্পরিক প্রতিরক্ষার অঙ্গীকার রয়েছে।

মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম মিডল ইস্ট আই চুক্তির পূর্ণাঙ্গ পাঠ এককভাবে সংগ্রহ করেছে। এতে কোনো নির্দিষ্ট দেশ বা অঞ্চলকে হুমকি হিসেবে চিহ্নিত করা হয়নি। তবে কোনো সদস্য দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব বা ভৌগোলিক অখণ্ডতার ওপর সশস্ত্র হামলা হলে অন্য দেশগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অঙ্গীকার করতে বলা হয়েছে।

চুক্তির প্রথম অনুচ্ছেদে বলা হয়েছে, কোনো সদস্য দেশের ভৌগোলিক অখণ্ডতা, সার্বভৌমত্ব বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সীমান্ত হুমকি কিংবা বিপদের মুখে পড়লে সেই হুমকি দূর করতে সদস্য দেশগুলো প্রয়োজনীয় সব উপায় ব্যবহার করবে।

দ্বিতীয় অনুচ্ছেদে বলা হয়েছে, কোনো সদস্য দেশের ওপর বাইরে থেকে সশস্ত্র হামলা হলে সেটিকে সব সদস্য দেশের ওপর হামলা হিসেবে বিবেচনা করা হবে। অন্য কোনো দেশ বা একাধিক দেশের সামরিক আত্মরক্ষার শিকার হলে আক্রান্ত দেশকে অবিলম্বে সহায়তা দেবে অন্য সদস্যরা। এ ক্ষেত্রে কী ধরনের সহায়তা দেওয়া হবে, তা প্রয়োজনের নিরপেক্ষ মূল্যায়নের ভিত্তিতে নির্ধারণ করা হবে। সদস্য দেশগুলো নিজেদের বিদ্যমান সম্পদ ও সক্ষমতার সীমার মধ্যে থেকে সহযোগিতা করবে। এর মধ্যে সামরিক উপায় ও সক্ষমতাও অন্তর্ভুক্ত থাকবে।

জাতিসংঘ সনদের ৫১ নম্বর অনুচ্ছেদে স্বীকৃত আত্মরক্ষার অধিকার প্রয়োগের সুযোগ নিশ্চিত করাও এ ব্যবস্থার অন্যতম উদ্দেশ্য।

প্রতিরক্ষা শিল্প ও গোয়েন্দা সহযোগিতা ১৬টি অনুচ্ছেদে গঠিত চুক্তিতে শুধু পারস্পরিক সামরিক সহায়তার অঙ্গীকার নয়, প্রতিরক্ষা শিল্পের উন্নয়ন, সশস্ত্র বাহিনীর প্রশিক্ষণ এবং সামরিক সরঞ্জাম সরবরাহের বিষয়ও রয়েছে। চুক্তি অনুযায়ী, তিন দেশ প্রতিরক্ষা ও নিরাপত্তা খাতে ঘনিষ্ঠ সহযোগিতা বাড়াবে। প্রতিরক্ষা প্রযুক্তি বিনিময়, যৌথ গবেষণা, প্রযুক্তি উন্নয়ন এবং সামরিক সরঞ্জাম যৌথভাবে উৎপাদনের উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি প্রতিরক্ষা শিল্পের কর্মীদের প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা বিনিময়ের ব্যবস্থাও থাকবে।

যুদ্ধ ও শান্তিকাল-উভয় সময়েই দেশগুলো সামরিক কর্মকর্তাদের পারস্পরিক বিনিময়, যৌথ প্রশিক্ষণ ও মহড়ার আয়োজন করতে পারবে। এসব উদ্যোগের লক্ষ্য তিন দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে সমন্বয় ও কার্যকর সহযোগিতা বাড়ানো।

চুক্তিতে সন্ত্রাসবাদ মোকাবিলায় যৌথ উদ্যোগ জোরদারের কথাও বলা হয়েছে। আঞ্চলিক ও আন্তর্জাতিক স্থিতিশীলতা এবং নিরাপত্তার ওপর নেতিবাচক প্রভাব ফেলে, এমন সব ধরনের সন্ত্রাসবাদ মোকাবিলায় তিন দেশ সহযোগিতা করবে।

এ ছাড়া পারস্পরিক সম্মত নিরাপদ মাধ্যমে গোয়েন্দা তথ্য বিনিময় করবে দেশগুলো। এ ক্ষেত্রে তথ্যের নিরাপত্তা, গোপনীয়তা ও ব্যক্তিগত উপাঙ্গের সুরক্ষা নিশ্চিত করতে হবে। সদস্যদেশগুলো শান্তিকাল, যুদ্ধকাল ও অন্যান্য জরুরি পরিস্থিতিতে পরস্পরকে অস্ত্র, গোলাবারুদ, জ্বালানি, খুচরা যন্ত্রাংশ এবং প্রয়োজনীয় অন্যান্য সরঞ্জাম সরবরাহ করতে পারবে। তবে এ সহযোগিতা নির্ভর করবে সরবরাহব্যবস্থার প্রাপ্যতা ও সামঞ্জস্যের ওপর।

কৌশলগত প্রতিরক্ষা কমিটি চুক্তির অষ্টম অনুচ্ছেদে ‘কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটি’ গঠনের কথা বলা হয়েছে। এতে তিন দেশের পররাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী ও সশস্ত্র বাহিনীর প্রধানেরা থাকবেন। কমিটির দায়িত্ব হবে যৌথ প্রতিরক্ষার কৌশলগত দিকনির্দেশনা দেওয়া, প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা বাড়ানো এবং চুক্তি বাস্তবায়নের পথে তৈরি হওয়া প্রতিবন্ধকতা দূর করা। কমিটি বছরে দুবার বৈঠক করবে। পালাক্রমে তিন দেশের একেকটি দেশ বৈঠকের আয়োজন করবে। প্রয়োজন মনে করলে দেশগুলোর নেতারা বছরে একবার বৈঠক করতে পারবেন। মূল তিন দেশের সর্বসম্মতিতে এ চুক্তিতে অন্য দেশকে অন্তর্ভুক্ত করার নিয়ম ও নীতিও নির্ধারণ করতে পারবে কমিটি।

চুক্তি বাস্তবায়নে সহায়তার জন্য সৌদি আরবে একটি সচিবালয় প্রতিষ্ঠা করা হবে। এর মহাসচিব তিন দেশের মধ্য থেকে পালাক্রমে তিন বছরের জন্য নিয়োগ পাবেন। প্রথম মহাসচিব হবেন পাকিস্তানের নাগরিক।

১০ বছর পর প্রত্যাহারের সুযোগ চুক্তিতে মেয়াদ শেষ হওয়ার কোনো নির্দিষ্ট তারিখ রাখা হয়নি। অর্থাৎ, এটি অনিদিষ্টকালের জন্য কার্যকর থাকবে।

তবে চুক্তি কার্যকর হওয়ার পর প্রথম ১০ বছর কোনো সদস্যদেশ এটি থেকে সরে যেতে পারবে না। ১০ বছর পার হলে কোনো দেশ প্রত্যাহারের সিদ্ধান্ত নিতে পারবে। এ ক্ষেত্রে কূটনৈতিক মাধ্যমে অন্য সদস্যদেশগুলোকে অন্তত তিন মাস আগে লিখিতভাবে জানাতে হবে।

চুক্তির আওতায় পাওয়া গোপনীয় তথ্য ও নথির সুরক্ষা প্রত্যাহার বা চুক্তির অবসানের পরও বজায় রাখতে হবে। একইভাবে, চুক্তি শেষ হওয়ার আগে সম্মত হওয়া চলমান কার্যক্রম ও প্রকল্পের ওপর প্রত্যাহারের সিদ্ধান্তের প্রভাব পড়বে না।

চুক্তি অনুযায়ী, এর ব্যাখ্যা বা বাস্তবায়ন নিয়ে কোনো বিরোধ দেখা দিলে সদস্য দেশগুলো আলোচনা ও পরামর্শের মাধ্যমে তা বন্ধত্বপূর্ণভাবে সমাধান করবে। চুক্তিতে সংশোধন আনতে হলে মূল তিন দেশের মধ্যে আলোচনা ও সর্বসম্মতি প্রয়োজন হবে।

তুরস্ক, পাকিস্তান ও সৌদি আরবের নিজ নিজ অনুমোদনপ্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর চুক্তি কার্যকর হবে। কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটির সচিবালয়ে অনুমোদনের সর্বশেষ দলিল জমা দেওয়ার দিন থেকে এটি কার্যকর বলে গণ্য হবে।

তুর্কি, আরবি ও ইংরেজি ভাষায় চুক্তিটির তিনটি মূল কপি স্বাক্ষরিত হয়েছে। তিনটি ভাষার পাঠ সমানভাবে প্রামাণ্য বলে বিবেচিত হলেও ব্যাখ্যার ক্ষেত্রে কোনো পার্থক্য দেখা দিলে ইংরেজি পাঠকে প্রাধান্য দেওয়া হবে।

নিচে চুক্তিটির পুরো পাঠ দেওয়া হলো।

অনুচ্ছেদ ১
পক্ষগুলো একে অন্যের স্বাধীনতা, সার্বভৌমত্ব, ভৌগোলিক অখণ্ডতা এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত সীমান্তের অলঙ্ঘনীয়তা নিশ্চিত ও সুরক্ষিত করতে সহযোগিতা করবে। কোনো পক্ষের ভৌগোলিক অখণ্ডতা, সার্বভৌমত্ব বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সীমান্ত হুমকি বা

বিপদের মুখে পড়লে, সেই হুমকি বা বিপদ দূর করতে পক্ষগুলো প্রয়োজনীয় সব উপায় ব্যবহার করবে।

অনুচ্ছেদ ২
কোনো পক্ষের ওপর বাইরে থেকে সশস্ত্র হামলা হলে সেটিকে সব পক্ষের ওপর হামলা হিসেবে বিবেচনা করা হবে। অন্য কোনো দেশ বা একাধিক দেশের সশস্ত্র হামলা কিংবা সামরিক আত্মরক্ষার শিকার হলে আক্রান্ত পক্ষকে অন্য পক্ষগুলো অবিলম্বে সহায়তা করবে। এ ক্ষেত্রে তারা পরস্পরকে দিতে সক্ষম এমন পারস্পরিক সহায়তার সব উপায় পূর্ণাঙ্গভাবে কাজে লাগাবে।

জাতিসংঘ সনদের ৫১ নম্বর অনুচ্ছেদে স্বীকৃত আত্মরক্ষার অধিকার প্রয়োগের সুযোগ নিশ্চিত করতে প্রয়োজনীয় সহায়তার নিরপেক্ষ মূল্যায়নের ভিত্তিতে পক্ষগুলো সহায়তার পরিধি ও ধরন নির্ধারণ করবে। বিদ্যমান সম্পদ ও সক্ষমতার সীমার মধ্যে থেকে তারা সহযোগিতা করবে। এর মধ্যে সামরিক উপায় ও সক্ষমতাও অন্তর্ভুক্ত থাকবে।

অনুচ্ছেদ ৩
এ চুক্তির ২ নম্বর অনুচ্ছেদ অনুসারে, পক্ষগুলো প্রতিরক্ষা, প্রতিরক্ষা শিল্প ও নিরাপত্তা খাতে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করবে; তাদের সশস্ত্র বাহিনীর মধ্যে সম্পর্ক উন্নয়ন করবে এবং প্রতিরক্ষা সহযোগিতা জোরদারের লক্ষ্যে সম্মত কার্যক্রম পরিচালনা করবে।

অনুচ্ছেদ ৪
আন্তর্জাতিক নিরাপত্তাবিষয়ক বিষয়ে পক্ষগুলো নিয়মিত পরামর্শ করবে। নিজেদের গুরুত্বপূর্ণ স্বার্থ ও জাতীয় নিরাপত্তা সুরক্ষিত রাখতে এবং জাতীয় নিরাপত্তার জন্য হুমকি ও বিপদ দূর করতে অভিন্ন মূল্যায়নের ভিত্তিতে তারা ধারাবাহিক ও কার্যকরভাবে একে অন্যকে সহ-ায়তা করবে এবং একক ও যৌথ ব্যবস্থা উন্নয়নে সহযোগিতা করবে।

অনুচ্ছেদ ৫
আঞ্চলিক ও আন্তর্জাতিক স্থিতিশীলতা এবং নিরাপত্তার ওপর নেতিবাচক প্রভাব ফেলে, এমন সব ধরনের ও প্রকাশের সন্ত্রাসবাদ মোকাবিলায় বিদ্যমান সহযোগিতা ও যৌথ

প্রচেষ্টা, যার মধ্যে কার্যক্রম পরিচালনার পর্যায়ের সহযোগিতাও রয়েছে, পক্ষগুলো আরও জোরদার করবে।

অনুচ্ছেদ ৬
যুদ্ধ ও শান্তিকাল-উভয় সময়েই পক্ষগুলো প্রতিরক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে কর্মী বিনিময়, যৌথ প্রশিক্ষণ কর্মসূচি ও মহড়া এবং এমন মোতায়েন ও কার্যক্রম উৎসাহিত করবে, যার লক্ষ্য পক্ষগুলোর সশস্ত্র বাহিনীর পারস্পরিক কার্যক্ষমতা বাড়ানো। এর মাধ্যমে তাদের প্রতিরক্ষা সক্ষমতা উন্নত করা হবে।

অনুচ্ছেদ ৭
প্রতিরক্ষা সক্ষমতা জোরদার করতে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে পক্ষগুলো প্রতিরক্ষা শিল্পের প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রযুক্তি বিনিময়, যৌথ প্রযুক্তি উন্নয়ন, যৌথ উৎপাদন এবং প্রতিরক্ষা শিল্পের সংস্থাগুলোর মধ্যে সহযোগিতায় সহায়তা করবে। এসব সহযোগিতার ক্ষেত্র হবে:

১। প্রতিরক্ষা খাতে যৌথ উৎপাদনে উৎসাহ দেওয়া;
২। বিশেষায়িত দক্ষতা প্রয়োজন এমন প্রযুক্তিতে যৌথ গবেষণা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রতিরক্ষা খাতে উদ্ভাবন বাস্তবায়ন;
৩। যেকোনো পক্ষের বিশেষজ্ঞদের মাধ্যমে পক্ষগুলোর ভূখণ্ডে কর্মীদের প্রশিক্ষণ দেওয়া এবং সামরিক শিল্পকে সহায়তা করা;
৪। প্রতিরক্ষা শিল্প, প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন এবং উদ্ভাবনের ক্ষেত্রে অভিজ্ঞতা ও অর্জিত শিক্ষা বিনিময় করা;
৫। পক্ষগুলোর পারস্পরিক সম্মতিতে নির্ধারিত সহযোগিতার অন্যান্য ক্ষেত্র।

অনুচ্ছেদ ৮
১। মূল পক্ষগুলো একটি ‘কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটি’ গঠন করবে। এ কমিটিতে পক্ষগুলোর পররাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী এবং সশস্ত্র বাহিনীর প্রধানেরা থাকবেন। যৌথ প্রতিরক্ষার কৌশলগত দিকনির্দেশনা দেওয়া, পক্ষগুলোর মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা উন্নয়ন এবং এ চুক্তি বাস্তবায়নের সময় উদ্ভূত হতে পারে এমন প্রতিবন্ধকতা মোকাবিলা করা হবে কমিটির দায়িত্ব।

কমিটি বছরে দুবার বৈঠক করবে। পালাক্রমে পক্ষগুলো বৈঠকের আয়োজন করবে। প্রয়োজন মনে করলে পক্ষগুলোর নেতারা বছরে একবার বৈঠক করতে পারবেন।

২। প্রয়োজন মনে করলে কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটি উপকমিটি গঠন করতে পারবে।

৩। এ চুক্তিতে নির্ধারিত সহযোগিতার ক্ষেত্রগুলো বাস্তবায়নের জন্য প্রয়োজন অনুযায়ী পক্ষগুলোর মধ্যে চুক্তি বা প্রটোকল নিয়ে আলোচনা করা হবে।

৪। মূল পক্ষগুলোর সর্বসম্মতির ভিত্তিতে এ চুক্তিতে অন্য পক্ষের যোগদানের নিয়ম ও নীতিমালা নির্ধারণ এবং অনুমোদনের ক্ষমতা কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটির থাকবে।

৫। কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটিকে সহায়তা করতে সৌদি আরব রাজ্যে সদর দপ্তরসহ একটি সচিবালয় প্রতিষ্ঠা করা হবে। সচিবালয় সৌদি আরব রাজ্যের সঙ্গে সদর দপ্তরসংক্রান্ত একটি চুক্তি করবে। সচিবালয়ের কার্যক্রম পরিচালনা, সাংগঠনিক কাঠামো ও প্রতিষ্ঠাসংক্রান্ত নিয়ম এবং নীতিমালা পরবর্তী সময়ে মূল পক্ষগুলোর সর্বসম্মতির ভিত্তিতে নির্ধারণ করা হবে।

৬। সচিবালয়ের প্রধান হবেন একজন মহাসচিব। মূল পক্ষগুলোর মধ্য থেকে পালাক্রমে তাকে তিন বছরের জন্য নিয়োগ দেওয়া হবে। প্রথম মহাসচিব হবেন পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্রের একজন নাগরিক।

৭। এ অনুচ্ছেদের বিধানগুলো পক্ষগুলোর মধ্যে বিদ্যমান সামরিক সহযোগিতা কমিটিগুলোর কার্যক্রমকে প্রভাবিত করবে না। -বাকী অংশ ২৯ পাতায়

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্য

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নি আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নি মঈন চৌধুরী



Timothy Bompert, Esq.
Attorney at Law



পাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্য

এপয়েন্টমেন্টের জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইন্ভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপার্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



ফ্রান্সের উত্তাল বিক্ষোভের আঁচ প্রবাসীদেরও লাগছে

হাসান ইলিয়াস তানিম

ফ্রান্সে বিক্ষোভের আগুন নতুন নয়; কিন্তু এবারের পরিস্থিতি দেশটির সরকার ও সাধারণ মানুষের জন্য নতুন করে উদ্বেগ তৈরি করেছে। শিক্ষার্থীদের ক্ষোভ থেকে শুরু হওয়া আন্দোলন এখন জীবনযাত্রার ব্যয়, জ্বালানির দাম, সরকারি সেবার মান এবং ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তার সঙ্গে মিশে গেছে।

গত ১৭ অক্টোবর লাখ লাখ মানুষ রাস্তায় নামেন। বেশির ভাগ মানুষ শান্তিপূর্ণভাবে প্রতিবাদ করলেও কয়েকটি শহরে সংঘর্ষ, অগ্নিসংযোগ ও দোকানপাটে লুটপাট পরিস্থিতিতে ভয়াবহ করে তোলে। ক্ষতিগ্রস্তদের মধ্যে রয়েছেন বাংলাদেশি ব্যবসায়ীরাও, যাদের অনেকের কাছে একটি দোকানই ছিল পরিবারের আয়ের প্রধান ভরসা।

আন্দোলনের শুরু সেন্টেম্বরের শেষদিকে, প্যারিসের উপকণ্ঠের কয়েকটি স্কুলে। শিক্ষকসংকট, শ্রেণিকক্ষে অতিরিক্ত শিক্ষার্থী, জরাজীর্ণ ভবন এবং পড়াশোনার অনুপযুক্ত পরিবেশ নিয়ে শিক্ষার্থীদের ক্ষোভ ছিল আগে থেকেই। বিশ্ববিদ্যালয়ে ভর্তির অনিশ্চয়তা ও বাড়ি ভাড়া চাপও তরুণদের হতাশা বাড়িয়েছে। পরে সেই প্রতিবাদে যোগ দেন শ্রমিক, টেড ইউনিয়নের কর্মী, বামপন্থি রাজনৈতিক কর্মী এবং আগে বিভিন্ন আন্দোলনে অংশ নেওয়া মানুষ। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, জ্বালানির দাম ও সরকারি সেবায় কাটছাঁটের আশঙ্কা আন্দোলনকে আরও বিস্তৃত করে তোলে। ১৭ অক্টোবরের বিক্ষোভে কত মানুষ অংশ নিয়েছেন, তা নিয়ে কর্তৃপক্ষ ও আয়োজকদের হিসাব আলাদা। ফরাসি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হিসাবে দেশজুড়ে প্রায় পাঁচ লাখ পঞ্চাশ হাজার মানুষ বিক্ষোভে অংশ নেন। আয়োজকদের দাবি, সংখ্যাটি প্রায় আট লাখ। সংঘর্ষ ও লুটপাটের ঘটনায় পরদিন পর্যন্ত দুই হাজার চারশ'র বেশি মানুষকে গ্রেফতারের কথা জানায় অ্যাসোসিয়েটেড প্রেস। প্যারিস ছাড়াও মার্সেই, লিওঁ ও অন্যান্য শহরে সহিংসতা ঘটে। লিমোজ শহরের ঐতিহাসিক সিটি হল আগুনে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। দোকানপাটে হামলা এবং পুলিশের সঙ্গে সংঘর্ষে বহু এলাকার স্বাভাবিক জীবন ব্যাহত হয়।

প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ সহিংসতার নিন্দা জানিয়ে বলেছেন, লুটপাট ও সরকারি স্থাপনায় হামলার সঙ্গে জড়িতদের বিচারের মুখোমুখি করা হবে। প্রধানমন্ত্রী সেবাস্তিয়াঁ লেকর্নুও সরকারের অবস্থান স্পষ্ট করেছেন। তার বক্তব্য, সহিংসতার মাধ্যমে সরকারকে সিদ্ধান্ত বদলাতে বাধ্য করা যাবে না। ফরাসি সরকার নৈরাজ্যের জন্য উগ্র বামপন্থি গোষ্ঠী ও অপরাধীদের দায়ী করেছে। তবে

আন্দোলনে অংশ নেওয়া সব মানুষকে সহিংসতার সঙ্গে যুক্ত করা যায় না। শান্তিপূর্ণভাবে দাবি জানানো নাগরিকদের অধিকার যেমন রয়েছে, তেমনি লুটপাট ও ভাঙচুরের দায়ও অপরাধীদেরই নিতে হবে।

সরকারের সামনে এখন দুটি কাজ। প্রথমত, মানুষের জানমাল রক্ষা করা এবং অপরাধের সুষ্ঠু তদন্ত নিশ্চিত করা। দ্বিতীয়ত, আন্দোলনের পেছনে থাকা সমস্যাগুলোর সমাধানে বাস্তব পদক্ষেপ নেওয়া। শুধু গ্রেফতার বাড়িয়ে বা বিক্ষোভ নিয়ন্ত্রণ করে মানুষের অসন্তোষ দূর করা সম্ভব নয়। স্কুলে শিক্ষকসংকট, আবাসনের ব্যয়, জ্বালানির দাম এবং সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা নিয়ে কার্যকর উদ্যোগ না এলে প্রতিবাদ আবারও ছড়িয়ে পড়তে পারে। অন্যদিকে সহিংসতা দীর্ঘায়িত হলে ব্যবসা, পর্যটন ও বিনিয়োগ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। রাজনৈতিক দলগুলোও এ পরিস্থিতিতে নিজেদের পক্ষে কাজে লাগানোর চেষ্টা করতে পারে।

ফ্রান্সের বাইরে বেলজিয়াম, ইতালি, পর্তুগাল ও স্পেনেও সামাজিক অসন্তোষের নানা প্রকাশ দেখা যাচ্ছে। বেলজিয়ামে শিক্ষাব্যবস্থার ব্যয় ও সংস্কার নিয়ে শিক্ষার্থীদের উদ্বেগ রয়েছে। ইতালির মিলানে জীবনযাত্রার ব্যয় নিয়ে প্রতিবাদ সংঘর্ষে গড়িয়েছে। পর্তুগালের লিসবনে বাড়িভাড়া, আবাসনের সংকট ও দৈনন্দিন খরচের চাপ মানুষকে রাজপথে এনেছে। স্পেনেও বাড়ি ভাড়া বৃদ্ধি, আবাসনের অভাব এবং উচ্ছেদের আশঙ্কা নিয়ে দীর্ঘদিন ধরে প্রতিবাদ চলছে।

দেশগুলোর পরিস্থিতি এক নয়, তবে সাধারণ মানুষের আয়ের সঙ্গে জীবনযাত্রার ব্যয়ের ব্যবধান বাড়তে থাকলে অসন্তোষ যে রাজনৈতিক রূপ নিতে পারে, তা এসব ঘটনা থেকে স্পষ্ট। ফ্রান্সের এ অস্থিরতার বড় ধাক্কা এসে পড়েছে বাংলাদেশি ব্যবসায়ীদের ওপর। সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, প্যারিসে বাংলাদেশি মালিকানাধীন অন্তত আটটি মোবাইলফোন, ইলেকট্রনিকস ও মানি ট্রান্সফার প্রতিষ্ঠানে হামলা ও লুটপাট হয়েছে। ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে জিএসআর ইনফরমেটিক, থ্রি জি ইনফরমেটিক, থ্রি ডি ইনফরমেটিক, প্যারিস টেলিকম, আয়মান সার্ভিস, ফোন স্টোর, বডি টেলিকম ও রাফিদ ইলেকট্রনিকস। ব্যবসায়ীদের প্রাথমিক হিসাব অনুযায়ী, সম্মিলিত ক্ষতির পরিমাণ সাত লাখ ইউরো ছাড়িয়ে যেতে পারে।

সুদানজুড়ে ডোন হামলা, প্রাণহানি ১৬০ ছাড়াল

ঢাকা, সুদানে সেনাবাহিনী ও আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ)-এর মধ্যে চলমান গৃহযুদ্ধে ডোন হামলার ভয়াবহতা চরমে পৌঁছেছে। সাম্প্রতিক দিনগুলোতে দেশজুড়ে হওয়া একের পর এক প্রাণঘাতী ডোন হামলায় ১৬০ জনেরও বেশি মানুষ নিহত হয়েছে, যাদের মধ্যে শিশুসহ বিপুল সংখ্যক সাধারণ বেসামরিক নাগরিক রয়েছে।



চিকিৎসক, মানবিক সংস্থা ও মানবাধিকার কর্মীদের সূত্রে আলজাজিরা সোমবার (১৯ অক্টোবর) এই প্রাণহানির তথ্য নিশ্চিত করেছে।

সবচেয়ে ভয়াবহ হামলার ঘটনাটি ঘটে রবিবার (১৮ অক্টোবর) সন্ধ্যায় দক্ষিণ-পশ্চিমের রাজ্য পশ্চিম কর্ডোফানের আল-দিবাব শহরের একটি বাজার সংলগ্ন পরিবহন কেন্দ্রে। সাপ্তাহিক হাট শেষে গ্রামবাসী যখন বাড়ি ফেরার জন্য গাড়ির অপেক্ষায় ছিলেন, তখন একটি ডোন সেখানে সরাসরি আঘাত হানে। এতে ঘটনাস্থলেই ৮০ জন নিহত হয় এবং পরবর্তীতে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরো ৩০ জনের মৃত্যু হয়।

মানবাধিকার সংস্থা 'ইমার্জেন্সি লয়ার্স' এবং স্থানীয় সূত্রগুলো এই পাশবিক হামলার জন্য সরকারি বিমান বাহিনীকে দায়ী করেছে।

অন্যদিকে, রাজধানী খার্তুম, দক্ষিণ দারফুর এবং ইথিওপিয়া সীমান্তবর্তী ব্রু নাইল প্রদেশেও হামলা চালিয়েছে প্রতিপক্ষ আরএসএফ। ব্রু নাইলে বাস্তুচ্যুত মানুষের এক সমাবেশে ডোন হামলায় ৪১ জন নিহত হন। ২০২৩ সালের এপ্রিল থেকে শুরু হওয়া এই গৃহযুদ্ধে সম্প্রতি উভয় পক্ষই ব্যাপক মাত্রায় ডোনের ব্যবহার শুরু করায় বেসামরিক হতাহতের সংখ্যা আশঙ্কাজনকভাবে বাড়ছে।

এমনকি পূর্ব সুদানের গুরুত্বপূর্ণ আতবারা ও সেতিত বাঁধ লক্ষ্য করেও ডোন হামলা চালানো হয়েছে।

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এই ধারাবাহিক ডোন হামলার তীব্র নিন্দা জানিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এই রক্তক্ষয়ী সংঘাতের কারণে সুদান এখন বিশ্বের বৃহত্তম মানবিক সংকটে পরিণত হয়েছে। প্রায় ১ কোটি ৩০ লাখ মানুষ গৃহহীন হয়েছেন এবং ১ কোটি ৭০ লাখের বেশি শিশু চরম খাদ্য নিরাপত্তাহীনতায় ভুগছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে নিরাপত্তা পরিষদকে মানবিক যুদ্ধবিরতি ঘোষণা এবং সুদানজুড়ে অস্ত্র নিষেধাজ্ঞা সম্প্রসারণের আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র।

SYLHET MOTORS Inc.

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান



Getting Approved is EASY
Bad Credit ?
No Credit ?
No Problem.

YOU WORK
YOU DRIVE

Address: 161-05 Hillside Avenue, Jamaica, NY 11432

Phone: 718-523-3044, www.sylhetmotors.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



সাহিত্য

শামসুর রহমান : কবিতায়
সমর্পিত ধ্রুপদি সত্তা
সৈয়দা আইরিন জামান

একেকটি অঘটনঘটনপটীয়সী ঘটনা বা বৈপ্রবিক কাব্যপ্রতিভার আবির্ভাব ছাড়া বাংলা কবিতার ভাষার পরবর্তী নবায়ন প্রায় অসম্ভব বলে মনে হয়েছিল। তার প্রমাণ, চল্লিশ দশকের বাংলা কবিতা। একদল অমিত সম্ভাবনাময় গীতিকবির আবির্ভাব সত্ত্বেও চল্লিশ দশকে বাংলা কবিতার ভাষা তিরিশের ভাষার কাছেই বাঁধা পড়ে রইল। ১৯৪৭ এর দেশভাগ এবং ১৯৫২ সালের ভাষা আন্দোলন সমকালীন বাংলা কবিতার শরীরে নতুন বিষয়, নতুন চেতনা ও অভিনব শব্দপুঞ্জের আবির্ভাব ত্বরান্বিত করেছিল। দেশভাগের ফলে বাংলাদেশের নতুন কবি সম্প্রদায় তাঁদের স্বতন্ত্র জাতিতাত্ত্বিক উপলব্ধিতে ও লোকজ ভাষার ঐশ্বর্য বিষয়ে এবং প্রকরণে তাঁদের নতুন কবিতাকে আলাদা ভাষিক পরিচয়ে স্বাক্ষর করতে চাইলেন। ফলে উক্তি ও উপলব্ধির অনন্যতার কারণেই তিরিশের নান্দনিকতা ও পঞ্চাশের ভাষাভিত্তিক জাতি-বিদ্রোহ বাংলাদেশে পঞ্চাশের কবিদের ভাষায় নতুন মাত্রা সংযোজন করল। এ সময়ের উল্লেখযোগ্য কবিরা হলেন- শামসুর রাহমান, আল মাহমুদ, সৈয়দ শামসুল হক, হাসান হাফিজুর রহমান, মোহাম্মদ মনিরুজ্জামান, আবু জাফর ওবায়দুল্লাহ, আলাউদ্দিন আল আজাদ, শহীদ কাদরী প্রমুখ।

প্রথম বিশ্বযুদ্ধের অভিঘাত এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের ঘনঘটার মধ্যবর্তী সময়ে জন্মলাভ করা শামসুর রাহমানের শৈশব এবং কৈশোর কেটেছে ক্ষয়িষ্ণু দেশ-কালের প্রত্যক্ষ প্রভাবে। কৈশোরে দেখেছেন ১৯৪৩ এর মন্ডস্তর ও ১৯৪৭ এর দেশভাগের করুণ আতর্নাদ। তাই শৈশবের বাতিআলা এবং তেজপাতা রং বুড়ি- কবির চেতনায় গভীর ছায়া ফেলেছে। এক মেঘলা দুপুরে মনের বিষাদ দূর করার ব্যাকুলতায় তিনি ‘১৯৪৯’ শিরোনামে একটি কবিতা রচনা করেন এবং সেটি শিল্পী হামিদুর রহমানের উৎসাহে বিউটি বোডিং থেকে প্রকাশিত ‘সোনার বাংলা’ পত্রিকায় প্রকাশিত হয় ১৯৪৯ সালের জানুয়ারি মাসে। কবিতাটি পড়ার পর কবির পিতা প্রশ্ন করলেন, ‘কখনো তুমি হতে পারবে হুমায়ুন কবিরের মতো কবি’? উত্তরে শামসুর রাহমান বললেন, ‘আমি যদি কবি হই তা হলে হুমায়ুন কবিরের চেয়ে বড় কবি হবো।’

কবিতার শক্তি বর্ণনাতীত- শব্দগুচ্ছটি ব্যক্ত করেছিলেন কবি শামসুর রাহমান, নাসির আলী মামুনকে দেওয়া এক অসমাপ্ত সাক্ষাৎকারে। কবি উক্তিটি করেছিলেন কবি জীবনানন্দ দাশের কবিতা প্রসঙ্গে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগে অধ্যয়নের সময় তিনি জীবনানন্দের খুসর পাণ্ডুলিপি পাঠ করেন এবং পরদিন থেকেই কবিতা লিখতে শুরু করেন। রোমান্টিক কবিতার ভিতর দিয়ে তাঁর কবিতার মূল অভিযাত্রা শুরু হয়েছিল। তবে সময়ের বহমানতায় সৃষ্টিশীল বিকাশের স্বাভাবিক প্রক্রিয়ায় কবির কবিতার বিষয়বস্তু বদলে গেছে। এ প্রসঙ্গে তিনি ‘কালের ধুলোয় লেখা’ গ্রন্থে বলেছেন, ‘সময়ের সঙ্গে সঙ্গে অভিজ্ঞতা বাড়ে এবং জীবন সম্পর্কে তাঁর মনোভঙ্গি বদলায়।’ কবির প্রথম কাব্যগ্রন্থ ‘প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে’ তিনি উৎসর্গ করেছিলেন তাঁর এক মান-সসুন্দরীকে। উৎসর্গপত্রে লেখা ছিল কয়েকটি কাব্যিক পঙ্ক্তি :

‘আমার খামার নেই, নেই কোনো শস্যকণা
আছে শুধু একটি আকাশ।
তার কিছু আলো-নীল, আজও হে সুদূরতমা
ভালোবেসে তোমাকে দিলাম।’
কবি সুদীপ্তা মোহিনীকে ভুলতে পারেননি। তাঁর সৌন্দর্য কবিকে সর্বদাই আবিষ্ট করে রেখেছে :
‘তুমি যে আমার অলংকৃত কারাগার
এবং তুমিই
আমার রৌদ্রের ধ্বনি-প্রতিধ্বনিময় এক অবাধ প্রান্তর।’
(হে সুদীপ্তা মোহিনী আমার।। এক ধরনের অহংকার)
কবি তাঁর ভালোবাসার ঐশ্বর্য অত্যন্ত গোপনে গহিন অন্তরে দীর্ঘদিন গর্বভরে লুকিয়ে রেখেছেন :
‘তোমাকে পাওয়ার ইচ্ছা সেই
মুক্তোর মতোই জ্বলে আমার ভেতর রাত্রিদিন
আর আমি ভাবি এই সৌন্দর্যকে লালন করার
আশ্চর্য সাহস
কে দিল আমাকে।’
(পুরাকালে।। রৌদ্র করোটিতে)
ঢাকা শহরের আশেক লেনের বাড়ি থেকে কবির সাহিত্যিক উত্থান ঘটেছে। মাহতুলীর বাড়িতে রূপকথাময় শৈশব যাপন করেছেন। ব্যক্তির মনোলোকে শহর কখনই কোনো মহিমা উপস্থাপন করে না। তবে শামসুর রাহমানের জীবনে শহর অদ্ভুত এক ব্যঞ্জনা নিয়ে উপস্থিত। ঢাকাকে তিনি ‘আমার শহর’ নামে অভিহিত করেছেন। ঢাকার রূপ, রস, গন্ধ, বর্ণ, রেখা- সব কিছু তিনি পলে পলে আকর্ষণ পান করেছেন। কবির ব্যক্তিগত জীবনের উচ্ছ্বাস, আনন্দ, বেদনা, বিষণ্ণতাও ঢাকাকেন্দ্রিক। ঢাকার সৌন্দর্যের একনিষ্ঠ সাধক শামসুর রাহমান :
‘আমিই তো ছিলাম প্রথম আবিষ্কারক তোমার সৌন্দর্যের
তোমার সৌন্দর্যের শপথ, আমার আগে অন্য কেউই
এমন মজেনি তোমার সৌন্দর্যে।’
(হে শহর, হে অন্তরঙ্গ আমার।। ইকারুসের আকাশ)

বিউটি বোডিংয়ের আন্ডার দিনগুলো চমৎকার ঐশ্বর্যে সমৃদ্ধ ছিল। কবিরা পরস্পর মিলিত হওয়ার প্রত্যাশায় অধীর আগ্রহে প্রতীক্ষা করতেন। কাউন্টারে শ্রীযুক্ত প্রহ্লাদ পা দোলাতেন আর খাটো কলমে লম্বা খাতায় হিসাব মেলাতেন। কখনো কখনো ডাকে বুদ্ধদেব বসুর কবিতা পত্রিকা পৌছাত :কোনো কোনো দিন ডাকে এলে দূর কলকাতা থেকেবুদ্ধদেব বসুর ‘কবিতা’ আমাদের চকচকে চোখগুলি পড়ত হুমড়ি খেয়ে স্মল পাইকার (বিউটি বোডিং।। ধুলায় গড়ায় শিরস্ত্রাণ)
শামসুর রাহমানের কবিসত্তাকে ৫২ এর ভাষা আন্দোলন, ৬৯ এর গণ অভ্যুত্থান, ৭০ এর প্রলয়ংকরী ঘূর্ণিঝড় এবং ৭১ এর স্বাধীনতা যুদ্ধ প্রবলভাবে আন্দোলিত করেছে। ইত্যাকার ঘটনাবলির পরিপ্রেক্ষিতে তিনি বেশ কিছু কালোত্তীর্ণ কবিতা রচনা করেছেন। ভাষার প্রতি গভীর মমতা থেকেই কবি ‘বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা’ শিরোনামে কবিতাটি লেখেন :

প্রবারণার আলো
সোমা মুৎসুদ্দী

শান্তি সুখের বার্তা নিয়ে
এলো প্রবারণা
বুদ্ধ ধর্ম সংঘের নামে
করি সবাই প্রার্থনা।

বুদ্ধ ধর্ম শান্তির ধর্ম
সর্বজনে কয়
মুক্তির পথে সদা চলি
নেইতো মনে ভয়।

রাত আকাশে আলো করে
উড়বে হাজার ফানুস
জাতি ধর্ম নির্বিশেষে
দেখবে সকল মানুষ।

সম্প্রীতিরই বার্তা নিয়ে
প্রবারণা আসে
বুদ্ধের অমৃত বাণী
শুনতে ভালোবাসে।

স্বদেশ আমার
সুফিয়ান আহমদ চৌধুরী

সবুজ শোভা স্বদেশ আমার
দোয়েল পাখি ডাকে
লাল সবুজ রঙিন ছবি আমার মন আঁকে।
চাঁদের হাটের আসর জমে
ওঠেছে জমে খুব
আনন্দ মনে খুশির বান
দেয় তো মন ডুব।
হাওয়া বয় হিমেল হাওয়া
স্বদেশে মন টানে
কত আদর কত মায়ায়
মধুর স্মৃতি জানে।
স্বদেশ আমার কাজল কালো
সোনার বরণ দেশ
মনের মাঝে স্বদেশ আমার
খুশির নেই তো শেষ।

কিসের নেশায়
মহসিন আলম মুহিন

কিসের নেশায় পাগল হলে, কিসের কর বাহাদুরি,
দম ফুরালে শাশান-কবর ছাড়তে হবে ঘর-বাড়ি।।

এত সম্মান, এত টাকা, এত সম্পদ জমিয়ে কি হবে,
সাদা কাপড়, লাকড়ি, ছাড়া বেশি কি আর পাবে।।

আপন আপন ভাবে যাদের আপন তারা কে কবে?
শেষ যাত্রায় থাকবে কেহ, কেউবা দূরেই সরে
রবে।।

বছর শেষে হিসাব কষে কখনো করবে কেহ স্মরণ,
কেহ আবার তোমায় ভুলে যাবে চিরদিনের মতন।।

এতো শখের সঙ্গী, বাড়ি-গাড়ি কিছুই কিন্তু পাবে না,
নামাজ-রোজা, আমল ছাড়া, সাথে কিছুই যাবে না।।

নিজের দেহ, নিজের মন, নিজের কথায় চলবে না,
ঔষধ, পথ্য, ডাক্তার, বৈদ্য, তারাও কাজ করবে না।।

এই দুনিয়ায় একটু অসুস্থ হয়ে বিছানায় পড়ে
দেখো, হও চৌধুরী, হও জমিদার, আর হিসাব মিলবে
নাকো।।

তোমায় যিনি বানিয়েছেন তিনিই তোমার আপনজন,
তাকে ছাড়া ঘোর অন্ধকার দেখবে তোমার দুই
নয়ন।।

তুমি আমার মনের মানুষ
মুকুল হোসেন

তুমি আমার মনের মানুষ
তোমায় পাবো বলে,
আশায় আশায় চেয়ে থাকি
আসবে সময় হলে।
তোমার আশায় রাত্রি জাগি
তুমি হীনা মন বিবাগী
অন্তর যে যায় জ্বলে।

তোমায় যদি না পাই আমি
যাবো হয়তো মরে,



তুমি আমায় একলা করে
যেওনা গো সরে।
তুমি আমার জীবন থেকে
যাও গো যদি একটু বেকে
বাঁচবো কেমন করে?

তোমায় নিয়ে স্বপ্ন বুনি
আসবে আমার ঘরে,
তোমার লাগি মনটা আমার
আনচান আনচান করে।
তোমায় নিয়ে থাকবো সুখে
তুমি আমায় রাখবে বুকে
মহা সুখের পরে।

ভুলে ভরা জীবন
মহসিন আলম মুহিন

কত রকমই যে ভুল করি,
না বুঝেই শুধুই ফাল পাড়ি।
ভুলেতে ব্যথায় ভরে দেহ মন,
তবুও ভুলেই কাটে দিনক্ষণ।।

উঠতেও ভুল বসতেও ভুল,
খেতেও ভুল কিনতেও ভুল।
ভুলে ভুলে হয় মস্তবড় ভুল।
ভুলে হারাই জাত-মান কূল।।

হিসাবেও ভুল আয়েও ভুল,
খরচেও ভুল জমানোও ভুল।
স্বপ্ন দেখাও ভুল সিদ্ধান্তে ভুল,
ঘরেতেও ভুল বাহিরেও ভুল।।

আমলেও ভুল আখলাক ভুল,
শুরুতেও ভুল শেষাবধি ভুল।
চেহারায়ে ভুল ইশারাতেও ভুল,
শয়নেও ভুল জাগরনে ভুল।।

চিনতেও ভুল জানতেও ভুল,
ডানেতেও ভুল বামেতে ভুল।
বলতেও ভুল শুনতেও ভুল,

নন্দ বাবুর কাণ্ড
চিত্তরঞ্জন সাহা চিত্রু

নন্দবাবু সকল সময়
মিথ্যা কথা বলে,
সোজা পথে যায় না যেতে
বাঁকা পথে চলে।

এই বাজারে নন্দ বাবুর
দোষটা আছে যত,
লোকজনেরা তাকে নিয়ে
কথা বলে তত।

গাড়ি বাড়ি সব করেছে
হয়নি যে তার কি,
জিরো থেকে হিরো এখন
ভাবতে লাগে ছি।

চাকরি করে বাঁকা পথে
কামাই করে টাকা,
রাস্তা দিয়ে গেলে সবাই
বলে ঘুষের কাকা।

ঘুষ খাওয়াতে জেল খেটেছে
হয়নি তবু হুস,
ধার ধরে না নন্দ বাবু
থাকছে তবু ঘুষ।

হাস্নাহেনার ঘ্রাণ
শাকেরা বেগম শিমু

রাতের রাণী হাস্নাহেনা
কেমন তোমার ঘ্রাণ,
সেই সুবাসে হৃদয় জুড়ায়
উতলা হয় প্রাণ।

রাতের বেলা ফুটো তুমি,
রাতেই পড়ো ঝরে,
তোমার ঘ্রাণে নিশির স্বপন
কি মধুময় করে!

জানো তুমি হাস্নাহেনা
আমার বড়োই প্রিয়,
ঘুম না এলে উজাড় করে
সৌরভ আমায় দিও।

কেন নষ্ট হলাম
মজনু মিয়া

তোমার তো সবই আছে, নেওয়ার যোগ্যতা
নেই আমার।
টাকা আছে, ধন সম্পত্তি আছে, বাড়ি গাড়ি
আছে
পাওয়ার সামর্থ্য নেই আমার।সবই আছে
তোমার-দেশ,
আমার পাওয়ার যোগ্যতা নেই।না আছে শিক্ষা,
না আছে মন -মানসিকতা আর না আছে
তোমার সাথে মিলিয়ে চলার ক্ষমতা।
আমার যা আছে, তাই দিয়ে আমি নষ্ট হয়ে
গেলাম।
ভাত রুটির টাকা দিয়ে নেশা খেলাম, অযোগ্যে
মিলিত হলাম, বাজে স্বভাব গ্রহণ করলাম।
শুধু আমার দোষ, এটা বলবো না আমি।
তোমারও দোষ আছে।

আমাকে ভালো ভাবে গ্রহণ করোনি।
আমাকে বাঁচার আশা দাওনি। সঠিক পথে
নেওনি।
যে পথে নিরবতা আসে, মরার মতো থাকা
যায়।
সেই পথ নিয়ে নষ্ট হলাম।
ক্ষমা করো আমাকে, হে দেশ দেশের মানুষ।

আমার জন্মভূমি
মাসুদ রানা

মাঠের পরে মাঠ চলেছে
বিশাল চরণভূমি,
ধানের পাতায় নতুন শাখায়
আমার জন্মভূমি।

বনের পরে বন চলেছে
সবুজ-শ্যামল ছায়া,
পাখি সুরে গান ধরেছে
গুনতে ভীষণ মায়া।

নদীর পর নদী চলেছে
আমার সোনার দেশে,
পদ্মা, মেঘনা, ঘুমুনা, সুরমা
সুনাংম তাহার আছে।

বিলের পরে বিল চলেছে
আমার বাড়ির পাশে,
শাপলা, পদ্ম, ফুলের দেখে
নয়ন জুড়ায় আসে।

পাখির পরে পাখি আসে
অতিথি পাখির দল,
মাঠে মাঠে ঘুরে বেড়ায়
শালিক, ঘুঘুর, দলবল।

দৃষ্টি আকর্ষণ!

কবি এবং সাহিত্যিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে, যাঁদের
লেখা সাপ্তাহিক জন্মভূমিতে প্রকাশিত হয়, তাদের কবিতা সহ
অন্যান্য লেখা জন্মভূমির অনলাইনে নিয়মিত আপলোড করা হচ্ছে।
আপনার লেখা দেখতে ভিজিট করুন :
www.jonmobhumi.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২

ধর্ম

শারদীয় দুর্গোৎসব ও সমকালীন প্রসঙ্গ

ড. কালিদাস ভক্ত

মিডল ইস্ট আই থেকে ভাষান্তর কামরুন্নাহার এয়ামি

নান্দনিক ও আধ্যাত্মিক স্বপ্ন-শুভ্রতার প্রতীক হয়ে শরৎ আসে এক অনন্য সুষমায়। সুনীল আকাশে সাদা মেঘের ভেলায় ছায়া পড়ে শান্ত-স্নিগ্ধ প্রকৃতির পরে।

পথের দুর্বাঘাসে শিশিরের নরম আলপনা আঁকে। সূর্যের স্নিগ্ধ কিরণে মাঠ-ঘাট বলমল করে। তটিনীর তটে কোমলতা-সরলতার প্রতীক হয়ে বিকশিত শুভ্র প্রাণের শরতের নয়নাভিরাম কাশফুল। ভোরের শিউলির মৃদু উল্লাসে প্রকৃতি আমোদিত।

আমাদের প্রাণের দেবী মহামায়া এই শুভক্ষণে মর্ত্যে অবতরণ করে করুণার আঁখি উন্মীলন করেছেন। তিনি নিরাকার হয়েও সর্বশক্তিমান, তিনি যেকোনো আকার ধারণ করতে পারেন। তিনি বিশ্বকার্যের জন্য অগ্রপঞ্চ হতে প্রপঞ্চে আবির্ভূত হয়েছেন। তাঁর এই আবির্ভাবের কাহিনি শ্রীশ্রীচন্দ্রীতে বর্ণিত আছে।

চন্দ্রী সমগ্র উপনিষদের সার গ্রন্থ মার্কন্ডেয় পুরাণের অন্তর্গত। অন্যদিকে চন্দ্রী সমগ্র তন্ত্রশাস্ত্রের নির্যাস গ্রন্থরূপে বিবেচিত। সমগ্র তন্ত্রশাস্ত্রের প্রতিপাদ্য বিষয় দেবী মহামায়া। চন্দ্রীর প্রতিপাদ্য বিষয় দেবী মহামায়ার স্বরূপ বর্ণনা। ঋষি মার্কন্ডেয় এই পুরাণের প্রণেতা।

৮১তম অধ্যায় থেকে ৯৩তম অধ্যায় পর্যন্ত ১৩টি অধ্যায়ে চন্দ্রী বলে। এই গ্রন্থ খ্রিস্টীয় তৃতীয় শতকে রচিত হয়েছে বলে ধারণা করা হয়। চন্দ্রীতে ১৩টি অধ্যায়ে ৭০০ শ্লোক আছে। এ জন্য গীতার মতো একেও সপ্তশতী বলা হয়। এই চন্দ্রীই আদ্যাশক্তি মহামায়া দেবী দুর্গা। তিনি শক্তির দেবী। সমৃদ্ধির দেবী। কল্যাণের দেবী। অসুর বিনাশী, ধর্ম রক্ষা ও ভক্তের মঙ্গলের সঙ্গে যুক্ত। পৃথিবীর জীবজগতের মধ্যে যে মায়া, তা মহামায়ারই মায়া। শ্রীশ্রীচন্দ্রীতে বলা হয়েছে, ব্রহ্মার বরে বলীয়ান হয়ে মহিষাসুর নামক এক অসুর দেবতাদের পরাজিত করে স্বর্গরাজ্য দখল করে। দেবতারা স্বর্গ থেকে বিতাড়িত হন। স্বর্গরাজ ইন্দ্রসহ সব দেবতা মিলিত হয়ে ব্রহ্মা ও শিবের কাছে যান। তারপর ব্রহ্মার পরামর্শে সবাই মিলে বিশ্বরূপে কাছের যান। মহিষাসুরের অত্যাচারের কাহিনি শুনে সবাই অত্যন্ত ক্রুদ্ধ হন। তাঁদের শরীর থেকে তেজ বেরোতে থাকে। সব দেবতার তেজ একত্র হয়ে এক তেজোপুঞ্জের সৃষ্টি হয়। সেই তেজোপুঞ্জ এক নারীর রূপ নেয়।



এই নারীই দেবী দুর্গা। অসুর বা অন্যায়েকে তিনি ধ্বংস করেন। তিনি দুর্গারূপে জীবের দুর্গতি নাশ করেন বলে তাঁর এক নাম দুর্গা। আবার দুর্গম নামক এক অসুরকে দেবী নিধন করেছিলেন বলে তিনি দুর্গা। ভারতবর্ষে প্রাগৈতিহাসিক কাল থেকে শক্তির পূজা চলে আসছে। তবে বঙ্গদেশে এর প্রসার ও প্রচার সর্বাধিকভাবে পরিলক্ষিত হয়। গবেষকদের মতে, স্মৃতি আকবরের সময়ে ষোড়শ শতকের শেষের দিকে বর্তমান রূপের শারদীয় দুর্গাপূজা প্রচলিত হয়। বেদে দেবী দুর্গার উল্লেখ আছে। রামায়ণে রামচন্দ্র ১০৮টি নীলপদ্ম দিয়ে দুর্গাপূজার আয়োজন করেছিলেন এবং মহাভারতের ভীষ্ম পর্বে শ্রীকৃষ্ণ অর্জুনকে যুদ্ধারম্ভের আগে জয়ের জন্য দুর্গাপূজার উপদেশ দিয়েছিলেন। সর্বপ্রথমে বসন্তকালে বাসন্তী দুর্গাপূজা অনুষ্ঠিত হতো। রাজা সুরথ ও সমাধি বৈশ্য বসন্তকালে দুর্গাপূজা করেছিলেন। তাঁদের পূজা করার পেছনের কাহিনি হলো, রাজা সুরথ রাজ্য হারিয়ে বনে বনে ঘুরছিলেন। ঘুরতে ঘুরতে তিনি এলেন মেধা নামে এক মহর্ষির আশ্রমে। অন্যদিকে সমাধি নামের এক বৈশ্যও স্ত্রী ও সন্তানদের আচরণে অসন্তুষ্ট হয়ে ঘর ছেড়ে বেরিয়ে পড়েন। তিনিও ঘুরতে ঘুরতে আসেন মেধা মুনির আশ্রমে। আশ্রমে এসেও হারানো রাজ্যের জন্য রাজা সুরথের মনে মায়া কাজ করেছিল। আবার সমাধি বৈশ্যও তাঁর স্ত্রী-পুত্রদের ভুলতে পারছিলেন না। কেন এই অন্তরের আকর্ষণ! রাজা সুরথ ও সমাধি বৈশ্যের দেখা হলো। দুজন দুজনের কাছে মনের কথা ব্যক্ত করলেন। তারপর গেলেন মহর্ষি মেধার কাছে। গিয়ে জানালেন নিজেদের অন্তরের কথা। মহর্ষি মেধা বললেন যে এর নাম মায়া। আর এই মায়া হচ্ছে মহামায়ার প্রভাব। তবে মহামায়া সন্তুষ্ট হলে তিনি কৃপা করেন এবং মুক্তি দান করেন। মহামায়া দুর্গারূপে দুর্ধর্য অসুররাজ মহিষাসুরকে বধ করেছিলেন। অসুরদের অত্যাচার থেকে দেবরা মুক্ত হলেন, ফিরে পেলেন তাঁদের প্রিয় স্বর্গরাজ্য। দেব ও মুনিরা খুশিতে মহামায়ার স্তুতি করলেন।

“সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বেকে গৌরী নারায়ণি নমোহস্তুতো।” (শ্রীশ্রীচন্দ্রী-১১/১০)
হে দেবী, তুমি সর্বপ্রকার কল্যাণদায়িনী। তুমি মঙ্গলময়ী ও সর্বপ্রকার ইচ্ছাপূরণকারী, একমাত্র শরণ যোগ্য। হে ত্রিনয়না গৌরী, নারায়ণী তোমাকে বারবার নমস্কার করি।

ডাঃ ইফতেখার চৌধুরী নিয়মিত রোগী দেখছেন, যৌন সমস্যা, ডায়বেটিকস ও উচ্চ রক্তচাপ সহ জটিল, কঠিন রোগ সমূহের পরামর্শ নিতে আজই চলে আসুন

Since 1989

Nutra Herbal

USA

Promoting Health Through Herbs & Nutrition

ARE YOU SICK & TIRED OF ALOPATHIC MEDICINE SIDE EFFECTS?

TRY HOMEOPATHIC MEDICINE WHICH WORKS BETTER & HAS NO SIDE EFFECTS.

NHHC

NUTRA HERBAL HOMEOPATHIC CENTER

LOCATIONS:

72-15 35th Avenue
Jackson Heights, NY 11372
718-396-3600

112-04 101st Avenue
Richmond Hills, NY 11419
718-480-1102

Promoting Health Through Herbs & Nutrition

FREE CONSULTATION IN-PERSON OR BY PHONE

WWW.HOMEOPATHICUSA.NET

শারদীয় দুর্গোৎসব ও সমকালীন প্রসঙ্গ
বর্তমান দৃশ্যপটে দেব-দেবীর মূর্তিগুলো যেভাবে প্রচলিত হয়েছে, তা বাংলার ইতিহাসে উল্লেখ পাওয়া যায়। স্মৃতি আকবরের শাসনামলে রাজশাহীর তাহিরপুরের জমিদার কংস নারায়ণ দেবী দুর্গার পূজা করবেন বলে মনস্থির করেন। তিনি স্মৃতিশাস্ত্রজ্ঞ রঘুনন্দনকে দায়িত্ব দেন ধর্মীয় সব আয়োজনের জন্য। এরপর দেব-দেবীসহ মহিমমন্দির প্রতিমাটির পরিকল্পনা পশ্চি রঘুনন্দন করে থাকেন। ধর্মীয় প্রেক্ষাপটে দেখা যায় রামপ্রসাদ, শ্রীরামকৃষ্ণ, বামাক্ষেপা, কমলাকান্ত প্রমুখ সাধক শক্তির পূজারী ছিলেন। সাধিকাদের মধ্যে রয়েছেন ভৈরবী ব্রাহ্মণী, রানি রাসমণি, সারদা দেবী, মা আনন্দময়ী প্রমুখ। তাঁদের কাছে শক্তির দেবী দুর্গা বা কালী ব্রহ্ম ঈশ্বরের রূপ লাভ করেছিলেন। তাঁরা মনে করতেন, এই কালী যেই কৃষ্ণ সেই ভগবান। মহামায়া দেবী মহালক্ষ্মী, মহাসরস্বতী ও মহাকালী এই তিন রূপে প্রকাশিত। এভাবে দুর্গার অনেক নাম, অনেক রূপও মহিষাসুরমর্দিনী, মহামায়া, জয়দুর্গা, জগদ্ধাত্রী, শুলিনী, গন্ধেশ্বরী, কালী, তারা, ভুবনেশ্বরী, ভৈরবী, শাকম্বরী, বনদুর্গা, কাভায়নী, বিপদনাশিনী ইত্যাদি রূপেও দুর্গা ভক্তজনের কাছে পূজিত হন। বছরে দুইবার দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। শরৎকালে ও বসন্তকালে। শরৎকালে অনুষ্ঠিত হয় বলে দুর্গাপূজাকে শারদীয় দুর্গাপূজা বলে। বসন্তকালে অনুষ্ঠিত হয় বলে দুর্গাপূজাকে বাসন্তী দুর্গাপূজা বলে।
বর্তমান সমাজে নানা রকম সংকট ও অস্থিরতা বিরাজ করছে। মানুষের মনে নৈতিক অবক্ষয়, হিংসা, স্বার্থপরতা, অন্যায়, অসত্যের আধিক্যে পৃথিবী অন্ধকারের দিকে ধাবিত হচ্ছে।



জ্ঞানের বাতিঘর বাগদাদের বায়তুল হিকমাহ সৈয়দ এ. এফ. এম. মঞ্জুর-এ-খোদা

আরবি ‘বায়তুল হিকমাহ’-এর আভিধানিক অর্থ হলো ‘জ্ঞানগৃহ’ বা ‘প্রজ্ঞার আবাস’। বিশ্বজুড়ে এটি ইংরেজিতে ‘এড্‌ংব ডভ ডরংফডস’ নামে পরিচিত। আব্বাসীয় শাসনামলে জ্ঞান-বিজ্ঞানচর্চার যে বিখ্যাত কেন্দ্রটি স্থাপন করা হয়েছিল, তাকেই বায়তুল হিকমাহ বলা হয়। মধ্যযুগের অন্ধকারাচ্ছন্ন পৃথিবীতে বাগদাদের এ জ্ঞানপীঠটিই আধুনিক বিজ্ঞান ও দর্শনের মজবুত ভিত্তি স্থাপন করেছিল। সভ্যতার ইতিহাসে আমূল পরিবর্তন নিয়ে আসা এ প্রতিষ্ঠানের সূচনা ও ধাপে ধাপে বিকশিত হওয়ার ইতিহাস সংক্ষেপে তুলে ধরি-
খলিফা আল মনসুরের শাসনামল
আবু জাফর আল-মনসুর তথা খলিফা আল মনসুর (শাসনকাল : ৭৫৪-৭৭৫ খ্রি.) ছিলেন আব্বাসীয় খিলাফতের দ্বিতীয় খলিফা। তিনি শুধু বাগদাদ নগরীর প্রতিষ্ঠাতাই ছিলেন না, বরং জ্ঞান-বিজ্ঞানের প্রতি তার ছিল অগাধ কৌতূহল। পারস্যের সাসানীয় সাম্রাজ্যের গ্রন্থাগারের আদলে তিনি তার রাজপ্রাসাদে একটি বিশাল গ্রন্থাগার প্রতিষ্ঠা করেন। অতঃপর তিনি জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার অনেক গ্রন্থ সংগ্রহ করে ওই গ্রন্থাগারে সংরক্ষণ করেন। তার সময়েই ফারসি



গ্রন্থগুলো আরবিতে অনুবাদের কাজ শুরু হয়। তবে তখনো রাজপ্রাসাদে অবস্থিত গ্রন্থাগারটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল না, বরং তা খলিফার ব্যক্তিগত গ্রন্থাগার হিসাবেই বিবেচিত হতো। খলিফা হারুনুর রশিদের শাসনামলখলিফা আল মনসুরের পৌত্র খলিফা হারুনুর রশিদ (শাসনকাল : ৭৮৬-৮০৯ খ্রি.) রাজদরবারের গ্রন্থাগারটিকে আরও সমৃদ্ধ করেন। তার সময়ে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার গ্রন্থগুলো অনুবাদের কাজ আরও গতিশীলতা লাভ করে। ওই সময় তার গ্রন্থাগারটিকে বলা হতো খিজানাত কুতুব আল হিকমাহ অর্থাৎ প্রজ্ঞার গ্রন্থগুলোর ভান্ডার।

খলিফা আল মামুনের শাসনামল-বায়তুল হিকমাহের স্বর্ণযুগ
খলিফা হারুনুর রশিদের সুযোগ্য পুত্র খলিফা আল মামুন (শাসনকাল : ৮১৩-৮৩৩ খ্রি.) শাসনক্ষমতায় অধিষ্ঠিত হয়ে পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে দুর্লভ গ্রন্থগুলো সংগ্রহ করে সেগুলো বাগদাদের শাহি প্রাসাদের গ্রন্থাগারে সংযোজন করেন। এমনকি তিনি তৎকালীন বাইজান্টাইন সাম্রাজ্যের সিসিলির (বর্তমান ইতালি) লাইব্রেরি থেকে ৪০০ উট বোঝাই দুর্লভ গ্রন্থ বাগদাদে নিয়ে এসেছিলেন। এ ছাড়া তিনি পারস্য, গ্রিস, চীন, ভারত ইত্যাদি নানা অঞ্চল থেকে বহু অমূল্য গ্রন্থ সংগ্রহ করেন। এভাবে রাজদরবারের গ্রন্থাগারে গ্রন্থের সংখ্যা দিন দিন বৃদ্ধি পেতে থাকে। কিন্তু ওই গ্রন্থগুলো বিদেশি ভাষায় রচিত হওয়ায় আরবি ভাষাভাষীদের পক্ষে তা থেকে জ্ঞান আহরণ করা সম্ভব ছিল না। তাই খলিফা আল মামুন এ গ্রন্থগুলো আরবিতে অনুবাদ করার জন্য এক অভূতপূর্ব উদ্যোগ গ্রহণ করেন। তিনি ঘোষণা করেন-
‘কোনো লেখক যদি একটি বিদেশি বই শুদ্ধভাবে আরবিতে অনুবাদ করতে পারেন, তবে সেই বইটির ওজনের সমপরিমাণ খাঁটি স্বর্ণমুদ্রা তাকে পুরস্কার হিসাবে দেওয়া হবে’।
খলিফার এরূপ ঘোষণা শুনে পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে জ্ঞানী-গুণিজন বাগদাদের বায়তুল হিকমাহতে ছুটে আসতে থাকেন। সে সময় খলিফা আল মামুন রাজপ্রাসাদের গ্রন্থাগারটির আয়তন বৃদ্ধি করে, এ প্রথমবারের মতো একে জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেন এবং এর নামকরণ করেন ‘বায়তুল হিকমাহ’ তথা জ্ঞানগৃহ। খলিফার প্রত্যক্ষ তত্ত্বাবধান ও পৃষ্ঠপোষকতায় এ বায়তুল হিকমাহতে জ্ঞান-বিজ্ঞানের ব্যাপক চর্চা শুরু হয়। তখন সেখানে গ্রিক পশ্চি এরিস্টটল, প্লেটো, সক্রেটিস, পিথাগোরাস থেকে শুরু করে ভারতীয় গণিতবিদ আর্যভট্টের অমূল্য পাণ্ডুলিপিগুলোও অনুবাদ করা হয়। সে সময় বায়তুল হিকমাহের চার দেওয়ালের ভেতর পৃথিবীর শ্রেষ্ঠ মেধাবীদের এক অভূতপূর্ব মিলনমেলা বসেছিল।

THE BEST HOPE REALTY INC.

37-22 73rd St, Suite # 2G
Jackson Heights, NY 11372
Office : 718-685-2000
Cell : 347-236-2737
Fax : 718-899-0002
Email : msali718@gmail.com
Cell : 01927011099 (BD)

Mohammed Solaiman Ali
Lic, Real Estate Broker/Owner
Lic. General Contractor & Multiservice Provider

1 in Selling, Buying or Renting With Govt. Program

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২

বিশ্বদ্বিভাষীর বাহমানির বাহিম

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

"সমৃদ্ধি কল্যাণ, সত্যতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ"

আসুন পরিবর্তনের পক্ষে রায় দেই, যোগ্য নেতৃত্বক জগী করি

কুনু-ফিরোজ পরিষদ

সহ-সাধারণ সম্পাদক



আজমল হোসেন কুনু
সভাপতি
A.J.MOL HUSSAIN KUNU, PRESIDENT



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY

মোশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অন্তর্ভুক্ত করে আপনার মূল্যবান ভোট দিন



A5

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতাঃ

- ▶ সাবেক কোষাধ্যক্ষ (২০২২-২০২৪), বাংলাদেশ সোসাইটি ইনক
- ▶ সাবেক জীড়া ও আপ্যায়ণ সম্পাদক (২০১৬-২০২২) বাংলাদেশ সোসাইটি ইনক
- ▶ কার্যকরী সদস্য ও সাবেক সাধারণ সম্পাদক (২বার) মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- ▶ উপদেষ্টা, সাবেক সভাপতি (৩বার) ও সাবেক সাধারণ সম্পাদক (২বার) বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক
- ▶ কার্যকরী সদস্য, উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
- ▶ উডসাইড বায়তুল জান্নাত মসজিদের সাথে ১৬ বছর যাবৎ বিভিন্ন পদে সম্পৃক্ত
- ▶ সাবেক কার্যকরী সদস্য বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
- ▶ আজীবন সদস্য
 - উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
 - জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার ও মসজিদ
 - নর্থ ব্রুকস জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার
 - রিয়াদুল জান্নাত মসজিদ এন্ড ইসলামিক সেন্টার (সাউথ জ্যামাইকা)
 - জ্যামাইকা মুসলিম সেন্টার, জ্যামাইকা
 - বায়তুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড

PLEASE CAST YOUR VOTE FOR
MOHAMMED NOASHED HOSSAIN
ASST. GENERAL SECRETARY

মোহাম্মদ নওশেদ হোসেন

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL



আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



কুনু-ফিরোজ

পরিষদে আপনার মূল্যবান ভোট দিন

PLEASE VOTE FOR KUNU-FIROZ PANEL

প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২

কলকাতা কড়চা



দুর্গাপূজায় সম্প্রীতির বার্তা অভিনেত্রী মন্দিরার

কোলকাতা ডেস্কঃ চলছে শারদীয় দুর্গাপূজা। ঢাকের তাল, শঙ্খধ্বনি আর উৎসবের আবহে মেতে উঠেছেন সনাতন ধর্মাবলম্বীরা। হিন্দু ধর্মাবলম্বী সাধারণ মানুষের মতো বিনোদন জগতের তারকারাও शामिल হচ্ছেন এ উৎসবে। এবার শারদীয় দুর্গাপূজার আনন্দে মেতে উঠেছেন ঢালিউড অভিনেত্রী মন্দিরা চক্রবর্তীও।

নানা সাজ-পোশাকে যাচ্ছেন মন্দিরে মন্দিরে- ঘুরছেন পূজা মন্টেপে মন্টেপে। আর সেসব মুহূর্ত শেয়ার করছেন সামাজিক মাধ্যমে নেটিজেনসহ ভক্ত-অনুরাগীদের সঙ্গে। যদিও আজ প্রতিমা বিসর্জনের মাধ্যমে শেষ হবে এ উৎসব।

এবার ভক্তদের সঙ্গে পূজার আনন্দের মুহূর্তগুলো সামাজিক মাধ্যমে ভক্ত-অনুরাগীসহ নেটিজেনদের মাঝে শেয়ার করে সুন্দর বার্তা দিয়েছেন অভিনেত্রী।

এ ছাড়া তার আরও একটি প্রোফাইল থেকেও অষ্টমীর রাতে মন্টেপে মন্টেপে ঘুরে বেড়ানোর বেশ কিছু ছবি প্রকাশ করেছেন মন্দিরা চক্রবর্তী। সেখানে তাকে লাল শাড়িতে নজরকাড়া লুকে দেখা গেছে। দেখা মিলেছে পূজা উদযাপনের পারিবারিক মুহূর্তেরও কিছু ছবি। ভক্ত-অনুরাগীদের জানিয়েছেন অষ্টমীর শুভেচ্ছাও।

সব মিলিয়ে মন্দিরা চক্রবর্তীর এই সুন্দর সাজগোজ ও সম্প্রীতির বার্তা ভরা শুভেচ্ছাবার্তাটি ভক্ত-অনুরাগীসহ শুভাকাঙ্ক্ষীদের ভালোবাসায় ভেসে যাচ্ছে।

সোমবার (১৯ অক্টোবর) অষ্টমীর রাতে সামাজিক মাধ্যমে পূজার বেশ কিছু ছবি প্রকাশ করেছেন মন্দিরা চক্রবর্তী। সেসব ছবিতে তাকে নানা ধরনের পূজার সাজে দেখা গেছে। কখনো গোলাপি শাড়িতে সোনালি পাড়ের ঐতিহ্যবাহী কাতান শাড়ি, ভারি সোনার গহনায় ধরা দিয়েছেন তিনি। আবার কখনো দেখা গেছে লাল-কালো কম্বিনেশনের সিম্পল সাজে। প্রতিটি পোস্ট করা ছবিতেই দেবী প্রতিমার সামনে হাস্যোজ্জ্বল ও ভক্তিময় মেজাজে ধরা দিয়েছেন এ তারকা।

সামাজিক মাধ্যমে পোস্ট করা ছবিগুলোতে সবাইকে শারদীয় শুভেচ্ছা জানিয়ে অভিনেত্রী লিখেছেন- ‘শুভ আলো, শঙ্খধ্বনি আর ঢাকের তালে আবারও ধরায় আগমন মা দুর্গার। মায়ের চরণে জানাই শতকোটি প্রণাম। তার আশীর্বাদে পৃথিবী থেকে মুছে যাক সব অশুভ শক্তি, দূর হোক দুঃখ-কষ্ট, আর ঘুচে যাক সব অন্ধকার।’

তিনি বলেন, ‘প্রতিটি রুদ্র ভরে উঠুক ভালোবাসা, শান্তি, সম্প্রীতি আর আনন্দে। মা দুর্গা সবার জীবনে বয়ে আনুন সুস্বাস্থ্য, সমৃদ্ধি ও অফুরন্ত মঙ্গল। জয় মা দুর্গা! শুভ শারদীয়া।’

ম্যাডঙে ঢাক বাজালেন সৌরভ-

রাজকুমার, জমজমাট ‘দাদা’র প্রচার

কোলকাতা ডেস্কঃ ভারতের জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক সৌরভ গাঙ্গুলির বায়োপিকের নির্মাণকাজ পুরোদমে চলছে। সেখানেই সৌরভের চরিত্রে অভিনয় করছেন বলিউড

অভিনেতা রাজকুমার রাও। বলিউডের পোড়খাওয়া এ অভিনেতা ইতোমধ্যে ইডেন গার্ডেন ও সৌরভের বাড়িতে শুটিং করে গেছেন। তবে কখনো দুজনকে একসঙ্গে দেখা যায়নি। এই প্রথমবার সেই দৃশ্য দেখা গেল। সঙ্গে ছবির আরও কয়েকজন কলাকুশলীকেও দেখা গেছে।

সৌরভের বায়োপিকের নামকরণ করা হয়েছে ‘দাদা’। ভারতীয় সমর্থক তো বটেই, গোটা বিশ্বের কাছে এ নামেই পরিচিত সৌরভ গাঙ্গুলি। সে কারণেই নির্মাতারা এ সিনেমার নাম দিয়েছেন ‘দাদা’।

বালিগঞ্জের বিখ্যাত পূজামন্টেপে ম্যাডঙ স্কোয়ারে একসঙ্গে ঢাক বাজালেন বাস্তব ও পর্দার ‘দাদা’ সৌরভ গাঙ্গুলি। পূজাতে এভাবেই শুরু হলো সৌরভের জীবনীচিত্রের প্রচার। পর্দায় তার চরিত্রে অভিনয় করছেন রাজকুমার রাও। দুর্গোৎসবে কলকাতায় পা রেখেছেন অভিনেতা। অষ্টমীর দিন দুপুর গড়াতেই রাজকুমার পৌঁছে যান ম্যাডঙ স্কোয়ারে। আসেন সৌরভ গাঙ্গুলিও।

এদিন রাজকুমারের পরনে ছিল মেরুন রঙের পাঞ্জাবি, তার উপরে সুতার কাজ এবং ঘিয়ে রঙের পাঞ্জাবি ও সাদা পাঞ্জামা। দুর্গা প্রতিমার সামনে দাঁড়িয়ে দুজনেই বাজালেন ঢাক। সৌরভের সঙ্গে এদিন ছিলেন তার স্ত্রী ডোনা গাঙ্গুলিও। সৌরভ ও রাজকুমারকে দেখতে ভিড় জমে যায় পূজামন্টেপে।

ম্যাডঙ স্কোয়ার থেকে বিভিন্ন পূজামন্টেপে যাওয়ার কথা রাজকুমার রাওয়ের। তবে কলকাতায় এসেই অভিনেতা প্রথমে পৌঁছে গিয়েছিলেন সৌরভ গাঙ্গুলির বাড়িতে। ভারতীয় ক্রিকেটের সাবেক এ অধিনায়কের বাড়িতেও হয় দুর্গাপূজা। সেখানে পুষ্পাঞ্জলিও দিয়েছেন অভিনেতা। সেখানে লুচি ও আলুর তরকারিও খেয়েছেন তিনি। তার পরেই একজোটে তারা বেরিয়েছেন আসন্ন সিনেমা ‘দাদা’র প্রচারকাজে।

রাজকুমারকে নিয়ে সৌরভ বলেন, ‘আমরা তো যোগাযোগে বহুদিন ধরেই আছি। তবে রাজকুমারকে দুর্গাপূজা দেখানোই আমার এখন মূল উদ্দেশ্য। এমন উৎসব তো সচরাচরও দেখতে পাবেন না।’

অভিনেতা বলেন, ‘এ এক দারুণ অনুভূতি। বহু বছর আগে পত্রলেখার (স্ত্রী) সঙ্গে এসেছিলাম কলকাতায় দুর্গাপূজা দেখতে। আর এবার তো দাদার ভূমিকায় অভিনয় করছি। তাই অনুভূতিটা অসাধারণ।’

টাইগারের ঘটনায় মুখ

খুললেন অভিযুক্ত

রেহানের বাবা

কোলকাতা ডেস্কঃ বলিউড অভিনেতা টাইগার শ্রফের গাড়িতে গুলি চালানোর ঘটনায় ইতোমধ্যে গ্রেফতার হয়েছে তিনজন। অভিযুক্ত এ তিনজনের মধ্যে রয়েছে ১৮ বছরের রেহান। হরিয়ানার সোনিপত জেলার বাসিন্দা তিনি। মুম্বাই থেকে দিল্লির দিকে যাওয়ার পথে রাজস্থানের কোটায় তাদের গ্রেফতার করা হয়। অন্য দুজনের মধ্যে রয়েছে হরিয়ানার এক নাবালক, যার বয়স ১৭ বছর। অন্যজনের নাম হতিক কুমার ওরফে রোশন। ২২ বছরের ওই যুবক মুম্বাইয়ে র্যাপিডো চালায়।

এদিকে ছেলে গ্রেফতারের পর সংবাদমাধ্যমকে রেহানের বাবা শুদীন জানিয়েছেন, অনেক বছর ধরেই ছেলের সঙ্গে তার কোনো যোগাযোগ নেই। এমনকি কোনো সম্পর্কও নেই। ছেলের অপরাধমূলক কাজকর্ম সম্পর্কে তিনি কিছুই জেনেন না বলেও দাবি করেছেন শুদীন। তিনি বলেন, আইন নিজের পথে চলুক। ছেলের যে শাস্তি প্রাপ্য, তাই দেওয়া হোক।

প্রায় ৮-১০ বছর ধরে পরিবারের সদস্যরা আলাদা থাকেন। রেহানের মা শামসিদা একটি কারখানায় শ্রমিকের কাজ করেন। বাবার সঙ্গে সম্পর্ক ছিল হওয়ার পর থেকে রেহান মায়ের সঙ্গেই থাকত বলে জানা গেছে। প্রায় ১০ থেকে ১২ বছর ধরে ছেলেকে দেখেননি- এমনকি কথাও বলেননি বলে জানান শুদীন। রেহান নবম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করার পর স্কুল ছেড়ে দেয়। রেহানের বিরুদ্ধে এর আগেও বেআইনি আগ্নেয়াস্ত্র রাখার অভিযোগ উঠেছিল। গত ১৯ আগস্ট হরিয়ানায় সেই মামলায় তাকে গ্রেফতার করা হয়। প্রায় চার-পাঁচ মাস আগে ওই মামলা হয়েছিল বলে জানিয়েছেন তার বাবা। পরে রেহানের মা



জামিনের ব্যবস্থা করেন।

সংবাদমাধ্যমকে রেহানের মাসি অফসানা জানিয়েছেন, জেল থেকে জামিনে মুক্তি পাওয়ার পর রেহান ঝালাইয়ের কাজ শুরু করেছিল। কাজের জন্য বাড়ি থেকে বেরিয়েছিল সে। ঈদের সময় বাড়িতেও এসেছিল। তারপর আবার চলে যায় বলে জানান মাসি অফসানা।

এবার মুম্বাইয়ে একটি ফুটবল মাঠের বাইরে টাইগার শ্রফের গাড়িতে গুলি চালানোর ঘটনায় অভিযুক্তদের তালিকায় নাম জড়িয়েছে রেহানের। রোববারের (১৮ অক্টোবর) ওই ঘটনায় অভিনেতা বড়সড় আঘাত থেকে রক্ষা পেলেও তার গাড়ির চালক গুলিবিদ্ধ হন।

এ আটক তিনজনের ভূমিকা খতিয়ে দেখছে পুলিশ। কী কারণে এ হামলা, তার নেপথ্যে আর কারা জড়িত, তাও তদন্ত করে দেখা হচ্ছে।

ছেলে টাইগারের ওপর হামলার পর

প্রকাশ্যে এলেন জ্যাকি শ্রফ

কোলকাতা ডেস্কঃ বলিউডের বর্ষীয়ান অভিনেতা জ্যাকি শ্রফ ছেলে টাইগার শ্রফের গাড়ি লক্ষ্য করে গুলি চালানোর ঘটনার পর এই প্রথমবার প্রকাশ্যে এলেন। মুম্বাইয়ে প্রয়াত সংগীতশিল্পী বাপ্পি লাহিড়ির নামে রাস্তার নামকরণ ও ফলক উন্মোচনের অনুষ্ঠানে হাজির হয়েছিলেন তিনি। সাদা পোশাকে অনুষ্ঠানে উপস্থিত হন এ অভিনেতা। সেই অনুষ্ঠানে তার সঙ্গে দেখা গেছে অভিনেতা সুনীল শেঠি, পুনম ঢিল্লো, শরদ কেলকর ও গুলশান ঘোষারকেও।

দীর্ঘ ৪৫ বছর প্রয়াত সংগীতশিল্পী ও সুরকার বাপ্পি লাহিড়ি মুম্বাইয়ের সেই এলাকার সঙ্গে সম্পর্ক এবং ভারতীয় সংগীতে অবদানের স্বীকৃতি হিসেবেই রাস্তার নামকরণ করা হয়েছে তার নামে। তবে জ্যাকি শ্রফের এই প্রকাশ্য উপস্থিতি নজর কেড়েছে অন্য কারণে। পরিবেশ নিয়ে বরাবর সচেতনতার বার্তা দিয়ে থাকেন এ বর্ষীয়ান অভিনেতা। তাই হাতে একটি চারাগাছ নিয়েই তিনি উপস্থিত হন। তবে ছেলের এমন পরিস্থিতিতে বিশেষভাবে নজর কাড়ার কারণ অবশ্য জানা যায়নি। তাই এ ঘটনায় তিনি কোনো মন্তব্য করেননি।

এর আগে রোববার (১৮ অক্টোবর) মুম্বাইয়ের জুহু এলাকায় টাইগার শ্রফের গাড়ি লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ ওঠে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীদের বিরুদ্ধে। একটি মোটরবাইকে চেপে এসে তারা গুলি চালায় বলে অভিযোগ। সেই সময়ে গাড়িতে ছিলেন টাইগার শ্রফ। একটি ফুটবল খেলার মাঠ থেকে ফেরার পথে এ ঘটনা ঘটে। তবে তার গাড়ির চালক এবং এক পথচারী আহত হন। এ ঘটনার পর থেকেই বলিউডের নিরাপত্তা নিয়ে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে।

এ ঘটনার পর টাইগার শ্রফের খোঁজখবর নিতে তার বাড়িতে ছুটে যান মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী একনাথ শিন্দে। ঘটনার তীব্র নিন্দা করে তিনি বলেন, অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে। একনাথ শিন্দে বলেন, ‘আমি মুম্বাইয়ের পুলিশ কমিশনারের সঙ্গে কথা বলেছি। অভিযুক্তদের খুঁজে বের করে গ্রেফতার করার জন্য পুলিশ একাধিক বিশেষ দল গঠন করেছে।’

তিনি বলেন, ‘এ মুহূর্তে আমাদের সবচেয়ে বড় অগ্রাধিকার মুম্বাই এবং শহরের নাগরিকদের নিরাপত্তা সুনিশ্চিত করা। তিনি তারকা হোন বা সাধারণ নাগরিক- তার নিরাপত্তা নিশ্চিত করা পুলিশ এবং সরকারের দায়িত্ব।’ কোনো রকম বরদাশত করা হবে না বলেও জানিয়ে দিয়েছেন মহারাষ্ট্রের এ উপমুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘এ বিষয়ে কোনো গাফিলতি সহ্য করা হবে না। যে গ্যাংয়ের নামই উঠে আসুক না কেন, কাউকে ছাড় দেওয়া হবে না।’

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD

Board Certified Internal Medicine

Attending Physician(Emergency)-New York Community Hospital, Brooklyn, Jamaica Hospital Medical Center, Queens.

Treatment Services

complete physical
High blood pressure
School/Job Physical
High Cholesterol
TLC
Asthma
Vaccination
Skin Problems
Diabetes
EKG

আমরা সব ধরনের
ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



ডাঃ উৎপল চৌধুরী

True Medical Care P.C

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373

167-02 Highland Ave, 1st Floor Jamaica NY 11432

Tel: 917-503-5002, Fax: 917-503-5004

বাংলা স্কুলে ভর্তি চলছে

বহির্নিখা সঙ্গীত নিকেতন

এস্টোরিয়া, নিউ ইয়র্ক

অভিজ্ঞ শিক্ষক মন্ডলী দ্বারা পরিচালিত

সময়: সকাল ১০:০০ টা থেকে রাত ১০ টা

৭ দিনই খোলা

বিষয় সমূহ:

- সঙ্গীত
- আয়তন
- বাংলা
- কবিতা
- অঙ্কন
- হারমোনিয়াম

টিউটোরিয়াল: কিশোরগাঁও থেকে দাদল গ্রেড

এখানে উচ্চতর সঙ্গীত সহ সব ধরনের গান শেখানো হয়।

Sabita Das
Founder & Vocal Artist
Radio, TV Present Artist
Music Teacher

জুপের ঠিকানা:

৩৫-১৮, ৩৩ স্ট্রিট, এস্টোরিয়া, নিউ ইয়র্ক ১১১০৬

ফোন: (৩৪৭) ৪৫৫-৪৮৪৮

যোগাযোগ:

সর্বোচ্চ ক্লাস (৫০০০০০০)	(৩৪৭) ৪৫৫-৪৮৪৮	সুপার ক্লাস (৫০০০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫
১০০০ ক্লাস (৫০০০০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫	১০০ ক্লাস (৫০০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫
১০০ ক্লাস (৫০০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫	১০ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫
১০ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫	১ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫
১ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫	১ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫
১ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫	১ ক্লাস (৫০)	(৩৪৭) ৬৫৬-৫০৬৫

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



প্রতিবাদে অগ্নিগর্ভ ফ্রান্স, উত্তপ্ত ইটালিও

হিংসা ঠেকাতে ব্যর্থতার অভিযোগ ওঠায় প্রশাসনের অন্দরেও প্রবল চাপ তৈরি হয়েছে। পুরো প্যারিস জুড়ে সম্পূর্ণ কার্যকর (ব্ল্যাকট কার্যকর) বদলে পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকাভিত্তিক বিধিনিষেধ আরোপের পক্ষে সওয়াল করেছেন প্রধানমন্ত্রী সেবাস্তিয়ান লেকর্নু। তাঁর নির্দেশে সোমবার রাত ১১টা থেকে মঙ্গলবার সকাল ৬টা পর্যন্ত প্যারিসের ‘প্লাস দে লা রিপ্যাবলিক’ এবং ‘লে আল’ শপিং এলাকায় কার্যকর জারি করে পুলিশ। মানুষ ও সম্পত্তি রক্ষায় রাত ৮টার পর থেকে রাজধানীতে সব ধরনের জমায়েত নিষিদ্ধ করা হয়েছে। এ ছাড়া উত্তর ফ্রান্সের লিল শহরে রাত ৮টা থেকে সকাল ৬টা পর্যন্ত এবং নিস শহরেও অপ্রাপ্তবয়স্কদের জন্য রাতের কার্যকর জারি হয়েছে। সোমবার নির্দিষ্ট সময়ের জন্য মার্সেই শহরেও বিক্ষোভ ও জমায়েত নিষিদ্ধ করে প্রশাসন। সংবাদসংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি)-এর প্রতিবেদন অনুযায়ী, সপ্তাহান্তে প্যারিস, লিয়ঁ, মার্সেই-সহ একাধিক শহরে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের খণ্ডযুদ্ধের ঘটনায় অন্তত ২,৪০০ জনকে গ্রেফতার করা হয়েছে। প্রায় ৩,০০০ দোকান ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে বলে জানিয়েছে ‘ফেডারেশন অফ ট্রেড অ্যান্ড রিটেল’। ক্ষতিগ্রস্তদের মধ্যে প্যারিসের একাধিক বিলাসবহুল বুটিক এবং মার্সেই শহরের ‘অলিম্পিক দে মার্সেই’ ফুটবল ক্লাবের অফিশিয়াল স্টোরও রয়েছে। হিংসার আঁচ গিয়ে পড়ে সরকারি ভবনেও। মধ্য ফ্রান্সের লিমোজ শহরে উনিশ শতকে তৈরি ঐতিহাসিক পুরভবনে (সিটি হল) আগুন ধরিয়ে দেন বিক্ষোভকারীরা। আগুনে ছাদ ধসে পড়ে ভবনটি প্রায় ধ্বংসের মুখে।

হিংসা দমনে ব্যর্থতার দায় স্বীকার করে ইত্তফা দিতে চেয়েছিলেন ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী লরেন্ট নুনেজ। কিন্তু প্রেসিডেন্ট মাকরঁ তাঁর পদত্যাগপত্র সরাসরি খারিজ করে তাঁকে গোয়েন্দা ও পরিকল্পনাগত ব্যর্থতা নিয়ে স্বচ্ছতা বজায় রাখার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি, ভবিষ্যৎ হিংসা এড়াতে দ্রুত পুলিশের রণকৌশলে বদল আনারও নির্দেশ দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী লেকর্নু এবং স্বরাষ্ট্রমন্ত্রী নুনেজ- দু’জনেই এই হিংসার জন্য অতি-বামপন্থী সংগঠন এবং এক শ্রেণির সুবিধাবাদী লুটেরাদের দায়ী করেছেন। তাঁদের দাবি, আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের আগে দেশে চরম অস্থিরতা তৈরি করাই অতি-বামেদের লক্ষ্য। অন্য দিকে, ক্ষুদ্র দক্ষিণপন্থী দল ‘ন্যাশনাল র্যালি’-র প্রেসিডেন্ট জর্ডন বার্ডেলো অভিযোগ করেছেন, সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে সরকার সম্পূর্ণ ব্যর্থ।

প্রশাসনের কড়া পদক্ষেপ সত্ত্বেও বিক্ষোভ থামেনি। সোমবার প্যারিসের বিশ্বখ্যাত ল্যুভর মিউজিয়ামের প্রবেশদ্বার অবরোধ করে বিক্ষোভ দেখায় ছাত্র সংগঠনগুলি, যার ফলে নির্ধারিত সময়ে সেটি খোলা সম্ভব হয়নি। আগামী ৫ নভেম্বর নতুন করে ধর্মঘট ও পদযাত্রার ডাক দিয়েছে ফরাসি শ্রমিক সংগঠনগুলি। এর পাশাপাশি ‘ইয়েলো ভেস্ট’ আন্দোলনকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে দেশ জুড়ে জমায়েতের পরিকল্পনা করছেন আন্দোলনকারীরা।



২০১৮ সালের নভেম্বরে ফ্রান্সে জ্বালানির কর বৃদ্ধি, জীবনযাত্রার মাত্রাতিরিক্ত ব্যয় এবং অর্থনৈতিক বৈষম্যের প্রতিবাদে এক স্বতঃস্ফূর্ত গণ-আন্দোলনের সূত্রপাত হয়। ফরাসি ট্র্যাফিক আইন অনুযায়ী চালকদের গাড়িতে বাধ্যতামূলক ভাবে যে হলুদ রঙের রিফ্লেক্টিভ জ্যাকেট বা ভেস্ট রাখতে হয়, মূলত সেটি পরেই রাস্তায় নেমে বিক্ষোভ দেখিয়েছিলেন সাধারণ মানুষ। সেই থেকেই এই প্রতিবাদের নাম হয় ‘ইয়েলো ভেস্ট’ আন্দোলন। মাকরঁ সরকারের আর্থিক নীতির বিরুদ্ধে সেই সময়ের ব্যাপক জনরোষের স্মৃতিকেই বর্তমান বিক্ষোভে ফের উক্ষে দিতে চাইছেন আন্দোলনকারীরা।

ফরাসি প্রশাসনের সামনে এখন অন্যতম প্রধান চ্যালেঞ্জ হল জনরোষের প্রকৃত কারণগুলি অনুধাবন করে শান্তিপূর্ণ আন্দোলনকারীদের থেকে সুবিধাবাদী লুটেরাদের আলাদা করা। বিপুল সরকারি

স্বপ্নের বোঝা এবং আর্থিক দুরবস্থার মধ্যে এই ধারাবাহিক বিক্ষোভ ২০২৭ সালের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের আগে মাকরঁ সরকারের রাজনৈতিক ভবিষ্যৎকে চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে। পরিস্থিতি সামাল দিয়ে প্রশাসন কতটা দ্রুত আইনশৃঙ্খলা ফেরাতে পারে, তার উপরেই এখন নির্ভর করছে প্রেসিডেন্ট মাকরঁর রাজনৈতিক উত্তরাধিকার।

উত্তপ্ত ইটালি, মিলানে পুলিশের সঙ্গে খণ্ডযুদ্ধ বিক্ষোভকারীদের! মোতায়েন ৫০০ সেনা, প্রবাসী ভারতীয়দের সতর্ক করল দিল্লি মূল্যবৃদ্ধির প্রতিবাদে অগ্নিগর্ভ ইটালি। মিলানে লুটপাট ও পুলিশের সঙ্গে খণ্ডযুদ্ধে পরিস্থিতি উত্তপ্ত। এই আবহে সে দেশে থাকা ভারতীয়দের সতর্ক করল রোমের ভারতীয় দূতাবাস।

জীবনযাত্রার ব্যয়বৃদ্ধির প্রতিবাদে তীব্র জনরোষের আগুনে পুড়ছে ফ্রান্সের প্রতিবেশী ইটালিও। রবিবার থেকে ইটালির একাধিক শহরে শুরু হওয়া বিক্ষোভ দ্রুত হিংসার রূপ নিয়েছে। পরিস্থিতি বিবেচনা করে সোমবার (১৯ অক্টোবর, ২০২৬) ইটালিতে থাকা ভারতীয় নাগরিকদের জন্য বিশেষ সতর্কতা সমাজমাধ্যমে পোস্ট করা এক নির্দেশিকায় দূতাবাস জানিয়েছে, গত সপ্তাহ থেকেই ইটালির একাধিক শহরে বিক্ষোভ ও পথসভা চলছে। ভারতীয় নাগরিকদের উদ্দেশ্যে দূতাবাসের তরফে বলা হয়েছে, “আমরা ভারতীয় নাগরিকদের সতর্ক থাকার, ভিড় এলাকা এবং যে সব স্থানে বিক্ষোভ হচ্ছে তা এড়িয়ে চলার এবং এই সংক্রান্ত স্থানীয় খবরাখবরের দিকে নজর রাখার পরামর্শ দিচ্ছি।”

যে কোনও জরুরি পরিস্থিতিতে যোগাযোগের জন্য দূতাবাস দু’টি বিশেষ হেল্পলাইন নম্বরও প্রকাশ করেছে। ইটালিতে থাকা ভারতীয় নাগরিকেরা প্রয়োজনে রোমের ভারতীয় দূতাবাস অফিসে +৩৯ ৩৩১ ৬১৪ ২০৮৫ নম্বরে এবং মিলানের কনসুলেট জেনারেল অফিসে +৩৯ ৩৮৮ ১৬৪ ৭৫২৭ নম্বরে যোগাযোগ করতে পারবেন।

রবিবার একাধিক শহরে শান্তিপূর্ণ ভাবে বিক্ষোভ শুরু হলেও মিলানে তা ভয়াবহ রূপ ধারণ করে। একদল উন্মত্ত বিক্ষোভকারী পুলিশের সঙ্গে সরাসরি খণ্ডযুদ্ধে লিপ্ত হয়, একের পর এক দোকানে লুটপাট চালায় এবং বিভিন্ন সম্পত্তিতে আগুন ধরিয়ে দেয় তারা। পুলিশকে লক্ষ্য করে পাথর ছোড়া হয়। ঘটনায় বেশ কয়েকজন পুলিশকর্মী আহত হন। আন্দোলনকারীদের মিছিলটি মাঝপথেই আটকে দেওয়া হয়। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছায় যে, মিলানের কেন্দ্রস্থলে অবস্থিত বিলাসবহুল শপিং এলাকা ‘ভিয়া মন্টেনাপোলিওনে’-র ‘শ্যানেল’, ‘টিফানি’ এবং ‘ডিওর’-এর মতো নামী ব্র্যান্ডগুলি দোকান থেকে তাদের সামগ্রী সরিয়ে নেয়। ‘ডেকাথলন’, ‘আর্কিটেরিও’ এবং ভোডাফোনের মতো সংস্থায় ব্যাপক লুটপাট চালানো হয়। আতঙ্কে ‘লেভিস’ এবং ‘আন্ডার আর্ম’-এর মতো ব্র্যান্ড কার্ডবোর্ড ও কাঠ দিয়ে দোকানের কাচ ঢেকে দিয়েছে।

এই পরিস্থিতিতে ইটালির উপ-প্রধানমন্ত্রী মাওও সালভিনি সোমবার সমাজমাধ্যমে জানান, মিলানকে রক্ষা করতে ৫০০ অতিরিক্ত সেনা মোতায়েন করা হচ্ছে। পুলিশ জানিয়েছে, রবিবার মিলানের অশান্তির ঘটনায় ২৭১ জন যুবককে আটক করা হয়েছে। এর মধ্যে ৩২ জনকে গ্রেফতার করা হয়েছে, যার মধ্যে ২৩ জন নাবালক এবং ১৩ জন বিদেশি নাগরিক। এ ছাড়া, শনিবার উত্তরাঞ্চলীয় শহর বোলোনিয়া, ব্রেসিয়া, বেরগামো এবং তুরিনেও ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশের রিপোর্ট অনুযায়ী, সেখান থেকে আরও ২৮ জন বিক্ষোভকারীকে গ্রেফতার করা হয়েছে। তুরিন শহরে হাতুড়ি ও পাথরের টুকরো নিয়ে যাওয়া



ব্যক্তিদের আটক করা হয়েছে। অন্য দিকে, সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে বোলোনিয়া শহরের একটি রেলওয়ে স্টেশন সাময়িক ভাবে বন্ধ করে দেয় স্থানীয় প্রশাসন। এই হিংসার তীব্র নিন্দা করেছেন ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি। রবিবার এণ্ডহ্যাডেলে ক্ষোভ প্রকাশ করে তিনি লেখেন, “বিক্ষোভ প্রদর্শন একটি গণতান্ত্রিক অধিকার। কিন্তু আমাদের শহর জ্বালিয়ে দেওয়া কোনও অধিকারে পড়ে না।” সোমবার তিনি মন্ত্রী ও নিরাপত্তা আধিকারিকদের নিয়ে একটি জরুরি বৈঠকও করেন।

অন্যতম উপ-প্রধানমন্ত্রী আন্তোনিও তাজানি জানিয়েছেন, রাষ্ট্রের ওপর এই হামলার কড়া জবাব দেওয়া হবে। মঙ্গলবার মন্ত্রিসভার বৈঠকে একটি বিশেষ নিরাপত্তা প্যাকেজ অনুমোদনের কথা রয়েছে। প্রশাসন সূত্রে খবর, মূলত নাবালক ও যুব গ্যাংগুলির বিরুদ্ধে কড়া পদক্ষেপ করতে ‘প্রিভেন্টিভ ডিটেনশন’ বা নিবর্তনমূলক আটকের মেয়াদ বাড়ানোর কথা ভাবছে মেলোনি সরকার। মেলোনি আরও বলেন, “আজকে যে হাজার হাজার মানুষ শান্তিপূর্ণ ভাবে বিক্ষোভ দেখিয়েছেন, তাঁদের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা রয়েছে। যে মতাদর্শের জন্যেই বিক্ষোভ হোক না কেন, মানুষের অংশগ্রহণই একটি সুস্থ গণতন্ত্রের ভিত্তি।” তবে হিংসার রাজনীতি বন্ধ করার জন্য তিনি বিরোধীদের কাছেও আর্জি জানান। বিরোধীরা যেন কোনও রকম দ্বিধা না রেখে এই হিংসাত্মক ঘটনার তীব্র নিন্দা করে এবং যে কোনও গণআন্দোলন শান্তিপূর্ণ রাখার প্রকাশ্য বার্তা দেয়, সেই আহ্বানও জানিয়েছেন ইটালীয় প্রধানমন্ত্রী।



‘মতপার্থক্যই গণতন্ত্র’, ভারতে বিক্ষোভ দমনে

অভ্যন্তরীণ বিষয়ে মন্তব্য করব না বলেও তিনি বলেন, রাষ্ট্রসংঘের বিশেষজ্ঞরা ‘স্ববিরোধী’। ঠিক কী বলতে চাইছেন রুবিও? গণতন্ত্রে কয়েক সপ্তাহে যুবদের দল সিজিপি, কংগ্রেস-সহ বিরোধীদের আন্দোলন রুখতে দিল্লিতে ছাব্বিশ হাজার আধা সামরিক বাহিনী মোতায়েন করেছিল স্বরাষ্ট্র মন্ত্রক। এছাড়াও আধাসী ভূমিকায় ছিল দিল্লি পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষাকারীরা বহু ক্ষেত্রে জেন জি-র শান্তিপূর্ণ বিক্ষোভে লাঠিচার্জ করেছে বলে অভিযোগ। আন্দোলন রুখতে বন্ধ করে দেওয়া হয় রাজধানীর মেট্রো, ইন্টারনেট পরিষেবা। আটক ও গ্রেপ্তার করা হয় অসংখ্য আন্দোলনকারীকে। সরকারি এই ‘দমন-পীড়ন’ের নিরপেক্ষ তদন্তের দাবি করেছেন রাষ্ট্রসংঘের ২০ জন মানবাধিকার বিশেষজ্ঞ। রুবিও তাঁদের সঙ্গে একমত নন। এই বিষয়ে মার্কিন বিদেশমন্ত্রীর বক্তব্য, ভারতের অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয়ে তিনি মতামত দেবেন না। তবে রাজনৈতিক মতপার্থক্য এবং মানুষের নিজের মত প্রকাশ করা গণতান্ত্রিক প্রক্রিয়ার অংশ। তিনি বলেন, “(ভারত) একটি গণতন্ত্র। সেখানে নির্বাচন হয়। তাই আমি তাদের অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয়ে কোনও মতামত দেব না।” শান্তিপূর্ণ বিক্ষোভ ও সহিংস অস্থিরতার মধ্যে পার্থক্য রয়েছে।



KAKATUA
কাকাতুয়া
AGENCY

PARVIZ KAZI E.A.
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: info@kakatua.com | Web: www.kakatua.com

Serving Our Community For Over 26 Years

Authorized IRS e-file Provider

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting
- Immigration
- Travels
- Insurance



সানম্যান এক্সপ্রেস
গ্লোবাল মানি ট্রান্সফার

Fast, Secure & Reliable Remittance

Cash Pickup Bank Deposit bKash

Remittance Partner

DHAKABANK LIMITED EXCELLENCE IN BANKING

aibl

SIBL Social Islami Bank Limited

Uttara Bank Limited উত্তরা ব্যাংক লিমিটেড

Agrani Bank Limited গ্রানি ব্যাংক লিমিটেড

পাইথন ব্যাংক লিমিটেড

JAMUNABANK

SSAC Bank Limited

আপনার রেমিটেন্স সংক্রান্ত পরামর্শ ও সেবার জন্য

সানম্যান এক্সপ্রেস কর্পোরেশন
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.

HEAD OFFICE 3714 73rd Street (Suite-201), Jackson Heights, NY-11372 Phone: 718-505-2224

JACKSON HEIGHTS BRANCH 37-17 74th Street (1st FL) Jackson Heights, NY-11372 Phone: 718-565-5052

JAMAICA BRANCH 167-05 Hillside Ave. Jamaica, NY-11432 Phone: 718-297-3443

ASTORIA BRANCH 29-24 36 Avenue L.I.C, NY- 11106 Phone: 718-729-0600

www.sunmanexpress.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



ঢাকাকে না জানিয়ে দুই বাংলাদেশির

সাজা দেওয়া হয় তাঁদের। নিহতদের মধ্যে একজন পুরুষ ও অন্যজন মহিলা। ইসলামের পবিত্র তীর্থক্ষেত্র মক্কার একটি মসজিদে ‘অনৈতিক’ কাজে লিপ্ত থাকায় অভিযুক্ত ছিলেন তারা। যদিও সেটা কী, সরকারি ভাবে স্পষ্ট করেনি রিয়াদ।

দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর হতেই সমাজমাধ্যমে ভাইরাল হয় একাধিক ভিডিও। সেগুলির সত্যতা যাচাই করেনি আনন্দবাজার ডট কম। নেটগরিকদের একাংশের দাবি, অভিযুক্ত পুরুষ মক্কার একটি মসজিদচত্বরে মহিলার কপালে চুম্বন করেন। কিছু ভিডিওয় আবার দু’জনকে মুখো-মুখি বসে কথা বলতে দেখা গিয়েছে। এগুলিকেই নাকি ‘অনৈতিক’ কাজের তকমা দিয়ে ওই যুগলকে চরম শাস্তি দিয়েছে সৌদি প্রশাসন। বিশ্বের তাবড় ইসলামীয় রাষ্ট্রের মতোই শরিয়্যা আইন মেনে চলে সৌদি আরব। এতে মৃত্যুদণ্ড কার্যকরের মোট তিনটি পদ্ধতি রয়েছে। সেগুলি হল, কিসাস, হুদুদ এবং তাজরি। মূলত খুনের মামলার সাজা দিতে প্রথমটি ব্যবহারের রেওয়াজ রয়েছে। সুনির্দিষ্ট কিছু অপরাধের ক্ষেত্রে হুদুদ প্রযোজ্য। এ ছাড়া, মাদকপাচার ও বিবেচনামূলক শাস্তি হয় তাজরি পদ্ধতিতে। এতে প্রাণদণ্ড অনেকটাই বিচারকের মজির উপর নির্ভরশীল।

উল্লেখ্য, সৌদির বিচার বিভাগীয় কর্তৃপক্ষ মৃত্যুদণ্ড দিলে তা কার্যকরের অনুমোদনে জারি হয় রাজকীয় আদেশ। এর পরই মক্কার সুনির্দিষ্ট বধ্যভূমিতে অপরাধীদের নিয়ে যায় স্থানীয় প্রশাসন। সেখানে জনসমক্ষে তরবার দিয়ে শিরশ্ছেদ করা হয় তাঁদের। এ ছাড়া গুলি করে হত্যারও রেওয়াজ রয়েছে। সূত্রের খবর, তাজরি পদ্ধতিতে দুই বাংলাদেশির প্রাণদণ্ড কার্যকর করেছে রিয়াদ। যদিও এ ব্যাপারে বিশেষ কোনও তথ্য প্রকাশ্যে আসেনি।

সৌদি স্বরাষ্ট্র মন্ত্রককে উদ্ধৃত করে নিহত দুই বাংলাদেশির পরিচয় প্রকাশ করেছে স্থানীয় গণমাধ্যম। তাঁদের নাম নজরুল ইসলাম আবদুল বশির এবং সিতি আখতার। সমাজমাধ্যম ব্যবহারকারীদের একাংশের দাবি, সম্পর্কে তাঁরা প্রেমিক-প্রেমিকা। তবে সরকারি বিবৃতি না আসায় সংশ্লিষ্ট ইস্যুতে ধোঁয়াশা রয়েছে। অন্য দিকে, ঢাকার সংবাদমাধ্যম ‘প্রথম আলো’র প্রতিবেদন অনুযায়ী, এই দাবিগুলিকে অস্বীকার করেছে নজরুলের পরিবার।

২০২২ সালে সৌদি যান বাংলাদেশের চট্টগ্রামের ব্রাহ্মণবেড়িয়া সদর উপজেলার বাসিন্দা আবদুল বশির ও রহিমা বেগমের বড় ছেলে নজরুল। পরিবার সূত্রে খবর, সেখানে ইসলামের পবিত্র তীর্থক্ষেত্র মক্কার মসজিদুল হারামে সাফাইকর্মীর কাজ করতেন তিনি। আট মাস পর হঠাৎই তাঁকে গ্রেফতার করে স্থানীয় পুলিশ। শিরশ্ছেদ হওয়ার আগে পর্যন্ত তাঁকে জেলবন্দি রাখে আরব রাষ্ট্রটির সরকার।

নিহতের আত্মীয়েরা ‘প্রথম আলো’কে জানিয়েছেন, গত ১১ অক্টোবর পরিবারের সঙ্গে শেষ বার কথা বলেন নজরুল। এর তিন দিনের মাথায় তাঁর প্রাণদণ্ড কার্যকর করে রিয়াদ প্রশাসন। সেই খবর শুনেই জ্ঞান হারান নজরুলের মাসি তথা বছর ৬৫-র আবেদা বেগম। পরে মৃত্যু হয় তাঁর। তাৎপর্যপূর্ণ বিষয় হল, সৌদিতে ২৪ বছর কর্মরত ছিলেন নজরুলের বাবা আবদুল বশির। সংশ্লিষ্ট ইস্যুতে ক্ষোভ উগরে দেন তিনি।

নজরুলের পরিবারের অভিযোগ, আগে থেকে কোনও নোটিস দেওয়া হয়নি তাঁদের। এ ব্যাপারে ঢাকার গণমাধ্যম ‘দ্য ডেইলি স্টার’কে বশির বলেন, “আমার ছেলেকে যদি বিনা কারণে মৃত্যুদণ্ড দেওয়া হয়ে থাকে, তবে আমি ন্যায়বিচার চাই।” অন্য দিকে, এই ঘটনায় এক পাকিস্তানি সহকর্মীর বিরুদ্ধে চক্রান্তের অভিযোগ তুলেছেন নিহতের দুই আত্মীয় মোস্তাকিম ভূঁইয়া ও ইমাম হাসান ভূঁইয়া।

নজরুলের বাবা জানিয়েছেন, আর্থিক অস্বচ্ছলতার কারণে কলেজে পড়াকালীনই বড় ছেলেকে সৌদি পাঠান তিনি। অন্য দিকে, সিতি আখতার সম্পর্কে খুব বেশি তথ্য জানা যায়নি। বশিরের কথায়, “আমরা মেয়েটিকে চিনি না। শুনেছি দু’জনে এক জায়গায় কাজ করত।” নজরুলের সঙ্গে সিতির প্রেম বা বিবাহের কথা উড়িয়ে দেন তিনি। যদিও সংবাদমাধ্যম ‘বিবিসি বাংলা’কে সম্পূর্ণ অন্য কথা বলেছেন নাম প্রকাশে অনিচ্ছুক পরিবারের এক সদস্য।



ওই ব্যক্তির দাবি, সিতির সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন নজরুল। একসময় নাকি সেটা স্বীকারও করেছিলেন তিনি। প্রাণদণ্ড কার্যকরের পর দু’জনেরই নিখার দেহ ফেরানো হয় বাংলাদেশে। ঢাকা-রিয়াদ বিমান পরিষেবা স্থগিত থাকায় এতে কিছুটা বাড়তি সময় লেগেছে বলে জানান তারেক সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। এর পর রীতি মেনে সমাধিস্থ করা হয় তাঁদের।

দুই বাংলাদেশির এ ভাবে শিরশ্ছেদের ঘটনায় সৌদির বিরুদ্ধে বাংলাদেশের আমজনতার বাড়ছে ক্ষোভ। বিষয়টি নিয়ে ফেসবুকে একটি তাৎপর্যপূর্ণ পোস্ট করেছেন সে দেশের আইনজীবী রায়হান রশিদ। সমাজমাধ্যমের দেওয়ালে তিনি লেখেন, ভিয়েনা কনভেনশনের ৩৬ নম্বর ধারা অনুযায়ী কোনও বিদেশি নাগরিককে আটক, গ্রেফতার বা মৃত্যুদণ্ডের মতো চরম সাজা দিলে সেই দেশের দূতাবাসকে জানানো বাধ্যতামূলক।

বাংলাদেশি গণমাধ্যম ‘দ্য ডেইলি স্টার’ আবার জানিয়েছে, এ বছরের সেপ্টেম্বরে সৌদি সরকারের থেকে জেলবন্দি নাগরিকদের একটি তালিকা পায় জেডডায় অবস্থিত ঢাকার দূতাবাস। সেখানে নজরুল ও সিতির নাম ছিল। তাঁদের বিরুদ্ধে ‘ব্যতিক্রম’-এর অভিযোগ থাকলেও মৃত্যুদণ্ডের কথা

বলা হয়নি। তারেক সরকারের বিদেশ প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম অভিযোগ, শিরশ্ছেদের আগে কোনও কিছু জানায়নি রিয়াদ।

শামা ওবায়দেদের দাবি, নজরুল ও সিতির প্রাণদণ্ড কার্যকরের খবর গণমাধ্যমের থেকে জানানতে পারেন তিনি। ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত আবদুল্লাহ জাফর এইচ বিন আবিয়াহের কাছে এই ঘটনার ব্যাখ্যা চেয়েছে তারেক সরকার। বাংলাদেশ বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী হুমায়ুন কবির আবার মৃত্যুদণ্ড কার্যকর করাকে ‘অত্যন্ত হতাশাজনক’ বলে বর্ণনা করেছেন। ভিয়েনা কনভেনশনের নিয়ম কেন মানা হল না, সেই প্রশ্নও তুলেছেন তিনি। চলতি বছরে এই নিয়ে দ্বিতীয় বার মৃত্যুদণ্ডের রায় দিল সৌদির আদালত। সম্প্রতি, ধর্মীয় অবমাননার জন্য চরম শাস্তি পান শ্রীলঙ্কার আনোজনা সিভারাসা। যদিও কলম্বোর হস্তক্ষেপে সেটা বাতিল করে রিয়াদ। প্রাণদণ্ড কার্যকরের ক্ষেত্রে বিশ্বে প্রথম স্থানে রয়েছে এই আরব রাষ্ট্র। মানবাধিকার নজরদার সংস্থা ‘অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল’ জানিয়েছে, গত বছর (২০২৫ সালে) ৩৫৬টি মৃত্যুদণ্ড কার্যকর করে তারা।

প্রতি বছর কাজের খোঁজে সৌদিতে পাড়ি দেন কয়েক হাজার বাংলাদেশি। মূলত নির্মাণশ্রমিক বা সাফাইকর্মীর কাজ করে থাকেন তাঁরা। বিশেষজ্ঞদের দাবি, সেই কারণেই এঁদের সে ভাবে গুরুত্ব দিতে নারাজ রিয়াদ। নভেম্বরে আরব রাষ্ট্রটিতে সফরে যাবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক। ঠিক তার আগে নজরুল ও সিতির শিরশ্ছেদের ঘটনায় এই দুই দেশের কূটনৈতিক সম্পর্কে কোনও ফাটল ধরে কি না, সেটাও এখন দেখার।

জেলমুক্তি সৌরভ-রাষ্ট্রার, ছাড়া পেলেন সাত দিন পর! কেন গেট উপকে যন্ত্র মন্তরে চুকছিলেন, প্রশ্ন তুলেছিল দিল্লি হাই কোর্ট যন্ত্র মন্তরকে নির্ধারিত বিক্ষোভস্থলের তালিকা থেকে সরিয়ে সেখানে যাবতীয় আন্দোলন কর্মসূচি নিষিদ্ধ করে দেওয়ার পরে গত ১৩ অক্টোবর লোহার গেট উপকে সেখানে চুকছিলেন রাষ্ট্র, সৌরভেরা।

আবশেষে জেলমুক্তি হল ককরোচ জনতা পার্টির (সিজেপি) দুই শীর্ষনেতা সৌরভ দাস এবং আশুতোষ রাষ্ট্রার। বুধবার দিল্লির স্পেশ্যাল এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করানো হয়েছিল সৌরভদের। তিনি দুই শীর্ষনেতাকে মুক্তি দিয়েছেন।

যন্ত্র মন্তরকে নির্ধারিত বিক্ষোভস্থলের তালিকা থেকে সরিয়ে সেখানে যাবতীয় আন্দোলন কর্মসূচি নিষিদ্ধ করে দেওয়ার পরে গত ১৩ অক্টোবর লোহার গেট উপকে সেখানে চুকছিলেন রাষ্ট্র, সৌরভেরা। তাঁদের সঙ্গে সিজেপির অন্যতম নেতা অজিত শিন্দে এবং আরও ১১ জন ছিলেন। সকলকে আটক করে পুলিশ। শিন্দে-সহ বাকিদের পরে ছেড়ে দেওয়া হলেও সৌরভদের গ্রেফতার করা হয়।

১৪ অক্টোবর স্পেশ্যাল এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সামনে তাঁদের হাজির করানো হয়েছিল সৌরভদের। পাঁচ দিনের বিচারবিভাগীয় হেফাজতে পাঠান। সেই থেকে তিহাড় জেলে ছিলেন সৌরভেরা। পাঁচ দিন পর আবার তাঁদের স্পেশ্যাল এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করানো হলে জেল হেফাজতের মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। বুধবার সেই মেয়াদ শেষ হওয়ার পর আদালতে হাজির করানো হয়েছিল সৌরভদের। সওয়াল-জবাব শেষে স্পেশ্যাল এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেট দুই ককরোচ নেতাকে ছেড়ে দেওয়ার নির্দেশ দেন। ‘বার অ্যান্ড বেক্স’-এর প্রতিবেদন অনুযায়ী, দুই ককরোচ নেতা ম্যাজিস্ট্রেটকে জানিয়েছেন, কোনও ভাবেই তাঁরা শাস্তিভঙ্গ করবেন না। শুধু তা-ই নয়, সরকার যত দিন পর্যন্ত যন্ত্র মন্তরের উপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করছে, তত দিন ওই এলাকায় কোনও কর্মসূচির ডাকও দেবেন না তাঁরা।

স্পেশ্যাল এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দেওয়া জেল হেফাজতের মেয়াদ বৃদ্ধির নির্দেশকে চ্যালেঞ্জ করে মঙ্গলবার দিল্লি হাই কোর্টের দ্বারস্থ হয়েছিল সিজেপি। বুধবারের শুনানিতে দিল্লি হাই কোর্টের বিচারপতি সুব্রহ্মণ্যম প্রসাদ প্রশ্ন তোলেন, যন্ত্র মন্তরকে নির্ধারিত বিক্ষোভস্থলের তালিকা থেকে সরকার বাদ দিয়ে দেওয়ার পরেও কেন সেখানে চুকছিলেন সৌরভেরা? সিজেপি নেতাদের আচরণের জন্য ভর্তসনা করেন বিচারপতি। অন্যান্য দেশে ছাত্রবিক্ষোভ থেকে পরবর্তী সময়ে কী ধরনের অশান্তি দানা বেঁধেছে, কী ভাবে পরিস্থিতি হাতের বাইরে চলে গিয়েছে, তা-ও উল্লেখ করেছেন তিনি। বিচারপতির পর্যবেক্ষণ, যে কোর ও বিক্ষোভ কর্মসূচিতে পুলিশের অনুমতির উদ্দেশ্যে শুধু বিক্ষোভকারীদের আটকানো নয়, বরং অন্যদেরও আটকানো। যাতে বিক্ষোভকারীদের সঙ্গে অন্যেরা যোগ দিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারেন।



শীঘ্রই শেষ হবে ইউক্রেন যুদ্ধ? ট্রাম্প ও পুতিনের দাবি

‘নীতিগত’ ভাবে সম্মত হয়েছেন রুশ প্রেসিডেন্ট। ২০২২ সাল থেকে চলা যুদ্ধে কি ইতি পড়বে? শীঘ্রই রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ হতে পারে! এমনই ইঙ্গিত দিল ক্রেমলিন। তারা জানিয়েছে, আমেরিকা এবং ইউক্রেনের সঙ্গে আবার ত্রিপাক্ষিক আলোচনা শুরু করতে চান রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সেই আলোচনা ইতিবাচক হলে যুদ্ধ বন্ধের সমঝোতায় আসতে পারে রাশিয়া-ইউক্রেন।

সেন্ট পিটার্সবার্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফের সঙ্গে বৈঠকে বসেছিলেন পুতিন। সেই বৈঠকের পর পুতিনের বিদেশ উপদেষ্টা ইউরি উশাকভ জানান, ১০ নভেম্বরের পর পুনরায় আলোচনা শুরু বিষয়ে ‘নীতিগত’ সম্মত হয়েছেন রুশ প্রেসিডেন্ট। তিনি আরও জানান, ‘সংঘাত শেষ হওয়ার পর রাশিয়া এবং ইউক্রেনের জন্য একটি নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার’ উপর জোর দেওয়া হয় পুতিন-উইটকফের বৈঠকে! এই বৈঠকের আগে অসলোতে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জলেনস্কির সঙ্গেও আলোচনায় বসেছিলেন উইটকফ। সেই বৈঠকে কী আলোচনা হয়েছে, তা পুতিনকে অবগত করেছেন তিনি।

মতবিরোধ অব্যাহত থাকায় গত ফেব্রুয়ারি থেকে আমেরিকা, রাশিয়া এবং ইউক্রেনের মধ্যে কোনও ত্রিপাক্ষিক আলোচনা হয়নি। সেই আবহে বিগত কয়েক মাসে রাশিয়া এবং ইউক্রেন— দুই দেশই একে অপরের জ্বালানি পরিকাঠামোয় হামলা চালিয়েছে। হামলা চলেছে কৃষকসাগরে একাধিক পণ্য বা তেলবাহী জাহাজে। হতাহতের ঘটনাও প্রকাশ্যে এসেছে। তবে ট্রাম্প চাইছেন, অবিলম্বে ইউক্রেন এবং রাশিয়ার মধ্যে যুদ্ধ বন্ধ হোক। শান্তি প্রচেষ্টায় নতুন গতি আনতে উদ্যোগী ট্রাম্প। ভারতের উপর ১০০ শতাংশ শুল্ক আরোপের আগের দিনই বড় সিদ্ধান্ত ট্রাম্পের! রাশিয়া সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রত্যাহারউল্লেখ্য, গত সপ্তাহে পুতিনের সঙ্গে চুক্তি সম্পন্ন করে ট্রাম্প জানিয়েছিলেন, রাশিয়া অবিলম্বে ৫ লক্ষ টনেরও বেশি ডিজলে সরবরাহ করবে তাঁদের। আগামী নভেম্বরে আরও ৫ লক্ষ টন ডিজলে পাঠাবে পুতিনের দেশ। তার পর আবার আরও ১০ লক্ষ টন জ্বালানি সরবরাহ করবে। ক্রেমলিন সূত্রে খবর, উইটকফ ও পুতিনের বৈঠকে এই চুক্তি কী ভাবে বাস্তবায়িত করা যায়, তা নিয়েও আলোচনা হয়েছে।

গুজব ও ভুয়া তথ্যের ভিড়ে হারিয়ে যাচ্ছে ফ্রান্সের মূল সংকট

ঢাকা, শিক্ষাপ্রতিষ্ঠানের জরাজীর্ণ অবস্থা, শিক্ষক সংকট, জীবনযাত্রার বাড়তি ব্যয় এবং সরকারি সেবার মানের অবনতির প্রতিবাদে ফ্রান্সে তীব্র নাগরিক অস্থিরতা ছড়িয়ে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে দেশটিতে চলছে কারফিউ। প্যারিসসহ প্রধান শহরগুলোতে বিরাজ করছে থমথমে অবস্থা। তবে এর মধ্যে বেশ কয়েকজন বিদেশি রাজনৈতিক ব্যক্তিত্ব ও ষড়যন্ত্র তাত্ত্বিক সামাজিক যোগাযোগ মাধ্যমে এই সামাজিক অসন্তোষকে ঘিরে নানা বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচার চালাচ্ছেন। এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, ফ্রান্সের চলমান সংকটকে কেন্দ্র করে অনলাইনে চরম ডানপন্থী গোষ্ঠী ও ষড়যন্ত্র তাত্ত্বিকরা এটি শ্বেতাঙ্গবিরোধী অভ্যুত্থান বা ইসলামপন্থী বিদ্রোহ বলে দাবি করছে। এমনকি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও ফ্রান্সের সীমান্ত বন্ধ করার আহ্বান জানিয়ে দাবি করেছেন যে, অভিবাসনের কারণেই দেশটি ধ্বংস হচ্ছে। তবে স্বাধীন অনুসন্ধান দেখা গেছে, অনলাইনে প্রচারিত অনেক ভিডিও ও ছবি ফ্রান্সের বর্তমান ঘটনার সাথে সম্পর্কিত নয়। উদাহরণস্বরূপ, সামাজিক মাধ্যমে প্রচারিত একটি জ্বলন্ত বাসের ফুটেজটি মূলত ২০২২ সালে দক্ষিণ ফ্রান্সের একটি দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডের পুরোনো দৃশ্য।

TAX SERVICES



অত্যন্ত দক্ষতার সাথে নির্ভুলভাবে
পার্সোনাল ট্যাক্স ফাইল করা হয়



RAFIQUE AHMED, PhD.
Tel: (917) 442 2872

37-18, 73rd Street (Suite-502), Jackson heights, NY-11372
(খামার বাড়ি প্রোসারির বিল্ডিং এর ৫ম তলায়)





সমকালীন ও লোকগানের শিল্পী

কৌশলী ইমা

যোগাযোগ



পরিচালক : সঙ্গীত প্রগতি, কলকটিকাট (মুন্সরাঙ্গা)

ফোন : ৮৬০-৭১৩-১২৮৫

kousholyema@gmail.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



দুর্গাপূজো পরিদর্শনে

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী, সংস্কৃতিমন্ত্রী নিতাই রায়চৌধুরী এবং স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম।

তারেকের প্রেস সচিব জানিয়েছেন, মঙ্গলবার সকালেই বিমানে রংপুরে পৌঁছেছেন তারেক। সেখানকার রাধাগোবিন্দ মন্দিরে পূজামণ্ডপ পরিদর্শন করেছেন তিনি। সেখান থেকে দুপুরে রাজশাহী যান তারেক। সেখানে একটি পূজামণ্ডপ দর্শনের পর জনসভায় যোগ দেবেন তিনি। রাজশাহী থেকে বিমানেই চট্টগ্রামের উদ্দেশে রওনা দেবেন তিনি। সেখানেও মণ্ডপ পরিদর্শনের কর্মসূচি রয়েছে তাঁর। সেখান থেকে রাতে ঢাকায় ফেরার কথা তাঁর। এর আগে তারেক ঢাকার মহাখালী ও বনানী পূজামণ্ডপ পরিদর্শন করেছিলেন। সঙ্গে ছিলেন তাঁর স্ত্রী জুবাইদা রহমান।

২০২৪ সালের অগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের



উপর হামলার অভিযোগ উঠেছে। মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের আমলেও সংখ্যালঘুদের উপর অত্যাচারের অভিযোগ ওঠে। তবে ইউনুসের তত্ত্বাবধায় সরকারের সময় বাংলাদেশে সাম্প্রদায়িক পরিস্থিতি যতটা সঙ্কটজনক ছিল, বিএনপি ক্ষমতায় আসার পরে কিছুটা হলেও উন্নতি ঘটেছে বলে পর্যবেক্ষক মহলের একাংশের অভিমত।

এই আবহে দুর্গাপূজার মরসুমে বাংলাদেশে বেশ কয়েকটি সাম্প্রদায়িক আক্রমণের ঘটনা ঘটেছে বলে সম্প্রতি অভিযোগ করেছে সে দেশের পূজা উদ্‌যাপন পরিষদ। বৃহস্পতিবার রাজধানী ঢাকার ঢাকেশ্বরী মন্দিরে আয়োজিত সাংবাদিক বৈঠকে সংগঠনের সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা দাবি করেন, সিলেট, রাজবাড়ি, পঞ্চগড়, নেত্রকোনা, টাঙ্গাইল-সহ বিভিন্ন জায়গায় প্রতিমা ভাঙচুর, মন্দিরে হামলা ও আক্রমণের ৩৪টি ঘটনা ঘটেছে। ১১টি মামলায় এ পর্যন্ত কয়েক জনকে গ্রেফতারও করা হয়েছে।

এই প্রসঙ্গে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য আনন্দবাজার ডট কম-কে বলেন, “বাংলাদেশে সংখ্যালঘুদের উপরে লাগাতার অত্যাচার চলছে। অথচ জয়া আহসান-সহ আরও অনেকে, যারা এ দেশে এসে কাজ করছেন, রোজগার করছেন, তাঁরা সে সব নিয়ে এক বারের জন্যও মুখ খুলছেন না।” শমীকের ক্ষোভ এ রাজ্যের ‘খ্যাতনামাদের’ নিয়েও। “প্রসেনজিৎ চট্টোপাধ্যায় বাংলা চলচ্চিত্র জগতের এত বড় নাম। তিনি বা তাঁর মতো অনেকে এই বাংলাদেশি অভিনেতা-অভিনেত্রীদের সঙ্গে উঠছেন-বসছেন, নানা অনুষ্ঠানে একসঙ্গে হাজির হচ্ছেন। কিন্তু বাংলাদেশে উৎসবের মরসুমে সংখ্যালঘুদের উপর লাগাতার আক্রমণ নিয়ে তাঁদের কোনও উদ্বেগ রয়েছে বলে মনেই হচ্ছে না।” শমীক অভিযোগ করেন, বাংলাদেশের পরিস্থিতি থেকে নজর ঘোরাতেই এক দল লোক বামদের বই বিপণি ভাঙা নিয়ে রাস্তায় নেমে পড়েছেন।

দিন কয়েক আগে হিন্দু নেতাদের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, “ধর্ম নির্বিশেষে প্রত্যেকের নাগরিক অধিকার নিশ্চিত করা সরকারের প্রধান হিসেবে আমার দায়িত্ব। প্রত্যেকের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমার সাপেক্ষের মধ্যে যা করা সম্ভব, সেই চেষ্টা আমি করব।” দুর্গাপূজো উপলক্ষে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে সরকারি তহবিল থেকে যে টাকা দেওয়া হয়।

R&R DENTAL LAB



আমরা অধি উন্নতমানের Technology ও অভিজ্ঞ Technician দ্বারা সব ধরনের Acrylic, metal, flexilble Dentures তৈরী করে থাকি। আমরা দ্রুত Pickup ও Delivery করি। ভাঙাড়া যাবতীয় Repair, Reline, add tooth ও Nightguard একই দিনে মেরামত করে Delivery করি। আমরা প্রায় ৩০ বছর যাবত সুনামের সাথে Dentures এর কাজে নিয়োজিত আছি।

We guarantee your satisfaction
Tel: (718)-533-1611

ডেমোক্র্যাটরা জিতলে ফ্রান্সের মতো জ্বলবে যুক্তরাষ্ট্র: ট্রাম্প

সাম্প্রতিক এক জনমত জরিপে এমন চিত্র উঠে এসেছে।

সোমবার (১৯ অক্টোবর) প্রকাশিত রয়টার্স/ইপসোসের চার দিনের জরিপে দেখা গেছে, ট্রাম্পের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালনে সম্ভ্রষ্ট মাত্র ৩১ শতাংশ মার্কিন নাগরিক। দুই সপ্তাহ আগের জরিপের তুলনায় এ হার ১ শতাংশ কমেছে।

কংগ্রেস নির্বাচনে কোন দলকে ভোট দেবেন, এমন প্রশ্নে নিবন্ধিত ভোটারদের ৪৭ শতাংশ ডেমোক্রেটিক পার্টি এবং ৩৫ শতাংশ রিপাবলিকান পার্টির প্রতি সমর্থন জানিয়েছেন। এতে দুই দলের মধ্যে ব্যবধান দাঁড়িয়েছে ১২ শতাংশে। চলতি নির্বাচনি চক্রে ডেমোক্র্যাটদের জন্য এটিই সবচেয়ে বড় ব্যবধান। দুই সপ্তাহ আগের জরিপে দলটি রিপাবলিকানদের চেয়ে ৭ শতাংশ এগিয়ে ছিল।

নারী ভোটারদের মধ্যে ডেমোক্র্যাটদের প্রতি সমর্থন বেশি। জরিপে ৫০ শতাংশ নারী ডেমোক্র্যাটদের ভোট দেওয়ার কথা জানিয়েছেন। বিপরীতে রিপাবলিকানদের পক্ষে মত দিয়েছেন ৩২ শতাংশ। পুরুষ ভোটারদের মধ্যেও এগিয়ে রয়েছেন ডেমোক্র্যাটরা, যদিও দুই দলের ব্যবধান তুলনামূলক কম।

অর্থনীতি নিয়ে অসন্তোষ বাড়ছে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক হামলার নির্দেশ দেওয়ার পর থেকেই ট্রাম্পের জনপ্রিয়তায় চাপ তৈরি হয়েছে। গত ফেব্রুয়ারিতে শুরু হওয়া যুদ্ধের প্রভাবে যুক্তরাষ্ট্রে জ্বালানির দাম বেড়েছে। এতে সাধারণ পরিবারগুলোর জীবনযাত্রার ব্যয়ও বেড়েছে।

অর্থনীতি পরিচালনায় ট্রাম্পের ভূমিকা নিয়েও অসন্তোষ বাড়ছে। জরিপে অংশ নেওয়া ৬৮ শতাংশ মার্কিন নাগরিক জানিয়েছেন, অর্থনীতি সামলানোর ক্ষেত্রে তারা ট্রাম্পের ওপর সম্ভ্রষ্ট নন। অসম্ভ্রষ্টদের মধ্যে স্বঘোষিত রিপাবলিকানও রয়েছেন ৩৭ শতাংশ।

অর্থনীতি পরিচালনায় কোন দলকে বেশি আস্থা রাখা মনে করেন, এমন প্রশ্নে ৪০ শতাংশ ডেমোক্র্যাটদের পক্ষে মত দিয়েছেন। অন্যদিকে রিপাবলিকানদের ওপর আস্থা রেখেছেন ৩৩ শতাংশ।

নির্বাচনে চাপে পড়তে পারে রিপাবলিকানরা আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী কংগ্রেস নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে কংগ্রেসের যে কোনো একটি কক্ষের নিয়ন্ত্রণ হারালে ট্রাম্পের জন্য বাকি মেয়াদে নিজের নীতিগত পরিকল্পনা বাস্তবায়ন কঠিন হয়ে উঠতে পারে। তবে জাতীয় পর্যায়ের এই জরিপ থেকে কংগ্রেসের নিয়ন্ত্রণ কোন দলের হাতে যাবে, তা নিশ্চিতভাবে বলা যায় না। কারণ, প্রতিনিধি পরিষদ ও সিনেটের নির্বাচনের ফল নির্ধারিত হয় অঙ্গরাজ্য ও নির্বাচনি এলাকাভিত্তিক প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে। এসব ক্ষেত্রে



রিপাবলিকানদের কিছু কাঠামোগত সুবিধা রয়েছে।

অনলাইনে পরিচালিত এ জরিপে যুক্তরাষ্ট্রের ১ হাজার ৬৭৯ জন প্রাপ্তবয়স্ক অংশ নেন। তাদের মধ্যে নিবন্ধিত ভোটার ছিলেন ১ হাজার ২৭৯ জন। সব উত্তরদাতার ক্ষেত্রে জরিপের সম্ভাব্য ভুলের সীমা ২ শতাংশ এবং নিবন্ধিত ভোটারদের ক্ষেত্রে ৩ শতাংশ।

ডেমোক্র্যাটরা জয়ী হলে যুক্তরাষ্ট্রেও ফ্রান্সের মতো ভয়াবহ সহিংসতা ছড়িয়ে পড়তে পারে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

একটি পরিপূর্ণ প্রোসেসিং ও পুষ্টিগুণ সামগ্রীর সেবা প্রতিদিন

জামাইখার প্রোসেসিং ছাড়াও এক ঐতিহ্যবাহী নাম

FATEMA GROCERY & HALAL MEAT

ফাতিমা গ্রোসারী এন্ড হালাল মীট

- প্রতিদিনই সবকিছু ফ্রেশ
- এখানে সর্বদাই তাজা হালাল মাংস ও চিকেন পাওয়া যায়
- প্রতি সপ্তাহে পেণ্ডনে আসা তাজা মাছ পাওয়া যায়

BEST PRICE 100% BEST PRICE GUARANTEED

167-11 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-291-9642

এখানে পাবেন সকল প্রকার মসলা, বাংলাদেশী তাজা ও ফ্রোজেন মাছ টাটকা শাক-সব্জী এবং নিত্য প্রয়োজনীয় গোসারী সামগ্রী



LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমিনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street. (1F). Jackson Heights. NY 11372

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



‘জানি মেরে ফেলতে পারে, তবু...’ বাংলাদেশে কেন ফিরতে চান, হাসিনা

বলেন, “আমি ডিসেম্বরে বাংলাদেশে ফিরে যাব। আমি ভীত নই। আমি জানি, ওরা আমাকে হত্যা করতে পারে, গ্রেপ্তার করতে পারে এবং নির্যাতনও করতে পারে... তবু ফিরে যাওয়াটা আমার দায়িত্ব। যতই ঝুঁকিপূর্ণ হোক, আমি পরোয়া করি না। আমাকে ফিরতেই হবে।” তবে হাসিনাপুত্র সজীব ওয়াজেদ জয় জানিয়েছেন, তাঁর মা ডিসেম্বরের কোন সময়ে বাংলাদেশে ফিরবেন সেটা এখনও অনিশ্চিত। অর্থাৎ তারিখ এখনও স্থির হয়নি। তবে কাছাকাছি সময়ে অবশ্যই সকলকে তা জানিয়ে দেওয়া হবে।

‘মতপার্থক্যই গণতন্ত্র’, ভারতে বিক্ষোভ দমনে রাষ্ট্রসংঘের সমালোচনা নস্যাৎ করেও মন্তব্য রুবিওর গত কয়েক সপ্তাহে যুবাদের দল সিজিপি, কংগ্রেস-সহ বিরোধীদের আন্দোলন রুখতে দিল্লিতে ছাব্বিশ হাজার আধা সামরিক বাহিনী মোতায়েন করেছিল স্বরাষ্ট্র মন্ত্রক। এছাড়াও আগ্রাসী ভূমিকায় ছিল দিল্লি পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষাকারীরা বহু ক্ষেত্রে জেন জি-র শান্তিপূর্ণ বিক্ষোভে লাঠিচার্জ করেছে বলে অভিযোগ। আন্দোলন রুখতে বন্ধ করে দেওয়া হয় রাজধানীর মেট্রো, ইন্টারনেট পরিষেবা।



বিভিন্ন দেশে ইন্টারনেট ব্যাহত হওয়ার শঙ্কা, সতর্ক করল কাতার

ইসরাইলের চেয়ে ইরানসহ উপসাগরীয় অঞ্চলের দেশগুলোই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। একই সঙ্গে হামলা ও হুমকি বন্ধ করে যুক্তরাষ্ট্র-ইরান সংকটের শান্তিপূর্ণ সমাধানের আহ্বান জানিয়েছে দোহা।

মঙ্গলবার (২০ অক্টোবর) সৌদি গেজেটের প্রতিবেদনে জানানো হয় সোমবার (১৯ অক্টোবর) ইরানের আইআরজিসি হুমকি দেয়।

আইআরজিসির মুখপাত্র হোসেইন মোহেব্বি বলেন, ‘হরমুজ প্রণালির তলদেশ দিয়ে সাতটি প্রধান ডেটা যোগাযোগ ক্যাবল গেছে।’

তার দাবি, ইন্টারনেট ও বাণিজ্যিক ডেটার সব প্রবাহ এসব ক্যাবলের মধ্য দিয়ে যায়।

তিনি আরও বলেন, ‘আমরা শুধু তাদের জানাতে চাই, নতুন লক্ষ্যবস্তু প্রকাশ করা হবে। নতুন অস্ত্রেরও আত্মপ্রকাশ ঘটবে।’

ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবি জানায়, তেহরানের স্যাক্রেড ডিফেন্স জাদুঘরে এক অনুষ্ঠানে এসব কথা বলেন মোহেব্বি।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের ক্ষমতার অবশিষ্টাংশ বলে তিনি যাকে উল্লেখ করেছেন, সেগুলোকে অঞ্চল থেকে বিতাড়িত করার অঙ্গীকার করেছেন।

এর আগে মার্চের শুরুর দিকে ডোন হামলায় সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও বাহরাইনে অ্যামাজন ওয়েব সার্ভিসেসের অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়। এতে অবকাঠামোর সরাসরি ক্ষতি, বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন এবং ক্লাউড সেবা বন্ধ হয়ে যাওয়ার ঘটনা ঘটে। এসব হামলার পরই নতুন হুমকি এলো।

টেলিযোগাযোগ খাতের তথ্য বিশ্লেষণকারী প্রতিষ্ঠান টেলিজিওগ্রাফির তথ্য অনুযায়ী, ইউরোপ ও এশিয়ার মধ্যে ডেটা পরিবহনের ৯০ শতাংশের বেশি সক্ষমতা লোহিত সাগরের তলদেশ দিয়ে যাওয়া সাবমেরিন ফাইবার-অপটিক ক্যাবলের মাধ্যমে পরিচালিত হয়। দোহা নিউজ জানায়, মঙ্গলবার কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক সংবাদ সম্মেলনে ইব্রাহিম আল-হাশমি বলেন, এ অঞ্চলের দেশগুলো সেচ, লবণ উৎপাদন ও মৎস্য আহরণের জন্য হরমুজ প্রণালির পানির ওপর নির্ভরশীল। তিনি সতর্ক করে বলেন, ক্ষয়ক্ষতি হলে পানির নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে।

কাতার বলেছে, হরমুজ প্রণালিতে সমুদ্রের তলদেশে থাকা ইন্টারনেট ক্যাবল সংযোগ বিচ্ছিন্ন হলে ইরানসহ পুরো অঞ্চলের দেশগুলো ক্ষতিগ্রস্ত হবে। একই সঙ্গে জলপথটিকে লক্ষ্য করে চালানো হামলা ও হুমকি অবিলম্বে বন্ধের আহ্বান জানিয়েছে দেশটি।

মঙ্গলবারের সাপ্তাহিক সংবাদ সম্মেলনে কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের গণমাধ্যম ও যোগাযোগ বিভাগের পরিচালক ইব্রাহিম আল-হাশমি বলেন, সমুদ্রের তলদেশে থাকা ক্যাবল সংযোগে কোনো বিঘ্ন ঘটলে ইরানসহ এ অঞ্চলের দেশগুলোই সবচেয়ে বেশি ক্ষতির মুখে পড়বে।

আল-হাশমি বলেন, ‘ইরানের পক্ষের কেউ যদি সংভাবে পরিস্থিতি নিয়ে চিন্তা করেন, তাহলে তিনি প্রশ্ন করবেন-সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত কে?’ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই মুখপাত্র আরও বলেন, সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে না যুক্তরাষ্ট্র বা ইসরায়েল; বরং ইরানসহ এ অঞ্চলের দেশগুলোই সবচেয়ে বেশি ক্ষতির শিকার হবে।

ইরানের নিরাপত্তাপ্রধান মোহসেন রেজায়ি এর আগে সতর্ক করে বলেছিলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে আবার যুদ্ধ শুরু হলে এ অঞ্চলের ক্যাবল, ডেটা সেন্টার ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) স্থাপনায় হামলা চালানো হতে পারে।



রোজা শুরুর সম্ভাব্য তারিখ প্রকাশ

ঢাকা, জ্যোতির্বেজ্ঞানিক গবেষণা সংস্থাগুলোর হিসেব অনুযায়ী ২০২৭ সালের ৮ ফেব্রুয়ারি (সোমবার) পবিত্র রমজান মাস শুরু হতে পারে। তবে রমজান ও ঈদুল ফিতরের চূড়ান্ত তারিখ সম্পূর্ণভাবে চাঁদ দেখার ওপর নির্ভর করবে।

সম্প্রতি এক প্রতিবেদনে মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম গালফ নিউজ এ তথ্য জানায়। প্রতিবেদনে জানানো হয়, হিজরি বর্ষপঞ্জি চন্দ্রভিত্তিক হওয়ায় প্রতিবছর রমজান ১০ থেকে ১২ দিন এগিয়ে আসে। সেই ধারাবাহিকতায় ২০২৭ সালের রমজান আগের বছরের চেয়ে প্রায় ১০-১১ দিন আগে শুরু হতে পারে।

জ্যোতির্বেজ্ঞানিক হিসাব অনুযায়ী, ২০২৭ সালের ৮ ফেব্রুয়ারি (সোমবার) রমজান শুরু হতে পারে।

৭ ফেব্রুয়ারি সন্ধ্যায় নতুন চাঁদ দেখা গেলে সেই রাতেই প্রথম তারাবি এবং পরদিন থেকে রোজা শুরু হবে। তবে চূড়ান্ত তারিখ চাঁদ দেখার ওপরই নির্ভর করবে।

রমজান ২৯ বা ৩০ দিনের হয়ে থাকে এবং শাওয়ালের চাঁদ দেখার ওপর নির্ভর করে ঈদুল ফিতর অনুষ্ঠিত হয়। বর্তমান পূর্বাভাস অনুযায়ী, ২০২৭ সালের ১০ মার্চ (বুধবার) ঈদুল ফিতর হতে পারে।

ইসলামী বর্ষপঞ্জির নবম মাস রমজান মুসলমানদের জন্য অত্যন্ত পবিত্র ও তাৎপর্যপূর্ণ, কারণ এ মাসেই মহানবী (সা.)-এর ওপর পবিত্র কোরআন নাযিল শুরু হয়। রমজানে মুসলমানরা সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও ধূমপান থেকে বিরত থেকে রোজা পালন করেন এবং নামাজ, তিলাওয়াত, দান-সদকা ও আত্মসংযমের ওপর বিশেষ গুরুত্ব দেন।

২০২৭ সালের রমজানকে সামনে রেখে আগামী কয়েক মাসের মধ্যেই মুসলিম দেশগুলো মসজিদ ও জনসেবামূলক কাজের প্রস্তুতি নেবে। পাশাপাশি, ধর্মীয় কর্তৃপক্ষ চাঁদ দেখার আনুষ্ঠানিক প্রক্রিয়া ঘোষণা করবে।

জ্যোতির্বেজ্ঞানিক গণনা অনুযায়ী ৮ ফেব্রুয়ারি রমজান শুরুর সম্ভাব্য তারিখ হলেও, এর চূড়ান্ত ঘোষণা দেওয়া ধর্মীয় কর্তৃপক্ষের ওপরই নির্ভর করে। যতি মূলত চাঁদ দেখার বিষয়ের ওপর প্রতিষ্ঠিত।

Karnafully Travel Inc

37-16 73rd Street, Jackson Heights, NY-11372 Suite # 201FR

tel : 718-205-6050 , 718-205-6055

TRAVIS NY INC

ALL KIND OF CELL PHONE ACCESSORIES
WHOLESALE





Tel: 929-278-9609

73-21 Broadway, (Lower Level) Jackson Heights, NY 11372

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।

সবধরনের Accesories পাওয়া যায়

সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।








Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733

37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



‘কুনু-ফিরোজ’ প্যানেলের ক্রকলীনের সভায় মানুষের ঢল

ন্যায্য দাবী পূর্ণ করবেন। সভায় কুনু বলেন, আসন্ন নির্বাচনে আমি সবার সহযোগিতা চাই, ভোট চাই। আমার আর চাওয়া-পাওয়ার কিছু নেই। কমিউনিটির সেবাই আমার লক্ষ্য। তিনি বলেন, এটাই আমার শেষ নির্বাচন। আগামী নির্বাচনে জয়ী হলে সবাইকে নিয়ে বাস্তবভিত্তিক কর্মসূচী নিয়ে সোসাইটিকে তথা কমিউনিটিকে শক্তিশালী করবো। অপরদিকে সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদ আবেগ আপ্ত কণ্ঠে তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, গত তিন মাস অনেক বক্তব্য দিয়েছি। আজ আর বক্তব্য নয়। তিনি কাল্পা জড়িত কনুেট বলেন, আমি ক্রকলীনের মানুষ, ক্রকলীনবাসীরাই আমার ভাই-বোন-ভাবী, বন্ধু, চাচা-চাচী। আপনাদের সম্মান হিসেবে আমি ২৫ অক্টোবরের নির্বাচনে সবার দোয়া আর ভোট চাই। আর কোন কারণে কাউকে কষ্ট দিয়ে থাকলে ক্ষমা চাই। তিনি বলেন, আমরা বিজয়ী হলে সোসাইটিকে সবার সংগঠনে পরিণত করবো, জবাবদিহীর সোসাইটি গড়বো।

গত ১৭ অক্টোবর শনিবার সন্ধ্যায় ক্রকলীনের বেভার্লী রোডের উপর বিশাল ছামিয়ানা টাঙ্গিয়ে এই সভার আয়োজন করা হয়। প্রচন্ড ঠান্ডার মধ্যেও ‘কুনু-ফিরোজ’ প্যানেলের উদ্যোগে আয়োজিত নির্বাচনী সভায় সর্বস্তরের বিপুল সংখ্যক বাংলাদেশীর উপস্থিতিতে সভাটি জনসভায় পরিণত হয়। সন্ধ্যা ৮টা থেকে রাত ১১টা পর্যন্ত সভার কার্যক্রম চলে। উল্লেখ্য, সভা শুরু আগে ‘কুনু-ফিরোজ’-এর নেতৃত্বে দেশীয় স্টাইলে বিপুল সংখ্যক মানুষ চার্চ-ম্যাকডোনাল্ড এলাকার রাস্তায় মিছিল বের করেন এবং নানা শ্লোগান দেন।

‘কুনু-ফিরোজ’ প্যানেলের ক্রকলীনের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক এবং সন্ধানী সোসাইটি ইউএসএ’র সাবেক সভাপতি ও ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান মাহফুজুল মওলানা নাম্নর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক ট্রাষ্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সাবেক সভাপতি এম এ আজিজ। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মাওলানা নাসির উদ্দিন।

সভায় আমন্ত্রিত অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার ও ‘কুনু-ফিরোজ’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা জামাল আহমেদ জুনি, বাংলাদেশ সোসাইটি ও গ্রেটার নোয়াখালী সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সাবেক সদস্য ও গ্রেটার নোয়াখালী সোসাইটির সাবেক সভাপতি ও ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান হাজী মফিজুর রহমান, চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, সোসাইটির সাবেক সহ সভাপতি ও কুইন্স নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান ফারুক চৌধুরী, ‘কুনু-ফিরোজ’ প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান বেলাল মাহমুদ, আহ্বায়ক রুহুল আমীন সিদ্দিকী, সদস্য সচিব আনোয়ার হোসেন, কো-চেয়ারম্যান এবং বৃহত্তর কুমিল্লা সমিতি ইউএসএ’র সভাপতি ইউনুস সরকার, প্রধান সমন্বয়কারী আবুল চৌধুরী এবং অর্থ কমিটির চেয়ারম্যান মইনুল ইসলাম, মিডিয়া ও কমিউনিকেশন কমিটির চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আজাদ, বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী মোস্তফা কামাল পাশা আবুল, লুৎফুল করীম, সন্ধানী সোসাইটি ইউএসএ’র সাবেক সভাপতি ও বোর্ড অব ট্রাষ্টার সদস্য আব্দুল ওয়াদুদ, সন্ধানী সোসাইটির বোর্ড অব ট্রাষ্টার সদস্য রফিকুল ইসলাম মানিক ও গোলাম মাহমুদ, সন্ধানী এসোসিয়েশন ইউএসএ’র সভাপতি আব্রাহাম উদ্দিন, নারায়নগঞ্জ জেলা সমিতি ইউএসএ’র সাবেক সভাপতি ও উপদেষ্টা মোহাম্মদ মহসীন, কুইন্স বাংলাদেশ সোসাইটির সভাপতি কাজী তোফায়েল ইসলাম, কমিউনিটি নেতা টি মোল্লা, এস এম ফেরদৌস, আহসানউল্লাহ বাচ্চু, ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর আলম, কবি গৌড়স খান, গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ’র সভাপতি মোহাম্মদ নাসিম, কুমিল্লা সোসাইটি ইউএসএ’র সভাপতি কাজী আসাদুল্লাহ, জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা ভিপি জহির মোল্লা, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী আব্দুল ওয়াদুদ, আহ্বায়ক ফখরুল ইসলাম, সদস্য সচিব মির্জা মাহমুদুল হাসান, অর্থ কমিটির চেয়ারম্যান আরিফ আর চৌধুরী প্রমুখ। সভায় প্যানেল নিয়ে স্বরচিত কবিতা পাঠ করেন এম ও জি রাসেল ভূইয়া।

সভায় ‘কুনু-ফিরোজ’ প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী সহ অন্যান্য প্রার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সিনিয়র সহ সভাপতি পদপ্রার্থী দুলাল বেহেদু, সহ সভাপতি পদপ্রার্থী ও সোসাইটির বর্তমান সহ সাধারণ সম্পাদক কালাম ভূইয়া, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক মোর্শেদ আলম, কার্যকরী সদস্য আবুল বাশার ভূইয়া প্রমুখ। যৌথভাবে সভা পরিচালনা করেন ‘কুনু-ফিরোজ’ প্যানেলের ক্রকলীন নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মাইনুল উদ্দিন মাহবুব ও সদস্য সচিব ওয়ালিদুল ইসলাম।

সভার মাঝে প্রার্থীদের পরিচয় করিয়ে দেন মাইনুল উদ্দিন মাহবুব। প্যানেলের প্রার্থী হলেন: সভাপতি-

আজমল হোসেন কুনু, সিনিয়র সহ সভাপতি- দুলাল বেহেদু, সহ সভাপতি- আবুল কালাম ভূইয়া, সাধারণ সম্পাদক-ফিরোজ আহমেদ, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ নওশাদ হোসেন, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভূইয়া, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ জামিল আনসারী, সাংস্কৃতিক সম্পাদক- আহমেদ আর চৌধুরী, জনসংযোগ ও প্রচার সম্পাদক- সৈয়দ গৌসুল হোসাইন, সমাজকল্যাণ সম্পাদক- কয়েস আহমেদ, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ এ আখতার, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- মোর্শেদ আলম, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ মাইন উদ্দিন, মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক- বেগম এম চৌধুরী, যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক- কাজী আর হাসান এবং কার্যকরী সদস্য- সিরাজুদ্দিন হক, মোহাম্মদ এ সিদ্দিক, মোহাম্মদ আবুল বাসার, মাসুদুল হক সানু, মোহাম্মদ কাওসার আলম ও মোহাম্মদ এম ইসলাম।

সভায় আজমল হোসেন কুনু আরো বলেন, সোসাইটিতে আগেও সভাপতি হিসেবে নেতৃত্ব দিয়েছি। কোন মিথ্যা প্রতিশ্রুতি, আশ্বাস দেবো না। কমিউনিটির সেবায় যা করা দরকার তাই করবো, এজন্য সবার সহযোগিতা নেবো। বাস্তবমুখী পদক্ষেপ নেবো। সোসাইটিকে গণমুখী করবো। সভায় বক্তারা বর্তমান কমিটির আয়-ব্যয়ের হিসাব দাবী, কবর ক্রয় করা না করার তীব্র সমালোচনা করেন এবং ‘কুনু-ফিরোজ’ প্যানেল-কে একটি যোগ্য প্যানেল হিসেবে উল্লেখ করে নির্বাচিত করার আহ্বান জানিয়ে বলেন, আজমল হোসেন কুনু ওজনপার্কের মানুষ, ফিরোজ আহমেদ আমাদের ক্রকলীনের অর্থাৎ আমাদের ঘরের মানুষ, তাঁদের সম্মান মানেই আমাদের সম্মান। ক্রকলীনবাসীদের সম্মান রাখতেই ‘কুনু-ফিরোজ’ প্যানেলকে জয় করতে হবে।

হিউম্যান সাপোর্টে কর্পোরেশনের বার্ষিক বিনামূল্যে টিকাদান কর্মসূচি

মানবাধিকার স্বেচ্ছাসেবী সংস্থা হিউম্যান সাপোর্টে কর্পোরেশনের উদ্যোগে ওয়ালগ্রীন ফার্মাসির স্পন্সরশিপে এই কর্মসূচি অন্তর্ভুক্ত হবে। ওয়ালগ্রীন ফার্মেসী ম্যানেজার ফার্মাসিস্ট মিস.কটিজা শাহ নিজে এবার এই কর্মসূচিতে উপস্থিত থেকে টিকার ইনজেকশন প্রদান করবেন প্রতিবারের মতো এবারও।

প্রতি বছর হাজার হাজার মানুষ এই সিজনাল ফ্লু ভাইরাসে আক্রান্ত হয়ে মারা যান উত্তর আমেরিকায়। মানুষ মানুষের জন্য শ্লোগানে উদ্বুদ্ধ হয়ে হিউম্যান সাপোর্টে কর্পোরেশনের এই মহতী উদ্যোগ গত ১৪ বছর যাবৎ ধারাবাহিক ভাবে পালিত হচ্ছে।

প্রতি বছর শীতকালীন সময়ে ফ্লু ভাইরাসের ব্যাপক আবির্ভাব ঘটে। যাদের ইন্সুরেন্স আছে তারা নিজ নিজ প্রাইমারি কেয়ার ডাক্তারের ক্লিনিক কিংবা ফার্মেসি থেকে এই টিকা নিতে পারেন। আমাদের এই কর্মসূচি যাদের ইন্সুরেন্স নেই, তাদের জন্য বিশেষ উপকারে আসে। তাছাড়াও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের প্রাদুর্ভাব বার্তা জানাতে প্রতি বছর আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। ভাইরাসের প্রতিরোধক এই টিকা নিজে নিন ও অন্যকে উৎসাহিত করুন। কমিউনিটিতে এই কর্মসূচিকে ফলপ্রসূ করতে সম্মানিত সাংবাদিক বৃন্দ, সমাজসেবী, কবি সাহিত্যিক,শিল্পী,পেশা-ীজীবী,রাজনৈতিক ও সকল জেলা উপজেলা সামাজিক সমিতি ও সংগঠনের সকলকে আমন্ত্রণ জানিয়েছেন সংগঠনটির সভাপতি মোঃ সোলায়মান আলী ও সাধারণ সম্পাদক বাবু তপন কুমার সেন।



কুনু-ফিরোজ প্যানেলের সংবাদ সম্মেলন

ও উদ্দেশ্য। নেতৃবৃন্দ বলেন, বাংলাদেশ সোসাইটি যুক্তরাষ্ট্র প্রবাসী সকল বাংলাদেশীর সংগঠন। আমরা ভোট কেনা-বেচায় বিশ্বাস করি না। ‘কুনু-ফিরোজ’ প্যানেল নির্বাচিত হলে সোসাইটিকে আরো গণমুখী করার পাশাপাশি প্রবাসীদের সকল সমস্যা সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে সমাধানের উদ্যোগ নেয়া হবে। উল্লেখ্য, আগামী ২৫ অক্টোবর রোববার বাংলাদেশ সোসাইটির ত্রি-বার্ষিক (২০২৭-২০২৯) নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

সিটির জ্যাকসন হাইটসে বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে আয়োজিত সংবাদ সম্মেলনের শুরুতে লিখিত বক্তব্য পাঠ করেন ‘কুনু-ফিরোজ’ প্যানেলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদ। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন সোসাইটির সাবেক সভাপতি এম আজিজ, প্যানেলের প্রধান উপদেষ্টা জামাল আহমেদ জুনি, চেয়ারম্যান বেলাল মাহমুদ, অর্থ কমিটির চেয়ারম্যান মইনুল ইসলাম, প্যানেলের মিডিয়া ও কমিউনিকেশন কমিটির চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আজাদ। পরবর্তীতে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ‘কুনু-ফিরোজ’ প্যানেলের সভাপতি পদপ্রার্থী আজমল হোসেন কুনু, সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদ ও সোসাইটির সাবেক সভাপতি এম আজিজ। সংবাদ সম্মেলন পরিচালনা করেন ‘কুনু-ফিরোজ’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব আনোয়ার হোসেন।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে ‘কুনু-ফিরোজ’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির উপদেষ্টা আলাউদ্দিন ভুলু এবং প্রার্থীদের মধ্যে সহ সভাপতি পদপ্রার্থী আবুল কালাম ভূইয়া, সহ সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ নওশাদ হোসেন, জনসংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী সৈয়দ গৌছুল হোসেন, সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী কয়েছ আহমেদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী মোরশেদ আলম, মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী বি মেহের চৌধুরী, কার্যকরী সদস্য পদপ্রার্থী মাসুদুল হক ছানু প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ফিরোজ আহমেদ ৭টি অধাধিকারমূলক দাবীর মধ্যে (১) বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠা, (২) ধর্মবর্ণ নির্বিশেষে সশস্ত্র ফিউনেরাল হোম সেবা, (৩) নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান পুনরায় চালুর উদ্যোগ, (৪) ইমিগ্রেশন সহায়তা, আইনী পরামর্শ হেল্প লাইন ও কনসুলেট সেবা, (৫) সিটি, স্টেট ও ফেডারেল পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা, (৬) মুদ্রার রাজনীতি ও সামাজিক নেতৃত্বে বাংলাদেশী কমিউনিটিতে নতুন প্রজন্মের অংশগ্রহণ বৃদ্ধি এবং (৭) মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় সহায়তা’র কথা উল্লেখ করেন। সংবাদ সম্মেলনে আজমল হোসেন কুনু বলেন, আমরা নির্বাচিত হলে কাউকে ছোট করতে চাই না, তবে গঠনমূলক সমালোচনা করবো। হেল্প সেন্টার প্রসঙ্গে তিনি বলেন, আমরা বিজয়ী হলে সোসাইটি ভবনেই পুনরায় হেল্প সেন্টার চালু করবো, যার মাধ্যমে প্রবাসীরা সার্বিক সহযোগিতা পাবেন। কবর প্রসঙ্গে তিনি বলেন, কবর মানুষের অবশ্যই প্রয়োজন। বিজয়ী হলে নতুন করে কবর ক্রয়ের উদ্যোগ নেয়া হবে। নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান চলাচল প্রসঙ্গে তিনি বলেন, কেন বিমান চালু হচ্ছে না সে ব্যাপারে আসল তথ্য জেনে উদ্যোগ নেবো এবং প্রয়োজনে প্রবাসীদের সাথে নিয়ে আন্দোলন করবো। সদস্য সংগ্রহ প্রসঙ্গে তিনি বলেন, আমরা ফর্ম ছাড়াও অনলাইনে সদস্য হওয়ার প্রক্রিয়া অব্যাহত রাখবো।

অপর এক প্রশ্নের উত্তরে কুনু বলেন, সমাজ সেবার কোন সময় নেই। মানুষ ভালবেসেছেন এবং মনে করেছেন বলেই তাদের দাবীর প্রেক্ষিতে ১০ বছর পর আবার সোসাইটির নির্বাচনে প্রার্থী হয়েছি। বলেন, আমি আজীবন সমাজসেবা করতে চাই।

অপর এক প্রশ্নের উত্তরে কুনু বলেন, সোসাইটি সকল বাংলাদেশীর সংগঠন। কোন আঞ্চলিক সংগঠন নয়। আমার প্রতিদ্বন্দ্বী শুধু সিলেটি-ই নন, তিনি আমার ব্যবসায়িক পাটনার। তাই বলে কি আমরা নিজের মতো করে সমাজসেবা করতে পারবো না।

সোসাইটির কবর প্রসঙ্গে ফিরোজ আহমেদ বলেন, ‘রব-রুহুল’ কমিটি কবর ক্রয় করে কোন ক্ষতি না করলেও আরো সংকট সৃষ্টি করে গেছেন। পরবর্তীতে সেই কবরের অর্থ ফেরৎ নিয়ে বর্তমান কমিটি লস করেছেন। তিনি বলেন, পেভামিকের সময় আমরা দেখেছি কবর কেনা কত জরুরী। এক প্রশ্নের উত্তরে এম আজিজ বলেন, আমি আমার সাথে কাউকে সমকক্ষ মনে করি না, মিথ্যাচার পছন্দ করি না। তবে যোগ্য ব্যক্তির পক্ষে। ডে প্যারেড প্রসঙ্গে তিনি বলেন, আমারও প্রশ্ন সাউথ এশিয়ান প্যারেড করে আমরা কি পেলাম, সোসাইটি কার পারপাজ সার্ভ হয়েছে।

সোসাইটির প্যারেড ‘বাংলাদেশ ডে প্যারেড’ নামেই হওয়া উচিত বলে তিনি মন্তব্য করেন।



Anupam Barua, EA, MST.
IRS Enrolled Agent
M.Sc. in Taxation, Zicklin School of Business, Baruch College, CUNY
B.A. in Accounting, Queens College, CUNY
Certification in Tax Planning, London School of Business - Administration, London, UK.
Ex Financial Analyst, Risk Management & Regulatory, a MNC

Services offered:

- Individual Income Tax
- Business Tax – Self Employed, S Corporation, Partnership, C Corporation
- Specialization in Dental and Medical Practices Taxation
- Tax Planning and Financial Consulting
- Accounting and Bookkeeping
- New Business Formation



Office:
Anupam Barua & Associates, LLC
73rd Street, Jackson Heights, NY 11372
Phone: (646) 372-3420, (347) 935-3045
Email: ABTax747@Gmail.com
Appointment only. No Walk-in.

- আপনার তথ্যের গোপনীয়তা রক্ষা করা আমাদের অন্যতম অগ্রাধিকার।
- একজন IRS Enrolled Agent, অথবা CPA অথবা Tax Attorney এর মাধ্যমে আপনার Tax সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করুন।

সর্বনিম্ন মূল্যে বাংলাদেশে ভ্রমণ করুন

আমরা যেকোন ট্রাভেল এজেন্সী

অনলাইন/ইন্টারনেট প্রাইস থেকে কমমূল্যে টিকেট দিয়ে থাকি

জেএফকে-ঢাকা-জেএফকে

JFK-Dhaka-JFK



Cheapest Domestic & International Air Tickets

GLOBAL NY 1 TRAVELS, INC

168-47, Hillside ave, 2nd Floor
Jamaica NY-11432
OFFICE: 718-205-2360, CELL: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

Mirza M Zaman (Shamim) - CEO

অনলাইনে সবচেয়ে কমমূল্যে
এয়ার টিকেট এবং হোটেল বুকিং দিন

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



জ্যামাইকায় ‘সেলিম-আলী’ প্যানেলের স্মরণীয় সভা

সফলতা, উন্নয়ন ও অগ্রযাত্রার ধারাবাহিকতা অব্যাহত রাখতে ‘সেলিম-আলী’ প্যানেলকে যোগ্য প্যানেল হিসেবে পুনরায় এই প্যানেলের প্রার্থীদের বিজয়ী করার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান বক্তারা।

‘সেলিম-আলী’ প্যানেলের জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটি গত ১৬ অক্টোবর, শুক্রবার সন্ধ্যায় জ্যামাইকার নব প্রতিষ্ঠিত সুবিশাল অঙ্গন পার্টি হলে এই সভার আয়োজন করে। সভায় বিপুল সংখ্যক নারী সহ কুইন্স ছাড়াও ব্রুকলীন ও ব্রুক্সসহ নিউইয়র্কের বিভিন্ন বরো থেকে শত শত প্রবাসী যোগ দিয়ে প্যানেলটির প্রতি তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেন।

সেন্ট্রাল জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ফারুক হোসেন মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মাওলানা মঞ্জুরুল করীম। এরপর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। সভায় কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা শরাফ সরকার, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির যুগ্ম আহ্বায়ক দুলাল মিয়া এনাম, এম এ বাসেত, যুগ্ম সদস্য সচিব এএসএম মাইনুদ্দীন পিন্টু, চিটাগাং এসোসিয়েশন অব ইউএসএ’র সভাপতি মাকসুদুল হক চৌধুরী, সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আজহারুল ইসলাম, সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, সাবেক কর্মকর্তা জামান তপন, মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ’র সভাপতি সোহান আহমেদ টুটুল, বাংলাদেশী আমেরিকান সোসাইটির সাধারণ সম্পাদক আমীন মেহেদী বাবু, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকীম, ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আমিনুল ইসলাম চুল্লু, এম এ করীম, এডভোকেট রেদওয়ানা রাজ্জাক, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির কো-কনভেনর নজরুল ইসলাম লিটন ও প্রধান উপদেষ্টা সামির উদ্দিন প্রমুখ।

সভা মঞ্চে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোর্শেদ আলম, মুক্তিযোদ্ধা বাবর উদ্দিন, ছদরুন নূর, আব্দুস শহীদ, গহর চৌধুরী কিনু, তাজু মিয়া, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, নির্বাচন পরিচালনা কমিটির যুগ্ম আহ্বায়ক ভিপি জহিরুল ইসলাম মোল্লা, প্রমুখ। সভা পরিচালনা করেন সেন্ট্রাল জ্যামাইকার নির্বাচন পরিচালনা কমিটির যুগ্ম সদস্য সচিব ইসমাইল হোসেন স্বপন ও জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব কাজী এম আর খান (সেলিম)। সহযোগিতায় ছিলেন প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন।

সভায় বক্তারা বলেন, বাংলাদেশ সোসাইটির চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ড অব্যাহত রাখার জন্য ‘সেলিম-আলী’ প্যানেল যোগ্য, সুপরিচিত ও পরীক্ষিত প্যানেল। তাই আসন্ন নির্বাচনে এই প্যানেলের কোনো বিকল্প নেই। বক্তারা দল-মত নির্বিশেষে সর্বস্তরের প্রবাসীকে ‘সেলিম-আলী’ প্যানেলের প্রার্থীদের ভোট দিয়ে জয়ী করার আহ্বান জানান।

সভায় আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী বিগত নির্বাচনে জয়ী করার জন্য ভোটারদের প্রতি কৃতাভ্যর্থনা প্রকাশ করেন এবং আগামী নির্বাচনে পুনরায় ভোট দিয়ে জয়যুক্ত করে সোসাইটিকে আরো এগিয়ে নিতে সবার সহযোগিতা ও ভোট প্রার্থনা করেন। বিশেষ করে জ্যামাইকায় বসবাসকারী হিসেবে মোহাম্মদ আলী তাকে নিজেদের সন্তান হিসেবে গত নির্বাচনের মতো এবারের নির্বাচনেও তাকে সহ ‘সেলিম-আলী’ প্যানেলের প্রার্থীদের সর্বোচ্চ ভোট দিয়ে জয়ী করার অনুরোধ জানান।

সভায় সোসাইটির প্রচার ও জনসংযোগ সম্পাদক এবং আগামী নির্বাচনে একই পদে প্রার্থী রিজু মোহাম্মদ সংগঠনের বিভিন্ন কর্মকাণ্ডের কথা তুলে ধরেন এবং বিভিন্ন অভিযোগের জবাব দেওয়ার পাশাপাশি ‘সেলিম-আলী’ প্যানেলের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা পরিষ্কার করেন। রিজু মোহাম্মদ বলেন, আগামী দিনে সোসাইটিকে পুরোপুরি আধুনিক ও ডিজিটাল প্র্যাটফর্মের রূপান্তর, ওয়ান স্টপ সলিউশন ও স্থায়ী ‘কমিউনিটি সেন্টার’ গঠন করা হবে যেখানে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। পাশাপাশি নিউইয়র্কে আসা নতুন প্রবাসী এবং ইন্টারন্যাশনাল স্টুডেন্টদের মৌলিক সমস্যাগুলোর সমাধানে সহযোগিতা করা হবে।

সভায় ‘সেলিম-আলী’ প্যানেলের প্রার্থীরাও সংক্ষেপে তাদের পরিচয় তুলে ধরে ভোট প্রার্থনা করেন।

সভার মাঝে ‘সেলিম-আলী’ প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেন কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব জে মোল্লা সানি। ‘সেলিম-আলী’ প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহ সাধারণ সম্পাদক- হারুন রশিদ (চেয়ারম্যান), কোষাধ্যক্ষ- নওশাদ হায়দার, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী মুনসুর আহমেদ, সাহিত্য সম্পাদক পদপ্রার্থী রুমানা আহমেদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- হাসান খান, স্কুল ও শিক্ষা সম্পাদক- এএসএম মাইন উদ্দিন, মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক- শাহনাজ হোসেন, এবং কার্যকরী সদস্য- জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ উজ্জল বিপুল, সারোয়ার খান বাবু, মোহাম্মদ এ মন্নান, শামীম আহমেদ, মোহাম্মদ আব্দুল মালেক খান ও কাজী রবিউজ্জামান।

নৈশভোজের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘটে।

তাসীন ফেরদৌসের মৃত্যুতে কমিউনিটিতে শোক

এসেছে গভীর শোকের ছায়া। তাসীন ছিলেন নিউইয়র্কের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও বাংলাদেশ ইনস্টিটিউট অব পারফর্মিং আর্টসের (বিপা) অন্যতম প্রতিষ্ঠাতা ও শৈল্পিক পরিচালক অ্যানি ফেরদৌস এবং প্রকৌশলী জাফর আহমেদ দম্পতির একমাত্র কন্যা। মৃত্যুকালে তিনি স্বামী, শিশু-পুত্র লুকাশ, বাবা-মাসহ অসংখ্য স্বজন, সহকর্মী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

পারিবারিক ও কমিউনিটি সূত্রে জানা গেছে, হঠাৎ তীব্র ভাইরাসজনিত সংক্রমণে আক্রান্ত হলে শনিবার তাকে জরুরি ভিত্তিতে জ্যামাইকা হাসপাতালে ভর্তি করা হয়। শারীরিক অবস্থার দ্রুত অবনতি ঘটায় চিকিৎসকেরা তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আই-সিইউ) স্থানান্তর করেন। পরিবার সূত্রে জানানো হয়, সংক্রমণ দ্রুত সারা শরীরে ছড়িয়ে পড়ায় চিকিৎসকদের সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও তাকে বাঁচানো সম্ভব হয়নি। পেশাগত জীবনে তাসীন নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের একজন শিক্ষক ছিলেন। শিক্ষকতার পাশাপাশি শাস্ত্রীয়, লোক ও সমসাময়িক নৃত্যে তিনি প্রবাসের বাংলা সাংস্কৃতিক পরিমণ্ডলে পরিচিতি ও সমাদর অর্জন করেন।

মায়ের অনুপ্রেরণায় শৈশবেই বিপায় তাঁর নাচের হাতেখড়ি। লোকনৃত্য ও সমসাময়িক নৃত্যে দক্ষতা অর্জনের পর মাত্র ১৩ বছর বয়সে তিনি নিউইয়র্কের শিব জ্যোতি ড্যান্স একাডেমিতে নৃত্যগুরু তেজস্বিনী রাজের কাছে ভরতনাট্যমের তালিম নিতে শুরু করেন। দীর্ঘ আট বছরের একনিষ্ঠ সাধনার পর ২০১৩ সালে তিনি ভরতনাট্যমের আনুষ্ঠানিক একক অভিনেত্রী অনুষ্ঠান ‘আরাঙ্গোত্রাম’ সম্পন্ন করেন। বিপা ও শিব জ্যোতি ড্যান্স একাডেমির মাধ্যমে তাসীন নিউইয়র্কের মূলধারার বহুসাংস্কৃতিক মঞ্চ এবং প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন গুরুত্বপূর্ণ আয়োজনে নিয়মিত নৃত্য পরিবেশন করতেন। নৃত্যের মধ্য দিয়ে তিনি তুলে ধরতেন বাংলার ঐতিহ্য ও সংস্কৃতি।

সাংস্কৃতিক কর্মকাণ্ডের পাশাপাশি সমাজসেবামূলক উদ্যোগেও সক্রিয় ছিলেন তাসীন। ব্রুকলিনের কেনসিংটনসহ স্থানীয় বাংলাদেশি অভিবাসীদের নাগরিক অধিকার রক্ষা এবং কমিউনিটির বিভিন্ন কল্যাণমূলক কাজে তিনি অংশ নিতেন। সম্ভাবনাময় এই শিল্পীর অকালপ্রয়াণে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা গভীর শোক প্রকাশ করেছেন। তাঁরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেছেন এবং মা অ্যানি ফেরদৌস, বাবা জাফর আহমেদসহ শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

যুক্তরাষ্ট্রকে গণতন্ত্র ও অবাধ নির্বাচনের পক্ষে থাকার আহ্বান

শেখ হাসিনা। যুক্তরাষ্ট্রের প্রতি অবাধ ও সুষ্ঠু নির্বাচন, স্বাধীন বিচারব্যবস্থা, সংবাদমাধ্যমের স্বাধীনতা এবং রাজনৈতিক অধিকার রক্ষায় সমর্থন দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। ১৯ অক্টোবর ওয়াশিংটন ডিসিতে এক সংবাদ সম্মেলনে দেওয়া বক্তব্যে শেখ হাসিনা বলেন, বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে যুক্তরাষ্ট্রের পক্ষ নেওয়ার প্রয়োজন নেই। বরং বাংলাদেশের জনগণ যেন অবাধ ও অন্তর্ভুক্তিমূলক রাজনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে নিজেদের সরকার নির্ধারণ করতে পারে, সেই নীতির প্রতি যুক্তরাষ্ট্রের সমর্থন থাকা উচিত।

“আমি যুক্তরাষ্ট্রকে শেখ হাসিনা বা আওয়ামী লীগকে বেছে নিতে বলছি না। আমি যুক্তরাষ্ট্রকে গণতন্ত্র বেছে নিতে বলছি,” বলেন তিনি। শেখ হাসিনা বলেন, বাংলাদেশকে অবাধ ও সুষ্ঠু নির্বাচন, সাংবিধানিক শাসন, আইনের যথাযথ প্রক্রিয়া, মতপ্রকাশের স্বাধীনতা, রাজনৈতিক বহুত্ববাদ এবং আইনের চোখে সমান অধিকারের ভিত্তিতে মূল্যায়ন করা উচিত। তিনি বলেন, গণতন্ত্রে রাজনৈতিক মতপার্থক্য স্বাভাবিক এবং সরকারের জবাবদিহি নিশ্চিত করা জরুরি। তবে ভিন্নমতকে অজুহাত হিসেবে ব্যবহার করে কোনো রাজনৈতিক দলকে রাজনৈতিক পরিসর থেকে বাদ দেওয়া কিংবা লাখ লাখ নাগরিকের অধিকার উপেক্ষা করা উচিত নয়।

আওয়ামী লীগের সমর্থকেরা বাংলাদেশের নাগরিক এবং তাঁদের রাজনৈতিক পরিসর থেকে বাদ দেওয়া যায় না বলে মন্তব্য করেন তিনি। একই সঙ্গে তাঁর সরকারের বিরোধীদের অধিকারও সম্মান করার আহ্বান জানান। তাঁর মতে, বাংলাদেশের ভবিষ্যৎ প্রতিশোধের পরিবর্তে সমঝোতা ও পুনর্মিলনের ভিত্তিতে গড়ে তুলতে হবে।

নিজের সরকারের ভূমিকা, ২০২৪ সালের ঘটনাবলি এবং পরবর্তী পরিস্থিতি নিয়ে ওঠা প্রশ্নের প্রসঙ্গও তুলে ধরেন শেখ হাসিনা। তিনি বলেন, এসব প্রশ্নের জবাব দিতে তিনি প্রস্তুত। তাঁর বক্তব্য অনুযায়ী, তাঁর নিজেরসহ যেকোনো ব্যক্তির বিরুদ্ধে আনা অভিযোগ স্বচ্ছ, বিশ্বাসযোগ্য ও নিরপেক্ষ আইনি প্রক্রিয়ার মাধ্যমে নিষ্পত্তি হওয়া উচিত, রাজনৈতিক ঘোষণা বা বক্তব্যের ভিত্তিতে নয়। সহিংসতায় ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও তাঁদের পরিবার, বেআইনিভাবে আটক ব্যক্তিরা এবং অভিযুক্ত ব্যক্তিদের ন্যায্য আত্মপক্ষ সমর্থনের অধিকার নিশ্চিত করার ওপরও গুরুত্ব দেন তিনি। শেখ হাসিনা বলেন, যথাযথ আইনি প্রক্রিয়া ছাড়া ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব নয় এবং ন্যায়বিচার ছাড়া স্থায়ী শান্তিও নিশ্চিত করা যায় না। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক আরও বিস্তৃত করার পক্ষে মত দিয়ে শেখ হাসিনা অর্থনৈতিক সহযোগিতা, মার্কিন বিনিয়োগ, শিক্ষা ও প্রযুক্তিতে অংশীদারত্ব, নিরাপত্তা সহযোগিতা এবং দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধির ওপর গুরুত্ব দেন।

ডাঃ গোবিন্দ পাল

এম.ডি., এফ.এ.সি.পি

ইন্টারনাল মেডিসিন বিশেষজ্ঞ

Visiting Hours:

Mon-Fri : 6PM-9PM

Sat or Sun : 9AM-2PM



সাক্ষাতের সময়সূচীঃ

সোম-শুক্র : ৬ বিকাল ৬টা-রাত ৯টা

শনি-রবি : ৯ সকাল ৯টা- বিকাল ২টা



ডাঃ গোবিন্দ পাল

এম.ডি., এফ.এ.সি.পি



Gobinda Paul M.D., F.A.C.P.

Board certified internal medicine

87-38 168 PL. T: (718)-874-0076,
Jamaica, NY 11432 F: (718)-841-7499

Gobindapaul.PC@Outlook.com

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR, MD

USCIS Designated Civil Surgeon

Board Certified Internal Medicine

সেবাসমূহ

- ❖ জেনারেল চেক আপ
- ❖ ইকেজি
- ❖ ডায়াবেটিস
- ❖ বয়স্ক ভেরিফিকেশন
- ❖ হাইপারটেনশন
- ❖ হৃদয় ভেরিফিকেশন
- ❖ হাই কোলেস্টেরল, এজমা
- ❖ ব্রাদ টেষ্ট
- ❖ TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহণ করি

BROOKLYN

486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA

87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি

B1

সেলিম-আলী পরিষদের



B4

সাধারণ সম্পাদক পদপ্রার্থী

সংক্ষিপ্ত পরিচিতি

শিক্ষা ও পেশা

- মাস্টার্স অব আর্ট (সিভিলইঞ্জিনিয়ারিং)- ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়।
- ব্যাচেলর ডিগ্রি (সেমান বিজ্ঞান, মনো বিজ্ঞান), বৌদ্যপারম কলেজ ও বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ।
- সার্টিফাই ইনকাম ট্যাক্স রিটার্নস প্রিপারার, এইচ এন্ড আর গ্রুপ, নিউইয়র্ক।
- সিইও এন্ড প্রেসিডেন্ট, রোজগারেন (ট্রাফিক ও রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট)
- নাইসেলভ রিয়েলিটি

সাপ্তাহিক অধিবেশন

- সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি, ইনক ২০২৫-২০২৬
- কোষাধ্যক্ষ (২ বছর), বাংলাদেশ সোসাইটি ইনক (২০১৫-১৬ এবং ২০১৭-১৮)।
- সাবেক ডাইন চেয়ারম্যান, সি অর্গানাইজ ইনক (দুই ও মেম্বার শিফটের জন্য প্রতিমূলক সংস্থা)।
- নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান শরণার্থী ক্লাবের ৫ মেম্বরে সাবেক নির্বাচন কমিশনার।
- সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক (২ বছর), নারায়ণগঞ্জ জেলা সমিতির অব উত্তর আমেরিকা ইনক।
- সাবেক সহ-সভাপতি, বিদ্যামূল জাম্মা ইসলামিক সেন্টার, স্যাটথ জ্যামাইকা।
- প্রতিষ্ঠাতা আহবায়ক, জাম্মা বিশ্ববিদ্যালয় এলুমাইনাই এসোসিয়েশন।

আমেরিকার মূল্যবান সম্পদ

- কর্মজীবনের বোর্ড মেম্বর ও এলিটা চেয়ারম্যান (সিইও-১২)।
- প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশী আমেরিকান সোসাইটি (একমূল্যবান সংগঠন)।
- সাবেক নিউইয়র্ক সিটি বারোটি প্যাসিসেন্টের কমিটির চেয়ারম্যান ও সভাপতি।

আত্মজীবন সন্দর্ভ

বাংলাদেশ সোসাইটি ইনক। জ্যামাইকা মুসলিম সেন্টার, জ্যামাইকা। অল অরফা ইসলামিক সেন্টার জ্যামাইকা। মুসলিম ইসলামিক সেন্টার, জ্যামাইকা। জ্যাকসন হাইট ইসলামিক সেন্টার, জ্যাকসন হাইটস। উডসাইড ইসলামিক সেন্টার, উডসাইড। মসজিদ আল ফেরকান, ওয়েস্ট পার্ক। মসজিদ আল হুদা ইসলামিক সেন্টার, জ্যামাইকা। হাউস মুসলিম সেন্টার, হাউস।

বিশেষ সম্মাননা প্রাপ্তি

সিটি মেম্বরটি শিফার সিটিতে গ্যাক সুমার কর্তৃক সাপ্তাহিক সম্মাননা। নিউইয়র্ক সিটি শিফার। নিউইয়র্ক সিটি মেম্বর ও কার্টাফিল মেম্বর। ক্রুশালন বরো প্রেসিডেন্ট কর্তৃক কাউন্সিল-১৯ হিরো সম্মাননা। নিউইয়র্ক স্টেট এসেমবলী। সি অর্গানাইজ। নারায়ণগঞ্জ জেলা সমিতির অব নর্থ আমেরিকা ইনক। ওয়াশিংটন ও নিউইয়র্ক বাংলাদেশী শরণার্থী ক্লাব। সাপ্তাহিক সিন্ডিক ও বাংলা পত্রিকা, টাইম টিভি। ওয়ার্ল্ড রিউম্যান হাউস। বিভিন্ন আঞ্চলিক সমাজিক সংগঠন কর্তৃক সম্মাননা।

PLEASE CAST YOUR VOTE FOR
MOHAMMAD ALI
GENERAL SECRETARY

B4

মোহাম্মদ আলী

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী

 B2	 B3	 B5	 B6	 B7	 B8	 B9	 B10	 B11	 B12	 B13	 B14
 B16	 B17	 B18	 B19	 B20	 B21	সেলিম- আলী পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী B PLEASE VOTE FOR SALIM-ALI PANEL					

প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বিশ্বনিয়ন্ত্রিত স্বাক্ষরিত জাহান

BANGLADESH SOCIETY INC, ELECTION-2026

বাংলাদেশ সোসাইটি ইন্ক

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

সেলিম-আলী
পরিষদআপনাদের সাথে নিয়ে আরও তিন বছর
আরও অগ্রগতি • আরও অর্জননতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

B1

আতাউর রহমান সেলিম
সভাপতি পদপ্রার্থী
Ataur Rahman Selim, President

B4

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammad Ali, General Secretary

B2

মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Mahidul Haque, Sr. Joint Secretary

B3

মো: কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Kamrul Alam, Joint Secretary

B5

হোসেন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Hossain Chowdhury, Joint Secretary

B6

মওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী
Md. Shahid Hossain, Treasurer

B7

ডিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
Ziaul Karim, Organizational Secretary

B8

অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
Anik Raj, Cultural Secretary

B9

রিজু মোহাম্মদ
জন সন্যোগ ও গ্রান্ড সম্পাদক পদপ্রার্থী
Rizvi Mohammad, Joint Secretary

B10

মুনসুর আহমেদ
সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী
Munsurur Rahman, Joint Secretary

B11

রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী
Rumana Rahman, Literary Secretary

B12

হাসান খান
ক্রীড়া ও স্বাস্থ্য সম্পাদক পদপ্রার্থী
Hassan Khan, Sports Secretary

B13

এএসএম মাসিদ উদ্দীন (বাবুল)
ভুল ও শিষ্টা সম্পাদক পদপ্রার্থী
Md. Masud Hossain, Joint Secretary

B14

শাহিনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী
Shahinaz Hossain, Joint Secretary

B15

জাহাঙ্গীর শাহীন সোহরাওয়ার্দী
বুখ ও তথ্যপ্রযুক্তি সম্পাদক পদপ্রার্থী
Jahangir Shahn, Joint Secretary

B16

মো: উজ্জ্বল বিপুল
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Uddul Biswas, Joint Secretary

B17

সারওয়ার খান বাবু
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Sarwar Khan Babu, Joint Secretary

B18

মো: এ মন্নান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. A. Mannan, Joint Secretary

B19

শামীম আহমেদ
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Shamiur Rahman, Joint Secretary

B20

মো: আব্দুল মালেক খান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Abdul Malek Khan, Joint Secretary

B21

কাজী রবিউজ্জামান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Kazi Rabiul Karim, Joint Secretary

B21

অনুগ্রহ করে
সেলিম-আলী
পরিষদে আপনার
মূল্যবান ভোট দিন

জাভান: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC, ELECTION 2026



বাংলাদেশ সোসাইটি ইনক



নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

আগামী বাংলাদেশ সোসাইটির নির্বাচনে পরিবর্তনের পরিষদ

কুন্সু-ফিরোজ
পরিষদ

A1

আজমল হোসেন কুন্সু
সভাপতি পদপ্রার্থী

A4

ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক পদপ্রার্থীসফল
কোষাধ্যক্ষসচ্ছলতার
প্রতীকঅভিজ্ঞ
নেতৃত্বসাংগঠনিক
দক্ষতাপ্রধান উপদেষ্টা -
কুমিল্লা সোসাইটি
অব ইউএসএ ইনকসাবেক প্রচার সম্পাদক -
বাংলাদেশ সোসাইটি ইনকসাবেক সাধারণ সম্পাদক -
কুইন্স বাংলাদেশ
সোসাইটি ইনকসদস্য - বৃহত্তর কুমিল্লা
সমিতি যুক্তরাষ্ট্র ইনক

মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি

কোষাধ্যক্ষ পদপ্রার্থী

পুনরায় কোষাধ্যক্ষ পদে নির্বাচন করুন



A2



A3



A5



A6



A7



A8



A9



A10



A11



A12



A13



A14



A15



A16



A17



A18



A19




A20



A21

কুন্সু-ফিরোজ পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



বাংলাদেশ সোসাইটি ইন্ক, নির্বাচন ২০২৬

BANGLADESH SOCIETY INC, ELECTION 2026

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬


সমৃদ্ধি, উন্নয়ন, সমতা, সম্প্রদায় ও জাতকর্মিতার প্রতিশ্রুতি

কুন্সু-ফিরোজ

পরিষদ

আসন্ন পরিবর্তনের মাফে রাস্তা দেখে, যোগ্য নেতৃত্বকে জায়গা করি

A1 to A21 







আজমল হোসেন কুন্সু
সভাপতি
AJAMOL HUSSAIN KUNU, PRESIDENT



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY

মেশিনের প্রথম সারিতে কুন্সু-ফিরোজ পরিষদ (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

 দুলাল বেহেদু নির্বাহক সহ-সম্পাদক DULAL BEHEDU, EXECUTIVE ASSISTANT	 আবুল কালাম ভূঁইয়া সহ-সম্পাদক ABUL KALAM BHUIYA, ASSISTANT	 মোঃ নওশেল হোসেন সহ-সম্পাদক MOHAMMAD NAUSHEL HOSEN, ASSISTANT	 মকিবুল ইসলাম ভূঁইয়া রনি কোষাধ্যক্ষ MAKIBUL ISLAM BHUIYA RANI, TREASURER	 মোঃ আমিল আমসারী সাংস্কৃতিক সম্পাদক MOHAMMAD AMIL AMARSARI, CULTURAL EDITOR
 ফখরী আহমেদ চৌধুরী (বাবু) সাংস্কৃতিক সম্পাদক FAKHARI AHMED CHAUDHURY (BAHU), CULTURAL EDITOR	 সৈয়দ গৌতুল হোসেন জনসংযোগ ও প্রচার সম্পাদক SAID GAUTUL HOSEN, PUBLIC RELATIONS & PROPS EDITOR	 কয়েছ আহমেদ সহসংস্করণ সম্পাদক KAYESH AHMED, ASSISTANT EDITOR	 মোঃ আখতার বাবুল সহিত্য সম্পাদক MOHAMMAD AKHTAR BABUL, LITERATURE EDITOR	 মোরশেল আলম ক্রীড়া ও অস্পোর্টস সম্পাদক MORSHEL ALAM, SPORTS & OLYMPIC EDITOR
 মোঃ মাইন উম্মিন (বটু) চলচ্চিত্র ও শিল্প সম্পাদক MOHAMMAD MAIN UMMIN (BOTU), FILM & ARTS EDITOR	 বি মেহের চৌধুরী অভিযান ও শিল্প বিষয়ক সম্পাদক BI MEHER CHAUDHURY, CAMPAIGN & ARTS EDITOR	 কারী হাসান চলচ্চিত্র ও সংস্কৃতি সম্পাদক KARI HASAN, FILM & CULTURE EDITOR	 আবুল বাশার ভূঁইয়া কার্যকরী সভাপতি ABUL BASHAR BHUIYA, EXECUTIVE MEMBER	 নিমিক পাটোয়ারী কার্যকরী সভাপতি NIMIK PATOWARI, EXECUTIVE MEMBER
 প্রফেসর মোঃ আবুল কাহির কার্যকরী সভাপতি PROFESSOR MOHAMMAD ABUL KAHIR, EXECUTIVE MEMBER	 আব্দুল হক হানু কার্যকরী সভাপতি ABDUL HAK HANU, EXECUTIVE MEMBER	 মোহাম্মদ কাজীয়ার আলম কার্যকরী সভাপতি MOHAMMAD KAZIYAR ALAM, EXECUTIVE MEMBER	 মনিরুল ইসলাম মনির কার্যকরী সভাপতি MANIRUL ISLAM MANIR, EXECUTIVE MEMBER	 কুন্সু-ফিরোজ পরিষদ আমতায় মূল্যবান ভোট দিন

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

ক্রমাগত কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি



এ অদ্ভুতের
রাশি ফল
ড. জি সি সরকার

মেঘ রাশি : সপ্তাহে প্রেম সম্পর্কে হোক বা বিবাহিত জীবন, নিজের সঙ্গীর প্রতি প্রচণ্ড আন্তরিক হওয়ার প্রয়োজন আছে। কেবল জীবনে নয়, নিজের মনেও সঠিক ভাবে স্থান দিতে হবে। এই সপ্তাহে যদি বড় কোনও সিদ্ধান্ত নিতে হয় তা হলে খুব ভাবনাচিন্তা করুন। গুরুজনদের নিয়ে একটু চিন্তা বৃদ্ধি হতে পারে। শিফাবিদ, তথ্যপ্রযুক্তি কর্মী এবং রন্ধনশিল্পীরা নিজের দক্ষতা দেখানোর সুযোগ পাবেন। আয় যতই হোক, সংগঠনের জন্য একটু ভাবতে হবে। সপ্তাহের শেষের দিকে হঠাৎ কিছু অর্থপ্রাপ্তি হতে পারে।

বৃষ রাশি : সন্তানের নিজের প্রতিভা দেখানোর সুযোগ যদি পায়, তা যেন কোনও ভাবে হাতছাড়া না করে। পারিবারিক বিষয়ে কিছু কথা বলার আগে গভীর চিন্তা করুন। হ্যাঁ করে নতুন কোনও চাকরির যোগ আসতে পারে এবং চাকরির পরিবর্তনও হতে পারে। ব্যবস্কে কর্মীদের জন্য এই সপ্তাহটা একটু চাপের হতে পারে। বিবাহিত মহিলারা আজ নিজের গতিবিধির উপর বিশেষ নজর দিন। মায়ের শারীরিক উন্নতি হবে। কোথাও ভ্রমণে গিয়ে আটকে পড়ার যোগ রয়েছে। সঞ্চল স্বভাব ত্যাগ করতে পারলে ব্যবসায় উন্নতি হবে চোখে পড়ার মতো।

মিথুন রাশি : গোটা সমুদ্র জুড়ে মনের জোঁর বাড়ানোর ইচ্ছা থাকলেও, মনের গতি মন্থর থাকবে। নৃত্যশিল্পীদের বাইরে গিয়ে নৃত্য প্রদর্শনী দেখানোর সুযোগ আসতে পারে। প্রেমের সম্পর্কে যারা রয়েছেন, তাঁরা অত্যন্ত সংযমী থাকুন। এই সমুদ্রে এমন কোনও কথা বলবেন না যার ফলে সম্পর্কে ভাঙন আসে। যারা কোনবেচার সঙ্গে যুক্ত রয়েছেন, তাদের খুব ভাল সময়। খাওয়ায় বিশেষ নিয়ন্ত্রণের প্রয়োজন রয়েছে, না হলে পेटের সমস্যায় ভোগান্তি হতে পারে। পড়াশোনার দিকে সময়টা খুবই অনুকূল থাকবে, বিশেষ করে উচ্চশিক্ষার বিদ্যার্থীদের।

ককট রাশি : বিগত সময়ের তুলনায় ব্যবসায় এই সপ্তাহে প্রচুর পরিবর্তন লক্ষ করা যাবে। ব্যবসায় নতুন করে বিনিয়োগ করতে পারেন। মেশ্ব্যরে একটু ঠঠানামা দেখা যাবে, তবে খুব ঋারাপ ফল দেবে না। ব্যবসা-বাণিজ্যের কোনও গোপন তথ্য কাউকে বলবেন না। ঋণের অপেক্ষা এই সপ্তাহে শেষ হতে পারে। সরকারি চাকরিজীবদের এই সপ্তাহে খুব চাপ বৃদ্ধি পেতে পারে। দাঁরা জমি ক্রয়-বিক্রয় কারেন তাদের জন্য গোটা সপ্তাহটাই বেশ ভাল দেখা যাবে। নিজের শরীরের দিকে একটু নজরের প্রয়োজন রয়েছে। স্ত্রীর জন্য কোথাও সুনাম প্রাপ্তি।

সিংহ রাশি : আগে থেকে ভেবে রাখা কোনও কাজ এই সপ্তাহে সফল হতে পারে। বিনোদনের জন্য এই সময়টা বেশ অনুকূল থাকবে। ভাইয়ের সঙ্গে কোনও বোঝাপড়ায় এই সপ্তাহে যাবেন না। অংশীদারি ব্যবসায় লাভ দেখতে পাবেন। বিবাহিত জীবনে সন্দেহ নিয়ে নিজেদের মধ্যে বামেলা বাধতে পারে। বন্ধু আপনার জন্য বিশেষ কোনও সুখবর আনতে পারে। বাড়ির কারও ছোটখাটো শারীরিক সমস্যা দেখা দেবে, তা নিয়ে চিন্তা করার দরকার নেই। এই সপ্তাহে কাউকে আর্থিক সাহায্য করতে হতে পারে। বাড়িতে নতুন কিছু কেনার ইচ্ছা থাকলে সপ্তাহের শেষের দিকে কিনতে পারেন।

কন্যা রাশি : সন্তাহের প্রথমে ভাগ্য আপনার খুব বেশি সঙ্গ না দিলেও, শেষের দিকে ভাগ্যের সঙ্গ খুব ভাল পাবেন। আর্থিক সহায়তার প্রয়োজন হলেও, এই সন্তাহে কারও কাছ থেকে আর্থিক সাহায্য নেবেন না। অভিনয়ের সঙ্গে যুক্তদের শুভ সময় দেখা যাচ্ছে। বাবার চাকরি বিষয়ে কোনও গুরুত্বপূর্ণ কাজ করতে হতে পারে। পুরনো লগ্নি করা টাকা ফেরত পেতে পারেন। কোনও গুরুদায়িত্ব মুখ্য্য একে পড়তে পারে, এড়িয়ে যাবেন না। স্ত্রীর সঙ্গে সুন্দর মূহূর্তের সাক্ষী হতে পারবেন। সন্তানেরা বেশ বাধ্য থাকবে।

তুলা রাশি : এই সপ্তাহে আপনার কোনও গোপন রহস্য ফাঁস হয়ে যেতে পারে। সামাজিক কাজে নিযুক্ত হতে হবে। এই সপ্তাহে ভারসাম্য বজায় রাখা উচিত, একটু ভুলেই সমস্যা আসতে পারে। ছোটখাটো আর্থিক সমস্যা আসতে পারে। অপরিচিত কারও সঙ্গে বেশি কথা বলতে যাবেন না। কোনও মহিলার দ্বারা আপনি উপকৃত হবেন। উচ্চ কোনও ব্যক্তিত্বের সঙ্গে আলোচনায় উন্নতি। সন্তান একটু অমনোযোগী হয়ে উঠবে। সুগন্ধি বিক্রেতারার ব্যবসায় খুব বেশি লাভের আশা রাখতে পারেন। বাড়ির পরিবেশে আপনার পক্ষই থাকবে।

বৃশ্চিক রাশি : অন্য কোনও অঞ্চলে বিনিয়োগের ব্যবসায় বিশেষ সাবধানতা প্রয়োজন । সপ্তাহের প্রথম দিকে উচ্চ রক্তচাপ থাকলেও, শেষের দিকে আর এই সমস্যা থাকবে না । বাড়িতে এসে অফিসের কোনও বিষয়ে আলোচনা করা ঠিক হবে না । গর্ভবতী মহিলারা খুবই সাবধানে থাকুন, উচ্চ স্থানে উঠতে যাবেন না । মানুষের সেবায় নিজেকে বলিয়ে দিয়ে খুব শান্তি

পাবেন। এই সপ্তাহে পেটের সমস্যা দেখা দিতে পারে, বাইরের মুখরোচক খাবার এড়িয়ে চলাই ভাল হবে। ওষুধ বিক্রেতাদের এই সপ্তাহটা বেশ ভালই দেখা যাচ্ছে। মনের মতো বাড়ির কোনও জিনিস কিনতে পেরে খুব আনন্দ পাবেন।

ধনু রাশি : এই সপ্তাহে কাউকে নিজের ব্যক্তিগত জীবনে প্রবেশ করতে দেবেন না। ডায়াবেটিক রোগীরা ডাক্তারের পরামর্শ নিন। স্বপ্ন পূরণ করতে গিয়ে নিজের অজান্তেই কারও মনে দুষ্ট দায়ে ফেলবেন। মনের মতো প্রিয় বন্ধুর সঙ্গে সময় কাটাতে পারবেন। পোশাক বিক্রেতাদের জন্য অভাবনীয় সফল হবে এই সপ্তাহটা। দুঃসাহসিক কোনও কাজ এই সপ্তাহে করতে যাবেন না। কলেজের ছাত্রছাত্রীদের নিজের দক্ষতা দেখানোর সময়। বিজ্ঞাপন সংক্রান্ত কর্মের সঙ্গে যুক্তদের এই সপ্তাহটা বেশ ভাল। আইনি মামলায় জড়িয়ে পড়তে পারেন।

মকর রাশি : ঝুঁকিপূর্ণ কোণও কাজ
এই সপ্তাহে করতে যাবেন না। অপরের জন্য
অনেক করেও সুনামের পরিবর্তে বদনাম
পাবেন। সম্পত্তি নিয়ে মামলা এই সপ্তাহে জিতে
যেতে পারেন। কর্মক্ষেত্রে বিশেষ সুনাম বৃদ্ধি
পাবে। যারা আপনার প্রশংসা করতে চাইতেন
না, তাঁরা আপনার প্রশংসা আপনার সামনেই
করবে। শৃঙ্খলবাড়ি দিকে সম্মান বৃদ্ধি পাবে।
বাড়িতে কোনও মাসলিক কাজ হতে পারে।
তবে এই সপ্তাহে লক্ষ্যদ্রষ্ট হতে পারেন। লেখা-
পড়ায় বড় কোনও বাধা আসতে পারে। এই
সপ্তাহে আয় যেমন হবে, ব্যয় সেই তুলনায়
বেশি হবে।

কুস্ত রাশি : এই সপ্তাহে আপনার কোলাহল পছন্দ হবে না, কোনও নির্জন জায়গায় একা থাকতে ভাল লাগবে। বাড়িতে কোনও অন্তঃপুরের জন্য আত্মীয়দের সঙ্গে পুনঃমিলন হবে। পরিবারের মানুষদের সঙ্গে আনন্দ করে সময় কাটানোয় মনে খুবই শান্তি থাকবে। অফিসের কাজ নিয়ে একটি বিভ্রান্তিতে পড়তে হবে, সপ্তাহের শেষের দিকে এই সমস্যা কটে যাবে। বাইরে খাবার খেতে যাওয়ার পরিকল্পনা করতে পারেন। সম্পত্তি ভাগাভাগি নিয়ে বাড়িতে আলোচনা হতে পারে। বাড়িতে কোনও সদস্যের শরীর নিয়ে একটি চিন্তা হতে পারে।

মীন রাশি : এই সপ্তাহে বন্ধুর বাড়িতে কোনও অনুষ্ঠানে যোগদান করতে হতে পারে। অফিসের কাজে বিশেষ মনোযোগ দরকার। কিছু ভুল হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। নিজের ভাগ্যের বদল নিজেই অনুভব করতে পারবেন। মান খুব কষ্টল থাকবে, ধ্যানেয় মাধ্যমে শান্ত করার প্রচেষ্টা করতে হবে। কোনও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ আসতে পারে। বাড়িরবর সাজানোর জন্য খরচ হতে পারে। এই সপ্তাহে কোনও ডাক্তারি পরামর্শকে অবহেলা করা যাবে না। ত্রীর সৌভাগ্যে আপনার কোনও বড় সুযোগ আসতে পারে।

ভারত-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি চূড়ান্তের কাছাকাছি: রুবিও

ততটাই কাছাকাছি।” তার আশা, বাকি বিষয়গুলোর সমাধান হলে শিগগিরই চুক্তির ঘোষণা দেওয়া এবং পরবর্তী সময়ে তা স্বাক্ষর করা সম্ভব হবে।

ভারতকে যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ও কৌশলগত অংশদার হিসেবে উল্লেখ করে রাবও বলেন, বিশ্বের সর্বাধিক জনবহুল দেশ ও বৃহত্তম গণতন্ত্র হিসেবে ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুই দেশের মধ্যে বাণিজ্যিক যোগাযোগের পাশাপাশি প্রতিরক্ষা সহযোগিতাও রয়েছে। তিনি চার দেশের কৌশলগত জোঁট কোয়োট ভারতের ভূমিকার কথাও ভুলে ধরেন। এই জোঁটে যুক্তরাষ্ট্র, ভারত, জাপান ও অস্ট্রেলিয়া রয়েছে।

দুই দেশের মধ্যে প্রস্তাবিত বাণিজ্য চুক্তি দাখান ধরে আলোচনায় রয়েছে। যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ এবং রাশিয়া থেকে ভারতের তেল কেনার বিষয়টি দ্বিপাক্ষীয় সম্পর্কে মতপার্থক্য তৈরি করেছে। রুবিও বলেন, মার্কিন পররাষ্ট্র দপ্তর সরাসরি বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা পরিচালনা না করলেও এ বিষয়ে যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট কর্মকর্তারা ঘনিষ্ঠভাবে যুক্ত রয়েছেন।

এদিকে ইউক্রেনের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক নিয়ে প্রশ্নের জবাবে রুবিও জানান, মঙ্গলবার ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে তাঁর ৪৫ মিনিটের টেলিফোনে কথা হয়েছে। তিনি দাবি করেন, ইউক্রেনের সঙ্গে গোয়েন্দা তথ্য বিনিময় বন্ধ বা পরিবর্তনের কোনো নির্দেশ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেননি। ইউক্রেনকে ইচ্ছাকৃতভাবে সহায়তা থেকে বঞ্চিত করা হচ্ছে—এমন অভিযোগও তিনি প্রত্যাখ্যান করেন।

গোয়েন্দা তথ্য বিনিময় প্রসঙ্গে রুবিও বলেন, প্রেসিডেন্ট এ ধরনের কোনো পরিবর্তনের নির্দেশ করেননি। তবে ইউক্রেনের জন্য ইউরোপীয় দেশগুলোর অর্থায়নে কেনা আকাশ প্রতিরক্ষাব্যবস্থার কিছু ইন্টারসেস্টার ফ্রিগাঙ্ক সরবরাহে বিলম্বের সম্ভাবনা তিনি স্বীকার করেন। এসব অস্ত্র ন্যাটো-সমর্থিত প্রায়োরিটাউজড ইউক্রেন রিকোয়ারমেন্টস লিস্ট বা পিইউআরএল কর্মসূচির আওতায় কেনা হয়েছিল।

রুবিও বলেন, বিভিন্ন দেশের প্রতিরক্ষা চাহিদা এবং ইউরোপ ও মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক ঘাঁটির নিরাপত্তার বিষয় বিবেচনা করে অস্ত্র সরবরাহের সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। ইউক্রেনের চাহিদার পাশাপাশি যুক্তরাষ্ট্রের নিজস্ব প্রতিরক্ষা প্রয়োজনীয়তা এবং অন্যান্য অংশীদারের প্রতিও ওয়াশিংটনের দায়বদ্ধতা রয়েছে। তিনি বলেন, বিশ্বজুড়ে ইস্টারসেন্টর ক্ষেপণাস্ত্রের চাহিদা অত্যন্ত বেশি। এসব অস্ত্র তৈরি ব্যয়বহুল এবং উৎপাদনপ্রক্রিয়াও সময়সাপেক্ষ। তবে যুক্তরাষ্ট্রে উৎপাদন বাড়ছে বলে জানান তিনি।

রাশিয়ার সম্ভাব্য হামলার আগাম সতর্কবার্তা ইউক্রেনের কাছে পৌঁছানো এবং সেসব তথ্যের ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে ১৩ ও ১৮ অক্টোবর কোনো প্রযুক্তিগত সমস্যা হয়েছিল কি না।

বাড়ী ক্রয়-বিক্রয় ও ভাড়া
Residential, Commercial, Investment,
Hud, Auction & Bank Owned
Property available in Queens,
Bronx, Brooklyn & Long Island

আপনার বাড়ী বিক্রয়
ও ভাড়ার জন্য
আজই কল করুন
347-465-3220


SILVER
Crown 22
First Real Estate Inc.
 LICENSED REAL ESTATE BROKER

141-37 Grand Central Pky.
 Jamaica, NY 11435
 Tel: 718 752-2100


kamruz Zaman Bachchu
 (Licensed Real Estate Salesperson)
kamruzbaccu@aol.com

[illegible]

GLOBAL
Tours & Travel

**BOOK YOUR FLIGHT
WITH OUR OTA**

www.globaltravelbd.com

"We provide 24/7 customer support"

Special Fare
September - October - November

\$500 + Tax One-Way	\$900 + Tax Round Trip
-------------------------------	----------------------------------

FLIGHT VISA HOTEL

\$300 OFF

Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel

* Minimum \$10000 cash purchase required

এক যুগেরও বেশি সময় ধরে বাড়ি কেনা-বেচার বিশ্বজ্ঞ রিয়েলটর

WINZONE REALTY INC.
 Licensed Real Estate Broker

Direct: 917-302-0443
 Email: malimon10@gmail.com
 Off: 81-15 Queens Blvd, 2Fl
 Elmhurst, NY 11373
 Tel: 718-899-7000 Fax: 718-899-2000
www.WinzoneRealty.com

Mohammad Ali
 Licensed R. E. Salesperson

Ma Travel Agency

মা ট্রাভেল এজেন্সী



গুমরা প্যাকেজ করা হয়

Nabila Air Travel Services Inc.

(Domestic & International Air Ticketing)



Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

37-22 73rd Street 2G Jackson Heights NY 11372



Mohammad Abul Kalam Azad

Cell: 917 478 6131

USA Cell: 917-478-6131

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



GOLDEN AGE

HOME CARE

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE**
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে **HOME CARE** সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: **718-775-7852**
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com



JACKSON HTS OFFICE

71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE

3789 East Tremont Avenue
Bronx, NY 10485
Ph: 347-448-5883, Fax: 347-275-8834

HILLSIDE AVE. OFFICE

170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

BROOKLYN OFFICE

516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

নিউইয়র্কে চ্যানেল আই 'বেস্ট সিঙ্গার' সম্মাননা পেলেন রন্ডি দাশ

আন্তর্জাতিক অঙ্গনে আবারও সম্মানিত হলেন বাংলাদেশের সংগীতশিল্পী রন্টি দাশ। যুক্তরাষ্ট্রে চ্যানেল আইয়ের জন্মদিন উপলক্ষে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে ‘বেস্ট সিঙ্গার’ (সেরা গায়িকা) পুরস্কারে ভূষিত হয়েছেন তিনি। গত ১৮ অক্টোবর নিউইয়র্কের একটি হল জমকালো আয়োজনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে রন্টি দাশের হাতে সম্মাননা তুলে দেন সফল নারী দোদোজা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব কোনো রেজা।

চ্যানেল আইয়ের জন্মদিন উদযাপন উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে রন্টি দাশের এই স্বীকৃতি তাঁর সংগীতজীবনের জন্য একটি উল্লেখযোগ্য অর্জন। এ সম্মাননার মধ্য দিয়ে আন্তর্জাতিক পরিমলে বাংলা গানের প্রতিনিধিত্বে তাঁর অবস্থানকে আরও এক ধাপ এগিয়ে নিলেন। দীর্ঘদিন ধরে বাংলা সংগীতের বিভিন্ন ধারায় কাজ করছেন রন্টি দাশ। আধুনিক গান, লোকসংগীত ও চলচ্চিত্রের গানে তাঁর সাবলীল উপস্থিতি শ্রোতাদের কাছে তাঁকে আলাদা পরিচিতি দিয়েছে।

আবেগময় কণ্ঠ, সুরের প্রতি সংবেদনশীলতা এবং নিজস্ব পরিবেশনাসৈলীর কারণে তিনি সংগীতপ্রেমীদের কাছে সমাদৃত।



২০০৬ সালে জনপ্রিয় টেলিভিশন সংগীত প্রতিযোগিতা 'ক্লাজআপ ওয়ান: তোমাকেই খুঁজছে বাংলাদেশ'-এ অংশগ্রহণের মাধ্যমে ব্যাপক পরিচিতি পান রব্বি দাশ। প্রতিযোগিতার মঞ্চ থেকে শুরু হওয়া তাঁর সংগীতযাত্রা পরবর্তী সময়ে বিস্তৃত হয়েছে অডিও গান, মঞ্চ পরিবেশনা ও চলচ্চিত্রের প্লেব্যাক পর্যন্ত। বিভিন্ন ধরনের গানে কাজ করার অযিচ্ছতা তাঁর শিল্পীসত্তাকে করেছে আরও বৈচিত্র্যময়। চলচ্চিত্রের গানেও রয়েছে তাঁর উল্লেখযোগ্য অবদান। বাংলাদেশের বেশ কয়েকটি চলচ্চিত্রে প্লেব্যাক করেছেন তিনি। এর মধ্যে রয়েছে 'শুভ বিবাহ', 'খোঁজ: দ্য সার্চ', 'দ্য স্পিড' ও 'বস্তির ছেলে কোটিপতি'। তাঁর পরিচিত গানগুলোর মধ্যে রয়েছে 'দেখো আমারি খুশিতে', 'হ্যাঁলা বৃষ্টি', 'হৃদয় যেখানে', 'রু', 'উড়ালিয়া', 'ডাকাতি', 'একেশা' ও 'অভিমান'। ২০১৪ সালে প্রকাশিত 'দেখো আমারি খুশিতে' এবং ২০১৭ সালের একক গান 'ডাকাতি' শ্রোতাদের মধ্যে সাড়া ফেলে। বিভিন্ন ধারার গানে অংশগ্রহণের মধ্য দিয়ে তিনি শ্রোতাদের কাছে নিজের স্বতন্ত্র পরিচিতি গড়ে তুলেছেন।

চট্টগ্রামে জন্ম নেওয়া রাস্তা দাশের সংগীতচর্চার শুরু শৈশব থেকেই। পারিবারিক উৎসাহ ও সহযোগিতায় তাঁর সংগীতচর্চার সূচনা। তাঁর বাবা সুন্দর কান্তি দাশ ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন এবং মা লাকী রানী দাশ একটি বহুজাতিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। শৈশবের সেই আত্মহই পরবর্তী সময়ে তাঁকে পেশাদার সংগীতজীবনের পথে এগিয়ে নিয়ে যায়। শিশু সংগীত প্রতিযোগিতা ‘নতুন কুড়ি’ তে ২০০২ সালে বিজয়ী হওয়ার পাশাপাশি ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত টানা ছয়টি জাতীয় পুরস্কার অর্জন করেন - যা তাঁর অসাধারণ প্রতিভার প্রমাণ বহন করে।



সংগীতচর্চার পাশাপাশি নতুন প্রজন্মকে গান শেখানোর উদ্যোগ নিয়েছেন রন্টি দাশ। সম্প্রতি রন্টি দাশ নিউইয়র্কে প্রতিষ্ঠা করেছেন “রন্টি’স মিউজিক কিচেন” নামে ব্যতিক্রমী সংগীত বিদ্যালয়। এখানে শেখানো হয় ক্লাসিক্যাল, নজরুল, রবীন্দ্র, দেশাত্মবোধক, আধুনিক ও লোকসংগীতসহ নানা ধারার গান। রয়েছে বিশেষ ভয়েস ট্রেনিং কোর্স এবং অনলাইন ও সরাসরি প্রশিক্ষণের ব্যবস্থা। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিনা মূল্যে সংগীত শেখানোর উদ্যোগও রয়েছে বিদ্যালয়টির, যা তাঁর সামাজিক দায়বদ্ধতার পরিচয় বহন করে। চলতি বছর আন্তর্জাতিক পরিমন্ডলে আরও একটি উল্লেখযোগ্য সম্মাননা অর্জন করেছেন রন্টি দাশ। ‘চার্লিউড অ্যাওয়ার্ড ২০২৬’-এ অর্জিত এই স্বীকৃতি তাঁর সংগীতযাত্রায় নতুন মাত্রা যোগ করেছে। পরপর এমন সম্মাননা অর্জন তাঁর সংগীতজীবনের সাফল্যকে নতুন করে আলোচনায় নিয়ে এসেছে

ব্যক্তিগত জীবনে রম্ভি দাশ দুই সন্তানের জননী। তাঁর মেয়ে আরশি ও ছেলে শাহবাজ স্বামী সাঈদ রহমান জনপ্রিয় ব্যান্ড 'নোঙর'-এর গিটারিস্ট ও ভোকালিস্ট। বর্তমানে পরিবারসহ নিউইয়র্কে বসবাস করছেন এই শিল্পী। সংগীতের মধ্য দিয়ে বাংলা গান ও বাংলাদেশের সংস্কৃতিতে আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরার লক্ষ্যেই এগিয়ে চলেছেন তিনি।
আশরাফুল হাবিব মিহির

ওয়ার্ল্ড হিউম্যান রাইটস
ডেভেলপমেন্ট -এর নব-
নিযুক্ত সাধারণ সম্পাদক
ড. সাদিয়া আফরিন এরা

নিউইয়র্ক গুয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ-এর নবনিযুক্ত সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন ড. সাদিয়া আফরিন এরা। মানবাধিকার, মান-বিক সেবা ও সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে তাঁর অবদান, আন্তর্জাতিক এবং নেতৃত্বের প্রতি আস্থা রেখে সংগঠনটি তাঁকে এ গুরুত্বপূর্ণ দায়িত্বে মনোনীত করেছে।

ড. সাদিয়া আফরিন এরা একজন উদ্যোক্তা, মানবিক সেবাকর্মী ও কমিউনিটি নেতা। সংগঠনের সভাপতি শাহ শহীদুল হক আশা প্রকাশ করেছেন যে, ড. সাদিয়া আফরিন এরা তাঁর গতিশীল নেতৃত্ব, উদ্ভক্ততা ও মানবিক দৃষ্টিভঙ্গির মাধ্যমে সংগঠনের কর্মক্রমকে আরও গতিশীল করবেন। তাঁর নেতৃত্বে বিশ্বব্যাপী মানবাধিকার প্রতিষ্ঠা, সুবিধাবঞ্চিত মানুষের অধিকার রক্ষা এবং মানবিক মর্যাদা ও ন্যায়বিচারের মূল্যবোধ সমুন্নত রাখার প্রচেষ্টা আরও জোরদার হবে বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন।

ড. সাদিয়া আফরিন এয়ার উল্লেখযোগ্য স্বীকৃতি মধ্যে রয়েছে ২০২৪ টকা চব্বংরফবহঃ খরভবরগরস অপরবাবসবহঃ অধিৎফ এবং ঞবব চষগররস "ডযড্ ডযড্" টষগরসধব অপরবাবসবহঃ অধিৎফ, যা তাঁর পেশাগত ও সামাজিকবামূলক অবদানের স্বীকৃতি হিসেবে তাঁর জীবনীতে উল্লেখ করা হয়েছে। তাঁর মানবিক উদ্যোগের মধ্যে বাংলাদেশে এতিম শিশুদের সহায়তা এবং তিনটি মসজিদ নির্মাণে ব্যক্তিগত অবদানের কথাও জীবনীতে তুলে ধরা হয়েছে।

ওয়াশিংটন ডি.সি.তে অনুষ্ঠিত হওয়া 'হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ' মানবাধিকার, ন্যায়বিচার, মানবিক মর্যাদা, শান্তি এবং সুবিধাবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠায় তার কার্যক্রম অব্যাহত রাখবে। সংগঠনটি আশা করে, ড. সাদিয়া আফরিন এর নেতৃত্বে মানবাধিকার সুরক্ষা, সামাজিক উন্নয়ন এবং কমিউনিটির কল্যাণে নতুন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের সুযোগ আরও প্রসারিত হবে।

নবনিযুক্ত সাধারণ সম্পাদক ড. সাদিয়া আফ-
রিন এরা কে সংগঠনের পক্ষ থেকে আন্তরিক
শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হচ্ছে।



ফিলিস্তিনিদের অধিকারের প্রতি বাংলাদেশের সমর্থন: আইরিন খান

অবৈধ দখলদারত্ব, বসতি সম্প্রসারণ, জোরপূর্বক বাস্তুচ্যুতি ও মানবাধিকার লঙ্ঘন বন্ধে জাতিসংঘ নিরাপত্তা পরিষদকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

শুক্রবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে নিরাপত্তা পরিষদের 'মহাপ্রাচ্যের পরিস্থিতি, বিশেষ করে ফিলিস্তিন প্রশ্ন' শীর্ষক উন্মুক্ত বিতর্কে বক্তব্য প্রদানকালে রাষ্ট্রদূত আইরিন খান এ আহ্বান জানান।

গাজায় ব্যাপক ধ্বংসযজ্ঞের তীব্র নিন্দা জানিয়ে তিনি ফিলিস্তিনি ভূখণ্ডে ভূমি দখল, সহিংসতা ও অবৈধ ইসরায়েলি বসতি সম্প্রসারণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, পশ্চিম তীর ও পূর্ব জেরুজালেমসহ ফিলিস্তিনের অন্যান্য অঞ্চলে ইসরায়েলের এসব কর্মকাণ্ড আন্তর্জাতিক আইন ও জাতিসংঘের প্রস্তাবের সম্পৃষ্ট লঙ্ঘন।

রাষ্ট্রদূত আইরিন খান বলেন, 'নিরাপত্তা পরিষদের অচলাবস্থা ইসরায়েলকে দায়মুক্তির সুযোগ করে দিয়েছে।' তিনি অবিলম্বে ভূমি সংযুক্তিকরণ, অবৈধ বসতি সম্প্রসারণ, জোরপূর্বক বাস্তুচ্যুতি ও মানবাধিকার লঙ্ঘন বন্ধ এবং দায়ীদের জবাবদিহি নিশ্চিত করতে নিরাপত্তা পরিষদের দৃঢ় পদক্ষেপের ওপর গুরুত্বারোপ করেন।

ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের ত্রাণ ও কর্মসংস্থান সংস্থা (ইউএনআরডব্লিউএ)-এর কার্যক্রম অব্যাহত রাখা এবং সংস্থাটির দায়িত্ব ও কার্যপরিধির প্রতি পূর্ণ সম্মান প্রদর্শনের আহ্বান জানান তিনি।

সিরিয়া ও লেবাননে ইসরায়েলি হামলা ও দখলদারত্বের নিন্দা জানিয়ে তিনি লেবাননে জাতিসংঘের পর্যাপ্ত উপস্থিতি বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন এবং এ ক্ষেত্রে বাংলাদেশের সহযোগিতার প্রস্তাব দেন। পাশাপাশি সৌদি আরবের বিমানবন্দরগুলোতে হতিদের প্রাণঘাতী হামলায় বাংলাদেশি অভিযাত্রী কর্মীসহ বেসামরিক নাগরিকদের হতাহতের ঘটনায় তাঁর নিন্দা জানান।

শান্তির সংস্কৃতি প্রতিষ্ঠায় বাংলাদেশের অঙ্গীকার পূনর্ব্যক্ত করে রাষ্ট্রদূত আইরিন খান মধ্যপ্রাচ্যে বৃহত্তর সংঘাত এড়াতে সংশ্লিষ্ট সব পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন, বেসামরিক নাগরিকদের সুরক্ষা এবং আন্তর্জাতিক মানবিক আইন মেনে চলার আহ্বান জানান। একই সঙ্গে আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও আইনের শাসন নিশ্চিত করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদকে তার দায়িত্ব যথাযথভাবে পালনের আহ্বান জানান তিনি। (প্রেস বিজ্ঞপ্তি)



Hi Line Travel & Tours Inc.

আপনার স্বপ্নের যাত্রার জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

DOMESTIC & INTERNATIONAL



Lowest Fare on Flights

LOWEST
GUARANTEED
PRICES

OPEN
7 DAYS

- 100% Seat Confirm
- Cheapest Domestic & International Air Ticket
- Authorized Agent of over 110+ Airlines
- স্বপ্নের পোষার জগতে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
- আমরা সকল এয়ারলাইনের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।



Shaymal Sharma
CEO








72-08 Broadway
Jackson Heights
NY 11372.

☎ **718-898-0939**
917-285-4804

hilinetraveltours@gmail.com



Tax & Immigration Services



Mohammed Pier
 Tax, Real Estate, Estate Planning,
 Visa/Immigration & Consulting Public
 (Call) (917) 478-8333

Tax

Immigration

Real Estate

Wills/Trusts

Retirement

Income Tax
 Income Tax Services & Client Payment
 (Weekly, Bi-weekly, & 1040/1099 Filing)

Immigration Services
 Citizenship & Family Reunification
 & Naturalization Services & all forms available

Real Estate
 For Buying & Selling Houses
 Mortgage Services



PIER TAX AND EXECUTIVE SERVICES

27-18, 70 Street, Suite # 202, Jackson Heights, NY 11375
 Tel: (718) 332-6881 Cell: (917) 478-8333 Fax: (718) 332-6882
info@piertaxandexecutiveservices.com



Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- **Tax Preparation**
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Represent Taxpayers before the IRS / State Tax Authority**
- **Accounting**
Payroll, Sales Tax, etc.
- **Immigration**
(No Legal Advice)
- **New Business Setup & more...**



Wasi Choudhury, EA

Admitted to Practice before the IRS

সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রাস্টি
বাংলাদেশ সোসাইটি ইনক

Tel: 718-440-6712
718-205-3460

Fax: 718-205-3475

Email: wasichoudhury@yahoo.com



ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে
বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ /
নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয়
অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

Thinking of Buying / Selling your Real Estate?
আপনার বাড়ি কিনতে বা বিক্রয় করতে যোগাযোগ করুন
Please Call: 718-809-3809

আপনার Property: প্রাইম ল্যান্ড, বকিং হাউস, অফিস/বিশ্রাম
 স্টোর বা *Parlour*, গারজ, কনক্রিট লুট, স্ট্যান্ডার্ড ড্রাইভওয়ে

Century 21 American Home & Estate
Associate Broker
 (200) 433-8888, (718) 809-3809
 4000 Old Country Road, Suite 200, Elmhurst, NY 11373
 Fax: 1-516-433-8824
 Email: Realstatebodi@gmail.com



Rob Choudhury
Vice President
 Long Island Board of Realtors.
 Board of Director,
 New York State Association of Realtors.
 Board of Director,
 National Association of Realtors, USA.

76-26 Broadway, Elmhurst, 11373, Direct: 1-718-809-3809



অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



নিউইয়র্কে দশমীতে প্রতিমা বিসর্জনের মাধ্যমে শারদীয় দুর্গোৎসবের সমাপ্তি

ঢাকা ও কলকাতা সহ স্থানীয় শিল্পীদের মনমাতানো গানের অনুষ্ঠান। আঞ্চলিক সঙ্গীত, সিলেটের জনপ্রিয় ধামাল নৃত্য এবং কাঠি নৃত্য ছিলো উপভোগের। শেষ দিন বিজয়া দশমীতে মহিলাদের সিঁদুর খেলা ও একে অপরের সাথে শুভেচ্ছা বিনিময়।

এবার নিউইয়র্কের পূজার উল্লেখযোগ্য আয়োজকরা হলেন, বাংলাদেশ হিন্দু মন্দির, ওম শক্তি মন্দির, দিব্যধামে সার্বজনীন পূজা উদযাপন পরিষদ, কুইন্স প্যালেসে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, -ঢাকা ক্লাবে হিন্দু মিশন মেলা, ডাইবারসিটি প্লাজায় বেঙ্গলী ক্লাব, জ্যামাইকায় মহামায়া মন্দির, রিচমন্ডহীলে মতুয়া হরি মন্দির, জ্যামাইকায় শ্রীকৃষ্ণ ভক্ত সংঘ ও টাইমস স্কয়ারে বেঙ্গলী ক্লাব ও ফ্লোরাল পার্কে দেবালয় মন্দির, জ্যামাইকায় শিব মন্দির ও প্রতি বছরের মতো এবারো তিথিমত মন্দির ও প্রতিষ্ঠানের মন্ডপে দুর্গোৎসব পালিত হয়। ১৫ই অক্টোবর থেকে ষষ্ঠী পূজা দিয়ে শুরু করে ২০ই অক্টোবর শনিবার ছিলো শেষদিন অর্থাৎ বিজয়া দশমী।

নিউইয়র্কের প্রতিটি পূজায় ধর্মপ্রাণ হিন্দুদের সমাগম ঘটে বিপুল সংখ্যায়। পাশাপাশি বাংলাদেশী মুসলিম সম্প্রদায়ের অনেকেই পূজার আনন্দ উপভোগ করতে মন্ডপে মন্ডপে যায়। প্রবাসের বিভিন্ন সংগঠন যেমন বাংলাদেশ সোসাইটি, চট্টগ্রাম সমিতি, জালালাবাদ এসোসিয়েশন সহ অনেক সামাজিক সংস্কৃতির সংগঠন হিন্দু সম্প্রদায়ের সার্বজনীন শারদীয় দুর্গোৎসব উপভোগ করে।

নিউইয়র্ক শহর ছাড়াও পার্শ্ববর্তী রাজ্য নিউজার্সি, পেনসেলভেনিয়া, ক্যানেকটিকার থেকেও অনেকেই নিউইয়র্ক শহরে পূজা দেখতে আসে। উত্তর আমেরিকায় কানাডাসহ প্রায় শতাধিক দুর্গাপূজার খবর পাওয়া গেছে। আমেরিকায় লস এনজেলস্, শিকাগো, বোস্টন, ওয়াশিংটন, টেক্সাস, মিশিগান, ম্যারিল্যান্ড, ভার্জিনিয়া, জর্জিয়া সহ ফ্লোরিডায় অনেক দুর্গোৎসব অনুষ্ঠিত হয়। নিউইয়র্ক সিটির টাইমস স্কয়ারের দুর্গাপূজা সহ অন্যান্য সংগঠন ও মন্দিরে পূজায় বিদেশী নাগরিকদের আনন্দ করতে দেখা গেছে। নতুন প্রজন্মের আমেরিকান-বাংলাদেশী তরুণ কিশোর-কিশোরীদের রং-বেরং-এর শাড়ী ও পাঞ্জাবী পরিহিত রঙিন বেশে উৎফুল্ল ও আনন্দমুখর দেখা গেছে। সংক্ষিপ্ত আকারে বিভিন্ন সংগঠনের পূজার বিবরণ দেয়া হল।

বাংলাদেশ হিন্দু মন্দির-----

বাংলাদেশ হিন্দু মন্দির। নিউইয়র্ক-এ বাংলাদেশী হিন্দুদের প্রথম ও প্রধান ধর্মীয় প্রতিষ্ঠান হিন্দু মন্দির। কুইন্সের করোনা এলাকায় হিন্দু মন্দিরে পাঁচদিনব্যাপী দুর্গোৎসবে বিপুল দর্শকের সমাগম হয়। বাংলাদেশ হিন্দু মন্দিরের সভাপতি ডা. দেবব্রত দত্ত সকল ভক্তদের ধন্যবাদ জানায়। পূজায় পৌরহিত্য করেন শংকর পারিয়াল ও স্বপন কুমার চ্যাটার্জী।

সার্বজনীন পূজা উদযাপন পরিষদ-----

উড সাইডের গীতা সংঘের মন্দিরে সার্বজনীন পূজা উদযাপন পরিষদ প্রতিবারের ন্যায় দুর্গাপূজার আয়োজন করে। এখানেও প্রতিদিন শত শত মানুষের পদচারণায় মুখর হয়ে উঠে। পৌরহিত্য করেন জগদীশ ব্রহ্মচারী। সংগঠনের প্রতিষ্ঠাতা প্রবীর রায় সকল ভক্তদের শুভেচ্ছা জানান। সংগঠনের সভাপতি প্রভাষ চন্দ্র মন্ডল ও সাধারণ সম্পাদক বিজয় বিশ্বাস আগত ভক্তদের ধন্যবাদ জানায়।

জ্যাকসন হাইটসের ডাইবারসিটি প্লাজা-----

জ্যাকসন হাইটসের ডাইবারসিটি প্লাজায় প্রতিবারের মত এবারো সুন্দর পরিবেশে শারদীয় দুর্গোৎসব পালিত হয়। এখানে ভক্তরা দলে দলে যোগদান করে। বিপুলসংখ্যক বাংলাদেশী মুসলিম সম্প্রদায়ও এই পূজা উপভোগ করে। বেঙ্গলী ক্লাব-এর আয়োজনে এই পূজার সভাপতি দীনেশ মজুমদার সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানায়।

শ্রীকৃষ্ণ ভক্ত সংঘ-----

শ্রীকৃষ্ণ ভক্ত সংঘের শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হয় জ্যামাইকায় তাদের নিজস্ব মন্দিরে। ১৬২নং সিটির মন্দিরে শত শত দর্শক ও ভক্তের আগমন ঘটে। পাঁচদিনের পূজায় ধর্মীয় আচার-অনুষ্ঠান ছাড়াও প্রসাদ বিতরণ ও স্থানীয় শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিলো। শ্রীকৃষ্ণ ভক্ত সংঘের কর্মকর্তারা সকল ভক্তদের শুভেচ্ছা ও ধন্যবাদ জানায়।

শিব মন্দির-----

জ্যামাইকার অপর বাংলাদেশী প্রতিষ্ঠান শিব মন্দিরে বিপুল উৎসাহ-উদ্দীপনায় শারদীয় দুর্গোৎসব পালিত হয়। পাঁচদিনের পূজায় শতশত ভক্তের সমাগম হয়। পূজা-অর্চনার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠান ও ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ ছিলো উল্লেখযোগ্য। মহামায়া মন্দিরের সভাপতি ডা. সমীর সরকার আগত ভক্তদের প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে আপ্যায়ন করে।

শ্রীহরি মন্দির

রিচমন্ডহীলের শ্রীহরি মন্দিরের দুর্গোৎসব অন্যরকম মেজাজে অনুষ্ঠিত হয়। অনেকাংশে দেশের অনুভূতি পাওয়া যায় এই মন্দিরে। বাংলাদেশের দক্ষিণাঞ্চলের মতুয়া সম্প্রদায়ের সংগঠন শ্রীশ্রীহ-রিচাউ গুরুচাঁদ আন্তর্জাতিক মতুয়া মিশন এই মন্দিরের প্রতিষ্ঠাতা। এই মন্দিরটি নিয়ে নিউইয়র্কে বাংলাদেশী হিন্দুদের মন্দিরের সংখ্যা প্রায় এক ডজন।

শ্রীহরি মন্দিরে ১৫ই অক্টোবর থেকে ২০ই অক্টোবর পর্যন্ত পাঁচদিন পূজা-অর্চনা চলে। হয় মতুয়া মেলাও। বিপুল সংখ্যক ভক্ত ও দর্শক প্রতিদিনই মন্দির প্রাঙ্গণে ভিড় জমায়। প্রসাদ বিতরণ এই মন্দিরের একটি বিশেষ আয়োজন। ১২ই অক্টোবর বিজয়া দশমীতে সিঁদুর খেলে ও মাতাম নৃত্য করে এ বছরের জন্য শারদীয় দুর্গাপূজার সমাপ্তি ঘটে।

নিউইয়র্ক হিন্দু টেম্পল-এ শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হয় জ্যামাইকায় তাদের নিজস্ব মন্দিরে। মন্দিরে শত শত দর্শক ও ভক্তের আগমন ঘটে। পাঁচদিনের পূজায় ধর্মীয় আচার-অনুষ্ঠান ছাড়াও প্রসাদ বিতরণ ও স্থানীয় শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিলো। ডা. সুভাষ শিকদার সকল ভক্তদের শুভেচ্ছা ও ধন্যবাদ জানায়।



ব্রুকলীন চার্চ ম্যাকডোনাল্ডে বাংলাদেশী ডাক্তার

SAYERA HAQUE, M.D

আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

সেবাসমূহ

এটেন্ডিং ফিজিসিয়ান, ই. আর, কনি আইল্যান্ড হাসপাতাল

আমাদের অফিসে
বিভিন্ন বিশেষজ্ঞ
ডাক্তার বসেন

- জেনারেল চেকআপ
- হাই কোলেস্টরল এজমা
- TLC/Motor Vehicle Exam
- শারীরিক পরীক্ষা
- ইকেজি
- ডায়াবেটিস
- বয়স্ক ভেস্ট্রিনেশন
- হাইপারটেনশন
- ব্লাড টেস্ট
- মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

We accept
most of the
Insurances

Haque Medical Office, PC

540 McDonald Ave., Brooklyn, NY-11218

"F" Train and Bus B35, B67

Tel: 718-633-5883/5800, 347-715-7593

Office Hours

TTuesday: 12pm-8pm
Thursday: 12pm-8pm
Saturday: 12pm-8pm
Friday: 1pm-5pm
Monday: 11am-6pm

আপনার কথা, আপনার ব্যথা বাংলায় বলুন, বাংলায় শুনুন



ডাঃ সমীর সরকার, এমডি

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন England & America তে প্রশিক্ষণপ্রাপ্ত

Triple Board Certified বিশেষজ্ঞ চিকিৎসক

Attending Physician - Jamaica Hospital

134-20 Jamaica Avenue, Jamaica, NY 11418

Tel: 718-206-6742



নিউইয়র্কে দুর্গাপূজা

বলে তো একটা কথা আছে? চাঁদা না দিলে পরে এনিয়ে কথা ওঠে, বলা হয়, চাঁদা দেয়না, কিন্তু প্রসাদ তো ঠিকই খায়? একটি মন্দির পলিসি নিয়েছে তারা কারো কাছে চাঁদা চাইবে না, এটি ভাল উদ্যোগ। ফোনে ফোনে চাঁদা তোলা বা বাড়ী গিয়ে চাঁদা তোলা আজকাল কমেছে, তবে বন্ধ হয়নি। পূজা করতে গেলে টাকা লাগবে, এটি সত্য। চাঁদা তো দিতে হবে, এটিও সত্য। কিন্তু এ প্রশ্নও ওঠে যে, মানুষের কাছে টাকা নিয়ে আপনাকে পূজা করতে বলছে কে? দুর্গাপূজা কি লাভজনক ব্যবসা? কারো কারো জন্যে তো বটেই, তবে লোকসান হলে এত পূজা হবার কোন কারণ নেই? এতে কি ধর্মের প্রসার হচ্ছে? আপনি যেকোন পূজায় যান, শ্রবণ, অনেক খরচ, দাদা এবার একটু বেশি দিন। গতবার আমাকে একজন বলেন, দাদা, সেই ১৯৯০ সালে ১শ' ডলার চাঁদা দিয়েছেন এখনো ১শ' তাই? তাদের কিভাবে বোঝাবো যে, ১৯৯০ সালে ছিলো ১টি পূজা, এখন ২০টি! একটি পূজা কমিটি'র এক নেতা আমাকে দেখলেই বলেন, 'দাদা, চাঁদা দেয়ার ভয়ে আমাদের পূজায় আসেনা'। কথাটা মিথ্যা নয়?

মন্দিরে দুর্গাপূজা হবে সেটি ঠিক আছে, কিন্তু বিভিন্ন পূজা কমিটি করে যে পূজা এবং প্রতিবছর পূজার সংখ্যা বাড়ছে কেন? হিন্দু বাড়ছে বলে পূজা বাড়তেই হবে? প্রতি পূজার কমিটি থাকে, এই কমিটি'র সদস্যদের চাঁদা দিয়েই পূজা হওয়া উচিত, জনসাধারণের কাছ থেকে চাঁদা নিয়ে নয়, ব্যবসায়ীদের বিজ্ঞাপন নেয়া যেতে পারে। পূজা মন্ডপগুলোতে রশিদ বই নিয়ে টেবিল পেতে বসটা একেবারে উঠে যাওয়া উচিত। চালাও খাওয়া-দাওয়ার ব্যবস্থাটা সীমিত হওয়াটা দরকার। ২০ টাকা চাঁদা দিয়ে খেয়ে আবার বাড়ীতে প্রসাদ নিয়ে যাওয়াটা দৃষ্টিকটু। আমার ধারণা পূজায় খাওয়া-দাওয়া সীমিত হলে খরচ কমে যাবে, মানুষের ভীড় কমবে। একই কথা কীর্তন বা অন্যান্য ধর্মীয় অনুষ্ঠানের জন্যে প্রযোজ্য। প্রসাদ হিসাবে শুধু ফলমূল দিন, খিচুড়ি দেয়া বন্ধ করুন, দেখুন কত মানুষ আসে? পাঠক, আমি কারো বিরুদ্ধে লিখছি না, এখন সময় এসেছে চিন্তা করার। আমরা কি করছি, কেন করছি? নতুন প্রজন্মের জন্যে এসব করছি? না, নতুন প্রজন্মকে আমরা টানতে পারছি কি? হ্যাঁ, তারা হয়তো স্বল্প সংখ্যক আসছে, মন্দিরগুলোতে তাদের উপস্থিতি কম কেন? আমরা যারা পূজা বা মন্দির কমিটি'র নেতানেক্ত্রী, তাদের ছেলেমেয়েরা অংশ নিচ্ছেনা কেন? নিউইয়র্কে প্রায় কুড়িটা দুর্গাপূজা হয়, এসব কমিটি'র প্রায় সকল নেতার বয়স চল্লিশো। নতুন প্রজন্মের একটি পূজাও নেই, এ ব্যর্থতা আমাদের।

আমি প্রায়শ: পূজা কমিটি'র নেতৃবৃন্দকে বলি, আপনারা প্রতি কমিটি প্রতি বছর বাংলাদেশে শুধুমাত্র একটি পরিবারের দায়িত্ব নিন, মাত্র ১হাজার ডলার দিয়ে একটি গরিব পরিবারকে স্বাবলম্বী করে তুলুন। কেউ সাড়া দেয়নি। এমনকি আমি দু'টি পূজা কমিটি'র সাথে জড়িত তারাও নন? এটি শুরু হলে শুধুমাত্র নিউইয়র্ক পূজা কমিটিগুলো বছরে ২০টি পরিবারকে স্বাবলম্বী করে দিতে পারে। ভাবুন, পুরো আমেরিকা বা পুরো বিশ্ব এটি শুরু করলে কি হবে? পূজা কমিটি'র নেতারা অনেকেই দেশে মানুষকে সাহায্য করে থাকেন। সমষ্টিগত সহায়তা ব্যক্তিগত সাহায্যের চেয়ে ঢের বেশি ভাল। নিউইয়র্কে প্রায় সকল মন্দিরেই শনিবার অনুষ্ঠান থাকে, এদের অনেক মন্দিরকেই আমি পরামর্শ দেই যে, অনুষ্ঠান শেষ আপনারা ৫মিনিট সময় দেশ ও বিশ্বের কথা ভক্তদের জানান। কেউ কথা রাখেনি। শুধু পরকালের কথা শুনিয়া লাভ কি, যদি ইহকাল যন্ত্রণার মধ্যে কাটে? সামাজিক মাধ্যমে ৯ই অক্টবর ২০২৬ দুপুর ১২:২০মিনিটে একটি পোস্টিং দেই যে, এবারের পূজায় শ্রোগান উঠুক, 'চিন্ময় প্রভুর মুক্তি চাই'। ১২ই অক্টবর ২০২৬ রাত ১০টায় দেখলাম তাতে ১২.২ হাজার লাইক পড়েছে, কমেট ১.৭হাজার। অসংখ্য কমেটে খুশি হবার কোন কারণ নেই, কারণ বাংলাদেশী একশ্রেণীর মুসলমান ব্যাপকভাবে কমেট করেছেন এবং সেগুলো প্রায় সর্বোশেষ নেতিবাচক। সাধারণ এ পোস্টে এত জঘন্য গালিগালাজ পড়তে পারে তা ভাবা যায়না। অধিকাংশ লাইক হিন্দুদের; সামান্য সংখ্যক মুসলমান লাইক ও ভাল মন্তব্য করেছেন, তাদের ধন্যবাদ। লন্ডনেও রাষ্ট্র সমাবেশে কিছু মুসলমান বাংলাদেশী পতাকা গায়ে দাবি করেছে তারা 'দিদির শাসন চায়' (মমতার)? দিল্লিতে কক্কাচদের বিক্ষোভে বাংলাদেশীদের উৎসাহের কোন কমতি নেই, তারা প্রতিদিন মোদিকে ফেলে দিচ্ছেন। সৌদিতে দুই বাংলাদেশীর হত্যাকাণ্ড দু:খজনক। একই সময়ে সৌদি আরব নবীকে অবমাননার জন্যে একজন শ্রীলংকান নাগরিকের মৃত্যুদণ্ড বাতিল করেছে। এই দু'টি ঘটনা কি বলছে? সামাজিক মাধ্যমে একজন প্রশ্ন করেছেন, সৌদিতে দুই বাংলাদেশীর মৃত্যুদণ্ড কার্যকর এবং বাংলাদেশে উন্মত্ত জনতা ভালুকায় দিপু চন্দ্র দাসকে পিটিয়ে হত্যা করে গাছে বুলিয়ে হাজারো কণ্ঠে 'আল্লাহুআকবার' বলে পুড়িয়ে মেরেছে, এ দু'টি ঘটনার মধ্যে কোনটি বেশি বর্বর? **শিতাংশু গুহ, ২০ অক্টবর ২০২৬, নিউইয়র্ক।**

মানবতাবিরোধী অপরাধের বিচার নিয়ে মতবিনিময় সভা

নিউইয়র্কের জ্যামাইকায় গত ১৬ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় প্যাট্রিয়টস অব বাংলাদেশের উদ্যোগে "মানবতাবিরোধী অপরাধের বিচারের অগ্রগতি ও সংকট" শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বাংলাদেশের বিচারব্যবস্থা, মানবাধিকার, গণতন্ত্র, রাষ্ট্রীয় জবাবদিহিতা, আইনের শাসন ও আধিপত্যবাদবিরোধী জাতীয় অবস্থান নিয়ে আলোচনা হয়। নিউইয়র্কের বিভিন্ন সামাজিক, রাজনৈতিক, মানবাধিকার ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা এতে অংশ নেন।

প্যাট্রিয়টস অব বাংলাদেশের উদ্যোক্তা আবদুল কাদেরের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পাশাপাশি নিউইয়র্কের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, মানবাধিকার ও পেশাজীবী সংগঠনের নেতা

বিশেষ অতিথি ছিলেন সিটি ইউনিভার্সিটি অব অনুষ্ঠানে প্যাট্রিয়টস অব বাংলাদেশের পক্ষ থেকে প্রধান অতিথিকে বিশেষ সম্মাননা স্মারক (ট্রিড-নিউইয়র্কের সাবেক সিনেটর-অ্যাট-লার্জ শোয়াইবউৎখুঁরু ঝাড়াবহরং ঈংবংং) প্রদান করা হয়। বাংলাদেশের ন্যায়বিচার, মানবাধিকার, সামাজিক

আহমেদ ভূইয়া। সচেতনতা ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে অবদান এবং অনুষ্ঠানে মূল্যবান সময় দেওয়ার স্বীকৃতি

মোহাম্মদ তাজুল ইসলাম ট্রাইব্যুনালে দায়িত্বভার গ্রহণ এই সম্মাননা দেওয়া হয়। আয়োজকরা মোহাম্মদ তাজুল ইসলাম, শোয়াইব আহমেদ

পালনকালের অভিজ্ঞতা, মানবতাবিরোধী অপরাধের ভূইয়াসহ সব অতিথির প্রতি কৃতজ্ঞতা ও অভিনন্দন জানান। বিচারপ্রক্রিয়া, বিচারিক চ্যালেঞ্জ এবং ন্যায়বিচার প্রতিষ্ঠার গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তাঁর বক্তব্যে শেখ হাসিনার শাসনামলে সংঘটিত বলে অভিযোগ ওঠা মানবাধিকার লঙ্ঘন, দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও রাজনৈতিক নিপীড়নের বিচার এবং জবাবদিহির প্রসঙ্গও উঠে আসে। অংশগ্রহণকারীরা আইনের শাসন ক্ষেত্রে তাঁর দীর্ঘ পেশাগত অভিজ্ঞতা ও ভূমিকার প্রতি শ্রদ্ধা জানান।

শোয়াইব আহমেদ ভূইয়া প্রবাসী বাংলাদেশীদের সামাজিক দায়বদ্ধতা, আন্তর্জাতিক পরিসরে মানবাধিকারের পক্ষে অবস্থান, নাগরিক সচেতনতা এবং বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নিয়ে কথা বলেন। উল্লেখ্য, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় ভারতীয় আধিপত্যবাদ প্রতিরোধে প্রবাসীদের ঐক্যবদ্ধ ভূমিকার ওপরও তিনি গুরুত্ব দেন।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল উন্মুক্ত প্রশ্নোত্তর পর্ব। এতে অতিথি, প্যানেলিস্ট, সাংবাদিক, মানবাধিকারকর্মী ও প্রবাসী বাংলাদেশীরা বিচারের অগ্রগতি, বিচারপ্রক্রিয়ার জটিলতা, অতীতের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ, বিচারব্যবস্থার স্বাধীনতা, রাজনৈতিক প্রভাবমুক্ত বিচার এবং ভবিষ্যৎ আইনি ও প্রাতিষ্ঠানিক সংস্কার নিয়ে প্রশ্ন করেন। মোহাম্মদ তাজুল ইসলাম নিজের আইনগত অভিজ্ঞতা ও বিচারপ্রক্রিয়ার বাস্তবতার আলোকে সেসব প্রশ্নের উত্তর দেন।

আমন্ত্রিত অতিথি হিসেবে আলোচনা প্যানেলে অংশ নেন ড. জুন্নুন চৌধুরী, সোহেল হামিদ, আজিজুর রহমান ও ড. শেখ মিজান অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন প্রখ্যাত লেখক, অনুবাদক ও সম্পাদক আনোয়ার হোসেন মঞ্জু, মীর মাসুম আলী, ইঅঅএ-এর সেক্রেটারি শাহানা মাসুম, সাংবাদিক কাজী শামসুল হক, ঘর্ষিত ডায়ালগের রওশন হক, গটিঘঅ-র প্রসেসর শহীদা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুকুল চৌধুরী, নিউইয়র্ক সিটির কর্মকর্তা জোহেব আহমেদ চৌধুরী ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট এবং প্যাট্রিয়টস অব বাংলাদেশের সিনিয়র অ্যাডভোকেট জাগপার কেন্দ্রীয় ভাইস প্রেসিডেন্ট ও জাগপা যুক্তরাষ্ট্র শাখার সভাপতি এস. এম. রহমতুল্লাহ। আরও উপস্থিত ছিলেন ওঈঘঅ-এর সোশ্যাল জাস্টিস ডিরেক্টর মাহতাবউদ্দিন খান, ঐবঘরহম ঐবঘফ-এর ডিস্ট্রিক্ট ম্যানেজার সাইফুল্লাহ খান, টিগ-এর সিইও আব্দুল আলিম, শামীম আহমেদ ও দীপন গাজী এবং তাদের পরিবারের সদস্যরা,



শোয়াইব আহমেদ ভূইয়া প্রবাসী বাংলাদেশীদের সামাজিক দায়বদ্ধতা, আন্তর্জাতিক পরিসরে মানবাধিকারের পক্ষে অবস্থান, নাগরিক সচেতনতা এবং বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নিয়ে কথা বলেন। উল্লেখ্য, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় ভারতীয় আধিপত্যবাদ প্রতিরোধে প্রবাসীদের ঐক্যবদ্ধ ভূমিকার ওপরও তিনি গুরুত্ব দেন।

বাংলাদেশী ডাক্তার



SUBHASH C. SIKDER MD, DO

সুভাষ চন্দ্র শিকদার

Family Medicine Specialist

HIV Specialist

• MEDICINE • PEDIATRICS • VACCINATION
• CORTISONE SHOT • SUBOXONE •

NEW OFFICE HOURS

BROOKLYN OFFICE
27 Church Avenue
Brooklyn, NY 11218

MON	9 AM - 6 PM
TUE	9 AM - 6 PM
WED	9 AM - 6 PM
THU	9 AM - 6 PM
FRI	9 AM - 6 PM
SAT	9 AM - 6 PM


JAMAICA OFFICE
187-85 Hillside Ave
Jamaica, NY 11432

MON	9 AM - 6 PM
TUE	9 AM - 6 PM
WED	9 AM - 6 PM
THU	9 AM - 6 PM
FRI	9 AM - 6 PM
SAT	9 AM - 6 PM

FOR ALL YOUR PRIMARY CARE NEED

TEL: 718-581-6454, FAX: 866-575-0181

Meghna Travel



বাংলাদেশ সহ বিশ্বের যে কোন দেশ ভ্রমণে আমরা সুলভ ১০০% কনফার্ম করে টিকেট বিক্রয় করি। ওমরাহ ভিসা ও হোটেল সহ

Tel: 718-478-1920, 718-930-1494, 718-478-1830
37-66, 74 Street Suite # 2nd fl Jackson Height NY-11372

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

মাহবুব আজীজ

দেয়ালে রবীন্দ্রনাথ ঠাকুরের ছবিতে চুনকালি কিংবা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও সত্যজিৎ রায়ের ছবিকে বাতিল করবার দাবি অথবা জাতীয় সংগীতের বাণীতে হিন্দুত্বের সন্ধান-সবই একসূত্রে গাঁথা। আপাতভাবে মনে হতে পারে, এগুলো তেমন গুরুত্বহীন ঘটনা নয়। প্রকৃতপক্ষে সবই সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গিভাজ, উগ্রবাদী মনোভাবাপন্ন।

চব্বিশের গণঅভ্যুত্থানের পর অস্থিতিশীল পরিবেশের সুযোগ নিয়ে উগ্রবাদী সাম্প্রদায়িক রাজনীতি শক্ত ভিত্তি পেতে শুরু করে। গণঅভ্যুত্থানে সব দলমতের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ থাকলেও সাম্প্রদায়িক শক্তি এর মূল সাফল্য দাবি করে বসে। তৎকালীন অন্তর্বর্তী সরকারও নানাভাবে ডানপন্থার বিকাশে ভূমিকা রাখে। এরই ফলাফল আমরা দেখতে পাই-মুক্তিযুদ্ধ নিয়ে অপ্রয়োজনীয় তর্ক, ইতিহাস নিয়ে বিতর্ক, শ্রদ্ধেয় নেতৃত্ব ও বরণ্য ব্যক্তিবর্গ নিয়ে অহেতুক অসত্য বিরূতি। এসবই সাম্প্রদায়িক উদ্দেশ্যপ্রণোদিত।

অবশ্য আওয়ামী লীগের দীর্ঘ শাসনামলেও সাম্প্রদায়িক শক্তিকে প্রশ্রয় দিতে দেখা গিয়েছে। যে ধর্মনিরপেক্ষ উদার অসাম্প্রদায়িক সমাজের আকাঙ্ক্ষা মুক্তিযুদ্ধের মাধ্যমে আমাদের অনন্য অর্জন, তা বিগত কয়েক দশকে কখনোই চর্চার বিষয় হয়নি। বরং সমাজে সাম্প্রদায়িক মনোভাবকে নান-ভাবে পৃষ্ঠপোষকতা দেওয়া হয়েছে। সঙ্গে যুক্ত হয়েছে বিচারহীনতার সংস্কৃতি। বিগত এক দশক কিংবা আরও বেশি দূর পেছনে তাকিয়ে দেখা যায়, এ দেশে ধর্ম অবমাননার দোহাই দিয়ে যত হত্যাকাণ্ড ঘটেছে, তার একটিরও যথাযথ বিচার হয়নি। প্রাতিষ্ঠানিক নিষিক্রিয়তার সামনে প্রশ্ন অনিবার্য হয়ে ওঠে-ধর্ম অবমাননার নামে এভাবে ব্যক্তিকে চিহ্নিত করে অপরাধ সংঘটিত করবার একের পর এক প্রক্রিয়া প্রকাশ্যে ঘটলেও আইনশৃঙ্খলা বাহিনী কেন সময়মতো সক্রিয় হয় না? সরকারকেই তাই সিদ্ধান্ত নিতে হবে-যে কোনো মূল্যে আইনের শাসনই শেষ কথা। প্রধানমন্ত্রী ত্রয়োদশ সংসদ নির্বাচনের আগে সুস্পষ্ট ঘোষণা দিয়েছেন-‘এ দেশে বিশ্বাসী, অবিশ্বাসী, সংশয়ী সব মানুষের সমান মর্যাদা ও সম্মান নিশ্চিত করা হবে।’ এই অসাম্প্রদায়িক বিবেচনাবোধ রাষ্ট্রের প্রতিটি পর্যায়ে নিশ্চিত করতে হবে। বিশেষত শিক্ষাপ্রতিষ্ঠানে-বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয় আদর্শ ও সাম্প্রদায়িক মূল্যবোধের পারস্পরিক সৌন্দর্য, সহাবস্থানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা ছড়িয়ে দিতে হবে। শিক্ষা কার্যক্রমে বিষয়টিকে যুগোপযোগী করে নাগরিক অধিকার বিষয়ে সকলকে সচেতন করতে হবে। বেতার, টেলিভিশনসহ সংবাদমাধ্যমকেও এ বিষয়ে সঙ্গে নিতে পারে সরকার।

তবে সবচেয়ে জরুরি কঠোর আইন ও আইনের প্রয়োগ। যে কেউ সাম্প্রদায়িক আচরণ করে আইন নিজের হাতে তুলে নিলে তাকে আইনের আওতায় এনে বিচারের ব্যবস্থা করতে হবে সরকারকে। ধর্ম-রাজনৈতিক মত বা জেডার নির্বিশেষে সব নাগরিক আইনের চোখে সমান। গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিকের প্রাপ্য অধিকার সরকারকেই নিশ্চিত করতে হবে। আইনের শাসন প্রতিষ্ঠায় এটি অন্যতম প্রধান পদক্ষেপ।

মাহবুব আজীজ: উপসম্পাদক, সমকাল; সাহিত্যিক

আহসান হাবিব বরুন

সৌদি আরবের সঙ্গে সম্পর্ক ক্ষতিগ্রস্ত হলে কর্মসংস্থান, নতুন শ্রমিক নিয়োগ, বিদ্যমান কর্মীদের নিরাপত্তা এবং রেমিট্যান্সপ্রবাহের ওপর প্রভাব পড়তে পারে। অন্যদিকে তথ্য যাচাই না করে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানো বা দুই দেশের জনগণের মধ্যে বিরূপ মনোভাব তৈরি করাও অনাকাঙ্ক্ষিত। তাই আবেগের পরিবর্তে বাস্তবতা, পারস্পরিক সম্মান ও অর্থনৈতিক স্বার্থের ভিত্তিতে জনমত গড়ে তোলা প্রয়োজন।

মধ্যপ্রাচ্যের আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি জটিল ও পরিবর্তনশীল। ইয়েমেনের হুতি গোষ্ঠী, সৌদি আরবের নিরাপত্তা উদ্বেগ এবং ইরানের আঞ্চলিক ভূমিকা নিয়ে বিভিন্ন আন্তর্জাতিক পর্যবেক্ষণ ও রাজনৈতিক অবস্থান রয়েছে। এসব বিষয়ে বক্তব্য দেওয়ার ক্ষেত্রে যাচাইযোগ্য তথ্য, নির্ভরযোগ্য সংবাদ সূত্র এবং সরকারি বিবৃতির ওপর নির্ভর করা উচিত। কোনো গোষ্ঠীর কর্মকাণ্ড বা কোনো রাষ্ট্রের ভূমিকা সম্পর্কে প্রমাণ ছাড়া চূড়ান্ত দাবি করা হলে জনমনে বিভ্রান্তি তৈরি হতে পারে। বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ হলো আঞ্চলিক পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা এবং সব পক্ষের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে দেশের স্বার্থ, আঞ্চলিক স্থিতিশীলতা ও প্রবাসীদের নিরাপত্তাকে বিবেচনায় রাখা।

সাম্প্রতিক ঘটনাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা ধরনের বক্তব্য ও ব্যাখ্যা ছড়িয়ে পড়ছে। কোনোটি অসম্পূর্ণ তথ্যের ওপর ভিত্তি করে তৈরি হতে পারে, আবার কোনোটি আবেগ বা রাজনৈতিক অবস্থান দ্বারা প্রভাবিত হতে পারে। এ অবস্থায় প্রত্যেক নাগরিকের উচিত সরকারি বিবৃতি, নির্ভরযোগ্য সংবাদমাধ্যম এবং যাচাইযোগ্য নথির ভিত্তিতে ঘটনা সম্পর্কে ধারণা নেওয়া। আদালতের রায়, অভিযোগের প্রকৃতি, কূটনৈতিক যোগাযোগ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য না পাওয়া পর্যন্ত চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছা থেকে বিরত থাকা প্রয়োজন।

সরকারের দায়িত্ব হলো প্রবাসীদের কল্যাণ ও অধিকার সুরক্ষায় কার্যকর কূটনৈতিক যোগাযোগ বজায় রাখা, ঘটনার প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা এবং যথাসময়ে জনগণকে অবহিত করা। একই সঙ্গে নাগরিকদেরও দায়িত্ব রয়েছে, যাচাইবিহীন তথ্য ছড়িয়ে পরিস্থিতিকে জটিল না করা। কোনো প্রশ্ন থাকলে তা যুক্তিসংগতভাবে উত্থাপন করা এবং সরকারের কাছে স্বচ্ছতা ও ব্যাখ্যা চাওয়া দায়িত্বশীল নাগরিক আচরণেরই অংশ। বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা এবং প্রয়োজনীয় বিষয়ে জবাবদিহি নিশ্চিত করা পরস্পরবিরোধী নয়, বরং বিচক্ষণ কূটনীতির মাধ্যমে উভয় লক্ষ্য অর্জন সম্ভব।

পরিশেষে পবিত্র মক্কার মর্যাদা রক্ষা, বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখা, প্রবাসীদের নিরাপত্তা নিশ্চিত করা এবং সৌদি আরবের সঙ্গে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা-সব কটিই বাংলাদেশের জাতীয় স্বার্থের গুরুত্বপূর্ণ অংশ। সাম্প্রতিক ঘটনাটির প্রকৃত প্রেক্ষাপট ও বিচারিক প্রক্রিয়া সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহের পাশাপাশি সরকারের উচিত কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রাখা এবং প্রবাসীদের অধিকার ও কল্যাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। অন্যদিকে নাগরিকদেরও আবেগনির্ভর প্রতিক্রিয়া, গুজব ও যাচাইবিহীন প্রচারণা পরিহার করে দায়িত্বশীল আচরণ করতে হবে। জাতীয় স্বার্থ রক্ষার জন্য প্রয়োজন তথ্যের স্বচ্ছতা, আইনের প্রতি শ্রদ্ধা, কার্যকর কূটনীতি এবং প্রবাসীদের প্রতি বাস্তবসম্মত সহযোগিতা। এসব বিষয়ে সরকার ও জনগণের সমন্বিত দায়িত্বশীল ভূমিকা বাংলাদেশ-সৌদি সম্পর্কের স্থিতিশীলতা এবং প্রবাসী বাংলাদেশিদের কল্যাণে সহায়ক হবে বলে প্রতীয়মান।

লেখক : সাংবাদিক, কলামিস্ট, রাজনৈতিক বিশ্লেষক ও সম্পাদক, আমার দিন

অধ্যাপক ডা. অরুণরতন চৌধুরী

কল্পনা করার মাধ্যমে সমাজে নারীর সম্মান, পবিত্রতা ও শক্তির প্রতি শ্রদ্ধার বার্তা তুলে ধরা হয়। দুর্গাপূজার বৃহত্তর চেতনার সঙ্গে এ আচার তাই গভীরভাবে যুক্ত অশুভ ও অন্যায়ের বিরুদ্ধে গুণশক্তির জয় এবং মানবজীবনে নারীশক্তির মর্যাদা প্রতিষ্ঠা। এ পূজায় একটি ছোট মেয়েকে দেবী দুর্গার প্রতীক হিসেবে পূজা করা হয়। তাকে নতুন পোশাক ও ফুল দিয়ে সুন্দর করে সাজানো হয়।

এরপর তাকে দেবীর আসনে বসিয়ে ফুল, চন্দন ও নৈবেদ্য দিয়ে পূজা করা হয় এবং আশীর্বাদ নেওয়া হয়।

কুমারীপূজার মাধ্যমে নারীর প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রকাশ করা হয়। এর মাধ্যমে মনে করিয়ে দেওয়া হয় যে নারী সমাজের শক্তি ও মর্যাদার প্রতীক। তাই কুমারীপূজা শুধু একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি নারীকে সম্মান করারও একটি সুন্দর প্রতীক। দুর্গাপূজার সঙ্গে বাঙালির সাহিত্য ও সংগীতেরও গভীর সম্পর্ক রয়েছে। আগমনি গান, বিজয়ার গান, কবিতা, নাটক ও অন্যান্য সাংস্কৃতিক পরিবেশনা দুর্গোৎসবের আবহকে আরও সমৃদ্ধ করে। পূজাকে কেন্দ্র করে বহু শিল্পী, কারিগর, ব্যবসায়ী ও সাংস্কৃতিক কর্মীর কর্মসংস্থানও সৃষ্টি হয়। ফলে এ উৎসবের ধর্ম গুরুত্বের পাশাপাশি সামাজিক ও অর্থনৈতিক গুরুত্বও রয়েছে।

দুর্গাপূজার আনন্দ কয়েকটি দিনের হলেও এর আবেদন মানুষের মনে থেকে যায় অনেক দিন। বিজয়ার বিষণ্ণ বিদায়ের মুহূর্তে যখন প্রতিমা বিসর্জনের শোভাযাত্রা এগিয়ে যায়, তখন সবার কণ্ঠে ধ্বনিত হয়-‘আবার এসো মা।’ এ বিদায়ের মধ্যেই লুকিয়ে থাকে আগামী দিনের প্রত্যাশা। দুর্গাপূজা আমাদের শেখায় অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে, অশুভকে পরাজিত করতে এবং সত্য, ন্যায়, মানবতা ও ভালোবাসাকে জীবনের পথনির্দেশক করতে। তাই বাঙালির দুর্গাপূজা শুধু পূজা নয়;

এটি বাঙালির প্রাণের উৎসব, যেখানে ধর্মের পাশাপাশি মিশে আছে সংস্কৃতি, সম্প্রীতি, সৌন্দর্য ও মানবতার চিরন্তন আহ্বান। দেবীর আগমন হোক আমাদের জীবনে শুভবোধের জাগরণ; আর তাঁর বিদায় রেখে যাক নতুন দিনের আশার আলো।

মা দুর্গার আগমন যেন আমাদের মনে এ বার্তাই জাগিয়ে তোলে অশুভ ও বিভেদকে দূরে সরিয়ে মানবিকতা, সহনশীলতা ও ঐক্যের বন্ধনকে আরও দৃঢ় করতে হবে। তাই দুর্গাপূজার প্রকৃত সৌন্দর্য শুধু প্রতিমা, আলোকসজ্জা কিংবা উৎসবের আনন্দ নয়; মানুষের সঙ্গে মানুষের হৃদয়ের বন্ধনে। বিজয়ার বিদায়বেলায় তাই আমাদের প্রত্যাশা হোক-ধর্ম যার যার, উৎসবের আনন্দ ও মান-বিকতার বন্ধন হোক সবার। এ সম্প্রীতি ও সৌহার্দ্যই বাঙালির দুর্গাপূজাকে করে তুলুক আরও সুন্দর, অর্থবহ ও চিরন্তন।

লেখক : প্রতিষ্ঠাতা সভাপতি, মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস)

সানা হাশমি

এই নেটওয়ার্কের গুরুত্বপূর্ণ অংশ হলো সাংহাই গোন্ড এন্ডচঞ্জের হংকংয়ের অফিশোর গুদাম এবং ইউয়ানে মূল্য নির্ধারিত সোনার চুক্তি। ভবিষ্যতে এই নেটওয়ার্ক সিঙ্গাপুর, কুয়ালালামপুর, দুবাই, রিয়াদ ও মস্কো পর্যন্ত বিস্তৃত হতে পারে।

চীনা বিশ্লেষকদের মতে, এ উদ্যোগের বাস্তব সু-বিধাও রয়েছে। বিদেশি ক্রেতার যদি ইউয়ান ব্যবহার করে হংকং থেকে সোনা কিনতে এবং তা বুঝে নিতে পারেন, তাহলে তাঁদের ইউয়ান সংগ্রহ ও নিজেদের কাছে রাখার অগ্রহ বাড়তে পারে। এতে ব্যাংক ও ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর আন্তর্জাতিক লেনদেনেও ইউয়ানের ব্যবহার বাড়ার সুযোগ তৈরি হবে।

অবশ্য শুধু সোনার বাণিজ্য বাড়ালেই ইউয়ান বিশ্বিক মুদ্রায় পরিণত হবে না। তবে এর মাধ্যমে চীনের বাইরে মুদ্রাটির ব্যবহার সম্প্রসারণ করা সম্ভব।

ডলারের আধিপত্য কি কমাতে পারবে চীন? চীনের সোনা কেনার এই প্রবণতা বিশ্ব অর্থনীতিতে ডলারের প্রভাব কমানো বা ‘ডলারমুক্তকরণ’ নিয়ে নতুন আলোচনা তৈরি

করেছে। তবে সোনা কেনার সঙ্গে ডলারের ওপর নির্ভরতা কমানোর সম্পর্ক ঠিক কতটা, তা এখনো স্পষ্ট নয়। চীন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বন্ডে বিনিয়োগ কমিয়েছে এবং একই সময়ে সোনার মজুত বাড়িয়েছে। তবে এর অর্থ এই নয় যে দেশটি ডলারে বিনিয়োগ পুরোপুরি বন্ধ করে দিচ্ছে। চীনা বিনিয়োগকারীরা এখনো যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে বিনিয়োগ করছেন।

যুক্তরাষ্ট্রের বিপুল ঋণ এবং দীর্ঘদিন ধরে বাজেট ঘাটতি চলতে থাকায় ডলারের দীর্ঘমেয়াদি শক্তি নিয়ে প্রশ্ন উঠেছে। তবে বৈশ্বিক আর্থিক ব্যবস্থায় ডলারের প্রভাব এখনো অত্যন্ত শক্তিশালী। বিচ্ছতে এক ব্যবহারকারীর মতে, সোনার সবচেয়ে বড় আকর্ষণ হলো-এর মূল্য কোনো একটি সরকারের ঋণ পরিশোধের সক্ষমতা বা ঋণযোগ্যতার ওপর নির্ভরশীল নয়। এই দৃষ্টিভঙ্গি অনুযায়ী, সোনা কেনার প্রধান উদ্দেশ্য ইউয়ানের ব্যবহার বাড়ানো নয়; বরং আর্থিক ঝুঁকি মোকাবিলায় সম্পদের সুরক্ষা নিশ্চিত করা। রংই ফাইন্যান্স ছদ্মনামে লেখেন এমন একজন বিশ্লেষকও প্রায় একই কথা বলেছেন। তাঁর মতে, সোনার মজুত বাড়লে একটি দেশের আর্থিক সংকট মোকাবিলার সক্ষমতা বাড়তে পারে। তবে আন্তর্জাতিক বাজারে ইউয়ানের গ্রহণযোগ্যতা নির্ভর করবে চীনের বাজারের প্রতি আস্থা এবং ইউয়ানকে সহজে অন্য মুদ্রায় রূপান্তর, ধরে রাখা ও বিনিয়োগ করার সুযোগের ওপর।

চীনের সোনা কেনার কৌশল নিয়ে তিনটি মতটীনে এ নিয়ে মূলত তিন ধরনের দৃষ্টিভঙ্গি রয়েছে। প্রথমত, কেউ কেউ মনে করেন, যুক্তরাষ্ট্রের ঋণ, নিষেধাজ্ঞা এবং ডলারের আধিপত্যের ঝুঁকি মোকাবিলায় সোনা একটি নিরাপদ সম্পদ। দ্বিতীয়ত, হংকংয়ের সোনার বাজার সম্প্রসারণের মাধ্যমে আন্তর্জাতিক লেনদেনে ইউয়ানের ব্যবহার বাড়ানো সম্ভব বলে মনে করেন অনেকে।

তৃতীয়ত, একদল বিশ্লেষকের মতে, কোনো সরকারের ঋণযোগ্যতার ওপর নির্ভর না করাই সোনার সবচেয়ে বড় বৈশিষ্ট্য। তাই আর্থিক ঝুঁকি মোকাবিলায় সোনার মজুত বাড়ানো গুরুত্বপূর্ণ। আপাতত বৈদেশিক মুদ্রার রিজার্ভে বৈচিত্র্য আনা এবং তা আরও শক্তিশালী করাই চীনের সোনা কেনার প্রধান উদ্দেশ্য। তবে সময়ের সঙ্গে হংকংয়ের সোনার বাজার সম্প্রসারণের ফলে আন্তর্জাতিক লেনদেনে ইউয়ানের ব্যবহার বাড়তে পারে। যদিও শুধু সোনার বাজারের ওপর ভর করে বিশ্ব অর্থনীতিতে ডলারের কেন্দ্রীয় অবস্থান সরিয়ে দেওয়া কঠিন।

সানা হাশমি পিএইচডি গবেষক। তিনি তাইওয়ান-এশিয়া এন্ডচঞ্জ ফাউন্ডেশনের ফেলো। দ্য প্রিন্ট থেকে নেওয়া। ইংরেজি থেকে অনুবাদ

মস্কো চুক্তির মূল দলিল

অনুচ্ছেদ ৯

গোয়েন্দা সহযোগিতা গভীর করতে এবং এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করতে পক্ষগুলো পারস্পরিক সম্মত নিরাপদ মাধ্যম ব্যবহার করে গোয়েন্দা তথ্য বিনিময় করবে। এ ক্ষেত্রে তথ্যের নিরাপত্তা, উপান্তের সুরক্ষা এবং গোপনীয়তা বজায় রাখতে হবে।

অনুচ্ছেদ ১০

সরবরাহ ও সহায়তামূলক সেবার প্রাপ্যতা এবং সামঞ্জস্যের শর্তে পক্ষগুলো শান্তিকাল, যুদ্ধকাল ও অন্যান্য জরুরি পরিস্থিতিতে একে অন্যকে সরবরাহসংক্রান্ত সহায়তা দেবে। এর মধ্যে অস্ত্র, গোলাবারুদ, জ্বালানি, খুচরা যন্ত্রাংশ এবং অন্যান্য সরঞ্জাম অন্তর্ভুক্ত থাকবে।

অনুচ্ছেদ ১১

আন্তর্জাতিক আইন এবং পক্ষগুলোর নিজ নিজ দেশের প্রাসঙ্গিক আইন অক্ষুণ্ণ রেখে, এ চুক্তির বিধান বাস্তবায়নের আইনি ভিত্তি হিসেবে পক্ষগুলো চুক্তিটিকে গ্রহণ করবে। প্রয়োজন হলে অতিরিক্ত আইনি ব্যবস্থা গ্রহণের প্রস্তাবও দেবে।

ACCIDENT CASES

Many years of experience in ladder, scaffolding, and construction accident case



PERRY D. SILVER
Attorney at Law
Call: 917-533-1033

Faithfully serving the Bangladeshi Community

আমরা বাংলায় কথা বলি

All conversations are strictly confidential



LAW OFFICE

Phone: 212.661.8400 Fax: 212.661.1242
11 Park Place, Suite 1214, New York, NY 10007

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



দ্বিতীয় মেয়ের নাম প্রকাশ করলেন দীপিকা-রণবীর

মোম্বাই ডেস্কঃ দ্বিতীয় কন্যাসন্তানের নাম প্রকাশ্যে আনলেন বলিউডের তারকা দম্পতি দীপিকা পাডুকোন ও রণবীর সিং। নবরাত্রির আবহে এবার ছোট মেয়ের প্রথম আলকণ্ঠ অনুরাগীদের সঙ্গে ভাগ করে নিলেন তারা।

তারকা দম্পতির দ্বিতীয় কন্যার নাম দেবী পাডুকোন সিং। প্রকাশিত ছবিতে ছোট বোনের গালে স্নেহচুষন দিতে দেখা গেছে বড় মেয়ে দুয়া পাডুকোন সিংকে।

গত ১৯ সেপ্টেম্বর রাধাষ্টমীর দিনে দ্বিতীয় কন্যাসন্তানের জন্মের সুখবর জানিয়েছিলেন দীপিকা ও রণবীর। এবার উৎসবের আবহে পরিবারের চার সদস্যের একটি ছবি প্রকাশ করে ছোট মেয়ের নাম জানালেন তারা।

ছবিতে দীপিকার কোলে নবজাতক দেবী, আর রণবীরের কোলে বড় মেয়ে দুয়া। ছোট বোনের গালে আদর করে চুমু দিচ্ছে সে।

ছবিতে চারজনের পরনেই রয়েছে ঘিয়ে ও সোনালি রঙের পোশাক। পরিবারের এই মিষ্টি মুহূর্ত অনুরাগীদের মন কেড়েছে।

দেবীপক্ষের আবহে মেয়ের নাম ‘দেবী’ রাখার পেছনে বিশেষ তাৎপর্য রয়েছে বলেও মনে করছেন অনেকে।

বড় মেয়ে দুয়ার প্রথম ছবি প্রকাশের ক্ষেত্রেও উৎসবের আবহকে বেছে নিয়েছিলেন দীপিকা ও রণবীর। দুয়ার জন্মের পর বেশ কিছু দিন মেয়েকে আড়ালে রেখেছিলেন তারা। পরে ২০২৪ সালের দীপাবলিতে মেয়ের নাম প্রকাশ করেন তারকা দম্পতি।

২০২৪ সালের ফেব্রুয়ারিতে প্রথমবার মা-বাবা হওয়ার খবর ঘোষণা করেছিলেন দীপিকা ও রণবীর।

এরপর ৮ সেপ্টেম্বর তাদের ঘরে আসে প্রথম সন্তান দুয়া। মেয়ের জন্মের পর ব্যক্তিগত জীবন নিয়ে বেশ কিছু দিন গোপনীয়তা বজায় রাখলেও ধীরে ধীরে মেয়েকে ঘিরে নানা মুহূর্ত অনুরাগীদের সঙ্গে ভাগ করে নিতে শুরু করেন তারা।

দুই মেয়েকে ঘিরেই বিশেষ কিছু রীতি মেনে চলেছেন দীপিকা ও রণবীর। দুয়ার জন্মের আগের দিন সিদ্ধিবিনায়ক মন্দিরে গিয়েছিলেন তারা। দ্বিতীয় কন্যার জন্মের আগেও সেই ধারাবাহিকতা বজায় রাখেন তারকা দম্পতি। দেবীর জন্মের আগের দিনও সিদ্ধিবিনায়ক মন্দিরে গিয়ে আশীর্বাদ নেন তারা।

‘সখি তোরা প্রেম করিয়ো না, পিরিত ভালা না’

মোম্বাই ডেস্কঃ অভিনয়ের পাশাপাশি নিজের ফ্যাশন ও সাজপোশাকের বৈচিত্র্যও ভক্তদের নজর কাড়েন দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান। কখনো আধুনিক পোশাকে, কখনো বা বাঙালিয়ানার আবহে ধরা দিয়ে মুগ্ধ করেন অনুরাগীদের।

এবার অফহোয়াইট শাড়ি, খোলা চুলে বেলি ফুলের গাজরা আর কাব্যিক এক গানের বাণীতে নতুন করে আলোচনায় এসেছেন এই অভিনেত্রী।

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের নতুন সাজের একটি ভিডিও প্রকাশ করেছিলেন জয়া। এবার একই সাজে কয়েকটি স্থিরচিত্র প্রকাশ করেছেন তিনি। ছবিগুলো প্রকাশ্যে আসতেই অভিনেত্রীর স্লিঙ্ক রূপ নজর কেড়েছে ভক্তদের।



ছবিতে জয়ার পরনে দেখা গেছে অফহোয়াইট সূতি শাড়ি। শাড়ির পাড়জুড়ে রয়েছে খুসর-গোলাপি নকশার কাজ। সঙ্গে মানানসই ব্লাউজ। কানে ভারী দুল, হাতে অলংকার আর খোলা চুলে বেলি ফুলের গাজরা—সব মিলিয়ে তার সাজে ফুটে উঠেছে বাঙালিয়ানার চিরচেনা সৌন্দর্য।

ছবিগুলোতে কখনো পেছন ফিরে চুলের বেলি ফুলের গাজরা দেখিয়েছেন জয়া, কখনো বা মুচকি হাসিতে ক্যামেরার দিকে তাকিয়েছেন। তার ভিন্ন ভিন্ন ভঙ্গি আর স্লিঙ্ক অভিব্যক্তিতে ছবিগুলো পেয়েছে আলাদা মাত্রা।

সাজের সঙ্গে ক্যাপশনেও বেছে নিয়েছেন বাঙালির চেনা আবেগের এক গান। বাউল সন্মতি শাহ আবদুল করিমের জনপ্রিয় গানের বাণী উদ্ধৃত করে জয়া লিখেছেন, ‘সখি তোরা প্রেম করিয়ো না, পিরিত ভালা না, প্রেম করছে যে জন জানে সে জন পিরিতের কী বেদনা।’

জয়ার এই কাব্যিক ক্যাপশন ও ঐতিহ্যবাহী সাজ পোস্টের মন্তব্যের ঘরে অনেকেই তার সৌন্দর্য ও স্লিঙ্ক উপস্থিতির প্রশংসা করছেন।

আমার কপালে মনে হয় এটাই লেখা, মেনে নিয়েছি : পরীমনি

ঢাকা, পর্দায় অভিনয় দিয়ে পরিচিতি পেলেও ব্যক্তিগত জীবনের নানা ঘটনা নিয়ে প্রায়ই আলোচনায় আসেন পরীমনি। সম্প্রতি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি আপত্তিকর ভুয়া ভিডিও ছড়িয়ে পড়ার ঘটনায় নতুন করে আলোচনায় এসেছেন তিনি।

এবার বিষয়টি নিয়ে সরাসরি গণমাধ্যমের সামনে কথা বলেছেন অভিনেত্রী। জানিয়েছেন, এমন

পরিস্থিতিতে প্রতিবাদ করা জরুরি, বিশেষ করে যখন প্রযুক্তির অপব্যবহারে নারীরা হয়রানির শিকার হচ্ছেন।

সম্প্রতি এআই প্রযুক্তি ব্যবহার করে পরীমনির একটি আপত্তিকর ভুয়া ভিডিও তৈরি করে অন্তর্জালে ছড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে। বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে শুরু হয় আলোচনা-সমালোচনা।

এ ঘটনায় প্রথমে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিক্রিয়া জানান পরীমনি। ফেসবুক লাইভে এসে অপরাধীদের বিরুদ্ধে সরব হন তিনি। তার এই প্রতিবাদী অবস্থানের প্রশংসা করেছেন অনেকেই। তাদের সমর্থন তাকে আরো সাহস জোগাচ্ছে বলে জানিয়েছেন অভিনেত্রী।

পরীমনি বলেন, ‘সবাই যখন আমার সাহসকে সম্মান জানায়, তখন আরো সাহস পাই। মনে হয়, আমি সঠিক পথে আছি।’

সোমবার (১৯ অক্টোবর) একটি শোরুম উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেন পরীমনি। সেখানে গণমাধ্যমের মুখোমুখি হয়ে নিজের জীবনে বারবার নানা ঝামেলা তৈরি হওয়া প্রসঙ্গেও কথা বলেন তিনি।

অভিনেত্রী বলেন, ‘আমার কপালে মনে হয় এটাই লেখা, সারা জীবন ঝামেলা হবে, ঝামেলা নিয়েই যাব।’

এটা আমি মেনে নিয়েছি। আমার ভালো লাগে, এনজয় করি।’

এআই প্রযুক্তির অপব্যবহার করে নারীদের হয়রানির ঘটনা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন পরীমনি। তার মতে, বিষয়টি অত্যন্ত সংবেদনশীল। শুরুতে ঘটনাটিকে গুরুত্ব না দিলেও পরে পরিস্থিতি বিবেচনায় প্রকাশ্যে কথা বলার সিদ্ধান্ত নেন তিনি।

এ প্রসঙ্গে পরীমনি বলেন, ‘বিষয়টা অনেক সেনসিটিভ। আমার মতো মানুষ এটা গায়েই লাগানোর কথা না। প্রথম তিন-চার দিন তো পান্ডা দিইনি। যখন দেখলাম, এটা আর এভাবেই করতে পারছি না, তখন গিয়ে কথা বললাম।’

কোনো সাধারণ মেয়ের ক্ষেত্রে হলে অনেকে সুইসাইডও করে ফেলে। সেসব নিয়ে অহরহ নিউজ হয়েছে। সুতরাং এ বিষয়ে নিয়ে সোচ্চার হওয়া জরুরি।’

প্রযুক্তির অপব্যবহারে তৈরি ভুয়া ও আপত্তিকর কনটেন্ট যে নারীদের জন্য গুরুতর হয়রানির কারণ হয়ে উঠতে পারে, পরীমনির বক্তব্যে সেই উদ্বেগই উঠে এসেছে। এমন পরিস্থিতিতে নীরব না থেকে প্রতিবাদ জানানো এবং অপরাধীদের জবাবদিহির আওতায় আনার প্রয়োজনীয়তার কথাও সামনে এনেছেন।

তিন দেশে কারিনাকে বিয়ের প্রস্তাব, এরপর যা করলেন সাইফ!

মোম্বাই ডেস্কঃ বলিউডের তারকা দম্পতি সাইফ আলি খান ও কারিনা কাপুর খানের প্রেমের গল্প বরাবরই ভক্তদের আত্মহর করে। দীর্ঘদিনের প্রেমের পর ২০১২ সালের অক্টোবরে বিয়ের বন্ধনে আবদ্ধ হন তারা। তবে কারিনাকে জীবনসঙ্গী হিসেবে পেতে একবার নয়, তিনবার বিয়ের প্রস্তাব দিতে হয়েছিল সাইফকে। মুম্বাই ও গ্রিসে প্রত্যাখ্যাত হওয়ার পর শেষ পর্যন্ত প্যারিসে গিয়ে অভিনেত্রীর সম্মতি পান পতৌদি পরিবারের নবাব।

সম্প্রতি কপিল শর্মার অনুষ্ঠানে একসঙ্গে হাজির হয়ে প্রেমের শুরুর দিকের সেই মজার স্মৃতি ভাগ করে নেন সাইফ ও কারিনা। সেখানেই অভিনেত্রী জানান, তাকে বিয়ের প্রস্তাব দিতে সাইফকে তিনটি জায়গায় চেষ্টা করতে হয়েছিল।

কারিনা বলেন, প্রথমবার মুম্বাইয়ে তাকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন সাইফ। কিন্তু সেবার সম্মতি দেননি তিনি। এরপর গ্রিসেও একই প্রস্তাব নিয়ে হাজির হন অভিনেতা। সেখানেও অপেক্ষা করতে হয় তাকে। অবশেষে প্যারিসে গিয়ে সাইফের প্রস্তাবে রাজি হন কারিনা।

তবে এই গল্পের সবচেয়ে মজার অংশ ছিল সাইফের প্রতিক্রিয়া। কারিনা যখন জানান, মুম্বাই, গ্রিস ও প্যারিস—তিন জায়গায় প্রস্তাব দেওয়ার পর তিনি বিয়েতে সম্মতি দিয়েছিলেন, তখন রসিকতা করে সাইফ বলেন, মুম্বাইয়েই কারিনা রাজি হয়ে গেলে তার অনেক টাকা বেঁচে যেত!

সাইফের এমন মন্তব্যে অনুষ্ঠানজুড়ে হাসির রোল পড়ে যায়। বিয়ের প্রস্তাবের সঙ্গে ভ্রমণের খরচ মিলিয়ে করা তার এই রসিকতা দর্শকদেরও আনন্দ দেয়।

উল্লেখ্য, ২০০৭ সালে ‘তাহান’ সিনেমায় একসঙ্গে কাজ করতে গিয়ে সাইফ ও কারিনার



ঘনিষ্ঠতা বাড়ি।

কয়েক বছর প্রেমের পর ২০১২ সালের অক্টোবরে বিয়ে করেন তারা। দীর্ঘ দাম্পত্য জীবনে তাদের সম্পর্কের রসায়ন যেমন আলোচনায় থাকে, তেমনি প্রেমের শুরুর দিকের এমন মজার স্মৃতিও ভক্তদের কৌতূহল জাগায়।

হামলার পর কড়া নিরাপত্তা নিয়ে বিমানবন্দরে সালমান খান

মোম্বাই ডেস্কঃ গত ১৮ অক্টোবর অভিনেতা টাইগার শ্রফের ওপর প্রাণঘাতী হামলার পর থেকেই পুরো বলিউড ইন্ডাস্ট্রিতে চরম আতঙ্ক বিরাজ করছে। এর রেশ কাটতে না কাটতেই এবার ভারী অস্ত্রধারী বিশেষ নিরাপত্তার পাহারায় মুম্বাইয়ের একটি বেসরকারি বিমানবন্দরে দেখা গেল বলিউড ‘ভাইজান’ সালমান খানকে।

স্বয়ংক্রিয় অস্ত্রে সুসজ্জিত পাহারায় মঙ্গলবার (২০ অক্টোবর) সকালে বিমানবন্দর থেকে যখন সালমান বের হন, তখন তার চারপাশে ছিলেন স্পেশাল প্রোটেকশন ইউনিটের ভারী অস্ত্রধারী কমান্ডাররা। গাড়ি খয়েরি বা নীল রঙের শাট, ডেনিম জিন্স, কালো বুট ও অ্যান্টিয়েটার সানগ্লাসে সালমানকে বেশ সতর্ক ভঙ্গিতে দেখা যায়।

লরেন্স বিশ্বেই গ্যাংয়ের অব্যাহত হুমকির কারণে তার এই নিরাপত্তা এখন সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে আরও জোরদার করা হয়েছে।

সরকারের উচ্চপর্যায়ের বৈঠক ও নিরাপত্তা পর্যালোচনা টাইগার শ্রফের বাসভবনে গিয়ে তার সঙ্গে দেখা করার পর, মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে চলচ্চিত্র জগতের তারকাদের নিরাপত্তা ব্যবস্থা নতুন করে পর্যালোচনা করার আশ্বাস দিয়েছিলেন। এরই ফলশ্রুতিতে সালমানের নিরাপত্তায় এই বাড়তি কড়াকড়ি।

উল্লেখ্য, টাইগার শ্রফের ওপর হামলার ঘটনায় পুলিশ এখন পর্যন্ত তিনজনকে আটক করেছে।

সোশ্যাল মিডিয়ায় জেলবন্দি গ্যাংস্টার লরেন্স বিশ্বেইয়ের নাম জড়িয়ে নতুন করে হুমকি আসতেই নড়েচড়ে বসেছে প্রশাসন। হামলার পরপরই গ্যাংয়ের দুই সহযোগী অনিল পস্টি ও হারমান সান্দু এও পোস্ট দিয়ে দায় স্বীকার করে।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *অঁডিল *অর্ধ *টিউমার *Kidney Stone *অভ্যকোষের পীড়া *কণ্ঠের পীড়া *কাশি *কিডনির পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দস্তের পীড়া *দবল বা খেঁচী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * গ্রন্থি- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *প্রস্রাব-প্রস্রাবের *ভগ্নবল * মাথা ব্যথা * দিবাগের পীড়া *সারোটিকা *সিষ্টাইটিস *বরভগ্ন *নাকের পলিপাস *হার্মিয়া *Blood Cholesterol *দুগ পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জডিস * অন্দিয়া *গ্র্যান্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখ দুর্গন্ধ * স্বপ্ন নোহ * হঠাৎমুখ শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লাল পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীত্ৰপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকঘোলে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal

72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

STAR Photography

সহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনিশন কোয়ালিটি কম দাম, দ্রুত ডেলিভারি বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি কালচাওয়াল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modeling

NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



২ বছর পর ফোডেনের হ্যাটট্রিক, বড় জয় পেল সিটি

স্পোর্টস ডেস্কঃ চ্যাম্পিয়ন্স লিগে মঙ্গলবার রাতে ম্যানচেস্টার সিটি দারুণ জয় পেয়েছে। তারা এইকে এথেন্সকে ৫-১ গোলে হারিয়েছে। এই জয়ের নায়ক ফিল ফোডেন। তিনি একাই তিনটি গোল করেছেন।

গত দুই মৌসুম ফোডেনের ভালো কাটেনি। ২৬ বছর বয়সী এই ইংলিশ মিডফিল্ডার নিজেই মানসিক সমস্যার কথা স্বীকার করেছেন। এই বছরের শুরুতে বিশ্বকাপের দল থেকেও তিনি বাদ পড়েন। শনিবার ইপসউইচের বিপক্ষে গোল করার আগে প্রায় ১০ মাস তিনি কোনো গোল পাননি। চ্যাম্পিয়ন্স লিগেও ২০২৫ সালের নভেম্বরের পর তার গোল ছিল না। তাই এই রাত তার জন্য বড় স্মৃতি।

খেলার ১২ মিনিটেই সিটি এগিয়ে যায়। এনজো ফার্নান্দেজের ফ্রি কিক বারে লেগে ফিরে আসে, এলিয়ট অ্যাডারসন সুযোগ নিয়ে ১০ গজ দূর থেকে ফাঁকা জালে বল পাঠান। নটিংহাম ফরেষ্ট থেকে এসে এটিই তার সিটির হয়ে প্রথম গোল।

৩৪ মিনিটে ফোডেন ব্যবধান দ্বিগুণ করেন। রিকো লুইসের সঙ্গে দ্রুত পাস খেলে তিনি এইকের রক্ষণ ভেঙে দেন। এরপর দুর্ধর্ষ কোণ থেকে বল জালের ছাদে পাঠান।

বিরতির পর সিটি মনোযোগ হারায়। ৫২ মিনিটে স্ত্রাভরোস পিলিওস এইকের হয়ে এক গোল শোধ করেন। এটাই ছিল তাদের প্রথম লক্ষ্য নেওয়া শট। তবে ৫৭ মিনিটে সিটি আবার দুই গোলে এগিয়ে যায়। ফোডেন প্রতিপক্ষ বিপদসীমার কাছে বল বাড়ান। রায়ান শেরকি ঘুরে গিয়ে দারুণ এক শটে গোল করেন।

৬৫ মিনিটে রিকো লুইসের পাস থেকে বল পেয়ে ফোডেন ১৮ গজ দূর থেকে গোল করে বসেন। ৭৬ মিনিটে রায়ান মাকাইদুর ক্রস থেকে তিনি বল জালে ঠেলে দিয়ে হ্যাটট্রিক পূরণ করেন। দুই বছর পর প্রথমবারের মতো হ্যাটট্রিকের দেখা পেলেন তিনি।

লিগ পর্বে এটি সিটির দ্বিতীয় জয়। প্রথম ম্যাচে তারা পোর্টোকে হারায়। গত সপ্তাহে শিরোপাধারী প্যারিস সাঁ-জার্মেইনের কাছে হেরে যায়। চলতি মৌসুমে ১১ ম্যাচের ১০টিতেই তারা জিতেছে।

৫৫ বছরের ইতিহাসে যা হয়নি, সে রেকর্ড গড়লেন পাকিস্তানের মিনহাস

স্পোর্টস ডেস্কঃ শ্রীলঙ্কার পর ইংল্যান্ডকেও গুঁড়িয়ে দিয়েছে পাকিস্তান। ত্রিদেশীয় সিরিজের দ্বিতীয় ম্যাচে ইংলিশদের হারিয়েছে ৮৭ রানের বিশাল ব্যবধানে। এই ম্যাচে আলো কেড়ে নিয়েছেন আরাফাত মিনহাস। তিনি এমন এক রেকর্ড গড়েছেন, যা ক্রিকেটের ৫৫ বছরের ইতিহাসে আর কেউ পারেনি কখনো। পাকিস্তানের বড় জয় সহজ হয়ে গেছে তরুণ অলরাউন্ডারের কল্যাণে। পাকিস্তান অবশ্য ইংলিশদের বিপক্ষে বিপদেই পড়ে গিয়েছিল। ১৩১ রানে খুইয়ে বসেছিল ৫ উইকেট। তখন সাথে ব্যাট করতে নামেন মিনহাস। তিনি ৫৮ বলে ৫৯ রান করেন। ইনিংসটি



ছিল খুব গুরুত্বপূর্ণ। এই ইনিংস খেলতে গিয়ে তিনি সঙ্গ দিয়েছেন হাসান নওয়াজকে। ৭৪ বলে ৭৯ রান করে হাসান পাকিস্তানকে বড় পুঁজি পাইয়ে দিয়েছেন। হাসানের বিদায়ের পর ফাহিম আশরাফের সঙ্গেও গুরুত্বপূর্ণ এক জুটি গড়েন মিনহাস। এর জোরে শাহিন শাহ আফ্রিদির নেতৃত্বাধীন দল ৩০২ রানের বড় স্কোর করে।

মিনহাস পরে বল হাতেও ম্যাচের মোড় ঘুরিয়ে দেন। ৩০৩ রান তাড়া করতে নেমে ইংল্যান্ড এক পর্যায়ে ১ উইকেট খুইয়েই পৌঁছে গিয়েছিল ১২০ রানে। সেখান থেকে আর ৯৫ রান যোগ করতেই অলআউট হয় ইংলিশরা। এখানেই মিনহাস দেখিয়েছেন তার কারিশমা। একে একে তুলে নিয়েছেন ৬টি উইকেট। উইকেটে দারুণভাবে সেট হয়ে যাওয়া টম ব্যাণ্টনকে (৫৭) ফেরান প্রথমে। এরপর একে একে হ্যারি ব্রুক (৫), জর্ডন কক (১৮), উইল জ্যাকস (১৯), জেমি ওভারটন (১) ও আদিল রশিদ (০)।

পাকিস্তানের হয়ে এটি তার মাত্র পঞ্চম ওয়ানডে। ২১ বছর বয়সী এই ক্রিকেটারের ওয়ানডেতে এটি দ্বিতীয় পাঁচ উইকেট। নিজের অভিষেকে ৫ উইকেট নিয়ে অস্ট্রেলিয়াকে গুঁড়িয়ে দিয়েছিলেন, এবার দুমড়ে মুচড়ে দিলেন ইংলিশদের।

এবার তিনি গড়েছেন রেকর্ডও। ওয়ানডে ইতিহাসের মাত্র সপ্তম খেলোয়াড় হিসেবে একই ম্যাচে ছয় উইকেট ও হাফ সেক্ষুরির কীর্তি গড়ে দেখিয়েছেন। পূর্ণ সদস্য দেশের মধ্যে তিনি পঞ্চম। তবে তার কীর্তি যে কারণে অনন্য, সেটা হলো তার বয়স। তিনি এই রেকর্ডটা গড়লেন মোটে ২১ বছর ২৯১ দিন বয়সে। এই তালিকায় থাকা পূর্ণ সদস্য দেশের সব খেলোয়াড়ই এই কীর্তিটি গড়েছেন অন্তত ২৬ বছর বয়সে।

তালিকায় তার পরে আছেন স্কটল্যান্ডের জশ ডেভি। তিনি আফগানিস্তানের বিপক্ষে ২০১৫ সালে ৫৩* রান ও ৬ উইকেট নেন। বয়স ছিল ২৪ বছর ১৬৪ দিন। এরপর আছেন দক্ষিণ আফ্রিকার ল্যাস রুজনার। শ্রীলঙ্কার বিপক্ষে ১৯৯৭ সালে লাহোরে তিনি ৫৪* রান ও ৬ উইকেট নেন। তখন তার বয়স ছিল ২৬ বছর ৬৩ দিন। আয়ারল্যান্ডের পল স্টার্লিং আফগানিস্তানের বিপক্ষে ২০১৭ সালে খ্রোটার নয়ডায় ৯৫ রান ও ৬ উইকেট নেন। বয়স ছিল ২৬ বছর ১৯৫ দিন। নিউ-

জিল্যান্ডের স্কট স্টাইরিস ২০০২ সালে পোর্ট অব স্পেনে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৬৩* রান ও ৬ উইকেট নেন। বয়স ছিল ২৬ বছর ৩৩৭ দিন।

ইংল্যান্ডের পল কলিংউড ২০১৫ সালে নটিংহামে বাংলাদেশের বিপক্ষে ১১২* রান ও ৬ উইকেট নেন। বয়স ছিল ২৯ বছর ২৬ দিন। সবচেয়ে বেশি বয়সে কীর্তিটি করেছেন শাহিদ আফ্রিদি। ২০১৩ সালে প্রতিডেসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিনি ৭৬ রান করেন ও ৭ উইকেট নেন। তখন তার বয়স ছিল ৩৩ বছর ১৩৫ দিন।

প্যারিসে ‘লুট’ বার্সেলোনার আত্মবিশ্বাস

স্পোর্টস ডেস্কঃসুন্দীল গঙ্গোপাধ্যায় এই দেশটিকে বলেছিলেন ‘ছবির দেশ, কবিতার দেশ’। তবে এখন সেখানে গেলে দৃশ্যটা চোখে পড়বে সামান্যই। ফ্রান্স, বিশেষ করে এখন প্যারিস এখন দাঙ্গার শহর, সেখানে ২ বিশ্বযুদ্ধেও অক্ষত টিকে যাওয়া লিমোজের বিখ্যাত নান্দনিক স্থাপনা ‘টাইন হল’ পুড়ে গেছে দাঙ্গার আগুনে, লুট হয়ে যাচ্ছে শতশত দোকানপাট আরও কত কী! ছবির দেশ, কবিতার দেশ এখন ‘আগুনের দেশ, লুটের দেশ’ও।

সেই শহরে গেল রাতে পুড়ে গেল, লুট হয়ে গেল আরও একটা বিষয়। গেল আগস্ট থেকে কোচ হানসি ফ্রিক তিলে তিলে যে আত্মবিশ্বাসটা তৈরি করেছিলেন বার্সেলোনার, সেটা ‘লুট’ হয়ে গেছে প্যারিসের পার্ক দে গ্রাসে। চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের তৃতীয় ম্যাচে পিএসজি ৪-২ গোলে হারিয়ে দিয়েছে কাতালানদের।

ম্যাচের আগে বার্সেলোনার পরিস্থিতিটা দেখুন। ১১ ম্যাচে করেছিল ৪৯ গোল, সবকটিতেই যে জিতেছে তা বলাই বাহুল্য। তবে এই পরিসংখ্যানের অপর পিঠে একটা বাস্তবতাও ছিল দলটির, যা হয়তো অগ্রাহ্য করেছেন অনেকেই। সেটা হলো বার্সেলোনার ক্লিন শিট রাখতে পারার ব্যর্থতা। শুরুর ৪ ম্যাচে ৩টি ক্লিনশিট রাখার পর সবশেষ ৭ ম্যাচে গোল হজম ঠেকাতে পেরেছে মোটে ১ ম্যাচে। যে ৭ ম্যাচে গোল হজম করেছে, সেসব ম্যাচে ১১ বার বার্সার জালে বল জড়িয়েছে।



সেসব বাদ দিন, সবশেষ রিয়াল বেতিস ম্যাচটার কথাই ভাবুন। বার্সেলোনার রক্ষণ যখন বারেরবারে ভাঙছিলেন ভালেস্তিন গোমেজ, আবদে এজাজুলিরা, অশনিসংকেততা তখনি বেজে উঠছিল, কাতালানরা হয়তো তা তখন শুনতেই পায়নি।

পেল গেল রাতে। দুই দলেই চোট সমস্যা ছিল। চোটের কারণে বার্সা পায়নি এরিক গার্সিয়া কিংবা জুল কুন্দের মতো ডিফেন্ডারদের, পিএসজি পায়নি নুনো মেদেজকে। পিএসজি ম্যাচ চলাকালেও ভুগেছে, রক্ষণ আর আক্রমণের ৩ বড় তারকাকে হারিয়েছে চোটের কাছে। ২০ মিনিটে চোট নিয়ে মাঠ ছাড়তে হয় উসমান দেম্বেলেকে, ৬০ মিনিটের মাথায় কভিচা কভারাংশখেলিয়া আর মারকিনিয়োসকে হারাতে হয়েছে পিএসজিকে। তবে এরপরও টানা দুই বারের ইউরোপিয়ান চ্যাম্পিয়নরা সুতোয় একটুও ঢিল দেয়নি। বার্সেলোনা তাদের সহজাত খেলাটা খেলতে পেরেছে মোটে দুই অর্ধের শুরুতে ২০ আর ২০ ৪০ মিনিট। বাকি সময়ে ছড়ি ঘুরিয়েছে, গোল করে ম্যাচ নিজেদের করে নিয়েছে পিএসজি। ৩৮ মিনিটে বজ্জে জটলা থেকে গোল করে বার্সার রক্ষণ ভাঙার শুরুটা করেছিলেন দেজিরে দুয়ে। দেম্বেলে, কভারাংশখেলিয়াদের ভিড়ে যাকে অনেকটা আড়ালেই পড়ে থাকতে হয়। তার আগে বার্সেলোনা সুযোগ পেয়েছে এক গাধা, কিন্তু কাজে লাগানো হয়নি। চোট নিয়ে মাঠ ছাড়ার আগে দানি অলমো সহজ সুযোগ নষ্ট করেছেন, বদলি হিসেবে নামা ফেরমিন লোপেজও সুযোগ কাজে লাগাতে ব্যর্থ হয়েছেন।

DMV EXPRESS

SKDAR

BROOKLYN

ABC-2345

VEHICLE REGISTRATION & PLATE PICKUP

আমরা সকল ধরনের DMV সার্ভিস প্রদান করে থাকি

ALL KIND OF DMV SERVICES

REGISTRATION • TITLE • TLC • PLATE RETURN

WE MAKE WAITING ON THE LINE

আমাদের সেবাসমূহ: | OUR SERVICES

- ✓ টিএসএস রেজিস্ট্রেশন
- ✓ রেজিস্ট্রেশন রিনিউ
- ✓ প্রেট ট্রান্সফার
- ✓ টাইটেল ইস্যু, ড্রপিক্ট টাইটেল
- ✓ ড্রপিক্ট রেজিস্ট্রেশন
- ✓ কাস্টমাইজড প্রেট, প্রেট সারেন্ডার

- ✓ TLC PLATE TRANSFER
- ✓ NEW PLATE, TITLE & REGISTRATION
- ✓ PLATE SURRENDER
- ✓ DUPLICATE REGISTRATION
- ✓ CUSTOMIZED PLATE
- ✓ TLC RENEWAL

6hr

Defensive Driving Course | ডিফেন্ডিভ ড্রাইভিং কোর্স

CALL: 718.709.6400

ADDRESS 1210 LIBERTY AVE, BROOKLYN, NY 11208

DEBNATH ACCOUNTING INC.

SUBAL C DEBNATH, MAFM

MS in Accounting & Financial Management, USA
Concentration: Certified Public Accounting (CPA)
Member of National Directory of Registered Tax Professional.
Notary Public, State of New York

OUR SERVICES

- Federal & All States Tax
- Payroll Tax
- Sales Tax
- Business Tax :
 - Individual
 - Corporation
 - Partnership
 - Not for Profit
- Business Formation
- Tax Planning & Others
- Affidavit of Support (Sponsor) & Other Immigration Forms
- Travels (Air Ticket)
- Notary Public

NOTARY PUBLIC

TAX FILING



Subal C Debnath

AUTHORIZED e-file PROVIDER

OPEN 7 DAYS A WEEK

37-53, 72nd Street, Ground Fl, Jackson Heights, NY 11372
E-mail: Subalcdebnath@yahoo.com | Ph: (917) 285-5490

www.jonmobhumi.com


অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



বাংলাদেশ পূজা সমিতি অব নিউইয়র্ক, ইনক
Bangladesh Puja Samiti of New York, Inc



পূজা সূচি



শনিবার, ৩১ অক্টোবর ২০২৬

ষষ্ঠী পূজা : সকাল ৯:০০-১০:০০
সপ্তমী পূজা : সকাল ১০:০০-দুপুর ১২:০০
অষ্টমী পূজা : দুপুর ১২:০০-২:০০
অঞ্জলি : দুপুর ২:০০-২:৩০
প্রসাদ বিতরণ : দুপুর ২:৩০-রাত ৯:৩০
সাংস্কৃতিক অনুষ্ঠান : সন্ধ্যা ৬:০০-রাত ১১:৩০



রবিবার, ১লা নভেম্বর ২০২৬

নবমী পূজা : সকাল ১০:০০-দুপুর ১২:০০
বিজয়া দশমী : দুপুর ১২:০০-১:০০
অঞ্জলি : দুপুর ১:০০-২:০০
প্রসাদ বিতরণ : বিকাল ২:৩০-৯:৩০
সাংস্কৃতিক অনুষ্ঠান : সন্ধ্যা ৬:০০-রাত ১১:৩০

সাংস্কৃতিক অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ

অক্টোবর ৩১, শনিবার: শীর্ষা রক্ষিত

(ইন্ডিয়ান আইডল সঙ্গীতশিল্পী)

নভেম্বর ১, রবিবার: বিশ্বরূপ ব্যানার্জি

(ইন্ডিয়ান আইডল সঙ্গীতশিল্পী)



সুধী,

বাংলাদেশ পূজা সমিতির ৩৭তম শারদীয় দুর্গোৎসবে আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

বিশ্বজিত সাহা
সভাপতি
(718) 578-8043

আমন্ত্রণে-

জগদীশ চৌধুরী
সাধারণ সম্পাদক
(917) 443-2431

Please send your Puja
Donation Convenience way

zelle

bpsnewyork@yahoo.com



সার্বজনীন শারদীয় দুর্গোৎসব ২০২৬



অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
 নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬
 "সমৃদ্ধি, কল্যাণ, সত্যতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ"

কুন্সু-ফিরোজ পরিষদ

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

- ✓ সভাপতি: বৃহত্তর সিলেট গণদাবী পরিষদ যুক্তরাষ্ট্র ইনক।
- ✓ সিনিয়র সহ-সভাপতি: কুইন্স বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক।
- ✓ প্রতিষ্ঠাতা পরিচালক: এবি টিভি ও এবি মিডিয়া গ্রুপ।
- ✓ সাবেক সভাপতি, সাধারণ সম্পাদক, উপসেট্টা, সাবেক ভারপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার: বাংলাদেশ বিমানবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনক।
- ✓ আজীবন সদস্য: শাহজালাল মসজিদ এস্টেটরিয়া, বাংলাবাজার জামে মসজিদ ব্রঙ্কস, ফুলতলী ইসলামিক সেন্টার জ্যামাইকা, ফুলতলী জামে মসজিদ ওজনপার্ক, ওজনপার্ক জামে মসজিদ ও বাংলাদেশ সোসাইটি ইনক।

মাসুদুল হক ছানু
 কার্যকরী সদস্য পদপ্রার্থী
 আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী

PLEASE CAST YOUR VOTE FOR
MASHUDUL HAQUE SANU
 EXECUTIVE MEMBER

A19

✓ কুন্সু-ফিরোজ পরিষদে আপনার মূল্যবান ভোট দিন ✓

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

DAS WINE & LIQUOR



UTTAM
 347-885-2025



RATAN
 646-361-5660



KRISHNA
 646-363-3137



25-09 39th Avenue, Store # 1C, Long Island City, NY 11101

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি

B1

সেলিম-আলী পরিষদের



B4

সহ সভাপতি পদপ্রার্থী



B3

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

সহ সভাপতি

বাংলাদেশ সোসাইটি, ইনক

সাবেক সাধারণ সম্পাদক

জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (জেবিবিএ)

সাবেক সভাপতি

প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইনক

উপদেষ্টা

জ্যাকসন হাইটস এলাকাবাসী

নর্থবেঙ্গল ফাইভেশন ইউএসএ ইনক

জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি

সত্ত্বাধিকারী

খামার বাড়ি গ্রুপ, রিলায়েবল হোম কেয়ার
সি কে ফ্রোজেন ফিস এন্ড ভেজিটেবল
দেশী ডিস্ট্রিবিউটর ইনক

আজীবন সদস্য

জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদPLEASE CAST YOUR VOTE FOR
MD. KAMRUZ ZAMAN
VICE PRESIDENT

মো: কামরুজ্জামান কামরুল

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



B2



B5



B6



B7



B8



B9



B10



B11



B12



B13



B14



B15



B16



B17



B18



B19



B20



B21

সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থীPLEASE VOTE FOR
SALIM-ALI PANEL

প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪



BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইন্ক, নির্বাচন ২০২৬

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি

সেলিম-আলী পরিষদের





B1



B4

সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী

PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL



B7

সাংগঠনিক ও পেশাগত দক্ষতাঃ

- সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ সোসাইটি ইন্ক
- সিইও এবং প্রেসিডেন্ট ডি কে ওয়ান ভেভলাপার
- সাবেক চেয়ারম্যান ডিউক গিফ্ট সপ, ম্যানহাটন (১৯৯৩-২০১৬)
- সাবেক সাধারণ সম্পাদক (নির্বাচিত) ও সহ-সভাপতি জামালপুর জেলা সমিতি ইউএসএ ইন্ক
- ভাইস প্রেসিডেন্ট জ্যাকসন হাইটস এলাকাবাসী
- ডাইরেক্টর বাংলাদেশ আমেরিকান সোসাইটি
- কার্যকরী সদস্য জামাইকা বাংলাদেশ এসোসিয়েশন
- সদস্য লায়ল ক্লাব
- আজীবন সদস্য মসজিদ মিশন সেটার (হাজীক্যাম্প)

সম্মাননাঃ

সাইটেশন, নিউইয়র্ক সিটি গভর্নর
বেস্ট বিজনেস এওয়ার্ড, বাংলাদেশ ফেস্টিভাল

PLEASE VOTE FOR
DUKE KHAN
ORGANIZING SECRETARY

মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

ডিউক খান



আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী





B2



B3



B4



B5



B6



B7



B8



B9



B10



B11



B12



B13



B14



B15



B16



B17



B18



B19



B20



B21

সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

বাংলাদেশ সোসাইটি ইনক্

নির্বাচন ২০২৬



“ আপনাদের ভোট ও সমর্থন চাই।
কুনু-ফিরোজ পরিষদকে নির্বাচিত করুন।
সিনিয়র সহ-সভাপতি পদে
আমাকে **A2** ব্যালটে ভোট দিন। ”

দুলাল বেহেদু
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী

২৫ অক্টোবর ২০২৬, রবিবার

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৭১৮-৩৮০-৬৭১২



প্রোহেলথ হোমকেয়ার



মামুনুর রশীদ
চিফ এক্সিকিউটিভ
917-476-8914

দীর্ঘ ১২ বছরের TDS ইন্স্যুরেন্স ব্যবসায় সুনাম
অর্জনের ধারাবাহিকতায় মামুনুর রশীদ এখন
হোমকেয়ার ব্যবসায় সেবা দিচ্ছেন।



প্রোহেলথ হোমকেয়ার

ProHealth Home Care, Inc.

375 McDonald Ave, Brooklyn, NY 11218

Phone: 718-633-1112

Fax: 718-633-1117



New York Endocrine & Diabetes Center

এন্ডোক্রাইন ও ডায়াবেটিস স্পেশালিষ্ট

Dr. Kaushik Mandal, MD, FACP

Board Certified

(Endocrinologist, Diabetes and Obesity Specialist)

with TJH Medical services PC

Affiliated with Jamaica Hospital



Location: 134-20 Jamaica Ave, 1st floor, Jamaica, NY 11418

(Located next to the subway Jamaica Sutphin Blvd
Parking \$4 fee for patient flat fee)

Patients can call 718-206-6742 to make an appointment.

অনলাইন ও সাপ্তাহিক জন্মভূমিতে বিজ্ঞাপন দিন ৬৪৬-৩২৭-৭৯৬৪

J. K. GAIN MULTISERVICES
J. K. GAIN INSURANCE AGENCY

TAX SERVICES Tel: **347-536-5107**
INSURANCE Office: **917.396.4509**
TLC INSURANCE (YELLOW, BLACK & GREEN CAB)
Life Insurance
Auto • Home • Business
Medicare Health Insurance
Immigration Services
DDC. (6 Hrs. Defensive Class)
Pay your Bill here

Jaydeb Gain

41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

Authorized e-file Provider

LOW COST

Notary Public

প্রতি রবিবার একঘণ্টার ফ্রি কর্মশালা (স্বাগতম)

NYC MASTER ELECTRICIAN

GREEN POWER ELECTRIC CORP

NYC LICENSED ELECTRICAL CONTRACTOR

OUR SERVICES

SERVICE UPGRADE
GENERAL WIRING
RESIDENTIAL & COMMERCIAL
VIOLATION REMOVAL
TROUBLESHOOTING
PANEL UPGRADE

আমরা সব ধরনের ইলেকট্রিক্যাল কাজ করে থাকি

Khagendra Gharti-Chetty, Esq.
Attorney at Law

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LL.M, New York
Law School, NY, USA
646-359-3544
nasreenahmed2006@gmail.com

যেসব বিষয়ে পরামর্শ দিই

- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

এই প্রকল্পে যে কোন অস্ট্রি সহযোগিতা করা

এ পর্যন্ত আমরা দুই শতাব্দিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি

এখনো শতাব্দিক বাংলাদেশী ডিটেনশন মামলা পরিচালনা করছি

CHHETRY & ASSOCIATES

365 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079

Mita Chowdhury, MD.
Assistant Professor,
Mount Sinai School of Medicine
Attending Physician, Elmhurst Hospital Center
Board Certified in Internal Medicine.

মেডিসিন বিশেষজ্ঞ, বাংলাদেশী ডাক্তার
ডাঃ মিতা চৌধুরী

অভিজ্ঞ চিকিৎসক
বহুতরুপ সেবাদানকারী কর্মী
রোগীকে পর্যাপ্ত সময় দেয়া হয়
অত্যাধুনিক প্রযুক্তি
আন্তরিক পরিবেশ

আমাদের সেবাসমূহ

সম্পূর্ণ প্রাইমারি কেয়ার
ডায়াবেটিস, রক্তচাপ, কোলেস্টেরল, এজমা,
থাইরয়েড, হৃদরোগের চিকিৎসা
বয়স অনুযায়ী ক্যানসার স্ক্রিনিং
সব ধরনের টিকা
চেহারা রক্ত, ইকোজি এবং প্রস্রাব পরীক্ষা
ওজন ব্যবস্থাপনা
মেডিকেল ফরম পূরণ

আমরা প্রায় সকল ইন্সুরেন্স গ্রহণ করি।

**** ইন্সুরেন্স বিহীন রোগী দেখার বিশেষ ব্যবস্থা আছে।**

২০ বছরের অভিজ্ঞতা

MC MEDICAL CARE, PLLC
218-38 Hillside Ave. Queens Village NY 11427
ph.929-331-5702 Fax: 718-465-1199

চেহারা আসার আগে অনুগ্রহ করে ফোন করুন

GLOBAL MULTI SERVICES, INC.

THE MOST TRUSTED TAX PREPARER SINCE 2006

TAX IMMIGRATION

IRS e-file PROVIDER

Tareq Hasan Khan

37-18, 74th Street, Suite - 202
Tel: (718) 205-2360

FAUMA INNOVATIVE
CONSULTANCY GROUP

- ◆ ALL CHOICE ENERGY
- ◆ WOODSIDE ADULT DAYCARE CENTER
- ◆ BALAKA 3 STAR STAFFING
- ◆ MERCHANT SERVICES
- ◆ NEW YORK STATE ENERGY BROKER

FAHAD R SOLAIMAN
PRESIDENT/CEO

OFFICE: 718.205.5195, CELL: 347.393.8504
EMAIL: FAHAD@FAUMAINC.COM, FAUMA@FAUMAINC.COM
37-18 73RD ST. SUITE 502, JACKSON HEIGHTS, NY 11372

For Online Advertisement:**Tell: 718-380-6712, Cell: 646-327-7964,
E-mail: Jonmabhumi@gmail.com**

আমরা দিচ্ছি বিশ্বস্ত ও যত্নশীল সেবা



লাইসেন্সপ্রাপ্ত হোম কেয়ার এজেন্সি

NY HOME CARE SERVICE INC.

আমাদের সেবাসমূহ

PCA

OPWDD

HHA

যোগাযোগ করুন

**718-874-0047**ই-মেইল: info@nyhcs.orgওয়েবসাইট: www.nyhcs.org**ফয়সাল আজিজ**প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO)
এবং ওয়াশিংটন হোম কেয়ার সার্ভিস ইনক.**এম. আজিজ**প্রেসিডেন্ট
এবং ওয়াশিংটন হোম কেয়ার সার্ভিস ইনক.
ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক প্রেসিডেন্ট
বাংলাদেশ মেসাইটি ইউএসএ

প্রধান কার্যালয়: 37-18 73rd Street, Suite 402, Jackson Heights, NY 11372

মানসম্মত সেবা

বিশ্বস্ত সহযোগী

মানসিক শান্তি

আব্বান শেখ হাসিনার
শিবীর আহমেদ, ওয়াশিংটন ডিসি -
বাংলাদেশের ভবিষ্যৎ নির্ধারণে জনগণের
স্বাধীন মতামত ও অংশগ্রহণ নিশ্চিত করার
আব্বান জানিয়েছেন আওয়ামী লীগ সভাপতি
ও সাবেক প্রধানমন্ত্রী-বাকী অংশ ১৯ পাতায়

নিউইয়র্কের একাধিক
প্রাপ্তবয়স্ক ডে-কেয়ারে
এফবিআইয়ের অভিযান

নিউইয়র্কঃ নিউইয়র্ক সিটির কুইন্স, স্ট্যাটেন
আইল্যান্ড ও ব্রুকলিনের একাধিক প্রাপ্তবয়স্ক
দিবায়ত্নকেন্দ্রে (এডাল্ট ডে কেয়ার) তদন্ত ও
অভিযান চালিয়েছেন-বাকী অংশ ২৪ পাতায়

যুদ্ধে মানুষের সিদ্ধান্তকে ছাপিয়ে
যাচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তা

শিব্বীর আহমেদ, নিউইয়র্ক: সামরিক
অভিযানে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই)
ক্রমবর্ধমান ব্যবহার মানুষের সিদ্ধান্ত গ্রহণের
ভূমিকা কমিয়ে দিতে-বাকী অংশ ৩১ পাতায়

জ্যামাইকায় 'সেলিম-আলী' প্যানেলের স্মরণীয় সভা
পুনরায় বিজয়ী করার আহ্বান

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমেরলা সংগঠন হিসেবে পরিচিত 'বাংলাদেশ সোসাইটি ইনক'র আসন্ন নির্বাচকে সামনে রেখে জ্যামাইকায় অনুষ্ঠিত 'সেলিম-আলী' প্যানেলের পরিচিতি ও নির্বাচনী সভায় গণজোয়ার নেমেছিলো। সোসাইটির নির্বাচন ঘিরে স্মরণকালের স্মরণীয় এই সভায় ছিলো সর্বস্তরের মানুষের ঢল। সভায় সোসাইটির চলমান-বাকী অংশ ১৯ পাতায়

ফিলিস্তিনিদের অধিকারের প্রতি

বাংলাদেশের সমর্থন: আইরিন খান

নিউইয়র্ক: ফিলিস্তিনি জনগণের আত্মনিয়ন্ত্রণের
অবিচ্ছেদ্য অধিকারের প্রতি বাংলাদেশের
অবিচল সমর্থন পুনর্ব্যক্ত করেছেন জাতিসংঘে
বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আইরিন
জুবাইদা খান। একই সঙ্গে তিনি ফিলিস্তিনি
ভূখণ্ডে ইসরায়েলের -বাকী অংশ ২৬ পাতায়

কনু-ফিরোজ প্যানেলের সংবাদ সম্মেলন

৭ দফা নির্বাচনী ইশতেহার ঘোষণা

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ সোসাইটি ইনক'র আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'কুন্-ফিরোজ' প্যানেলের পক্ষ থেকে আয়োজিত সংবাদ সম্মেলনে '৭ দফা নির্বাচনী ইশতেহার ও কর্মপরিকল্পনা' তুলে ধরে নেতৃবৃন্দ বলেছেন, সোসাইটির আগামী নির্বাচন নির্বাচন নির্বাচন। কেননা ৩৫ হাজারোখিক ভোটার ইং নির্বাচনের ভোটার। বিপুল এই ভোটারদের ভোটে নির্বাচিত হয়ে একটা স্বচ্ছ ও জবাবদিহিমূলক সোসাইটি গড়াই আমাদের প্রধান লক্ষ্য-বাকী অংশ ১৮ পাতায়

নিউইয়র্কে দশমীতে প্রতিমা
বিসর্জনের মাধ্যমে শারদীয়
দর্গোৎসবের সমাপ্তি

জন্মভূমি প্রতিবেদকঃ প্রবাসী হিন্দু সম্প্রদায়ের বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজার সমাপ্তি হল প্রতিমা বিসর্জনের মাধ্যমে। পাঁচদিনব্যাপী দুর্গাপূজায় নিউইয়র্ক সিটিতে প্রায় ২৫টি পূজা মণ্ডপ-এ বিভিন্ন সংগঠন ও মন্দির যথাযথ মর্যাদা ও ধর্মীয় গুরুগম্ভীর পরিসরে পালন করা হয়। টাইম স্কয়ার পূজা দিয়ে শুরু প্রায় সব পূজাতেই বিপুল শ্রদ্ধার্থকের সমাগম ঘটে। উল্লেখযোগ্য অনুষ্ঠানের মাঝে ছিলো-বাকী অংশ ২৫ পাতায়

তাসীন ফেরদৌসের মৃত্যুতে কমিউনিটিতে শোক

নিউইয়র্ক: মাত্র ৩৫ বছর বয়সে থেমে গেল নৃত্যশিল্পী ও শিক্ষক তাসীন ফেরদৌসের পথচলা। ১৮ অক্টোবর রোববার ভোরে নিউইয়র্কের কুইন্সের জ্যামাইকা হাস-পাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি (ইন্না লিগ্‌হাই ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার



মৃত্যুতে প্রবাসী বাংলাদেশি কমিউনিটি ও সাংস্কৃতিক অঙ্গনে নেমে-বাকী অংশ ১৯ পাতায়

মানবতাবিরোধী অপরাধের বিচার নিয়ে মতবিনিময় সভা

নিউইয়র্ক ওসাবেক চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলামের সঙ্গে প্রবাসীদের প্রশ্নোত্তর; ন্যায়বিচার ও জবাবদিহিতার পক্ষে এক্যবদ্ধ থাকার আহ্বান-বাকী অংশ ২৮ পাতায়

ভারত-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি চড়ান্তের কাছাকাছি: রুবিও

মুন্সাই, ভারত: ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে প্রস্তাবিত বাণিজ্য চুক্তি চূড়ান্ত করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। মঙ্গলবার মুন্সাইয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, চুক্তিটি সম্পন্ন করতে অল্পসংখ্যক বিষয়ের সমাধান বাকি রয়েছে। শিগগিরই এ বিষয়ে ঘোষণা আসতে পারে বলেও আশা প্রকাশ করেন তিনি। রুবিও বলেন, “চুক্তি সম্পাদনের আওতাধীন যতটা কাছাকাছি থাকা সম্ভব, আমরা এখন-বাকী অংশ ২৪ পাতায়

নিউইয়র্কে দুর্গাপূজা

শিতাংশু গুহ, ২০ অক্টবর ২০২৬, নিউইয়র্ক ।
 আমরা যখন পূজায় যাই তখন কিছু পয়সা
 দিতে মন চায়, কিন্তু কতটা দেয়া যায়?
 আমাদের অনেক বন্ধুবান্ধব বলে থাকেন তারা
 ২/৩টি পূজায় যান, কারণ সব জায়গায় চাঁদা
 দেয়ার অর্থনৈতিক সম্ভবতা তুলে ধরে নেই।
 কথটা সত্য। চাঁদা দেয়া কি বাধ্যতামূলক? না,
 তা নয়, কিন্তু চক্ষুলজ্জা-বাকী অংশ ২৮ পাতায়

হিউম্যান সাপোর্টে কর্পোরেশনের বার্ষিক বিনামূল্যে টিকাদান কর্মসূচি

নিউইয়র্ক ৪ হিউম্যান সাপোর্টে কর্পোরেশনের
ক্রমাগত চতুর্দশ বর্ষের ২১তম টিকাদান
কর্মসূচি, ফ্রী ফ্লু ভাইরাস বা ইনফ্লুয়েঞ্জা
ভাইরাসের প্রতিষেধক টিকা আগামী ২৫শে
অক্টোবর ৫টা থেকে রাত ৮ঃ৩০ পর্যন্ত
জ্যাকসন হাইটসে -বাকী অংশ ১৮পাতায়



খলিলের
খাবারে দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠবে
জমজমাতি

আপনার স্বাস্থ্যসমকালে খাবার পছন্দ

2062 McGraw Ave.
Brooklyn, NY 10462
Phone: 516-521-1884

1457 Unionport Rd.
Brooklyn, NY 10462
Phone: 718-629-6840

www.KHALILSFOOD.com

বাপ্পি সুইটস্
85-07, Whitney Ave
Elmhurst, NY 11373
PHONE-718-458-0626

DHAKA DRIVING SCHOOL
37-18 -73rd Street .
jackson heights NY-11372

 Tel:718-507-0903
cell :917-254 - 8955

কম্পিউটারের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স

অনলাইনে জন্মভূমি পড়ুন www.jonmobhumi.com

‘কুন্স-ফিরোজ’ প্যানেলের ব্রুকলিনের সভায় মানুষের ঢল
চার্চ-ম্যাকডোনাল্ড এলাকার রাস্তায় মিছিল-শ্রোগান

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে 'পরিবর্তনের শ্লোগান' নিয়ে প্রতিদ্বন্দ্বিতাকারী 'কুন্স-ফিরোজ' প্যানেলের উদ্যোগে ব্রুকলীনের সর্বশেষ নির্বাচনী ও প্যানেল পরিচিতি সভায় মানুষের ঢল মেমেছিলো। বিশেষ করে সাধারণ সম্পাদক প্রদর্শাণী ফিরোজ আহমেদের এলাকা হিসেবে ব্রুকলীন-কে 'কুন্স-ফিরোজ' প্যানেলের ঘাটি হিসেবে উল্লেখ করে বক্তারা বলেছেন ২৫ অক্টোবরে নির্বাচনে ব্রুকলীন কেন্দ্র তথা সকল কেন্দ্রে জয়ী হয়ে প্রবাসীদের-বাকী অংশ ১৮ পাতায়

MERIT KABAB PALACE

We specialized in Indoor
& Outdoor Catering
Owner: Abdul Alim
37-67 74th St. Jackson Heights,
NY 11372
Tel: 718-396-5827



Ma Travel Agency
IATA And ARC Approved
Shahadat Hasan
Call: 917-593-9311
shahadat3@msn.com
 We do real estate, sell,
 buy, rent, tax file, notary.

বাফা জন্ম বিক্রয়ের বিশ্বজ্ঞান নিউরোযোগ্য রিয়েলটর




MURSHEDA ZAMAN
 Lic. Real Estate Sales Person

471-21 Lawrence Ave. Jamaica, NY 11432
 917-408-3252

যোগাযোগ করুন
Cell: 917 502 6445

Editor: Ratan Talukder, Published by Jonmobhumi group Inc. 37-39-74 street,Jacktion Height,NY-11372.Tell: 718-380-6712 Cell: 646-327-7964,E-mail: Jonmabhumi@gmail.com